Shri Aghore Deb Barma :—মাননীয় অধ্যক্ষ মহোদয়, গত কয়েকদিন আগে তেলিয়ামুড়া ব্লক এবং বিশালগড় ব্লকে যেসমস্ত গ্রাম পঞ্চায়েত নির্ব্বাচন হয়েছে সে সম্পর্কে পোলিং ষ্টেশনগুলির মধ্যে অনেক আপত্তিকর এবং পক্ষপাতিত্ব ইত্যাদি অনেক ঘটনা হয়েছে। সে সম্পর্কে আমি মাননীয় অধ্যক্ষ মহোদয়ের মাধ্যমে হাউসের দৃষ্টি আকর্ষণ করতে চাই। কারণ এই ধরণের দুর্নীতি যদি আজকে free and fare election এর নাম দিয়ে চলে, আজকে যে উদ্দেশ্য নিয়ে আমরা গ্রামগুলির মধ্যে গ্রাম পঞ্চায়েত প্রতিষ্ঠা করতে যাচ্ছি তার অর্থ গণতান্ত্রিক ভিত্তিকে শক্তিশালী করা। কিন্তু যেসমস্ত জায়গার মধ্যে বিশেষ করে গোলাঘাটী, টেকছড়া, বা রাংগাপানিয়া বা গোপীনগর ইত্যাদি আমি সব জায়গার কথা বলছিনা। সমস্ত অফিসার খারাপ একথা আমি বলি না। কিন্তু particular কতকগুলি জায়গার মধ্যে যে সমস্ত ঘটনা ঘটেছে তাতে এই যে গণতান্ত্রিক পদ্ধতি বা গণতান্ত্রিক শক্তি গঠন করার যে চেষ্টা আমরা গ্রামগুলির মধ্যে গ্রাম পঞ্চায়েত মাধ্যমে গঠন করছি যার ফলে এই গণতান্ত্রিক শক্তিকে আমরা দিনের পর দিন শক্তিশালী করে তুলতে পারি। কিন্তু যেভাবে সে সমস্ত এলাকায় পোলিং ষ্টেশনের মধ্যে ঘটনা হয়েছে তা অত্যন্ত দুঃখজনক এবং পক্ষপাতিত্বমূলক। এমন কতগুলি ঘটনা হয়েছে যে, যে সকল অফিসারকে এই সকল কাজের দায়িত্ব দেওয়া হয় তাদের আইন কানুন সম্পর্কে অত্যন্ত সচেতন থাকা দরকার। আমি একটা ঘটনার কথা এখানে বলছি। যেমন সুতারমুড়া, সেখানে একটা election হল। Election খুব শান্তিপূর্ণভাবে সেখানে সমাধা হল। কিন্তু electionএর পরে, আইনের মধ্যে আছে, rulesএর মধ্যে আছে electionএর পরে কে কত ভোট পেল তা announce করতে হয়। কিন্তু অফিসাররা তা জানান না, যারা পোলিং এজেন্ট আছে বা যারা candidate তাদেরকে কে কত ভোট পেয়েছে এগুলি জানাবার নিয়ম আছে। কিন্তু সেই সমস্ত জায়গাতে

অফিসাররা স্বেচ্ছাচারিতাভাবে নিজের ইচ্ছামত কোন নম্বর সেখানে দেয় নাই। কে কত নম্বর ভোট পেয়েছে সে সম্বন্ধে কাউকেই কিছু বলতে দেওয়া হয় না, এবং কোন কোন ক্ষেত্রে এমন ঘটনা আছে যে Agent পর্য্যন্ত নিয়োগ করতে দেওয়া হয়না। যেমন কোন কোন ক্ষেত্রে এমন ঘটনা হয়েছে যে একটা পোলিং ষ্টেশানের মধ্যে তার candidate প্রার্থী নিজেও ভোটার। যেহেতু প্রার্থী এখানে আছে, কাজেই এখানে সে-ই যথেষ্ট। সুতরাং সেখানে পোলিং এজেন্ট নিয়োগ করার কোন প্রয়োজন পড়ে না। কাজেই যে candidate সে নিজে থাকলেই যথেষ্ট এভাবে যখন বলা হলো তখন সেখানে কেন পোলিং এজেন্ট দেওয়া হলোনা। কিন্তু যখন ভোট counting হয় তখন candidateকে একটা লাইনের মধ্যে নিয়ে বসিয়ে রাখা হল এবং বলা হলো তুমি এখান থেকে উঠতে পারবেনা। তুমি এখান থেকে উঠতে পারবেনা কারণ তুমি voter. তোমার তো হাত তুলতে হবে। কাজেই তুমি এখান থেকে উঠতে পারবেনা। তোমাকে এই লাইনের মধ্যে বসে থাকতে হবে। কাজেই তার যে দায়িত্ব, তার পক্ষে কে কতজন ভোট দিল তা জানার যে একটা অধিকার আছে, সে অধিকার তাকে দেওয়া হলোনা। আর এমন কতকগুলি ঘটনা আছে যেমন কোন কোন ক্ষেত্রে Agent করা হলো। Agentকে একটা টুলের মধ্যে বসিয়ে রাখা হলো, তোমরা উঠতে পারবেনা। এখান থেকে নড়াচড়া করতে পারবেনা। তোমরা শুধু দেখবে। কিন্তু কথা আছে সরকারী পোলিং অফিসাররা যখন কার পক্ষে কত হাত তোলা হলো তা গণবার সময় তাদেরও check up করবার অধিকার আছে, কিন্তু তাদের যেখানে বসতে দেওয়া হলো সেখান থেকে আর উঠতেই দেওয়া হলোনা। Particularty আর কয়েকটি ঘটনার কথা আমি বলছি—মোহনপুরে একপক্ষের ভোট খুব বেশী হলো, আর এক পক্ষের ভোট কম হলো। সেখানে Agentএর কোন সুবিধা নাই। প্রার্থী নিজে candidate তার ও Count করার কোন' সুবিধা নাই। কারণ উঠতেই দেওয়া হয় না, আপনি এখানে বসে থাকেন, আপনার উঠবার, দেখবার বা শুনবার কোন অধিকার নাই। তারা তো আইন কানুন এত বুঝেনা যে ভাবে বসে থাকতে বলা হয়েছে তারা সেভাবেই বসে রয়েছে। কিন্তু দেখা গেল যার পক্ষে ভোট বেশী উঠল তার ভোটটা যার পক্ষে কম উঠলো তাকে দিয়ে দেওয়া হলো। এ রকম পক্ষপাতিত্ব ও আমরা অনেক দেখেছি। যে ভাবে রাঙ্গাপানির মধ্যে হলো। আর সুতারমুড়াতে কে কত নম্বর তা জানান হলো না। তারপর আমাকে যখন সেখানে নিয়া গেল তখন আমি Returning officer কে বললাম আপনি আইনের মানুষ হয়ে এ সমস্ত আইন কানুন না মানলে কি করে হবে। তখন তিনি বললেন যদি কোন গোলমাল হয় সে ভয়ে আমি বলি নাই। তারপর যে সমস্ত জায়গাতে হলো সে সমস্ত জায়গাতে লাইন বাই লাইন পোলিং Agent গুলিকে দেওয়া হলো, এবং সেখানে ঠিকঠিক মত হলো। সেখানে আর কোন গোলমাল হয় নাই। সেটা আমার যাওয়ার পরে। কিন্তু যেখানে আমি Personally উপস্থিত ছিলামনা সে সমস্ত জায়গাতে ইচ্ছামত গোলমাল হয়েছে। ঐরূপ তেলিয়ামুড়াতে বহু ঘটনা হয়েছে। কল্যাণপুর ব্লক অর্থাৎ কল্যাণপুরের আশেপাশে যে সমস্ত গ্রাম রয়েছে। যেমন ঘিলাতলী, এই সমস্ত জায়গাতে ও এরূপ বহু ঘটনা হয়েছে। এমন অনেক জায়গা রয়েছে যেখানে সরকারের তরফ থেকে বলা হয়েছিল অমুক স্কুল থেকে ভোট গ্রহণ করা হবে।

কিন্তু ভোট গ্রহণ করবার আধ ঘণ্টা আগে জানা গেল এই স্কুলে নয়, অন্য স্কুলে ভোট গ্রহণ করা হবে। এই ভাবে ১ মাইল ২ মাইল দূর পর্য্যন্ত ভোট কেন্দ্র স্থানান্তরীত করা হয়েছে—যার ফলে অনেক voter ভোট দিতে পারেনি.। কারণ ১১ টার মধ্যে ভোট কেন্দ্রে প্রবেশ করতে না পারলে আর ভোট

কেন্দ্রে প্রবেশ করার নিয়ম নাই। এভাবে অনেকগুলি ভোট নষ্ট করা হয়েছে। কাজেই আমার মূল বক্তব্য হলো গণতান্ত্রিক ভিত্তিকে যদি শক্তিশালী করতে হয় তাহলে তা পঞ্চায়েতের মাধ্যমে গ্রাম থেকে আরম্ভ করতে হবে। পঞ্চায়েত গঠন করার এটাই হলো মূল উদ্দেশ্য। কিন্তু এটা করতে গিয়ে যদি অফিসাররা পক্ষপাতিত্ব করেন, এবং দূর্নীতির আশ্রয় নেন তাহলে আমাদের সে উদ্দেশ্য সফল হবেনা। এখানে আমি কতগুলি ঘটনার কথা বলছি। যেমন কোন কোন ভোট কেন্দ্রে পোলিং অফিসারদের বিভিন্ন লাইনে ভোট গণনার ভার দেওয়া হয়েছিল। কিন্তু যেখানে ১০০ শত ভোটার হাত তুলেছিল সেখানে মাত্র ১৫ জনের লিষ্ট এনে দিল। সেখানে যারা ভোট দিয়েছিলেন ও প্রত্যক্ষ ভাবে ছিলেন তাদের অভিযোগ হলো অফিসাররা ইচ্ছামত দূর্নীতির আশ্রয় নিয়ে তাদের হারিয়ে দিয়েছেন। এভাবে যদি অবস্থা চলতে থাকে পরবর্ত্তী সময়ে, তাহলে আমি বলতে পারি আমাদের যে মুল উদ্দেশ্য গণতান্ত্রিক ভিত্তিকে শক্তিশালী করা সেটা সম্ভব হবেনা। ভবিষ্যতে সেটা আরও দুর্ব্বল হয়ে পড়বে। এভাবে যদি দূর্নীতি চলতে থাকে এবং তা যদি আমরা check দিতে না পারি তাহলে আগামী বার হাত তুলে ভোট গ্রহণ করতে গেলে এমনও হতে পারে যে তখন সবাই বয়কোট করে বসে থাকতে পারে। কাজেই আমাদের মূল উদ্দেশ্য তখন নষ্ট হয়ে যাবে। এই সমস্ত পক্ষ পাতিত্বের জন্য তেলিয়ামুড়া ব্লক থেকে হয়তো অনেক case courtএ আসতেও পারে বা এসে গেছে। তবে সামগ্রীক ভাবে আমি একথা বলি না যে সব অফিসারই পক্ষপাতিত্ব করেছেন, সব অফিসারই খারাপ। কারণ আমি নিজে অনেক ক্ষেত্রে উপস্থিত ছিলাম, কিন্তু কোন কোন ক্ষেত্রে কতগুলি অফিসার ইচ্ছা করে দুর্নীতির আশ্রয় নিয়ে কতগুলি মানুষকে জিতিয়ে দিয়েছে। এটা অত্যন্ত অন্যায় করা হয়েছে। জনসাধারণ এসব গ্রহণ করতে পারে নাই। এ রকম ঘটনা যদি চলতে থাকে তা আমাদের বন্ধ করা দরকার এবং আবার যাতে আমরা আমাদের গণতান্ত্রিক শক্তিকে শক্তিশালী করতে পারি সেই উদ্দেশ্য সামনে রেখেই যাতে এই election গুলির মধ্যে শান্তিপূর্ণ ভাবে ভোট করা হয় তার প্রতি লক্ষ্য রাখা উচিৎ। আমাদের এলাকার কোন কোন ক্ষেত্রে অশান্ত গোলমাল হয়েছে সেটা হয়েছে election এর areaর বাইরে। অন্যান্য যে সমস্ত জায়গায় হয়েছে তাতে শান্তিপূর্ণ ভাবেই হয়েছে। অফিসাররা বলেছেন তা মেনেন্ট করা হয়েছে। কাজেই যেখানে সমস্ত কিছু অফিসারদের উপর নির্ভর সেখানে আইন কানুন সম্পর্কে অফিসার দের সম্পূর্ণ ওয়াকিবহাল থাকা দরকার এবং অফিসাররা যদি আইন কানুন না মানেন, তারা যদি আইনের সমস্ত rule গুলি follow না করেন তাহলে সেখানে গণতন্ত্রের কোন দাম থাকে না। দুর্নীতির মাধ্যমে তারা যে কোন একজনকে জিতিয়ে দিতে পারে। এই যদি উদ্দেশ্য হয়ে থাকে তা হলে free এবং fair election, election এর যে উদ্দেশ্য সেটা তখন আর থাকতে পারে না।

কাজেই এগুলি অত্যন্ত অন্যায়। ভবিষ্যতে আবার যখন এই ধরনের election হবে তখন যেন এ রকমের ঘটনা আর ঘটতে না পারে এবং অফিসাররা যাতে দুর্নীতির আশ্রয় নিতে না পারে সে দিকে আমাদের দৃষ্টি দেওয়া উচিৎ। কারণ আমি জানি গোলাঘাটিতে অফিসারদের বিরুদ্ধে সঙ্গে সঙ্গেই সমস্ত details সহ B. D. O.র নিকট কয়েকটা দরখাস্ত দেওয়া হয়েছে। যে সমস্ত দরখাস্তগুলি খোঁজ করে দেখা দরকার সেখানে free and fair election হয়েছে কিনা এবং সেই election পরিচালনা করতে গিয়ে কি কি ত্রুটি বিচ্যুতি হয়েছে সেগুলি ও দেখা দরকার। এবং এইগুলি দেখে ভবিষ্যতে যাতে ঠিক ঠিক মত election হতে পারে সে দিকে আমাদের মন্ত্রী মণ্ডলীর দৃষ্টি দেওয়া দরকার মনে করি। এই বলে আমার বক্তব্য শেষ করছি।

Mr. Speaker : Is there anyother member of the opposition willing to speak ? none.

I would now call on Development Minister.

Shri Sukhamoy Sen Gupta, (Development Minister)—মাননীয় অধ্যক্ষ মহোদয়, এই short Discussion এর যে বিষয়বস্তু এখানে রাখা হয়েছে এবং রাখতে গিয়ে মাননীয় সদস্য যে সমস্ত কথা বলেছেন তার থেকে আমি যা বুঝতে পেরেছি সেটা হলো এই যে তার বক্তৃতা দু'টো ভাগে ভাগ করা চলে, একটা হলো Election এ mal-practice হয়েছে, আর একটা Free and Fair Election হয়নি। তাঁর দিক থেকে তিনি আলোচনা করেছেন, সেটা হলো যে. যে system এ Election হচ্ছে সে system টার উপরও তিনি আপত্তি করেছেন ! শুধু যদি Particular Election নিয়ে আলোচনাটা হয়ে থাকে তাহলে আমি বলতে পারি একথা যে কোন কোন ক্ষেত্রে যদি Election এ কোন অফিসার দুর্নীতি করে থাকে তবে সেটার প্রতিকারের জন্য আইনের মধ্যেই বিধান রয়েছে। সে বিধান হলো এই যদি কারো কারো কোন আপত্তি থাকে যে Election ঠিক মত হচ্ছে না সেটা সম্পর্কে সেখানকার যে Presiding Officer পোলিং centre এর অথবা Returning Officer তার কাছে সঙ্গে সঙ্গেই আপত্তি জানাতে পারেন। তাতে যদি তিনি satisfied না হন তাহলে তারপরে বিধান রয়েছে S. D. O. অথবা তার Prescribed Authority, Actএর মধ্যে যা আছে S. D. O. অথবা A. S. D. O. তাদের কাছে Election Petition করা চলে। এই election petition result out হওয়ার ৩০ দিনের মধ্যে করতে হয়। কাজেই সেই সব procedure observe করা হয়েছে কিনা observe করা হবে কিনা এবং যেখানে এটা এখন পর্যন্ত court এ hearing হয় নি কিংবা S. D. O. অথবা A. S. D. O. এর কাছে। এ সম্পর্কে এখানে কোন আলোচনা করা যাবে কিনা সে সম্পর্কে আমার সন্দেহ আছে যাতে করে সেই election এর যে decision যেটা S. D. O. বা A. S. D. O. এর উপর দায়িত্ব রয়েছে তাকে কোন রকমে influence করা হবে কিনা আমি এটা বুঝতে পারছি না। কাজেই আইনে যে বিধান রয়েছে সেই বিধান অনুযায়ী অগ্রসর হয়ে দেখা দরকার। আর election কিভাবে হবে না হবে সে সম্পর্কে fundamental change করা, এ system এ election হতে পারে না, এই গোলমাল হবে ইত্যাদি এ প্রশ্নটা নিয়ে যদি descussion করার থাকে তাহলে descussion করার জন্য আমি বলতে পারি, অনুরোধ করতে পারি মাননীয় সদস্যদের যে এই Act এর মধ্যে কোথাও কোন সংশোধনের দরকার আছে কিনা সেটা experience এর মধ্যে দিয়ে সেটা descussion করে ঠিক করা যেতে পারে। কাজেই এ সম্পর্কে আমি অন্য কোন statement করতে চাই না।

Mr. Speaker :— Now next bussiness, was another notice for short Discussion, But the Hon'ble Member giving notice is absent from the House. So it can not be **given consent.** There is a third one. Hon'ble member given noticc is also absent and he authorised some other member, he is also absent. So, this also can not be allowed.

Mr. Speaker :— I see, I am subject to correction. All right, I see from application of Sri Nipendra Chakraborty that he authorised Sri Hlura Aung Mag to move his motion. The subject for short Discussion is acute scarcity conditions created in the Tribal dominated areas of Tripura due to enforcement of bans and

restrictions on Jumming as a result of which tribals have started migrating to East Pakistan and Assam. I have alloted one hour for discussion on the subject, I call Sri Hlura Aung Mag.

Shri Hlura Aung Mog — মাননীয় অধ্যক্ষ মহোদয়, এই প্রস্তাব...

Mr. Speaker :— I request the Hon'ble Member to be relevant to the points. The urgent matter is the fact that tribal people have started migrating to East Pakistan and Assam. This is to be discussed The causes are subordinate things. This need not be elaborated. He may omit that altogether So I request him to cofine his comment to this point.

Shri Hlura Aung Mag :— ধর্মনগরের দামছড়া, খেদাছড়া, কাঞ্চনপুর তহশীলে দশদা, শুভাসনগর, আনন্দ বাজার, কৈলাশহরে বাইগুনছড়া, রাজধর, কমলপুরে শিকারী বাড়ী এলাকা, অমরপুরে রাইমাসরমা এই বিস্তৃত এলাকায় শত শত উপজাতি রিয়াং ত্রিপুরা সীমান্তে পাকিস্তানে চলিয়া যায় এবং আসামে কাটাখাল অঞ্চলের মধ্যে গিয়া প্রবেশ করে। তারা কতকগুলি কারণে এই ত্রিপুরা রাজ্য ত্যাগ করে চলে যায়। আর বিশেষত: আমি এখানে মাননীয় অধ্যক্ষ মহোদয়ের মাধ্যমে বলতে চাই যে তাদের দেশ ত্যাগের কারণ, ত্রিপুরার এই কয়টা বৎসরের মধ্যে সব সময় একটা অভাব অনটন। এবং কিভাবে পাহাড়িয়ারা দুর্ভিক্ষের কবলে পড়ে, অনেক লোক মৃত্যুমুখে পতিত হচ্ছে। তার কারণ কতগুলি আছে। কেন তারা এই অবস্থার মধ্যে পড়ল ? কারণ সরকারের কতগুলি নীতি যেমন জুম কাটার জন্য নিষেধ করায় তারা এ অবস্থার সম্মুখীন হয়েছে।

Mr. Speaker— আমি মাননীয় সদস্যকে এই অনুরোধ করেছি মূল যে fact তারা যে migrate করে চলে যাচ্ছেন এটা সম্বন্ধে detailed information. কারণটা খুব elaborate করার নয়।

Shri Hlura Aung Mog— এটা তো অন্তঃভূক্ত।

Mr. Speaker — অন্তর্ভূক্ত ঠিকই। মূলটা ঠিক থাকবে তো।

Sri Hlura Aung Mog :— আর এই যে অঞ্চলগুলিতে জুমিয়ারা জুম কাটতে পারে না, জুম চাষ বন্ধ করে দিয়েছে সরকার। কিন্তু তার বিকল্প কোন ব্যবস্থা করা হয় নাই। এটাই এখান থেকে দেশ ত্যাগের কারণ। এ হল fact। এবং কিছু দিন আগে সেবক পত্রিকায় ও এটা উঠেছিল। সেবক পত্রিকায় উঠেছে এই খবর সম্পর্কে ভাটি মাছ মারার চিঠি। বরটি অ দিবাসী সভা। ভাটি মাছমারার বরটী গ্রামে বাবু নিকুঞ্জ রিয়াং চৌধুরীর পৌরহিত্যে যে আদিবাসা সভা হয় তাতে প্রধান অতিথির আসন গ্রহণ করেন আদিবাসী নেতা ও ধর্মনগর ৬নং কাঞ্চনপুর এড্‌হক ব্লক কংগ্রেস কমিটীর সাধারণ সম্পাদক শ্রীভারতী নন্দন ভট্টাচার্য্য চৌধুরী। এই শ্রীচৌধুরী তাহার ভাষণে যে সকল রিয়াং পরিবারভূক্ত লোক অন্যত্র চলিয়া যাইবার উদ্যোগ আয়োজন করিতেছেন তাহাদের স্বস্থান ত্যাগ না করিতে আহ্বান জানান। উক্ত সভায় জুমিয়া পুনর্ব্বাসন এবং খাদ্য সমস্যা সম্পর্কে আলোচনা চলে। কেন তারা এখান থেকে চলে যাচ্ছে তা সেবক পত্রিকায় উঠেছে। মাননীয় অধ্যক্ষ মহোদয়, কি কি কারণে তারা দেশ ত্যাগ করছে তার কিছু বিবরণ আমি মাননীয় অধ্যক্ষ মহোদয়ের মাধ্যমে সভার সামনে উপস্থিত করছি। আমরা দেখি প্রতি বৎসরই এই সব অঞ্চল গুলির মধ্যে খাদ্যাভাব লাগিয়াই আছে। তারপর সরকার একটা নীতি চালু

করেছে জুম বন্ধ করার, ইহাকে টংগিয়া system বলে। এক বৎসর জুম করলে সেখানে গাছ চারা লাগালে পর পরবর্ত্তী ৫ বৎসরে আর জুম করার সুযোগ হয় না, এই হল একটা। আর একটা হল যে তার বিকল্প অর্থনৈতিক পুনর্ব্বাসনের কোন ব্যবস্থা হয় না। তার ফলে দেখা যায় রাস্তাঘাটের মধ্যে আমাদের পাহাড়িয়া রিয়াং ছেলেরা কাজ করছে। সমস্ত রিয়াং ছেলে মেয়েরা স্কুল ছেড়ে কাজ করার জন্য রাস্তায় নামছে। কাজ করার জন্য পাথর ভাঙ্গছে। এই হল অবস্থা। মাননীয় অধ্যক্ষ মহোদয়, এই যদি অবস্থা হয়ে থাকে তাহলে কিভাবে তারা বাঁচতে পারে, এটা দুঃখের বিষয়। এই প্রস্তাব আমি এখানে রাখছি আলোচনার জন্য। কারণ আমরা এই ত্রিপুরা রাজ্যের পাহাড়িয়া অধ্যুষিত অঞ্চলে বিভিন্ন ভাবে জুম কাটার বা অন্যান্য সুযোগ সুবিধা আমরা মহারাজের আমল থেকে পেয়ে আসছি। কিন্তু এখন আমাদের সরকার জুমিয়া পুনর্ব্বাসনের যে নীতি গ্রহণ করেছে সেই জুমিয়া পুনর্ব্বাসন ফলপ্রসূ হয়েছে কিনা? তার পরে জুমিয়া পুনর্ব্বাসন, জুমিয়া settlement এর বিষয়ে একইভাবে failure হয়েছে। বিভিন্ন জায়গায় দেখা যায় যেমন শিকারীবাড়ীতে গত বৎসর অনেক লোক মারা গেছে। তাদের নাম আমি এখানে রাখছি।

গত বৎসর শিকারীবাড়ীতে অনাহারে বসন্ত রিয়াং ও মানি রিয়াং স্বামী-স্ত্রী উভয়েই মারা যান। তারপর আলেহা রিয়াং ও রবি রিয়াং স্বামী-স্ত্রী দুজনেই গত বৎসর অনাহারে মারা যায়। আর কৃষ্ণদয়াল, সন্ত রিয়াং, বসন্ত রিয়াং এই কয়েক জন গত বৎসর এই শিকারীবাড়ীতে অনাহারে মারা যায়। এই শিকারী বাড়ীতে এ ছাড়া আরো বহু তথ্য আছে যেমন কলসীর দিকেও গত বৎসর বহু লোক মারা গেছে। এই অবস্থা যদি আমাদের চলতে থাকে তা'হলে এখানে বাঁচার আশাই তারা করতে পারছে না। জুমও করতে পারবে না, আর এইদিকে আমাদের পুনর্ব্বাসনও ঠিক ঠিক ভাবে হবে না। আর যে ক্ষেত্রে পুনর্ব্বাসন হয়েছে সেইসব জায়গাতে দেখা যায় তারা সেইসব কলোনী ছেড়ে চলে গেছে। ঠিক চাষোপযোগী জমির সেখানে ব্যবস্থা করতে পারেনি। সেক্ষেত্রে আমি একথা বলতে চাই যে সরকার পুনর্ব্বাসন নীতি যেভাবে চালু করেছে, সে নীতিকে ঠিকভাবে বিশ্বাস করতে পারছে না বলেই আজ এসব রিয়াংরা দলে দলে ত্রিপুরার সীমান্তে অন্য জায়গায় অর্থাৎ আসাম এবং পাকিস্তানে সেই রিজার্ভ অঞ্চলে ঢুকে পড়েছে। আর সেখানকার মহাজনেরা সে সুযোগ গ্রহণ করেছে; তাদের দখলে হয়ত কিছু জমি আছে। এসবগুলিকে তারা un-registered deed করে—এসমস্ত জমি ওরা দখল করেছে। এই হলো ঘটনা। এই সব ঘটনার পরিপ্রেক্ষিতে আমাদের দৃষ্টি দেওয়া দরকার। যাদের অর্থ নৈতিক পুনর্ব্বাসন হয়নি তাদের জুম কাটার যে অধিকার সরকার তরফ থেকে তার ব্যবস্থা করা হোক। আর আমাদের জুমিয়া পুনর্ব্বাসন যে failure হয়েছে—কি কি কারণে failure হয়েছে। ১৯৬৫ এবং '৬৭ সনে West Bengal-এ যে তথ্য সন্ধানকারী কমিশন গঠন করা হয়েছিল, তদনুরূপ এখানেও তথ্য সংগ্রহকারী কমিশন গঠন করে রিপোর্ট দাখিল করা হোক। কেন এই অবস্থা চলছে ত্রিপুরা রাজ্যে? এদিকে পাকিস্তান থেকে হাজার হাজার refugeeকে এখানে আমরা আশ্রয় দেই অন্যদিকে আমাদের ত্রিপুরা রাজ্যের আদিবাসী পাকিস্তানে গিয়ে আশ্রয় নেয়। এটা অত্যন্ত লজ্জার ব্যাপার। কিন্তু আমাদের সরকারের লজ্জা হবে না। আমাদের সরকার আজ নির্ব্বাক। তাদের চোখে কোন লজ্জা নেই। যে যেখানে পারে সেখানে পড়ে আছে। কিন্তু আমাদের এখানকার শত শত রিয়াং পরিবার পাকিস্তানে গিয়ে জুম কাটছে এবং আশ্রয় নিচ্ছে সেটা তাদের কোন লজ্জার ব্যাপার হবে না। এই জন্য আমি এই আলোচনাটা

এখানে রাখছি যে এইসবগুলির ব্যবস্থা করে তাদের অর্থনৈতিক পুর্ব্বাসনের ব্যবস্থা করা হউক এবং তদন্ত কমিশন গঠন করে failure এর কারণগুলি House এর সামনে উপস্থিত করা হউক এটা আমি দাবী করছি। আর একটা বিষয় হল যে এ সমস্ত অঞ্চলে, আমি আগে বলছিলাম যে ধর্মনগরে খেদাছড়া, দামছড়া এবং কাঞ্চনপুর তহশীলে দশদা, সুভাষনগর, আনন্দ বাজার, কৈলাসহরে রাইবনছড়া ও রাজঘর, কমলপুরে শিকারীবাড়ী এলাকা এবং অমরপুরে রাইমা-শরমা এই সমস্তকে Scarcity এলাকা হিসাবে ঘোষণা করা হউক এবং এইজন্য এই আলোচনাটি আমি এখানে রাখছি। এই বলে আমার বক্তব্য শেষ করছি।

Mr. Speaker :—Shri Aghore Deb Barma.

শ্রীঅঘোর দেববর্ম্মা :— মাননীয় অধ্যক্ষ মহোদয়, এখানে urgent Public Importance discussion এর জন্য মাননীয় সদস্য Shri Hlura Ang Mag রাখছেন, যেটা খুবই যুক্তিসঙ্গত এবং খুবই জরুরী। এ বিষয়ে কোন সন্দেহ নাই। কারণ আজকে যদি সমস্ত ঘটনাগুলি আমরা দেখি তা হলে এটা খুবই দুঃখের বিষয়। সরকার কি এটাই চায় যে আজকে ত্রিপুরারাজ্য থেকে পাহাড়িয়াদিগকে সমস্ত বিতাড়িত করে দিবে। কেউ থাকে আসামে কেউ থাকে পাকিস্তানে। এই যদি অবস্থা চলতে থাকে, তার যদি প্রতিকারের কান ব্যবস্থা সরকার না করেন তা হলে আজকে হয়ত কেউ কাঞ্চনপুর থেকে যাচ্ছে, কালকে হয়ত কেউ অমরপুর থেকে যাবে, হয়ত সাব্রুম থেকে যাবে। এইভাবে ত্রিপুরারাজ্যের এক প্রা থেকে অপর প্রান্ত পর্য্যন্ত পাহাড়িয়ারা নিশ্চিহ্ন হয়ে যাবে। এই নাকি সরকারের পরিকল্পনা? কাজেই এই বিষয়বস্তু খুবই গুরুতর। কারণ যে সমস্ত এলাকার কথা এখানে উল্লেখ করা হয়েছে, যেমন কাঞ্চনপুব এলাকা T. D. Block এর under-এ T. D. Block এর মধ্যে Debar Commissionএর সুপারিশের মধ্যে একথা উল্লেখ করা আছে। সেখানে T. D. Block এর মাধ্যমে তথাকথিত সমস্ত পাহাড়িয়াদের আস্তে আস্তে উন্নতির এবং অগ্রগতির পথে নিয়ে যাওয়া হবে এবং তাদেরকে সেখানে একত্রীভূত করা হবে। তাদের সমাজকে সুন্দর এবং উন্নতিশীল করে তোলা হবে। এই সমস্ত কথা Debar Commission এর সুপারিশে উল্লেখ করা আছে। এবং intensive Developmentএর কথা, সেখানে উল্লেখ আছে। কিন্তু আজকে যে সমস্ত এলাকা থেকে কেউ পাকিস্তানে যাচ্ছে, কেউ আসামে যাচ্ছে আনন্দবাজার, কাঞ্চনপুর এলাকাগুলি থেকে এইগুলি সমস্ত T. D. Block এর underএ এবং T. D. Block area থেকে যাচ্ছে। কাজেই আজকে ত্রিপুরাতে সরকার T. D. Block করে Tribal-দের intensive উন্নতি করার কথা বা development করার কথা। সেখানে তাদের develop না করে তাদেরকে দিনের পর দিন ধ্বংসের মুখে ঠেলে দেওয়া হচ্ছে। এই হচ্ছে বাস্তব ঘটনা। নতুবা সেখানকার Tribal রা আজকে, অনেক দিন আগে T. D. Block গঠন করা হয়েছে, উন্নত হত। সেখানে আরও intensive ভাবে development হত। কিন্তু সেই সম্ভাবনা নাই। যেখানে T. D. Block করা হয়েছে সেখানে দিনের পর দিন Tribal-রা নিশ্চিহ্ন হয়ে যাচ্ছে। এই হচ্ছে ঘটনা। কাজেই আজকে আমরা যদি দেখি, বিশেষ করে পাহাড়িয়াদের মধ্যে রিয়াং সম্প্রদায় যারা কংগ্রেসের আশীর্ব্বাদ পেয়েছে, একথা অস্বীকার করার কোন কারণ নাই যে তারা এই কংগ্রেসের আশীর্বাদ পেয়েছে, তাদের আজ ভাগ্যের জোরে ত্রিপুরা রাজ্য থেকে সরে যেতে হয়। আজকে যারা আসামে যাচ্ছে, যারা পাকিস্তানে চলে যাচ্ছে কাঞ্চনপুর এলাকাগুলি হতে, তারা অধিকাংশই রিয়াং সম্প্রদায়ের। আজকে যাদের ভোটে

নির্বাচিত হয়ে আমাদের মাননীয় উপমন্ত্রী সাহেব মন্ত্রী হয়ে আছেন, Assemblyর মধ্যে বসে আছেন দিব্যি আরামে সেই, ভোটারগুলি আজকে ত্রিপুরা রাজ্য ছেড়ে পাকিস্তানে চলে যাচ্ছে। এই হচ্ছে অবস্থা। কাজেই এই অবস্থার মধ্যে আজকে যদি সরকারের এটাই কাম্য হয়ে থাকে যে ত্রিপুরার এক প্রান্ত থেকে শেষ প্রান্ত পর্য্যন্ত সমস্ত Tribalদের ত্রিপুরা রাজ্য থেকে তাড়াইয়া দেওয়া হবে এবং সমস্ত নূতন মানুষ এসে সেখানে বস্তী স্থাপন করবে তাহলে উপজাতীয়রা এই অবস্থা কিছুতেই সহ্য করবে না। কারণ তারাও মানুষ। তাদের বাঁচার অধিকার আছে। ত্রিপুরা রাজ্যে থাকার অধিকার তাদের জন্মগত অধিকার। তাদের যাওয়ার কারণ যদি আমরা খুঁজে দেখি, আমরা জানি সেখানে T. D. Block হয়েছে, সেখানে T. D. Blockএর পরিবর্তে, মানে tribalদের উন্নতির পরিবর্তে ধ্বংসের পথ করা হচ্ছে একথা আমি বলি। কারণ যেখানে T. D. Block হয়েছে সেখানে রাতারাতি tribalরা জমিহারা হয়েছে। তারা সেখানে থেকে অন্যত্র চলে যেতে বাধ্য হয়েছে। এই কি T. D. Block এর নমুনা। এই যদি Tribal Development Blockএর উদ্দেশ্য হয়ে থাকে, সেখানে tribalরা নিশ্চিহ্ন হতে বাধ্য। কাজেই এই অবস্থা যদি আজকে রাজ্য সরকার চালাতে থাকেন তাহলে ত্রিপুরা রাজ্যের অবস্থা যে কোন পথে কোথায় নিয়ে যাবে সে কথা আমি বলতে পারি না। কাজেই আজকে Debar commission এর যে সমস্ত সুপারিশের মধ্যে আছে, সেখানে অনেকগুলি কথা বলা হয়েছে। তাদের জমি জমা রক্ষা করার ব্যবস্থা ইহাতে আছে। কিন্তু সরকার তা করেন না। B. D. Oদের মাধ্যমে তাদের initiative এ যাতে করে Tribalদের জমি encroach করা যায়, সেই চেষ্টা সর্ব্বত্র চলছে। যার ফলে প্রত্যেকটা T. D. Block এর মধ্যে আজকে tribal নাই। Tribalরা দিনের পর দিন সাফ হচ্ছে। এই হচ্ছে অবস্থা, এই হচ্ছে ঘটনা। কাজেই আজকে এই অবস্থার যদি পরিবর্ত্তন না হয় তবে কত বড় একটা লজ্জার কথা। পাকিস্তানে হিন্দুরা সংখ্যালঘু বলে থাকতে পারছে না। জীবনে বাঁচার জন্য হিন্দুস্থানে চলে আসতে বাধ্য হচ্ছে। কিন্তু আজকে পাহাড়িয়ারা নির্দ্দয় নিষ্ঠুর ভাবে সরকারের অনুসৃত নীতির ফলে দেশ ছেড়ে অন্যত্র চলে যেতে বাধ্য হচ্ছে। পাকিস্তান চলে যেতে বাধ্য হচ্ছে। এই অবস্থার আশু পরিবর্ত্তন হওয়ার দরকার। এই অবস্থার যদি আশু পরিবর্ত্তন না হয় তাহলে একথা আমি এখানে বলে রাখি তাদেরও বাঁচার অধিকার আছে, তারাও মানুষ। আজকে চিন্তায়, চেতনায়, বুদ্ধি বিবেচনায় তারা অন্যান্য সম্প্রদায় থেকে অনুন্নত পশ্চাৎপদ। নিজের সম্পত্তি রক্ষা করতে তারা জানে না। কিন্তু আইনের মধ্যে সেখানে সুবিধা দেওয়া হয়েছে। মাননীয় মুখ্যমন্ত্রী মহোদয় ত বাজেট সেশ্যানে একথা উচ্চারণ করেছিলেন tribalদের যদি জমি জমা রক্ষার জন্য মামলা মোকদ্দমা করতে হয় তবে তাদেরকে সাহায্য দেওয়া হয়। একথা তিনি উক্তি করেছিলেন; মোকদ্দমার খরচই এদের লাগেনা। এ হ'লো ওনার উক্তি। কিন্তু আমি Tribal Development Office থেকে জানতে পারলাম মাত্র ৫০টি টাকা একজন tribalকে দেওয়া হয়েছে। যে সমস্ত অবস্থার জন্য, অসুবিধার দরুন এই টাকা সাহায্য দেওয়া যায়না, যারফলে আজকে ঐখাতে বরাদ্দকৃত টাকাও কমিয়ে দেওয়া হয়েছে। মাত্র ৫০০ টাকা রাখা হয়েছে। কিন্তু উনি বললেন tribalদের মামলা মোকদ্দমায় সরকারী সাহায্য দেওয়া হয়, তাদেরকে রক্ষা করা হয়। কোথায় রক্ষা? কোথায় রক্ষা? আমি মাননীয় মুখ্যমন্ত্রী সাহেবকে সাবরুমের কথা বলছি—রমাপতি ত্রিপুরার কথা। উনি নিজে কথা দিয়েছিলেন। কিন্তু আজ পর্য্যন্ত তার জোতের জায়গা জোর জবরদস্তি করে

আর একজন দখল করে আছে। তাকে উচ্ছেদ করে সেই মালীককে বসাতে পারলেন না। S. D. O. যান, Circle Officer যান এবং জায়গা Demarcate করে নিয়ে আসে। কিন্তু circle officer চলে আসার সঙ্গে সঙ্গেই আবার দখলকারী দখল করে বসে থাকে। এই কি আইন? আইনের মধ্যে আছে, সংবিধানের মধ্যে আছে, উপজাতি রক্ষা করতে হবে। কত ভাল ভাল কথা, প্রেমের কথা। কিন্তু বাস্তব ক্ষেত্রে দেখছি তাদের অবস্থা দিন দিন আরো খারাপের দিকে যাচ্ছে। এই অবস্থার পরিবর্ত্তন হওয়া দরকার এব tribalদের রক্ষা করার দরকার। কিন্তু পাহাড়ীয়াদের যদি এই রাজ্য থেকে তাড়াইয়া দিতে চান তবে আমার অনুরোধ মাননীয় মুখ্যমন্ত্রী এই হাউসে সাহস করে বলুন যে আমরা ত্রিপুরা রাজ্য থেকে সব পাহাড়ীয়াদের তাড়াইয়া দেব।

Mr. Speaker :— I would now call the Hon'ble Minister to give his reply.

Sri S. L. Singh (Chief Minister) : মাননীয় স্পীকার মহোদয়, এখানে বলা হয়েছে যে tribalরা পাকিস্তানে চলে যাচ্ছে, কিছুটা আসামে চলে গেছে। এখানে বিশদ ভাবে যতটুকু জানা গেছে তাদের কথা থেকে মনে হচ্ছে যেন লক্ষ লক্ষ tribal পাকিস্তানে চলে যাচ্ছে। তবে তাদের উদ্দেশ্য হল এই যে কিছু tribal যদি পাকিস্তানে পাঠানো চলে তবে তাদের সুবিধা হয়। সুবিধা হল এইজন্য যে চীনের সাথে পাকিস্তানের মিলন হয়েছে। অতএব তারা এই হাউসে দেখাতে চাচ্ছে যে tribalরা এখান থেকে সব চলে যাচ্ছে। আয়ুব রাজের যে dictatorship এর পরিকল্পনা সেই জায়গায় চলে গেছে তাদের যে জনযুদ্ধ, সেই মুক্তিযুদ্ধে তারা যুক্ত হয়েছে তারা হল এখানকার যার চৈনিক কমিউনিষ্ট পন্থী, তারাই এইভাবে প্রচার করেছেন এবং দেখাতে চাচ্ছেন যে tribalরা ভারতবর্ষে থাকতে পাচ্ছে না। এটা চীনের হস্ত, আয়ুবশাহর হস্ত শক্তিশালী করার জন্যই এই discussionটা উত্থাপন করেছেন। বলতে গেলে পরে নানা রকমের কথা বলতে হয় যে Ttibal Rehabilitation যেটা হয়েছে সেটা economic হয়নি। Ecenomic এর অর্থ নৈতিক-মানদণ্ডটা কি, কি হলে পরে economic rehabilitation হতে পারে তা বলা দরকার। এবং কি basis এর উপর ভিত্তি করে আমরা চিন্তা করি। এখানে আমরা জানি, ত্রিপুরার প্রত্যেকটী অধিবাসী জানে Jumia Rehabilitation scheme for landless tribals এবং refugee rehabilitation scheme কার্য্যকরী করার জন্য কাজ চলছে। এবং বিশেষ করে tribalদের উন্নতির জন্য যে tribal block আছে সেই জায়গাতে তাদের কাজটাকে concentrate করার জন্য যা যা ব্যবস্থা আছে, সেগুলিকে গ্রহণ করে তাদের অর্থ নৈতিক মান উন্নয়ন করতে হবে। যারা জুমিয়া তারা যাতে ঘুরে ঘুরে না বেড়ায়, তাদের যদি সত্যিই উন্নতি করতে হয় তবে আশু rehabilitation করা দরকার। সেই অনুসারে এ পর্য্যন্ত ১৭০০ জুমিয়া পরিবারকে পুনর্ব্বসতি দেওয়া হয়েছে। কিন্তু তাদের গতানুগতিক বক্তব্যের মধ্যে একটা প্রচার চলছে সেটা হচ্ছে এই যে tribal কে জুম কাটিতে দেওয়া হয় না। এটা সত্য কথা নয় এটার সত্যের সম্পূর্ণ বিপরীত। কারণ যাদিগকে আমরা rehabilitate করতে পারব না বা পাচ্ছিনা, যতক্ষণ পর্য্যন্ত পাচ্ছি না, ততক্ষণ পর্য্যন্ত তাহাদিগকে protected wayতে সে সমস্ত অধিকার দেওয়া হবে। এবং reserve forest এ সে tangia system চালু আছে অর্থাৎ প্রতি একরে ৪৫ টাকা করে তাদেরকে দেওয়া হয়। সেই সমস্ত অঞ্চলে ধান ও অন্যান্য অর্থকরী ফসল করার জন্য সর্ব্বপ্রকার সুযোগ সুবিধা দেওয়া হয় এবং উপরন্তু

প্রতি একরে ৪৫ টাকা করে তাদেরকে দেওয়া হচ্ছে। অতএব এই জায়গাতে যে এই কথাগুলি বলা হচ্ছে, এটা তাদের প্রচারের জন্য এবং পাকিস্তান ও চীনের হাতকে শক্তিশালী করার জন্যই তাহারা বিধিবদ্ধভাবে পাহাড়ের নানা অঞ্চলে এই ষড়যন্ত্র করছেন। এভাবে ষড়যন্ত্র করে তাহাদিগকে সেদিকে পাঠাবার ব্যবস্থাও করেছেন। যাহাতে Jumia rehabilitation scheme টা ব্যর্থ হয় তার প্রচেষ্টা অনবরত এই হাউসে করছেন এবং জুমিয়ারা যাতে জুম পরিত্যাগ না করেন সেজন্য তাদিগকে উৎসাহিত করছেন। কিন্তু আমরা জানি যাহা সত্য তাহা বলা হচ্ছে এবং এই সত্যকে উদ্ঘাটিত হতে দেখে এই চীৎকার করা হচ্ছে। অতএব সেই ভাবে আমাদিগকে ও চিন্তা করতে হবে। তাদের বাধা ও প্রচার সত্ত্বেও আমরা 2nd 5 yr plan এ ১৭০০০ tribalকে পুনর্ব্বাসন দিয়েছি, এবং আরো ১৩০০০ familyকে বসাবার পরিকল্পনা নিয়েছি। তাহলে দেখা যাচ্ছে যে জুমিয়ার সংখ্যা দিন দিন বাড়ছে, তার কারণ হল এই যে পাকিস্থানের অত্যাচারের ফলে অনেক tribal এখানে এসেছে। এখানে এসে বসবাস করছে, তারা কৃষিকে অবলম্বন করবার চেষ্টা করছে। কিন্তু এখানে কি করে যে কতকগুলি অসম্ভব উক্তি করা হয়েছে, তা আমি বুঝতে পারলাম না। আমার পূর্ব্ববর্ত্তী বক্তা বলেছেন যে কলসী এবং খোয়াই অঞ্চল থেকে tribal রা চলে গিয়েছেন, তারা border অঞ্চলে বাস করেন এবং অনবরত পাকিস্তানে আসা যাওয়া করছেন। কিন্তু তাদের অত্যাচার করে, ভূমি থেকে বঞ্চিত করে, তাদের ন্যায়সঙ্গত অধিকার থেকে বঞ্চিত করে, আমরা তাদিগকে পাঠিয়ে দিচ্ছি, এই যে পরিকল্পনাটি তাদের উর্ব্বর মস্তিষ্ক ছাড়া আর কারো উর্ব্বর মস্তিষ্ক থেকে বেরোতে পারে না, কারণ তারা জানে যে তাদের একমুখী চিন্তাধারা রয়েছে। চীনের সাথে আয়ুব সাহেবর যে pact হয়েছে তা তারা জানেন এবং তারা এও জানেন যে এই pact কে যদি শক্তিশালী করতে হয়, প্রাণবন্ত মুক্তি:ফৌজ যারা আছেন তাদের হস্তকে শক্তিশালী করতে হয় তাহলে এই রকম প্রচারের দরকার তা না হলে ভারতবর্ষকে পাকিস্থানের সঙ্গে বিশ্রীভাবে অঙ্কিত করতে পারব না, চীনের সাথে অঙ্কিত করতে পারব না; এই উদ্দেশ্য নিয়েই এখানে এই কথা বলা হচ্ছে। Tribalদের জন্য এখানে Tribal welfare block করা হয়েছে এবং ১৭০০০ জুমিয়া পরিবারকে Rehabilitate করা হয়েছে, আরো ১৩,০০০ হাজার পরিবারকে বসাবার পরিকল্পনা নেওয়া হয়েছে, landless tribal এবং scheduled casteদের জন্যও কাজ করা হচ্ছে। আপনারা এক জায়গায় বলছেন যে 3070 tribal আছে অথচ এখানে দাড়িয়ে আজ বলছেন যে tribal নেই। আপনিত আর tribal নন আর লুরা অঙ্গ সাহেব, যিনি বলেছেন তিনিওত tribal নন, অতএব tribalত নেই। আপনাদের এইটাই হল প্রধান উদ্দেশ্য যে পাকিস্থান ও চীনের সাথে এটা অঙ্কিত করে তুলে ধরা যে এখানে tribalদের মধ্যে অত্যন্ত অসন্তোষ বিরাজমান এবং এখানে পাহাড়ে পাহাড়ে যে ষড়যন্ত্র করছেন যে প্রচার করছেন তাহা Chinese communistদের হস্তকে শক্তিশালী করার জন্যই। আপনারা এখানে দেখাতে চাচ্ছেন যে ভারতবর্ষে tribalদের উপর অত্যাচার চলছে, অবিচার চলছে। এটা প্রচার করাই হল আপনাদের প্রধান উদ্দেশ্য। এই অপপ্রচার স্বত্ত্বেও tribalদের যে আনুগত্য আছে, প্রাণ আছে, সে প্রাণ আমরা পেয়েছি। এখানে আর একটি বলা হয়েছে যে Chief Minister বলেছে যে কোন tribal যদি মোকদ্দমা করে তবে তাকে টাকা দেওয়া হয়। তাহলে দেখা যায় যে উনিই তাহা প্রকাশ করছেন যে tribalদের টাকা দেওয়া হয়, টাকার অঙ্ক আছে। যদি কোন tribal মোকদ্দমা করে, ৫০০ টাকা বলে কোন কথা নয়, আমরা বলেছি যে কোন tribal যদি সেই মোকদ্দমা করে, সরকার হতে আইন করা

হয়েছে, সেই ভাবে সেটাকে গ্রহণ করা হবে। টাকার কোন প্রশ্ন সেখানে নেই এবং এই প্রতিশ্রুতি দেওয়া হয়েছে এবং প্রতিশ্রুতি অক্ষুন্ন থাকবে ; কিন্তু আমি জানতে চাই যে কয়টি মোকদ্দমা আপনারা Tribalদের দ্বারা করিয়েছেন···একটি মোকদ্দমাও হয়নি। তবে আপনাদের উদ্দেশ্যত Tribalদের জমি দেওয়া নয় তাদের উন্নতি বিধান নয়। আপনাদের উদ্দেশ্য হল জনসাধারণের মুখ থেকে খাবার কেড়ে নিয়ে যাওয়া, তাদের ভুখা রাখা, তাদিগকে দরিদ্র রাখা তা হলেই তাদের দিয়ে—আপনাদের যে প্রধান উদ্দেশ্য, সেই উদ্দেশ্যকে কাজে লাগাতে পারবেন এবং সেই উদ্দেশ্য নিয়েই এই প্রচার করা হচ্ছে। আপনাদের দর্শনই হচ্ছে তাই, আপনাদের দর্শনই আপনারা প্রচার করবেন, সেই দর্শন অনুসারেই আপনারা চলবেন। আমরা জানি যে ভারতবর্ষকে যদি শক্তিশালী করতে হয় যদি জুমিয়াদের পুনর্ব্বাসন করতে হয় তবে ভূমিহীন আদিবাসীদের জমি দিতে হবে এবং তাদের জন্য বিশেষ ব্যবস্থা করা হয়েছে। মামলা-মোকদ্দমার খরচ সরকার থেকে বহন করতে হবে তাঁদের স্কুলের ব্যবস্থা করতে হবে, এবং স্বাস্থ্যের ব্যবস্থা করতে হবে। এইসব উদ্দেশ্য নিয়েই আইন প্রণয়ন করা হয়েছে, সেই আইনকে ঠিক ঠিক ভাবে আমরা চালু করে যাচ্ছি এবং পরিচালিত করে যাচ্ছি। এই বলেই আমি আমার বক্তব্য এখানে শেষ করছি।

Mr. Speaker :— The House stands adjourned till 11 A. M. on Tuesday, the 16th March

Unstarred Question No. 96—Asked By Shri Birchandra Deb Barma

Question	Answer
a) Whether Police arrested Shri S. N. Ghose, Sectional Officer. P. W. D. Bridge Sub-Division, Agartala.	Yes.
b) if so, what are the charges against him.	Misappropriation by Government servant with forgery of documents.
c) Whether any P. W. D. materials had been seized by Police in this connection.	No. But some departmental documents which are connected in this case have been seized.
d) if so, details of those materials ?	Documents known as indents i. e. requisition slips issued for the supply of materials from Government Godowns.

No. 53—By Shri Hementa Deb M. L. A.

Question	Reply
a) Total quantity of rice and paddy procured uptil now in Tripura in 1964-65 ;	Rice—1,16,149 Kg. Paddy—3,65,996 Kg. **(upto 17th Feb, 1965)**
b) a division-wise and Centre-wise break-up of that figure ;	A statement is laid on the Tabl of the House.
c) Whether the procurement was satisfactory ;	No.
d) if not, the reasons therefor ;	Due to rise in open market price beyond the ceiling price fixed for procurment.
e) the highest and lowest rates at which such procurement were made ?	Rice—Rs. 57.50 P. per quintal. Paddy—Rs. 35.00 per quintal.

Statement Laid on the Table of the House in Reply to Unstarred Question No. 53.

Part (b) of the Question

(Figures in K. G.)

Name of Sub-Division	Name of Purchasing Centre	Quantities procured Rice	Paddy
1	2	3	4
1. Sabroom	1. Manu	15,400	—
	2. Gardang	4,000	13,500
	3 Chalita	400	3,200
	4. Samarendraganj	3,800	5,000
	5. Silachari	1,500	9,300
	6. Procured from Agriculturist	—	11,100
2. Khowai	1. Bachaibari	2,664	14,935
	2. Behalabari	485	1,775
	3. Ampura	—	443
	4. Chebri	—	305
	5. Champahaor	—	1,709
	6. Sonatala	—	2,579
3 Udaipur	1. Garji	—	13,900
	2 Killa	—	18,600
	3. Procured from Agriculturist	—	42,650
4. Belonia	1. Krishnanagar	7,500	—
	2. Hrishyamukh	17,600	22,200
	3. Jolaibari	56,200	37,200
	4. Birchandranagar	5,600	46,500
	5. Nalua	—	12,200
	6. Barpathari	--	13,200
	7. Gazaria		26,400
	8. Motai	—	6,000
	9. Baikhora	—	15,000
	10. Manubazar	—	9,900
5. Sonamura	1 Nidaya	1,000	4,000
	2. Matinagar	—	3,000
	3. Kathalia	—	4,000
	4. Kalamcherra	—	1,000
	5. Boxanagar	—	2,000
6. Kamalpur	1. Kamalpur	..	6,000
	2. Procured from Agriculturist	—	17,000
7. Kailashahar	1, Procured from Agriculturist	—	1,400
		1,16,149	3,65,996

Tripura Legislative Assembly Unstarred Question No. 63 by Shri Sunil Kumar Choudhury.

Question.	Reply.
Will the Hon'ble Minister in-charge of Food & Civil Supplies Departments be pleased to state—	
(a) Total amount of Cement, Coal and Iron and Steel imported by Civil Supply Organisation during 1960, 61, 62, 63 and 1964;	
(b) Total amount of these commodities used for official work during each of these years;	A statement is laid on the Table of the House.
(c) The name of the non-official agencies through whom these commodities were released for non-official use;	
(d) The basis on which permits are issued to non-officials for the use of these commodities.	Permits are issued for bonafide use depending on the stock position. The system of issuing permit for soft coke was discontinued after June. 1964 as the said item was de-controlled from that time.

Statement laid on the Table of the House in reply to the Unstarred Question No. 63.

Part (a) of the Question — Figures in M. T.

	1960	1961	1962	1963	1964
Cement—	6,000	5,133	2,188	849	3,468
Iron & Steel—	138	509	50.750	194.709	—
Coal—	1,250	1,278	1,470	1,510	1,834
Part (b) of the Question :					
Cement—	172	166	180	150	194
Iron & Steel—	95	80	9.500	57·500	—
Coal—	—	—	—	—	—

Part (c) of the Question :

Cement

1. Kailashahar Primary Marketing Co-operative Society Ltd , Kailashahar
2. M/S. Biswas Brothers, Dharmanagar.
3. M/S. Surja Kanta Paul, Agartala.
4. M/s. Bhupendra Chandra Paul Agartala

5. M/s. Dhirendra Ch. Paul, Agartala.
6. Raj Mohan Saha & Others, Agartala.
7. M/s. Belonia Primary Marketing Co-operative Society Ltd., Belonia.
8. M/s. Raj Mohan Saha & Others Belonia
9. M/s. Tripura Spun Pipe Co., Agartala,

Coal—

Shyamtanu Choudhury & Co, Agartala
2. Amulya Choudhury & Co, Agartala.
3. M. M. Mitra & Co, Agartala.
4. Phani Paul, Agartala.
5. Palash Paul, Agartala
6. M/s. Kamala Stores, Belonia

Iron & Steel.

1. M/s. P. N. Dev & Co, Agartala.

Tripura Legislative Assembly Unstarred Question No. 29 by Shri Sunil Kumar Choudhuri M. L. A.

Question	Reply
(a) A Sub-division-wise break-up of the number of ration shops opened during 1964, outside Agartala Town ;	
(b) Total off-take of ration by each of these Sub-Divisons ;	
(c) A Sub-Division-wise break-up of the number of ration shops in operation at present ;	A statement is laid on the Table of the House ;
(d) The basis on which such ration shops have been kept opened ;	Fair Price Shops are opened in places where open market price of rice rises above Rs. 25·00 a maund.
(e) Total number of card-holders supplied with ration through each of the ration shops kept open at present ;	A statement is laid on the Table of the House.

Part (a) of the Question.

1.	Sadar	47
2.	Sonamura	7

3.	Belonia	14
4.	Udaipur	10
5.	Amarpur	10
6.	Sabroom	6
7.	Khowai	29
8.	Kamalpur	7
9.	Dharmanagar	22
10.	Kailashahar	12
		164

Part (b) of the Question.

Name of Sub-Division	Total off take during 1964 (figures in Kgs.) Rice	Wheat	Paddy
1. Sadar	1,70,70,524	7,74,191	41,215
2. Sonamura	13,80,884	—	90,469
3. Belonia	15,30,707	11,900	1,46,700
4. Udaipur	23,59,900	1,42,780	—
5. Amarpur	19,52,672	2,983	2,300
6. Sabroom	7,36,488	19,100	1,08 483
7. Khowai	14,45,950	4, 964	2,52,085
8. Kamalpur	12,66,030	19,150	50,565
9. Dharmanagar	20,89,150	500	85,900
10. Kailashahar	40,37,791	10,200	—
	3,38,70,096	9,85,771	7,77,717

Part (c) of the Question.

1.	Sadar	23	(Urban) 18 Rural 5 23
2.	Khowai	3	
3.	Dharmanagar	5	
4.	Amarpur	3	
5.	Kailashahar	1	
		35	

Part (e) of the Question.

29,546 card holders are supplied with ration through 35 fair price shops as indicated below :—

Name of the Sub-Division		Number of Fair Price Shops.	No. of cards attached to the Shop.
1. Sadar	Urban	18	16,394
	Rural Durjoynagar	1	628
	Gandhigram	1	724
	Narsingarh	1	1129
	Arundhutinagar	1	1,806
	Pratapgarh	1	1,425
2. Amarpur,	Amarpur Proper	1	1,200
	,	1	1,200
	,	1	1,215
3. Khowai,	Ganganagar	1	213
	Nonacherra	1	427
	Teliamura	1	300
4. Dharmanagar,	Kanchanpur		1,159
	Anandabazar		90
	Vangmun		240
	Khedacherra		407
	Simlong		104
5. Kailashahar	Chhaumanu		885

Proceedings of the Tripura Legislative Assembly Assembled under the Provisions of the Government of Union Territories Act, 1963.

MARCH 16, 1965.

The House met in the Assembly Chamber, Agartala at 11 A.M. on Tuesday, the 16th March, 1965.

PRESENT

Shri Upendra Kumar Roy, Speaker in the Chair, the Chief Minister, the Development Minister, three Deputy Ministers, the Deputy Speaker and twenty two Members.

Mr. SPEAKER :—I would take the first item in the list of business, the Starred questions. I would call Shri Sunil Kumar Chaudhury.

SHRI SUNIL KUMAR CHOUDHURY :—Question No. 13.

SHRI B. DAS (Dy. Minister) :—Hon'ble Speaker, Sir, Starred Question No. 13 asked by Shri Sunil Kumar Choudhury.

QUESTION—	REPLY—
Will the Hon'ble Minister in-charge of the Industries Department be pleased to state—	
(a) Number of trainees who passed different trades from the Industrial Training Institutes of Tripura during last 2 years ;	(a) No. 184.
(b) number of those passed trainees employed by Tripura Government ;	(b) 20 nos.
(c) number of trainees who were given ttipend during last 2 years ;	(c) 184 nos.
(d) rate at which such stipend is given ;	(d) at the rate Rs. 25/-per month for general trainees, at the rate of Rs. 50/- per month for trainees coming from Blocks.
(e) whether the rate will be enhanced in view of rise in the cost of living index ?	(e) It is under consideration.

শ্রীসুনীল কুমার চৌধুরী—মাননীয় মন্ত্রী মহাশয় বলবেন কি ১৮৪ জন ছেলেকে ট্রেনিং দেওয়ার পর গভর্ণমেণ্ট মাত্র ২০ জনকে প্রভাইড করলেন, বাদ বাকী ছেলেদের নেওয়া হল না কেন ?

শ্রীবিনোদ দাস :—এটা স্কীমটাই হচ্ছে ইণ্ডিয়া গভর্ণমেণ্টের স্কীম। এটা শুধু ত্রিপুরা গভর্ণমেণ্টের জন্য নয় এটা সমস্ত ইণ্ডিয়া বেসিসেই তাদের নেওয়া হয় এবং সেই অনুসারেই কিছু প্রভাইড করা হয়েছে।

শ্রীআতিকুল ইসলাম :—Question ছিল, মাননীয় স্পীকার মহোদয়, যে ১৮৪ জন ছাত্র ট্রেনিং নিয়ে পাশ করে আসার পর মাত্র ২০ জনকে প্রভাইড করা হল আর অন্যদের কেন প্রভাইড করা হল না ?

শ্রীবিনোদ দাস :—বাকীগুলি অন্যান্য ষ্টেটে অ্যাবজরভ হয়েছে।

শ্রীআতিকুল ইসলাম :—যখন ট্রেনিং দেওয়া হয় তখন আমরা একটা হিসাব করে নেই কিনা যে আমাদের কতজনকে ট্রেনিং দেওয়া প্রয়োজন? সেই হিসাবে ট্রেনিং দেওয়া হয় কিনা ?

শ্রীবিনোদ দাস :—আমি আগেই বলেছি যে এটা অল ইণ্ডিয়া বেসিসে করা হয়।

শ্রীআতিকুল ইসলাম :—এখানে ট্রেনিং নিয়ে ত্রিপুরার বাহিরে গিয়ে চাকুরী নিয়েছে এমন আছে কিনা মন্ত্রী মহাশয় জানাবেন কি ?

শ্রীবিনোদ দাস :— প্রচুর আছে। প্রায় সবাই।

শ্রীসুনীল কুমার চৌধুরী :—মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি যে অরুন্ধতীনগর ইণ্ডাষ্ট্রিয়েল এষ্টেট যেটা ছিল সেইটা বন্ধ করে দেওয়ার ফলে যে ৮১ জন ছেলে বেকার হয়েছিল বর্ত্তমানে তাদের অবস্থা 'কি ?'

শ্রীবিনোদ দাস :—এটা এই Question-এর সাথে রিলেটেড নয়, এই সম্বন্ধে আলাদা প্রশ্ন উনারা আনতে পারেন।

MR. SPEAKER :—No other supplementary. Then I would call on Shri Hemanta Deb.

SHRI HEMANTA DEB :—Question No. 47.

SHRI B. DAS (Dy. Minister) :—Hon'ble Speaker. Sir. Starred Question No. 47.

QUESTION :-

Will the Hon'ble Minister in-charge of Industries Department be pleased to state--

REPLY :-

(a) Number of trainees admitted in Industrial Training Institute of Tripura during 1964 and 1965 ;

(a)

1964	220
1965	200
	420

(b) number of scheduled caste and scheduled tribes boys among them ;

(b)

	Sch. caste	Sch. T.	Total.
1964	14	5	19
1965	24	17	41

(c) the rate at which stipends are given to these boys ;

(c) (i) Rs. 25/- per month to the most of the boys.

(ii) A few boys receive stipend Rs. 50/- per month under Rural Arts, Crafts & Industries of Community Development Blocks.

(d) When this rate was fixed ;

(d) 1958-59.

(e) Whether the rates will be enhanced due to rise in cost of living index since then ?

(e) It is under consideration.

SHRI ATIQUL ISLAM :—Most of the boys stipend পাচ্ছেন ২৫ টাকা করে, এটা দ্বারা কি তিনি বুঝাচ্ছেন মাননীয় মন্ত্রী মহাশয় বললেন কি ?

শ্রীবিনোদ দাস :—যারা ব্লক থেকে আসছে—কমিউনিটি ডেভেলাপমেন্টের ব্লকস-এর নমিনী যারা তারা ফিফটী রুপীজ করে পাচ্ছেন আর যারা জেনারেল ষ্টুডেন্ট তারা টুয়েন্টি ফাইভ রুপীজ করে পাচ্ছে পার মান্থ ।

শ্রীআতিকুল ইসলাম :—মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি কোন শিডিউলড কাস্ট ছেলে ভর্তি হতে এসে stipend না পেয়ে ফিরে গেছে ?

শ্রীবিনোদ দাস :—এই সম্বন্ধে সরকার অবগত নহেন ।

শ্রীআতিকুল ইসলাম :—মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি এখানে দুই রকম রেট হচ্ছে, একটা ২৫ টাকা আর একটা ৫০ টাকা, এই দুই রকম রেট কেন করা হল ?

শ্রীবিনোদ দাস :—এটাতো আমি আগেই বলেছি যে যারা নাকি ব্লক থেকে আসছে তারা গ্রামের দিক থেকে আসছে আর যারা জেনারেল তারা এখান থেকে আসছে। তারা নিজেরা বাড়ী থেকে খেয়ে দেয়ে আসতে পারছে।

শ্রীনুড়া আং মগ :—মাননীয় মন্ত্রী মহাশয় বলবেন কি ষ্টাইপেণ্ড যা দেওয়া হচ্ছে তা সবাইকে ৫০ টাকা করে দেওয়া হচ্ছে কিনা ?

শ্রীবিনোদ দাস :—যারা ব্লকের নমিনী তাদের ৫০ টাকা করে আর যারা জেনারেল তাদের ২৫ টাকা করে।

শ্রীআতিকুল ইসলাম :—মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি যারা ব্লকের নমিনী তারা পাচ্ছে ৫০ টাকা করে আর যারা বাহিরের অর্থাৎ আউটসাইডার তারা পাচ্ছে ২৫ টাকা করে, ব্লকের নমিনীরা এতো বেশী পাচ্ছেন আর অন্যান্যরা এতো কম পাচ্ছে কেন ?

শ্রীবিনোদ দাস :—এখানে ইণ্ডাষ্ট্রীয়েল এস্টেটের থেকে যারা আসে, তারা ২৫ টাকা করে পাচ্ছে আর যারা বাইরে থেকে আসছে, ব্লক থেকে আসছে তারা পাচ্ছে ৫০ টাকা করে এবং তারাই ব্লক নমিনী হয়ে আসছে।

শ্রীআতিকুল ইসলাম :—মাননীয় মন্ত্রী মহাশয় জানেন কি যে সারা ত্রিপুরায় তো আর ব্লক নাই, ব্লকের বাহিরেও তো এরিয়া আছে, যেমন আগরতলা সহর এবং তার বাহিরে, মাননীয় মন্ত্রী মহাশয় কি মনে করেন না যে তাদের খুব অসুবিধা হচ্ছে এই কম টাকাতে ?

শ্রীবিনোদ দাস :—ত্রিপুরা রাজ্যের হোল এরিয়াই ব্লকে কাভার্ড রয়েছে।

শ্রীঅঘোর দেববর্মা :—মাননীয় মন্ত্রী মহাশয় বলবেন কি এই ট্রেইনিজদের সিলেকসনের ভিত্তিটা কি, কিভাবে সিলেকশন করা হয় ?

শ্রীবিনোদ দাস :—যোগ্যতা অনুযায়ী।

শ্রীআতিকুল ইসলাম :—মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি এই যোগ্যতা কিভাবে ঠিক করা হচ্ছে ?

শ্রীবিনোদ দাস :—তাদের কতগুলি কোয়ালিফিকেশন-এর দরকার হয় সেই অনুযায়ী।

শ্রীআতিকুল ইসলাম :—যথা ;

শ্রীবিনোদ দাস :—যথা, সেখানে যেমন আছে তাদের এতটুকু পড়াশুনা করতে হবে।

শ্রীআতিকুল ইসলাম :—তাদের কতটুকু পড়াশুনা করতে হয় ?

শ্রীবীরচন্দ্র দেববর্মা :—রিকুইজিট কোয়ালিফিকেশন কি, মিনিমাম কোয়ালিফিকেশন কি ?

শ্রীবিনোদ দাস :—যারা নাকি এই লাইনেতে পড়তে আসে এবং যাদের ঝোক আছে তাদের নেওয়া হচ্ছে। তাদের মধ্যেও সেখানে যোগ্যতা অনুযায়ী নেওয়া হয়।

শ্রীআতিকুল ইসলাম :—মাননীয় মন্ত্রী মহাশয় আমরা জানতে চাচ্ছি যে রিকুইজিট কোয়ালিফিকেশনটা কি কি, লেখাপড়া জানতে হয় কিনা ? এবং জানতে হলে

কতটুকু পড়াশুনা করতে হয়, ফিজিকেল ফিটনেস দরকার হয় কিনা ?

শ্রীঅঘোর দেববর্মা :– মাননীয় মন্ত্রী মহাশয় সিডিউল্‌ড কাষ্ট এবং সিডিউল্‌ড ট্রাইবস-এর জন্য কোন কোটা মেইন্‌টেইন করা হয় কিনা এইসব ব্যাপারে ?

শ্রীবিনোদ দাস :—এটা বরাবরই মেনটেইন করা হয়।

MR. SPEAKER :—I would now call on Shri Birchandra Deb Barma,

SHRI BIRCHANDRA DEV BARMA :—Question No. 81.

SHRI B. DAS (Dy.Minister) :—Hon'ble Speaker, Sir, Starred Question No. 83,

QUESTION	ANSWER.
a) Whether the police have any case against Dr. D. H. Waller, the former Superintendent, V. M. Hospital.	No.
b) If so, what are charges against him ;	Does not arise.
c) Whether it is a fact that Shri N. N. Choudhury, a former Government Officer had made some complaints to the former Chief Commissioner against Dr. Waller ?	No.
d) If so, steps taken in that matter ?	Does not arise.

SHRI BIRCHANDRA DEB BARMA :-Will the Hon'ble minist r please say that whether Dr. Waller is still in service under the State Government. ?

শ্রীবিনোদ দাস :- নো।

SHRI BIRCHANDRA DEB BARMA :- For what reason ?

শ্রীবিনোদ দাস :- নাইনটী ডেজের উপরে কেউ যদি অ্যাবসেন্ট থাকে তাহলে অটোমেটিকেলী টারমিনেশন হয়ে যায়।

SHRI BIRCHANDRA DEB BARMA :- Is it known to the Minister concerned what is the reason for him being absent ? Is it known to the the Minister concerned what is the reason for him remaining absent ?

শ্রীবিনোদ দাস :- উনি ক্যাজুয়েল লীভ নিয়ে গিয়েছিলেন, তারপর উনি আর আসেন নি।

SHRI ATIQUL ISLAM :- মাননীয় মন্ত্রী মহাশয় কি জানেন Shri N. N. Choudhury, যখন Administrative-cum Accounts Officer ছিলেন তখন তিনি সেক্রেটারী অফ্ দি মেডিকেল ডিপার্টমেন্ট এর কাছে মেডিকেল ডিপার্টমেন্টের কোন মেল-প্রেক্টিসের সম্পর্কে কোন কমপ্লেন করেছিলেন কিনা ?

শ্রীবিনোদ দাস :- এটাতো আমি আগেও বলেছি, 'নো'।

শ্রীআতিকুল ইসলাম :- মাননীয় স্পীকার, স্যার, আমি জানতে চেয়েছি যে তিনি কমপ্লান চিফ কমিশনারের কাছে করেছেন কিনা ? তারা বলেছেন নো। এখন আমি জিজ্ঞাসা করছি যে সেক্রেটারীর কাছে কোন কম্প্ল্যান করেছিলেন কিনা যখন তিনি এডমিনিস্ট্রেটিভ কাম একাউন্টস অফিসার ছিলেন।

শ্রীবিনোদ দাস :- মাননীয় অধ্যক্ষ মহোদয়, এই সাপলিমেন্টারী কোয়েশ্চান এটার সাথে রিলেটেড নয়। কাজেই এ সম্বন্ধে উনারা আলাদা প্রশ্ন আনতে পারেন।

SHRI BIRCHANDRA DEB BARMA :- Point of order, if any supplementary question is admitted by the Speaker is it just for the Minister-in-charge to say that the suplementary question is related to the main question or not ? He can answer it or not, but can he say that the supplementary question is related to the main question or not ?

SHRI B. Das :— আমি এখানে বলেছি যে আমার মনে হচ্ছে এটার সংগে রিলেটেড নয়। সেজন্য উনারা আলাদা প্রশ্ন আনতে পারেন।

SHRI BIRCHANDRA DEB BARMA :—I want ruling from the Hon'ble Speaker and not from the Minister concerned. Hon'ble Speaker, Sir, can the Minister say that the supplementary is not related with the main question after that has been admitted by the Hon'ble Speaker ?

MR. SPEAKER :— He has no power to give ruling. Ruling can be given only by the Speaker, but you see I am sorry to say that many supplementaries are put here, which are not directly connected with the main question. Sometimes supplementaries are put in quick succession and there is hardly any time for the Speaker to judge and to give his decision in every matter. So what is the main question.

SHRI BIRCHANDRA DEB BARMA :— The main question is whether it is a fact that Shri N. N. Chowdhury, a former Govt. Officer had made some complaints to the former Chief Commissioner against Dr. Waller ? He has spoken that the answer is no. Now the question is he is asking whether he has given such complaint to the Secretary of the Medical Department. If it is not related he may ask for ruling from the Chair to this point whether it is related or not. But can he give any ruling himself ? (Interruption)

MR. SPEAKER :— That is the thing. As regards question I am just reading out a portion for the information of the Hon'ble Members to clarify this point "Supplementaries may be permitted if they arise from the answer of the original question. When supplementary question is asked another Member can object to the question as not arising. The Minister may say that the supplementary does not arise, But it is the Chair who decides, But he may mention, you see.

SHRI BIRCHANDRA DEB BARMA :—The Minister may ask for the ruling of the Chair whether it is related or not, but he cannot give the ruling.

MR. SPEAKER :—No, I have given my ruling on this point. On this point I am to draw the attention of the Hon'ble Members that the Minister may say that the supplementary question does not arise, but it is the Chair who decides. There is only one authority which decides that is the Chair.

The supplementary question should not be wider in scope than the original question. The scope of the supplementary should not be wider than the scope of the original question. So the Hon'ble Minister is fully entitled to say that the question does not relate..

SHRI BIRCHANDRA DEB BARMA :— Whether it is related or not that he cannot say, he can say that it does not relate or arise. But the ultimate decision must come from the Chair.

MR. SPEAKER :— Yes, he can give his opinion, he cannot give verdict,

it is only the Chair who can give decision whether it is related or not. Hon'ble Minister may say it does not arise.

SHRI S. L. SINGH :— The Hon'ble Minister told that "does not arise." It is the decision of the Speaker. But it is not a decision of you to withdraw it.

SHRI BIRCHANDRA DEB BARMA :— Hon'ble Minister has not said that it does not arise, he has stated that it does not relate to the main question.

MR. SPEAKER :— He is fully entitled to say that it does not arise.

SHRI ATIQUL ISLAM :— মাননীয় মন্ত্রী মহাশয় বলবেন কি Shri N.N.Choudhury Administrative-cum-Accounts Officer ছিলেন তখন এক লক্ষ টাকার কোন mal-practice সম্বন্ধে তিনি চীফ কমিশনার অথবা চীফ সেক্রেটারী অথবা অন্য কোন অথরিটির কাছে কোন কমপ্লেইন করেছিলেন কিনা ?

SHRI S. L. SINGH :— This is too much wider in range. So it cannot be answered.

শ্রীআতিকুল ইসলাম :— ইজ ইট টু মাচ ওয়াইডার ?

SHRI S. L. SINGH :— It is too much wider.

শ্রীআতিকুল ইসলাম :— মাননীয় স্পীকার, স্যার, এখানে কোশ্চেনটা হল whether he has given any complain to the Chief Commissioner তাতে তিনি বললেন করেন নি। তখন আমি বললাম চিফ কমিশনার না হউক চিফ সেক্রেটারী বা অন্য কোন অথারিটির কাছে তিনি কোন কমপ্লেইন এই মেল-প্রেকটিজ সম্বন্ধে করেছিলেন কিনা ?

MR. SPEAKER :— Is there any report from N. N. Choudhury ? What is that report ?

SHRI ATIQUL ISLAM :— Yes there is a report.

MR. SPEAKER :— What is the answer to that question the Hon'ble Minister is to say ?

SHRI S. L. SINGH :— First of all the Hon'ble Member told about rupees one lakh. He mentioned the money also. On that point I told 'it is wider in range' and it is now first of

all he particularises the question and told—Chief Commissioner. No he particularises—Chief Secretary or Secretary or anybody. It is also wider in range. So all on a sudden it cannot be given. So I demand Notice.

MR. SPEAKER :—Only the last portion of the answer is sufficient i. e. I demand notice, that is sufficient.

শ্রীআতিকুল ইসলাম :—মাননীয় মন্ত্রী মহাশয় বলবেন কি যে শ্রী এন, এন, চৌধুরী যখন এডমিনিষ্ট্রেটিভ কাম একাউন্টস অফিসার ছিলেন তখন তিনি আমাদের প্রাক্তন ডি; এম, রামুন্নীর বিরুদ্ধে কোন কমপ্লেইন করেছিলেন কিনা ?

MR. SPEAKER :—Rammuny ?

SHRI ATIQUL ISLAM :—Yes, so far my information goes in the same complain which he has submitted he has mentioned the names of Dr.Waller & Mr. Rammuny.

MR. SPEAKER :—In the same report, but I cannot understand this because Rammuny did not belong to the Medical Department or the Hospital, how that name comes here ? Hon'ble member is entitled to surmise.

SHRI S. M. SEN GUPTA :—এটার উত্তর তো আগেই দেওয়া হয়েছে যে চীফ কমিশনারের কাছে কমপ্লেইন করা হয়েছে। সেটা রামুন্নীর নামেই থাকুক বা ওয়ালারের নামেই থাকুক, সেটা ডেপুটি মিনিষ্টার বলেছেন যে 'না'। ক্লীয়ার আনসার।

শ্রীআতিকুল ইসলাম :—মাননীয় মন্ত্রী মহাশয় কি বলবেন ডাঃ ওয়ালারকে ডেজার্টার বলে ডিক্লেয়ার করা হচ্ছেনা কেন, যখন তাঁহার কোন খবরই পাওয়া যাচ্ছে না ?

শ্রীসুখময় সেনগুপ্ত :—তাঁর তো অ্যাবসেন্টের জন্য তাঁর চাকরী এখন নাই। নাইনটি ডেজ হয়ে গেলে পরে আইনমতই তাঁর চাকুরী চলে যায়।

শ্রীআতিকুল ইসলাম :—মাননীয় মন্ত্রী মহাশয় কি বলবেন যে ডাঃ ওয়ালার, তিনি কি তাঁর সমস্ত কাগজপত্র সবকিছু সমজিয়ে দিয়ে গেছেন যাওয়ার আগে কর্তৃপক্ষের কাছে বুঝিয়ে দিয়ে গেছেন ?

শ্রীসুখময় সেনগুপ্ত :—যাওয়ার আগে তিনি চার্জ দিয়ে গেছেন।

MR. SPEAKER :—I would now call on Shri Atiqul Islam.

SHRI ATIQUL ISLAM : - Question No. 130.

SHRI M. L. BHOWMIK :—Hon'ble Speaker, Sir, Starred Question No. 130.

QUESTION :—	ANSWER :—
1. Whether it is fact that the Government of Tripura does not distribute any of its advertisement to the daily Jagaran, Agartala.	Yes, Sir.
2. If so, what are the reasons ;	The policy followed by the Government regarding distribution of Government advertisements to the local papers is based on the following consideration :- a) Status :-This is determined by the number of years a paper has been established, its standing with the public and its adherence to accepted standards of journalistic ethics ; (b) Class of readership ; (c) Effective circulation ; (d) Regularity in publication ; and (e) Production standard. There are newspapers which persist in virulent communal propaganda continually inciting trouble. The Government policy is not to issue Government advertisements to such papers.
3. The names of weekly papers of Agartala which do not get Government Advertisement ;	Nil.
4. And for what reasons ?	Does not arise.

শ্রীআতিকুল ইসলাম :—মাননীয় মন্ত্রী মহাশয় কি বলতে চান যে আগরতলায় সব পত্রিকাই সরকারী বিজ্ঞাপন পায়?

SHRI M L. BHOWMIK :—Yes, I have already replied to that.

শ্রীআতিকুল ইসলাম :—মাননীয় মন্ত্রী মহাশয় বলবেন কি পত্রিকায় বিজ্ঞাপন বিলি বন্টনের সম্বন্ধে কোন রিভিউ বোর্ড আছে কিনা?

শ্রীমনীন্দ্র লাল ভৌমিক :—আমি বলেছি যে যখন গভর্ণমেন্ট প্রয়োজন মনে করবেন তখন রিভিউ বোর্ড করা হবে।

শ্রীআতিকুল ইসলাম :—মাননীয় মন্ত্রী মহাশয় কি বলতে চান যে এখানে কোন রিভিউ বোর্ড নাই? আদিকালেও ছিল না? তা হলে বলতে চান যে কখনও কোন রিভিউ বোর্ড ছিল না?

শ্রীমনীন্দ্রলাল ভৌমিক :—বর্তমানে নেই।

শ্রীআতিকুল ইসলাম :—মাননীয় মন্ত্রী মহাশয় কি জানেন জাগরণ পত্রিকা গণরাজ পত্রিকা থেকে তার পাঠকের সংখ্যা কম নয়?

শ্রীমনীন্দ্রলাল ভৌমিক :—তা হতে পারে। শুধু একটাই ফ্যাক্টর বিবেচনা করা হয় না। মাননীয় সদস্যকে আমি বলেছি যে সমস্ত ফ্যাকটর বিবেচনা করে দেওয়া হয়, তা আমি পূর্ব্বেই বলেছি।

শ্রীআতিকুল ইসলাম :—মাননীয় মন্ত্রী মহাশয় কি জানেন যে জাগরণ পত্রিকা হচ্ছে ত্রিপুরার প্রথম দৈনিক পত্রিকা এবং সর্ব্বাপেক্ষা পুরাতন পত্রিকা?

শ্রীমনীন্দ্র লাল ভৌমিক :—হাঁ, জানি।

শ্রীআতিকুল ইসলাম :—মাননীয় মন্ত্রী মহাশয় কি জানাবেন যে আজ কি কারণে বিজ্ঞাপন থেকে বাদ পড়ল. জাগরণ পত্রিকা এক সময়ে সরকারী বিজ্ঞাপণ পেত, আজকে সে কি করে বাদ পড়ে গেল?

শ্রীমনীন্দ্র লাল ভৌমিক :—যখন সমস্ত কনডিশন ফুলফিল করত তখন পেত।

শ্রীআতিকুল ইসলাম :—মাননীয় মন্ত্রী মহাশয় কি জানেন যে স্বস্তিকা পত্রিকাও সরকারী বিজ্ঞাপন পায়?

শ্রীমনীন্দ্র লাল ভৌমিক :—আমরা তো আগেই বলেছি উৎকলী পেপার হলে পাবে।

শ্রীআতিকুল ইসলাম :—মাননীয় মন্ত্রী মহাশয় কি কমিউনেল স্বস্তিকা পত্রিকাকে একটি সাম্প্রদায়িক পত্রিকা বলে মনে করেন না? কমিউনেল ব্রিচ্ অফ পিস্ করে এই কথা মনে করেন না?

শ্রীমনীন্দ্র লাল ভৌমিক :—আমরা শুধু একটা ফ্যাকটরকে বিবেচনা করে বিজ্ঞাপন দিই না অন্যান্য ফ্যাকটার যা বললাম সে সমস্তই বিবেচনা করে দেওয়া হয়।

শ্রীআতিকুল ইসলাম :— মাননীয় মন্ত্রী মহাশয় কি জানাবেন যে জাগরণ পত্রিকাকে কোন কোন ফেক্‌টরে বাদ দেওয়া হল ?

শ্রীমনীন্দ্র লাল ভৌমিক :—সমস্ত ফ্যাকটরকেই, অল ফ্যাকটরস হ্যাভ বীন টেকেন ইনটু কনসিডারেশন।

শ্রীআতিকুল ইসলাম :—মন্ত্রী মহাশয় কি জানেন জাগরণ পত্রিকায় সরকারী বিজ্ঞাপন দেওয়া বন্ধ করার পরে জাগরণের সম্পাদক ফোর্থ সেপ্‌টেম্বার, ৪. ৯. ৬৩ চিফ মিনিষ্টারের কাছে এবং ১৬. ৩. ৬১ মাননীয় মন্ত্রী সুখময় বাবুর কাছে দুইটি দরখাস্ত করেছিলেন আপনারা কি তার উত্তর দিয়েছিলেন ?

শ্রীশচীন্দ্র লাল সিংহ :—আমার সাথে আলাপ হয়েছিল, দেখা করেছিল, তাদের বলে দেওযা হয়েছে যে এই সমস্ত কারণে আপনার পত্রিকা বিজ্ঞাপন পায় না ।

শ্রীআতিকুল ইসলাম :—মাননীয় মন্ত্রী মহাশয় জাগরণ পত্রিকা সম্পর্কে এখন কি বিবেচনা করতে রাজি আছেন ?

শ্রীশচীন্দ্র লাল সিংহ :—ফ্যাকটরস্‌গুলি যদি ফুলফিল করে তাহলে সবসময়েই পাবে বিজ্ঞাপন ।

শ্রীঅঘোর দেববর্মা :—মাননীয় মন্ত্রী মহাশয় কি বলবেন যে জাগরণ পত্রিকা মন্ত্রীদের গুণ কীর্তন করে না বলেই তাকে বিজ্ঞাপন বা এড্‌ভার্টাইজমেন্ট দেওয়া হয় না ?

শ্রীশচীন্দ্র লাল সিংহ :— যারা গুণ কীর্তন করেনা তা'দিগকেও দেওয়া হয়

MR. SPEAKER :—I would call on Shri Sunil Kr. Choudhury.

SHRI SUNIL KR. CHOUDHURY :—Question No. 70.

SHRI M. L. BHOWMIK :—Hon'ble Speaker, Sir Starred Question No 70.

QUESTION—	REPLY—
a) Number of pre-1965 displaced persons who did not get full quota of alluvial land at the time of rehabilitation.	(a) There is no quota for allotment of alluvial lands for refugees under any scheme.
b) Whether any land has been procured for allotment to them.	(b) Does Not arise.
c) If so, what is the total acreage.	(c) Does not arise.

শ্রীসুনীল কুমার চৌধুরী :— মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি এই ডিস্‌প্লেসড পার্সন, যাদের পাঁচ কানি করে জমি দেওয়া হতো সেইটা কোন স্কিম থেকে দেওয়া হত ?

শ্রীমনীন্দ্র লাল ভৌমিক :—রিহেবিলিটেশন স্কীমে দেওয়া হত

শ্রীআতিকুল ইসলাম :— মাননীয় মন্ত্রী মহাশয় কি জানাবেন যে রিহেবিলিটেশন স্কীম বলতে কোন স্কীম আছে কি না ?

শ্রীমনীন্দ্র লাল ভৌমিক :— নিশ্চয়ই আছে।

শ্রীআতিকুল ইসলাম :—নো, দেয়ার ইজ নো সাচ স্কীম।

SHRI M. L. BHOWMIK :—There are certain schemes for rehabilitation.

MR. SPEAKER :—I would call on Shri Hemanta Deb.

SHRI HEMANTA DEB :—Question No. 51

SHRI B. DAS (Dy. Minister) :—Hon'ble Speaker, Sir, Starred Question No. 51.

QUESTION :—	REPLY
Will the Hon'ble Minister in-charge of the Industries Department be pleased to state—	
a) Whether any Model Carpentry Unit has been set up at Teliamura ;	a) No.
b) if so, the number of hands employed there ;	b) Does not arise.
c) number of tribals among them ?	c) —do—

MR, SPEAKER :—Is there supplementary ?

SHRI ATIQUL ISLAM :—No Sir.

MR. SPEAKER :—I would now call on Shri Birchandra Dev Barma

SHRI BIRCHANDRA DEB BARMA :-Question No. 122.

SHRI B. DAS (Dy. Minister) :—Hon'ble Speaker, Sir, Starred Question No. 122.

QUESTION :—	ANSWER :—
a) Whether the Primary Health Centre at Kanchanpur, Dharmanagar has been completed ;	a) Yes.
b) If so, what are the reasons for delay in opening the centre ?	b) Does not arise.

শ্রীরাম চরণ দেববর্মা :— মাননীয় মন্ত্রী মহাশয় কি বলবেন যে টি, টি, সি, এর আমলে প্রস্তাবিত

প্রাইমারী হেলথ সেন্টার, যেটা কল্যাণপুরে হওয়ার কথা ছিল সেইটা হয়েছে কিনা ?

শ্রীবিনোদ দাস :— মাননীয় অধ্যক্ষ মহোদয়, এটা একটা আলাদা কোয়েশ্চান। এ সম্পর্কে ওনারা আলাদা প্রশ্ন আনতে পারেন।

MR. SPEAKER :—I would call on Shri Atiqul Islam.

SHRI ATIQUL ISLAM :—Question No. 126.

SHRI B. DAS (Dy Minister) :—Hon'ble Speaker, Sir, Starred Question No. 126 asked by Shri Atiqul Islam.

QUESTION :—	REPLY :—
Will the Hon'ble Minister in-charge of the Rehabilitation Department be pleased to state—	
(a) Whether the Tripura Govt. has set up a a committee to probe into the condition as the future scope of the industries for which industrial loan of Rs 5000/- or above was granted by the Relief & Rehabilitation Department of Tripura ;	(a) No.
(b) if so. what is the result of that probe ?	(b) Does Not arise.

শ্রীআতিকুল ইসলাম :—মাননীয় মন্ত্রী মহাশয় আমার একটি ছোর্ট কোশ্চানের আনসারে আপনারা বলেছিলেন 'আমরা একটা কমিটী করেছি এবং সেইটা এই ব্যাপারে তদন্ত করবে।'

শ্রীশচীন্দ্র লাল সিংহ :— এই ব্যাপারের সাথে সম্পূর্ণ অমিল এই প্রশ্নের !

শ্রীআতিকুল ইসলাম :— মাননীয় স্পীকার, স্যার আমার কোশ্চানের আন্সারে তাঁরা বলেছিলেন 'আমরা কমিটী করেছি এবং এই কমিটী এই ইণ্ডাষ্ট্রি সম্পর্কে কি করবে না করবে সেইটা বিচার বিবেচনা করবে।'

after six months I am submitting this question that how far that Committee has enquired into and they say that there is no Committee at all.

MR. SPEAKER :—The question that you are just putting does not relate to the main question. You are simply trying to have it verified whether the Hon'ble Minister has given different answer on different dates. The question is that you have been surprised to see that the answer to-day is quite different from the answer given six month back.

শ্রীআতিকুল ইসলাম :—আমার প্রশ্নের উত্তরে গত অধিবেশনে মাননীয় মন্ত্রী মহাশয় বলেছিলেন 'আমরা কমিটি করেছি ফর ইনকোয়ারী এন্ড রিগার্ডস সারটেন ইণ্ডাষ্ট্রী। এর বিশেশনে আমি জিজ্ঞাসা করতে পারি সেই কমিটি কতটুকু কাজ করছে? এখন তাঁরা বলছেন যে সেই কমিটি করেন নাই। আমার আর কিছু বলার থাকে না। I can show you, Sir, if you give me time I can bring it from my house and I can show you.

MR. SPEAKER :—Yes the question is different. Now on this point I may say that if the statement of the Hon'ble Minister does not correctly represent the state of things the Hon'ble Member may take any step he likes, but what can I do.

SHRI ATIQUL ISLAM :—It is unfortunate that the Minister gives answer in one Session in one fashion and in another Session in different fashion.

মাননীয় মন্ত্রী মহাশয় কোন কমিটী করতে রাজী আছেন কিনা এই সম্পর্কে এই যে পাঁচ হাজার টাকা এবং তার বেশী লোন যাদেরকে দেওয়া হয়েছে সেই সম্পার্কে তদন্ত করার জনা কোন কমিটি গঠন করার প্রয়োজনীয়তা তাঁরা মনে করেন কিনা? পাঁচ হাজার এবং তার বেশী লোন যাদেরকে দেওয়া হয়েছে সেই ইণ্ডাষ্টি তারা করেছে কিনা তা দেখার জন্য সরকার কমিটী করতে রাজী আছেন কিনা?

শ্রীশচীন্দ্র লাল সিংহ :—এরকম কোন স্কীম নাই। অতএব কমিটী গঠন করার কোন প্রয়োজনীয়তা আছে বলে আমি মনে করি না। (ইনটারাপশন)।

MR. SPEAKER :—I would request the House to give scope to the Speaker to have his say atleast. Now we have finished 8 questions.

SHRI SUNIL KR. CHOUDHURY :—Question No. 75.

MR. SPEAKER :—Question No. 75 submitted by yourself. I am sorry that is not in to-day's list. Now we have some other questions,

you see, the Hon'ble Members who has given notice is absent from the house. Now any member who is interested to put he may put it, the question submitted by Shri Nripendra Chakraborty and Shri Promode Ranjan Das Gupta.

If any Member is interested to put the question he may put it.

SHRI BIRCHANDRA DEB BARMA :— 99.

MR. SPEAKER :—Question No. 99 by Shri Nripendra Chakraborty.

SHRI B. DAS (Dy. Minister):—Question No. 99.

QUESTIONS	ANSWERS
(a) Total amount of loan or assistance advanced by the Government for the establishment of Match Factory at Agartala	(a) Rs. 50,000/-
(b) Whether the factory is being run at a loss ; (c) if so, the reasons therefor.	(b)+(c) The factory has stopped running from 1963.

SHRI BIRCHANDRA DEB BARMA :—How the factory has been stopped running inspite of giving loan and assistance.

SHRI B. DAS :—Due to mismanagement.

শ্রীআভিকুল ইসলাম :—মাননীয় মন্ত্রী মহাশয় কি বলবেন যে ত্রিপুরা ম্যাচ ফ্যাক্টরি ডেভলফমেণ্ট করার জন্য সরকারের কোন স্কীম আছে কিনা ?

শ্রীবিনোদ দাস :- গভর্ণমেণ্ট সাইট নিয়ে আলাপ আলোচনা করেছেন এবং সেটা আণ্ডার কনসিডারেশন অব দি গভর্ণমেণ্ট।

শ্রীআভিকুল ইসলাম :—মাননীয় মন্ত্রী মহাশয় বলবেন কি ত্রিপুরার ম্যাচ যেগুলি হয় বাহিরের কোম্পানীগুলি থেকে তাদের সেফ করার জন্য কোন প্রটেকটীভ মেজার নেওয়ার কথা সরকার চিন্তা করছেন কি ?

শ্রীবিনোদ দাস :- আমি তো এটা আগেই বলেছি যে এটা আণ্ডার কনসিডারেশন অব দি গভর্ণমেণ্ট। গভর্ণমেণ্ট যখন নাকি আর একটা স্টারট করছেন তখন সেগুলি সবকিছু বিবেচনা করা হবে এবং দেখা হবে।

শ্রীআভিকুল ইসলাম :—মাননীয় মন্ত্রী মহাশয় কি জানাবেন, ত্রিপুরা সরকার কি নিজে ইনিসিয়েটীভ নিয়ে পাবলিক সেকটরে ম্যাচ ফ্যাকটরি করার কথা চিন্তা করছেন ?

শ্রীবিনোদ দাস :—এটা এখনও ফাইন্যালাইজ হয় নি।

MR. SPEAKER :—I would call on Shri Aghore Deb Barma.

SHRI AGHORE DEV BARMA :— Question No. 144

SHRI B. DAS (Dy. Minister) :—Hon'ble Speaker, Sir, starred Question No. 144 by Shri Promode Ranjan Das Gupta.

QUESTIONS	ANSWERS
(a) The number of Primary Health Centre in Tripura at present :	18 Nos.
(b) The number of Primary Health Centre to be opened during 1965-66 & 1966-67 ;	6 Primary Health Centres are proposed to be opened during 1965-66. The number of Primary Health Centre proposed to be opened during the Fourth Plan cannot be stated at present as the yearwise detailed plan for the Fourth Plan period has not yet been drawn up.
(c) Whether the opening of Primary Health Centre at Katlamara under Sidhai P. S, Sadar will be taken into consideration during 1965-66 ?	There is no proposal for opening of a Primary Health Centre at Katlamara during 1965-66.

শ্রীঅঘোর দেববর্মা :—মাননীয় মন্ত্রী মহাশয় কি বলবেন যে ছয়টি প্রাথমিক হেল্‌থ সেন্টার খোলার কথা আছে তার মধ্যে টাকারজলা ইন্‌ক্লুড আছে কিনা ? টাকারজলাতে একটা হাফ্‌ ডান অবস্থায় পড়ে আছে সেইটা ঠিক করা হবে কিনা ?

শ্রীবিনোদ দাস :— ইয়েস্‌।

শ্রীঅঘোর দেববর্মা :—মাননীয় মন্ত্রী মহাশয় বলবেন কি যে এই পাঁচটি কোথায় কোথায় খোলা হবে সেটা ঠিক করা হয়েছে কিনা ?

শ্রীবিনোদ দাস :—সেটা গভর্ণমেন্ট একজামিন করে দেখছেন।

শ্রীআতিকুল ইসলাম :—মাননীয় মন্ত্রী মহাশয় ঠিক করে কি এখনো দেখেন নি যে এই প্রাইমারী হেল্‌থ সেন্টারগুলি কোথায় কোথায় খোলা হবে ? সাইট ঠিক করেন নি ?

শ্রীবিনোদ দাস :—সাইট সম্বন্ধে এখনো ফাইনালাইজ হয়নি। সে কথাইতো বলতে চাচ্ছি আমি।

শ্রীআতিকুল ইসলাম :—মাননীয় মন্ত্রী মহাশয় সাইট ঠিক না করেই কি আমরা স্কীম প্রিপেয়ার করি।

শ্রীবি, দাস :—স্কীম আমরা প্রিপেয়ার করছি না। অনেকগুলি জায়গা নিয়ে আমরা বসি এবং তারমধ্যে ফাইন্যাল সিলেকশনটা হয়।

শ্রীঅঘোর দেববর্মা :-মাননীয় মন্ত্রী মহাশয় বলবেন কি কোথায় কোথায় হাফ ডান অবস্থায় আছে।

শ্রীবিনোদ দাস :- হাফ ডান অবস্থায় প্রাইমারী হেলথ সেন্টার কোথাও নাই। এমন হয়ত কোনটা কমপ্লিট হয়নি কিন্তু কনষ্ট্রাকশন হচ্ছে।

শ্রীআতিকুল ইসলাম :—মাননীয় মন্ত্রী মহাশয় টাকারজলাতে যে হেল্‌থ সেন্টারের কথা আপনারা বলেছেন সেইটা বন্ধ হয়ে আছে কেন ?

শ্রীবি, দাস : টাকারজলা প্রাইমারী হেলথ সেন্টারের কাজ বন্ধ হয় নাই।

শ্রীঅঘোর দেববর্মা :—মাননীয় মন্ত্রী মহাশয় শেষ হতে আর কতদিন লাগবে, কতদিনে আমরা সেইটা হবে বলে আশা করতে পারি ?

শ্রীবি, দাস :—যত তাড়াতাড়ি সম্ভব এটা আমরা করতে চেষ্টা করছি। কারণ সেটা অনেকগুলি ফ্যাক্টারের উপর নির্ভর করছে—টেকনিক্যাল পারসোন্যাল এবং আদার থিংস।

শ্রীপুড়া আং মগ :—মাননীয় মন্ত্রী মহাশয়, বলবেন কি জোলাইবাড়ীতে এই ছয়টির মধ্যে একটা হবে কিনা ?

শ্রীবি, দাস : —এটা এখন ঠিক করে বলা সম্ভব নয়। আমি এটা আগেই বলছি যে আমরা ওটা ওপেন করবো ১৯৬৫-৬৬ সালে, মানে থার্ড প্লানেতে। সেটা এখনও ফাইন্যালাইজ হয় নি।

শ্রীআতিকুল ইসলাম :—মাননীয় মন্ত্রী মহাশয় টাকারজলাতে এখন কাজ বন্ধ হয়ে আছে; এই সম্পর্কে তিনি কি আমাদের সঙ্গে গিয়ে ইনকোয়ারী করতে রাজী আছেন ?

শ্রীবি, দাস :—আমি তো এটা আগেই বলেছি যে কাজ বন্ধ হয় নি।

MR. SPEAKER :— Any other question.

SHRI AGHORE DEB BARMA :-Question No. 140.

SHRI M. L. BHOWMIK (Dy. Minister) :—Question No. 140

QUESTION :—	REPLY :—
(a) Whether it is a fact most of the buses plying from Agartala to Simna and back are worn-out model ;	(a) It is not a fact that worn-out buses are plying over the road from Agartala to Simna. The vehicles are, of course, of pre-1950 model.
(b) if so, what step the Covernment has taken to replace those worn-out buses ;	(b) The Government has decided to replace the vehicles of pre-1950 model by vehicles of latest model bodies of uptodate specification.
(c) whether it is fact that the carrying of the over-load by the buses from Agartala to Simna and back has become the daily feature under the very nose of Sidhai P.S. there-throwing the passengers in great sufferings ?	(c) No

MR. SPEAKER :—Any other question.

SHRI ATIQUL ISLAM :—Question No. 349

SHRI M. L. BHOWMIK (Dy Minister) :-Question No. 349.

SHRI M. L. BHOWMIK :—Hon'ble Speaker, Sir, Question No. 349.

QUESTION :—

a) Total number of a) permanent permits, b) Temporary permits, and c) Special permit or d) Emergent permits issued to public carriers of Tripura & Assam for operation of such vehicles between Agartala and Kakalighat, Assam.

ANSWER :—

Statement Laid on the Table of the House (Question No. 349)

Total number of permits issued.

	Agartala—Karimganj.			Agartala—Kalkalighat.		
	1962-63	1963-64	1-4-64 to 30-11-64	1962-63	1963-64	1-4-64 to 30-11-64
a) Permanent Permits	43	43	43	—	—	—
b) Temporary Permits	441	531	354	—	—	—
c) Special Permits	27	35	16	—	—	—
d) Emergency Permits	—	118	—	—	—	—

b) whether any difficulty is experienced by motor owners of Tripura in getting these permits from the Transport authority of Cachar ;

b) No difficulty has cyme to notice.

c) whether vehicles ply in Cachar region on special permit has to pay a special fee ;

c) No.

d) if so. whether the question of abolition of special fee will be taken up with the authority concerned ?

Does not arise.

MR. SPEAKER :—Any supplementary. No. Questions are over. There are a number of unstarred questions. Namely 263 asked by Shri Dinesh Deb Barma and Shri Atiqul Islam together and No. 1, 57, 65

66, 67, 71, 72 & 73 by Sunil Kumar Choudhury, No. 36, 39, 50 & 52 by Shri Hemanta Deb, No. 100, 116 & 118 by Shri Birchandra Dev Barma, No. 124 by Shri Nripendra Chakraborty, No. 319 asked by Shri Hlura Aung Mog. The ministers may kindly lay on the Table of the House the replies to the Unstarred Questions.

MR. SPEAKER :— I pass on to the next item. Calling attention notice of Shri Hlura Aung Mog, M. L. A. of 11th March, 1965, & by Shri Nripendra Chakraborty M.L.A. of 12th March,1965. The Minister concerned agreed to make statement to-day the 16th I would now call on the Hon'ble Shri Sachindra Lal Singh, Chief Minister to make statement on (i) The devastation caused by fire on 1-3-65 at Jolaibari Bazar Belonia and the relief measure adopted by the Govt. (2) The second one. The reluctance of the Govt. to open ration shop at Madhuban and other areas of Sadar Sub-Division where price of rice shot up above Rs. 30/- per maund. The statement may be made one by one.

SHRI S. L. SINGH (Chief Minister) :—মাননীয় স্পীকার মহোদয়, আমি অত্যন্ত দুঃখের সহিত statement দিচ্ছি যে জুলাইবাড়ীতে 1st March ১টার সময় আগুন লাগে, তাতে সেখানকার যারা ব্যবসায়ী তাদের সমস্ত গৃহ ভস্মীভূত হয়ে গেছে এবং তাদের এই ক্ষতির জন্য আমি অত্যন্ত দুঃখিত। তাঁদের relief-এর জন্যে গভর্ণমেন্টের তরফ হতে দুই হাজার টাকা দেওয়া হয়েছে। তবে এই টাকা ক্ষতির দিক দিয়ে, কিছুই নয়। G. C. I. Sheet তাঁদের দেবার ব্যবস্থা করা হয়েছে, এটা দাম দিয়ে তাঁরা কিনে নেবেন। Forest Deptt. থেকে যাতে ছন, বাঁশ ইত্যাদি free of royalty পেতে পারে তার ব্যবস্থা করা হচ্ছে। সরকারের আওতায় যতটুকু করার আছে সে সব করার ব্যবস্থা করা হয়েছে। ১০১ জন shop-keeper যেখানে affected হয়েছেন, ৫১টি structure প্রায় শেষ হয়েছে তার মধ্যে টিন সেড ছিল ৩১টি এবং ছনের ঘর ছিল ২০টি। সেখানে Branch Post Office ছিল, Govt. Hoemeopathy Dispensary ছিল ১টি, আর Co-operative ২টি ছিল, তাদের সম্পত্তি এবং জিনিসপত্র নষ্ট হয়েছে এবং approximate loss প্রায় ২ লক্ষ টাকা। আগেই বলা হয়েছে যে সরকারের পক্ষ থেকে যা করণীয় তা সঙ্গে সঙ্গেই গ্রহণ করা হয়েছে এবং কাজকর্ম চলছে।

SHRI HLURA AUNG MAC :—মাননীয় মুখ্যমন্ত্রী—

MR. SPEAKER :—I want to know what the Hon'ble member wents to know.

SHRI HLURA AUNG MAG :—আমি জানতে চাই, সেখানে যে টাকাগুলি বিলি করা হয়েছে, সেটা ঠিকঠিক ভাবে করা হয়েছে কিনা, affected persons দের দেওয়া হয়েছে কিনা ?

MR. SPEAKER :—If the Hon'ble member wants to do that he should first of all seek the permission of the Chair, then he will try to have any point clarified. Only for clarification some points may be raised.

SHRI HLURA AUNG MAG :—মাননীয় অধ্যক্ষ মহোদয়ের মাধ্যমে এই কথা আমি বলতে চাইছি।

MR. SPEAKER :—What are the points to be clarified ?

SHRI HLURA AUNG MAG :—এই বাজারটি এ পর্যান্ত দুইবার পোড়া গেছে।

MR. SPEAKER :—এই কথাত আসছে না এটার মধ্যে। যে statement Hon'ble Minister দিলেন তার মধ্যে কোন point যদি না থাকে, এই কথা তোলার প্রশ্ন আসেনা এখানে।

SHRI HLURA AUNG MAG :—এই বাজার দুইবার পোড়া গেছে, ভবিষ্যতে save করার জন্য pucca wall তৈরী করার জন্য দীর্ঘ মেয়াদী loan দেওয়ার কোন ব্যবস্থা আছে কিনা ?

MR. SPEAKER :—দীর্ঘ মেয়াদী loan দেওয়ার কোন কথা statement এর মধ্যে কিছু নেই ; only Hon'ble Minister এর statement এ যে point আছে, এখানে mention করা হয়েছে যে G. C. I. sheet দিয়ে তাঁরা সাহায্য করার জন্য চেষ্টা করেছেন, এই পর্য্যন্ত। pucca দেওয়ালের কথা statement এ নেই। এই point এখানে আসতে পারে না।

SHRI HLURA AUNG MAG :—সেটা করা প্রয়োজন কিনা তা আমি জানতে চাই।

MR. SPEAKER :—Point নেইত এখানটায়।

কথা হল, Calling attention Notice এর ভিতরে যে statement মাননীয় মন্ত্রী মহাশয় দিলেন তার ভিতরে কোন point বুঝতে যদি অসুবিধা হয়, সেইটা আরো পরিষ্কার করে দেওয়ার জন্য তাঁকে অনুরোধ করা যেতে পারে। কোন additional প্রশ্ন বা কিছু আগের কোন কথা বা ভবিষ্যতের কোন কথা এখানে আসবেনা। এর মধ্যে যতটুকু mention আছে, তার বেশী নয়। এখানে শুধু

statement এই যে, G. C. I. sheet দিয়ে সাহায্য করার চেষ্টা করা হবে।

I would now call on the Hon'ble Minister to give the state- on the second one.

SHRI S. L. SINGH (Chief Minister) :—মাননীয় অধ্যক্ষ মহোদয় যে calling attention notice মাননীয় সদস্য উত্থাপন করেছেন reluctance of the Govt. to open ration shop at Madhuban and other areas in Sadar Sub-division where price of rice has shoot up above Rs. 30/- per maund. এইটা সত্য নয়, তার কারণ হল এই যে. এখানে এই statementএ পড়ে দেখাচ্ছি যে যে সমস্ত জায়গাতে চাউলের মূল্য ৩০ টাকা হয়েছে, আমরা সেই সমস্ত জায়গাতেই ration shop খুলেছি। রাণীরবাজারে ২৭৲—২৮৲, চম্পকনগরে ২৬—২৭, মান্দাইনগর ২৬—২৭, জিরাণীয়া বাজার, চড়িলাম বাজার এবং মধুবন প্রভৃতি অঞ্চলে চাউলের মূল্য ৭-৩-৬৫ পর্যন্ত ৩০ টাকার উর্দ্ধে যায়নি। সেই জন্যই ঐ সমস্ত জায়গাতে Ration shop খোলা হচ্ছে না। এবং যখনই ৩০টাকার উপর যাবে, তখনই সেই সমস্ত জায়গায় Ration shop খুলবে, এই policy গভর্ণমেন্ট ঠিক করেছেন; তাতে কোন কার্পণ্য করা হচ্ছে না। মধুবন এবং ভুবনবনে চাউলের দর এখন ৩০ টাকা হয়েছে এবং সেই সমস্ত অঞ্চলে Ration Shop খোলার নির্দ্দেশ already চলে গেছে এবং Most probably সেই সমস্ত জায়গাতে Ration Shop খোলাও হয়ে গেছে। ১২ তারিখেই খোলা হয়েছে।

SHRI HEMANTA DEB:—আমি স্পষ্ট হওয়ার জন্য মাননীয় মন্ত্রী মহোদয়কে একটা কথা জিজ্ঞাসা করতে চাই—মাননীয় মুখ্যমন্ত্রী কি বলবেন যে, রাণীরবাজারে যে খবরটা তিনি পেয়েছেন যে তথায় চাউলের মন ২৬।২৭ টাকা—তাহা কত দিনের খবর। আমি জানি রাণীরবাজারে চাউলের দাম ৩২।৩৩ টাকায় উঠে গেছে। কাজেই যেখানে যেখানে ৩০ টাকার উপরে চাউলের দাম উঠে গেছে সেখানে সেখানে ration shop খোলার যে প্রস্তাব সেই অনুযায়ী রাণীরবাজারে ও জিরানীয়াতে ration shop খোলা দরকার।

SHRI S. L. SINGH (Chief Minister) :—1963-র যে report আমরা পেয়েছি সেটা আমি House-এর সামনে পড়ে শুনিয়েছি। অতএব যে সমস্ত জায়গাতে ৩০ টাকা হয়েছে-সেই সমস্ত জায়গাতে ration shop খোলা হবে।

SHRI HEMANTA DEB :—কত দিনের মধ্যে হবে ?

Some Hon'ble Members of (Ruling Party) :—ত্রিশ টাকা হলে পর।

SHRI BULU KUKI :—মাননীয় স্পীকার Sir, একটু clarification এর জন্য আমি জিজ্ঞাসা করছি যে, কোন্ কোন্ স্থানে ৩০ টাকা হয়েছে তা জানতে পারলে আমাদের পক্ষে ভাল হয়।

MR. SPEAKER :—এটা তো এ প্রশ্নে আসেনা। কারণ এখানে particular area মধুবন সম্পর্কে বলা হয়েছে, এটার উত্তর তিনি দিয়েছেন, up-to-date information যতটুকু Govt. পেয়েছেন সেটা মাননীয় মন্ত্রী মহাশয় উল্লেখ করেছেন, এবং বলেছেন যেখানে যখন 30 reach করে তখনই সেখানে খোলা হবে। সেইটা এই statement এর মধ্যে নেই। কাজেই ওটার জন্য information Govt. এর কাছে reach করলেই ব্যপারটা স্পষ্ট হয়ে যাবে। এতে অস্পষ্টের কিছুই নেই।

SHRI BULU KUKI :—একটা কথা Sir, এখন ত্রিপুরার প্রায় জায়গায় তো ৩০ টাকার উপরে।

MR. SPEAKER :—না এখন ৩০ টাকার উপরে—একটা কথা মাননীয় সদস্যগণ, এটা বুঝা দরকার; কালকে হয়ত ছিল না ৩০ টাকা, আজকে হয়ত ৩০ টাকা হয়ে গেছে।

SHRI HEMANTA DEB :—মাননীয় মুখ্যমন্ত্রী যে খবরটা দিয়েছেন সেই খবরটা……

MR SPEAKER :—সেটা, একটা কথা হচ্ছে, এই stage এ'যে statement টা পাওয়া গেছে সেটা ১৫ই তারিখের।

SHRI S. L. SINGH :—না সেটা ৭ তারিখের।

MR. SPEAKER :—৭ তারিখের ?

SHRI S. L. SINGH :—হ্যাঁ, 7th March.

MR SPEAKER :—৭ তারিখ পর্যন্ত যা ছিল সেখানে।

MR. SPEAKER :—Now I pass on to the next item. Announcement by the Speaker regarding discussion on matters of urgent Public Importance for short duration. This is to make an announcement in the House that I have given my consent to raise discussion on the following matter of urgent Public Importance to-day "Scarcity on Maida, Atta and another essencial commodities in the markets of Tripura." Notice for raising discussion has been given by Shri Atiqul Islam, M.L.A. The Hon'ble Chief minister has agreed to this discussion to be

taken after we have fiinished the business enlisted for today. In the list of business for day next item is Government Business Legislation. Introduction of the Bengal Excise (Tripura Amendment) Bill, 1965 (Bill No. 4 of 1965). This is to be introduced in the House. The Secretary is to read the long title of the Bill.

(The Secretary read the long title of the Bill)

MR. SPEAKER :—I would now request the Hon'ble Sachinra Lal Singh to introduce the Bill.

SHRI S. L. SINGH (Chief Minister):— মাননীয় অধ্যক্ষ মহোদয়, on the recommedation of the Chief Comissioner I beg to introduce the Bengal Excise (Tripura Amendent) Bill 1965 (Bill No 4 of 1965). এই amendment টি এখানে করা হয়েছে, এটা কেবলমাত্র technical ব্যাপার। Tripura excise আইন অনুসারে collector দের হাতে নিয়োগের ক্ষমতা ছিল। কিন্তু 1962 Bengal Excise এর 19 (9) যে ধারা সেই ধারার যেখানে Chief Commissioner এর উপর সেই power দেওয়া হয়েছে। অতএব সেই জায়গাতে এই Bill টি আনা হয়েছে যাতে District Magistrate collector যিনি আছেন তার হাতে ক্ষমতাটা দেওয়া। কারণ appointing authority না হলে পরে নিয়োগ, বদলি Promotion ইত্যাদি করা চলেনা। constitution 311 (1) of the constitution সেটা provide করেছে। অতএব সেই দিকে দৃষ্টি রেখে এই পরিবর্তন এখানে আনা হয়েছে।

MR. SPEAKER :— I would now put the question. The question is that the Bengal Excise (Tripura Amendment) Bill 1965 (Bill No. 4 of 1965) be introduced. As many as are of that opinion will please say "Ayes"

Voice—"Ayes"

As many as are of contrary opinion will please say "Noes"

MR. SPEAKER :—"Ayes have it, "Ayes have it. Bengal Excise (Tripura Amendment) Bill, 1965 (Bill No. 4 of 1995) is introduced.

Next item is the short discussion on scarcity of Moida, Atta and other essential commodities in markets of Tripura. The discussion will continue upto 1 P.M. I would now call Shri Islam to start discussion.

SHRI ATIQUL ISLAM :—মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমরা যে রাজ্যে আছি আমরা দেখি যে কয়দিন পর পরই এক একটা জিনিষের সঙ্কট সৃষ্টি হয়। কিছুদিন আগে ছিল তেল, চিনি সঙ্কট এখন এসেছে ময়দা আটা সঙ্কট। সঙ্কটের আর শেষ নাই। একবার যদি একটা জিনিষের অভাব হয়, সেই অভাব আর যেতে চায় না। সেটা লেগেই থাকে। কারণ যারা এই অভাব সৃষ্টি করে মুনাফা করতে পারে, অভাব সৃষ্টি করা যে তাদের স্বার্থ তারা অভাব সৃষ্টি করতেই থাকে এবং আমাদের যারা শাসকদল সরকারী কর্তৃপক্ষ তারা বসে বসে তা দেখে এবং সংশ্লিষ্ট মন্ত্রীর কাছে তা পাঠানো হয়, তারা সব জানে এবং জেনেশুনে ও একটা নির্লিপ্ত দর্শকের ভূমিকা নেন। যার ফলে আমরা যারা সাধারণ মানুষ একটা অসহণীয় অবস্থার মধ্যে পড়ি। কি দিয়ে কোন পথে যে রোক্কা তার পথ আমরা খুঁজে পাই না। আজকে আমাদের শহরে ময়দার একটা প্রচণ্ড সঙ্কট দেখা দিয়েছে। ময়দার public consumption বেশী নয়, direct purchase এর সংখ্যা খুব বেশী নয়। কিন্তু বেকারীরা ময়দা নিচ্ছে। তাদের বিস্কুট, কেক রুটি প্রভৃতি তৈরী করতে ময়দার প্রয়োজন। বেকারী association যে হিসাব দিয়েছে তাতে দেখা যায় আমাদের ত্রিপুরাতে প্রায় ১০০০ বস্তা ময়দার দরকার। তারমধ্যে 90% consume করে বেকারী আর বাকী 10% consume করে public। কাজেই আমাদের কাছে যখন ময়দা পৌঁছবে তখন আমাদের লক্ষ্য রাখতে হবে যাতে বেকারী বা বেকারী এসোসিয়েশন সবচেয়ে বেশী পান এবং বাকী অন্যত্র সাধারণ পাবলিককে দেওয়া হয়। কারণ public consumption যা হয় তার অনেক বেশী বেকারীরা consume করেন। আমার যা information তাতে Bakery association, Civil supply এবং merchant association এই তিনটা এমন অবস্থার সৃষ্টি করছে তাতে আমরা যারা পাবলিক একটা সঙ্কটের মধ্যে পড়ে হাবুডুবু খাচ্ছি। Civil supply pressure দিচ্ছে যে বেকারী association ভেঙ্গে দাও, এটার কোন প্রয়োজন নেই, তোমরা merchant association এর মধ্যে এসে পড় এবং সেখান থেকে তোমরা ময়দা নাও। না হলে পরে ময়দা পাবেনা। মার্চেন্ট এ্যাসোসিয়েশন এবং Civil supply মিলে তারা এরকম একটা pressure দিচ্ছে যার ফলে তারা যে কি করবে ভেবে পাচ্ছে না। এজন্য তাদের যে permit এবং যে ময়দা পাওয়ার প্রয়োজন সে ময়দা তারা পাচ্ছে না। ইচ্ছা করে উদ্দেশ্যপ্রণোদিত হয়ে এই বেকারী association কে ভাঙ্গবার জন্য এবং মার্চেন্ট association এর

মুনাফার রাস্তা খুলে দেওয়ার জন্য এই অবস্থা সৃষ্টি করা হচ্ছে। ১লা September '64 এ Civil supply Deptt. ১৮টি ব্যবসায়ী সমিতিকে ৬,৬৫০ বেগ ময়দা আনবার জন্য permit দিলেন। সেই ১৮টি ব্যবসায়ী December মাসে ৫,২৫৬ বেগ ময়দা আগরতলায় এনে পৌছালেন ৬৩৬০ বেগের তাদের permit ছিল এবং আগরতলায় এনে পৌছালেন। মাত্র ৫২৫৬ বেগ ময়দা। December থেকে February মাস পর্যান্ত ৩ মাসে বেকারী association কে ১১০১ বেগ ময়দা দেওয়া হল। আর এই তিনমাসে যদি আমি ধরে নেই মাথাপিছু ১০০ মণ করে তাহলে তিন মাসে ৩০০ মণ ময়দা public consumption হয়েছে।

তাহলে মোট (১১০১+৩০০=১৪০১ মণ ময়দা public consumption হয়েছে। অতএব এই ময়দা বাদ দিলে আরও ৩৮৫৫ বেগ ময়দা থাকার কথা। এটা শুধু আমার কথা নয়, এটা অঙ্কের কথা যে আমি এই মাল আনলাম—এই মাল খরচ হল আর এই মাল আমার কাছে রইল। কাজেই December মাস থেকে February মাস পর্যন্ত আমাদের কাছে ৩৮৫৫ বেগ ময়দা থাকার কথা। কিন্তু বাজারে গিয়ে দেখি যে ময়দা নেই, পাওয়া যাচ্ছেনা। আমাকে ১ সের ময়দা কিনতে গেলে black marketএ আমাকে অনেক বেশী দিতে হয়। এখন আমার জিজ্ঞাসা হ'ল এই যে ৩৮৫৫ বেগ ময়দা কোথায় গেল? আমি আনলাম ৫২৫৬ বেগ—খরচ হ'ল ১৪০১ বেগ। আর বাকী ৩৮৫ বেগ ময়দা কোথায় গেল? আর সেই ময়দা কি আগরতলায় পৌঁচেছে বা পৌঁছায়নি। আমি জানি, আমার কাছে information এসেছে যে ঐ ময়দা আগরতলায় আসেনি, কলকাতায়ই বিক্রি হয়ে গেছে। আপনারা যদি এখন খুঁজে দেখেন তাহলে দেখবেন যে Civil Supply Depttএ এর কোন recordই নেই। তারা সেই সব ময়দা কলকাতায় বাজারে বেশী দাম পেয়ে বিক্রি করে দিয়েছেন এবং আগরতলায় একটা সঙ্কটের সৃষ্টি করেছেন। Civir Supply এবং ব্যবসা সমিতি মিলে এই সংকটের সৃষ্টি করেছেন। এই হল একটা চিত্র। ময়দার কোন অভাবই হত না—অথচ ময়দার অভাব সৃষ্টি করা হয়েছে, অতি মুনাফার জন্য। এখন ময়দার দরের কথা বলতে চাই—১২ই জানুয়ারীর আগ পর্যন্ত ব্যবসায়ীরা ময়দার দর ঠিক করেছিল ৬০'৭৫ পয়সা per bag (75 kg)। বেকারী এসোসিয়েশন বললেন যে এত দর হতে পারে না। তারা একটা হিসাব নিকাশ করে দেখালেন। Civil Supply এবং Merchant Association কর্তৃপক্ষ এবং বেকারী Association কর্তৃপক্ষ এই তিন পার্টি

বসলেন। বেকারী সমিতি হিসাব করে দেখালেন যে এই দর কিছুতেই ৫৫.৮০ পয়সার বেশী হতে পারে না। যারা ৬০.৭৫ পয়সা করে বিক্রি করেছিলেন তাদের হিসাব করে দেখালেন যে ন্যায্য মুনাফা দিলে পরেও ৫৫.৮০ পয়সার বেশী হতে পারে না। সেখানে সবাই স্বীকার করে আনল যে ময়দা এই দরে বিক্রয় করা চলে, ব্যবসায়ীরাও স্বীকার করলো। কিন্তু যখন তারা আবার বেকারী সমিতি মিটিং পর বাজারে গেল ময়দা কিনতে, সেখানে তারা এই দরে ময়দা কিনতে পারল না। সেখানের ব্যবসায়ীরা বলল যে আমরা এই দরে বিক্রয় করব না, ৫৭.৮০ পয়সা দরে কিনতে হবে। তারা গেলেন A.D.M.এর কাছে এবং জানালেন যে আপনারা যে দর ঠিক করেছেন সেই দরে তারা ময়দা বিক্রি করতে চাইছে না। A, D. M. কিছু বলতে সাহস করলেন না সেজন্য কিছু করলেন না। বেকারী এসোসিয়েশন met করলেন Chief Minister-এর সাথে on 19/1/65এ। তারা সমস্ত ঘটনা Chief Ministerকে জানালেন এবং বল-লেন যে দর আপনারা ঠিক করেছেন সেই দরে আমরা ময়দা পাচ্ছি না। Chief Minister বললেন কিছু হবেনা—তোমরা যাও আমি নিজে বলে দিয়েছি এই দরে বিক্রি করতে হবে এবং তাদেরকে অনেক কিছু ধমকিয়ে দিলেন যে এখানে বেশী নাক গলাবার প্রয়োজন নেই, ঐ দরে তোমাদের কিনতে হবে। অতএব তারা বাধ্য হয়ে, সেখানে কোন আশা-ভরসা না পেয়ে বাজারে এসে যে দর সকলে মিলে ঠিক করা হ'ল সে দরে তারা কিনতে পারলেন না। বেশী দর দিয়ে কিনতে হল এবং সেই বেশী দর ৮০।১০০ টাকায় উঠল। এভাবে black marketing করার সুবিধা করে দেওয়া হল। আমার প্রশ্ন হচ্ছে এই যে যেখানে তিন দল মিলে একটা দর ঠিক করে দেওয়া হল, যে দরে বিক্রয় করলে ব্যবসায়ীদের কোন লোকসান হবেনা, মুনাফা হবে। যখন সেই দরে ব্যবসায়ীরা বিক্রয় করতে চাইল না এবং সেটা Chief Ministerকে জানালো হল, তখন তার কি প্রতিকার করা হয়েছে? কেন সেই দরে বিক্রয় করতে ব্যবসায়ীদের বাধ্য করা হ'ল না? এখানে কি এটা বুঝা যাচ্ছে না যে Civil supply Deptt., ব্যবসায়ী সমিতি এবং Chief Minister এর মধ্যে একটা সহযোগিতা আছে, যার ফলে ব্যবসায়ীরা নির্দিষ্ট দরে প্রকাশ্য বাজারে মাল বিক্রি করছে না এবং বেশী দরে বিক্রি করার জন্যও কোন প্রতিকার হচ্ছে না। মাননীয় অধ্যক্ষ মহোদয় এই যে দর ঠিক করা হয়েছে ৫৫.৮০ পয়সা তারও একটা কাহিনী আছে। সেটা হল এই যে গত পূজার সময় তারা প্রায় ৩০০ বেগ ময়দা প্লেন দিয়ে এনেছিলেন, তখন

Civil Supply তাদেরকে ভরসা দিয়েছিলেন যে Central Govt. তাদেরকে কিছু subsidy দেবে, সেই ভরসা তাদেরকে দিয়েছিল, এবং ব্যবসায়ীরা ময়দা আনলেন কিন্তু Central Govt. subsidy দিলেন না। একথাটা আমি আগেই অর্থাৎ গত অধিবেশনে বলেছিলাম যে subsidy দেওয়া হবে না। তখন ঠিক হ'ল যে subsidy পেলে পরে যে টাকাটা হ'ত—৮৮.৪৫ টাকা এই টাকাটা আজকে ট্রেণে যে ময়দা আসছে সেখান থেকে প্রতি ব্যাগে ৪·৫০ পয়সা বেশী ধরে তোলা হবে। Civil Supply যে ভাবে হুকুম করে দিলেন এবং ব্যবসায়ীরা সেভাবে প্রতি ব্যাগে ৪.৫০ পয়সা বাড়িয়ে দিয়ে subsidyটা আদায় করতে লাগলেন। এই subsidyর ৪.৫০ পয়সা ধরে প্রতি ব্যাগের দর হচ্ছে ৫৫-৮০ পয়সা। Civil Supply বলে দিয়েছিলেন যে তারা যেন মাত্র ১,৯৬৪ ব্যাগের উপর এই ৪ ৫০ পয়সা দর ফেলে টাকাটা আদায় করে নেন। সেই ১,৯৬৪ ব্যাগ কবে শেষ হয়ে গেছে, কিন্তু এখনও সেই ৪·৫০ পয়সা অতিরিক্ত দর কমছে না। এভাবে প্রকাশ্য দিবালোকে বসে ব্যবসায়ীরা মুনাফা লুঠছে এবং আমাদের সরকার বসে বসে তা দেখছেন, কোন effective steps তারা নিতে পারছেন না। আমি জিজ্ঞাসা করতে চাই, আমাদের Civil Supply Depttএর কর্তৃপক্ষকে এবং আমাদের মন্ত্রীমণ্ডলীকে তারা সব জেনে শুনে করছেন কি? একথাটাতো আজকে নূতন বলা হচ্ছে না, আগর-তলার বিভিন্ন পত্র পত্রিকায় এইসব কাহিনী ছেপেছে। নাগরিক ছেপেছে—৭৷৩৷৬৫তে, ত্রিপুরা পত্রিকা ৩-৩-৬৫, ১২-৩-৬৫ বিস্তারিত বিবরণ সেখানে দেওয়া হয়েছে, কোন কোন ব্যবসায়ীকে কত ব্যাগ কত, কত পরিমাণ এবং নাম ইত্যাদি সব দেওয়া হয়েছে। তারপরেও একমুষ্টি ময়দা জনসাধারণ সেখান থেকে পাচ্ছে না। তার ফলে আপনি বাজারে যান ১টি পিস রুটির দাম দশ পয়সা দিলেও পাওয়া যাবে না। সরকার, Civil Supply এবং ব্যবসায়ীরা মিলে এমন অবস্থার সৃষ্টি করেছেন যে বেকারী দোকানগুলি বন্ধ হয়ে যাচ্ছে এবং এখন অনেক বেকারী বন্ধ হয়ে গিয়েছে এবং সবচেয়ে interesting ব্যাপার হচ্ছে এটা যে সরলা ষ্টোরসকে ৬০০ বেগ ময়দার permit দেওয়া হয়, সেটা তারা এনেছেন। এখন নিয়মমত এই সরলা ষ্টোরসএর ৬০০ বেগ আনা হয়েছে public consumptionএর জন্য তারা Civil Supplyকে জমা দেবে; জমা দিলে permit issue করা হবে, তারপর সেটা distribute করা হবে। সরলা ষ্টোরস এই ৬০০ বেগ ময়দা এনেছেন এবং কোথাও সেটা জমা দেওয়া হয়নি। তাঁর নিজস্ব একটা বেকারী আছে হিন্দুস্থান বেকারী। সেই বেকারীতে

তিনি সেই ময়দা সাপ্লাই করেছেন এবং আগরতলার প্রায় সব বেকারীই যখন বন্ধ তখন কিন্তু হিন্দুস্থান বেকারী বন্ধ নয়। একবার কি মন্ত্রী মহোদয় দেখবেন যে এই যে ৬০০ ব্যাগ ময়দা সরলা ষ্টোরস্ এনেছিল তা সিভিল সাপ্লাইকে জমা দেওয়া হয়েছে কিনা? ডেলিভারী দেওয়া হয়েছে কিনা? এবং ডেলিভারি দেওয়ার পর পারমিট ইসু করে এই ময়দা বিক্রি করা হয়েছে কিনা? মন্ত্রী মহোদয় দেখুন ইনকোয়ারী করে— দেখবেন যে সেটা হয়নি। মাননীয় মন্ত্রী মহোদয় আমি খুব বেশী agitation করতে যাচ্ছি না, আমি শুধু কতগুলো ঘটনা বলছি কারণ সময় আমার কম। এই ঘটনাগুলি আপনি enquiry করে দেখবেন যে এতগুলো ময়দা গেল কোথায়? আমি হিসাব করে দেখলাম যে এতগুলো ময়দা আসার পরও আজকে আগরতলা সহরে ময়দার সঙ্কট কেন? কেন বেকারী এসোসিয়েশনকে ভাঙার জন্য এত তোড়জোড়, প্রচেষ্টা চলছে? চলছে এইজন্য যে ব্যবসায়ী মহল একটা মুনাফার স্বাদ পেয়েছে। যদি Bakery Association কে স্বীকার করা হয়, তবে major quantity of flour দিতে হবে বেকারীকে। কারণ 90% ময়দা consumption বেকারী করে– এটা সরকার স্বীকার করেন। তা'হলে ময়দা দিয়ে যে ব্যবসায়ীরা অতি মুনাফা করবে এটা হয় না। একবার আমাদের মুখ্যমন্ত্রী বলেছিলেন যে ত্রিপুরাতে তেলের কোনও অভাব হবেনা। ত্রিপুরায় ২ মাসের তেল আছে এবং তেলের দর ৩৲ টাকার বেশী হবেনা—২ সপ্তাহ পার না হতেই তেলের দর ৪৲ টাকার বেশী উঠেছিল এবং Civil Supply তার দর ঠিক করে দিয়েছিল। আমাদের তেল আছে—তেল আসছে—২ মাস যেতে হয়নি—২ সপ্তাহ পরেই তেলের দর বেড়েছে। কাজেই ব্যবসায়ীরা দর বাড়াচ্ছে এবং Chief Minister সেখানে surrender করছেন। এই surrender করেই তাঁরা আজকে এইভাবে দেশকে মুনাফাখোরদের কাছে ছেড়ে দিচ্ছেন। আমি চিনির কথা বলছি। চিনির সঙ্কট—অভাব নেই সেকথা আমি বলিনা। অভাব আছে। কিন্তু যে পরিমাণ অভাব সৃষ্টি হচ্ছে প্রকৃতপক্ষে সে পরিমাণ চিনির অভাব নেই। যদি সরকার আরও শক্ত হতেন, যদি Civil Supply একটা ঘুষের রাজত্ব না হত তবে আজকে আমরা চিনির যে অভাব দেখছি, তা থাকত না। আমরা জানি যে ১২ wagon চিনি এসে আগরতলায় পৌঁছেছিল। দর ঠিক করতে পারছে না, civil supply, ব্যবসায়ী সমিতি বসে দর ঠিক করতে পারছে না। পূজা এসে পড়ছে অথচ তারা দর ঠিক করতে পারছে না, ফলে আগরতলায় চিনির দর হু হু করে বেড়ে গেছে! আজকে আমরা একথা জানি যে চিনির অভাব এবং আমরা এটাও জানি যে সমস্ত restaurant এ কোন চিনির

প্রয়োজন হয় না সেখানেও অনেক চিনি যায়। আর যেখানে নাকি চিনির দরকার, মিষ্টির দোকান প্রভৃতিতে তারা চিনি পায় না। আপনারা যদি enquiry করেন, তা'হলে দেখবেন যে এরকম অনেক বাজে দোকানের নামে পারমিট ইস্যু করা হয়েছে, প্রকৃতপক্ষে যার কোন অস্তিত্ব নেই। অনেক ব্যবসায়ী আছে, যারা Civil Supply-এর Inspector-এর সাথে শলাপরামর্শ করে বিয়ের উৎসবের নাম করে চিনি নিয়ে যায়। প্রকৃতপক্ষে সেখানে কোন উৎসব নেই। ত্রিপুরা Food stuff syndicate এর খাতাপত্র যদি আপনারা enquiry করেন তা'হলে দেখবেন যে সেখানে এমন অনেক চিনির permit issue করা হয়েছে, Civil Supply-র খাতায় যার নাম নেই। আমি জানি Civil Supply-র যে Inspector তিনি পকেটে seal নিয়ে ঘুরেন বাজারে বাজারে এবং বাজারে দোকানে বসে তিনি petition আদায় করেন যে 'আমাকে বিয়ের নাম, অন্নপ্রাশনের নাম করে দরখাস্ত কর'—দরখাস্ত করলে পরে চিনি পাওয়া যাবে। তিনি দোকানে বসে petition আদায় করেন এবং petition এর উপরে order issue করেন। নিশ্চয়ই তিনি কিছু নিয়ে থাকেন? আমি জিজ্ঞাসা করতে চাই যে একটা employee, Civil Supply-র একজন Inspector, তিনি অফিসের seal নিয়ে হাটে-বাটে ঘুরতে পারেন কিনা? দোকানে বসে permit দিতে পারেন কিনা? দেওয়াটা ন্যায়সঙ্গত কিনা? এবং এ সম্পর্কে আমাদের মন্ত্রীমণ্ডলী বিশেষ করে concerning যিনি, তিনি খোঁজ নেবেন কিনা? আপনারা খুঁজলে দেখবেন যে একই তারিখে একই লোককে মালিকের নামে কিছু দেওয়া হয়েছে কর্মচারীর নামে কিছু দেওয়া হয়েছে। আমি নাম ইত্যাদি দিতে পারি, যদি Minister concern বলেন বা ভরসা দেন যে enquiry করা হবে এবং step নেওয়া হবে। আমি সব তথ্য দিতে রাজি আছি। কিন্তু আমি জানি এগুলির enquiry এখানে হয় না। আজকে Civil Supply Deptt.টা একটা ঘুষের রাজত্ব হয়ে গেছে এবং সেখানে সমস্ত রকম কুকীর্তি চলছে, যেগুলির প্রতিকারের কোন রকম চেষ্টা করা হয় না। আমি জিজ্ঞাসা করতে চাই আমাদের A.D.M. যিনি Civil Supply Deptt-এর ভারপ্রাপ্ত তাঁর কলকাতায় কয়টা বাড়ী হয়েছে তার কোন খোঁজ করবেন কি? কি করে হয়েছে, কোথা হতে তিনি এত অর্থ পেলেন? আপনারা কি জানেন Civil Supply Deptt-এর কত সিমেন্ট, কত লোহার rod কলকাতায় বিক্রি হয়ে গেছে, তার কোন খবর আপনারা রাখেন? আপনারা রাখেন না বলা চলে না, রাখেন—আপনারা সব এক গোষ্ঠির মানুষ। ঐ যে বলে— চোরে চোরে মাসতুতো ভাই, আপনারা সেই পর্যায়ে এসে দাঁড়িয়েছেন। কাজেই black marketiers-এর কাছে আপনারা surrender করেছেন।

MR. SPEAKER :—Hon'ble member should always address to the Chair.

SHRI ATIQUL ISLAM :—"Sir, I am sorry, I am sorry, কাজেই এই অবস্থায় যদি আমরা কোন পরিবর্তন না করি—আজকে Civil Supply'এর মধ্যে যে অরাজকতা চল্ছে, যে ঘুষের রাজত্ব চল্ছে—সেই ঘুষের রাজত্বকে আমরা যদি বন্ধ না করি, বন্ধ করার জন্য যদি আমরা কোন effective step না নেই, তাহ'লে Corruptionকে আমরা বন্ধ করতে পারব না। ব্যবসায়ী সমিতি একটা মুনাফার স্বাদ পেয়েছে। কিছুদিন তারা তেলেতে করছে, চিনিতে করছে। এখন ময়দাতে সুযোগ পেয়েছে—ময়দাতে করছে। যারা মাংস-লোলুপ, রক্ত লোলুপ তারা যদি একবার রক্তের স্বাদ পায়, তবে সেই স্বাদ তারা ছাড়তে পারে না একবার এখানে একবার ওখানে মুখ গোঁজে। যারা মুনাফা-খোর তাদেরও তাই। তারা একবার স্বাদ পেয়েছে, তারা মনে করে আমরা Civil Supply'এর সমস্ত কর্তৃপক্ষকে টাকা দিয়ে বশ করতে পারব। টাকা দিয়ে কিনে রাখতে পারব। এক সময়ে Bakery Association কে অনেক permit দেওয়া হত। আমি জানি ১৯৫৯-৬০ বা তার আগে Bakery Association পেত ৩০০ ব্যাগ, যারা মার্চেন্ট তারা পেত ২০০ ব্যাগ এবং মফঃস্বলের জন্য তারা পেত ২৫০ ব্যাগ। Bakery'র যা ময়দা আনার কথা তা তারা সব আনতেন। কিন্তু মার্চেন্ট এ্যাসোসিয়েশানের যা ময়দা আনার কথা তা তারা সব সময় আনতেন না, কারণ তাদের ময়দার প্রয়োজন হত না। কাজেই সেই সময়ের যে হিসাব সেই হিসাব মত যদি আজকে Bakery Association কে দিতে যাই তাহ'লে তারা ৩৬৫০ ব্যাগ ময়দা পেতে পারে। আগে আমরা যে rate-এ Bakery Association কে ময়দার permit দিতাম, যদি সেই rate আজকেও আমরা মানি তাহ'লে পরে অনেক Bakery Association এর maximum number of flour পাওয়ার কথা। সেই হিসাবে তারা ৩৬৫০ ব্যাগ ময়দা পাওয়ার কথা আর সেখানে তারা মাত্র ১১০১ ব্যাগ ময়দা পেয়েছে। এই যে Bakery Association কে ময়দা না দেওয়ার একটা ঝোঁক, মতলব, সেই মতলব হচ্ছে মুনাফাখোরদের। প্রচুর মুনাফা লুঠতে দাও এবং সেই মুনাফা লুঠ করার জন্যই Bakery Association কে ভাঙ্গ এবং সেখানে তারা যদি কোন protection না পায় তাহ'লে মুনাফাখোরদের কাছে surrender করা ছাড়া আর কোন গতি থাকবে না। কাজেই এখানে আমি মন্ত্রীমণ্ডলীর দৃষ্টি আকর্ষণ করব, যদি অবিলম্বে তারা এই ব্যাপারে হস্তক্ষেপ না করেন, তাহ'লে যে সঙ্কট আজকে সৃষ্টি হয়েছে তার কোন কূল কিনারা হবে না। কারণ যারা ব্যবসায়ী তারা জানে

যে আমরা সঙ্কট সৃষ্টি করতে পারি এবং সঙ্কট সৃষ্টি করার পর তাকে আমরা বজায় রাখতে পারি। আমার বিরুদ্ধে কারো কোন কিছু বলার অধিকার নেই এবং সেভাবে তারা সমস্ত শাসনযন্ত্র নিয়ন্ত্রিত করছেন। আজকে তেল আর ডাল বা ময়দার প্রশ্ন নয়, আজকে বিভিন্ন essential commoditiesএর অভাব সৃষ্টি হচ্ছে এবং দাম বেড়ে চলছে। আজকে চাউলের দর সারা ত্রিপুরায় বাড়ছে। অমরপুরে চাউলের দর ৩০।৩৫ টাকায় গিয়ে পেঁছেছে। মানুষ সেখানে না খেয়ে মরছে। সেখানে ration shop খোলা হয়েছে, এমন কোন কথা আমি জানি না। আজকে রাণীরবাজার, জিরানীয়ায় বা যে কোন জায়গাতে চাউলের দর অনেক বেড়েছে। অথচ আজকেও ration shop সেখানে খোলা হচ্ছে না। আজকে আমাদের মুখ্যমন্ত্রী বলছেন যে ৩০ টাকার বেশী চাউলের দাম হ'লে ration shop খুলব। কিন্তু এক সময় মুখ্যমন্ত্রী বলছিলেন যখন আমরা গতবার deputation দিতে যাই, যে ২৫ টাকার উপরে উঠলেই আমরা ration shop খোলব। আজকে ২৫ টাকাটা কি করে ৩০ টাকা হয়ে গেল, আমি সেটা বুঝলাম না। চাউলের দাম যখন ২৫ টাকায় উঠে তখন মানুষের পক্ষে চাউল কেনা একটা দুঃসাধ্য হয়ে উঠে। আজ যদি আমরা সেটাকে আরও বাড়িয়ে ৩০ টাকায় নিয়ে পেঁছাই এবং যদি বলি ৩০ টাকা বাজার দর না উঠলে পরে আমরা ration shop খোলব না এটা একটা অমানুষিক মনোভাব এবং মনোভাব দেশের সাধারণ মানুষের পক্ষে অসহ্য। সাধারণ মানুষের পক্ষে এ অবস্থায় বেঁচে থাকা একান্তই অসম্ভব। কাজেই সরকারের নীতির পরিবর্তন করা দরকার এবং যদি সরকার নীতি পরিবর্তন না করেন, তবে জনসাধারণকে বাধ্য হয়ে এমনি এক পথ গ্রহণ করতে হবে যে পথে সরকারকে নতি স্বীকার করানো যায় এবং আমরা জানি সরকার কখনও ভদ্র ভাষায় কথা বুঝেন না। যতক্ষণ পর্য্যন্ত না মানুষ মাঠে না নামে, যতক্ষণ পর্য্যন্ত না একটা আন্দোলন সৃষ্টি হয়, একটা মিছিল না হয়, ঘেরাও না হয়, কিছু মানুষ গুলিতে না মরে তার আগে সরকারের নীতির পরিবর্তন হয় না। এই হল আমাদের বর্তমান সরকারের চরিত্র। যখন এই Assemblyতে বলা হবে, দরখাস্ত করা হবে, তখন তারা শুনবেন না। তখন তারা কুকুরের লেজের মত বাঁকা হয়ে থাকবে। আর যখন আন্দোলন হবে, মিছিল হবে, ঘেরাও হবে, কিছু মানুষ মরবে, লাঠিবাজি হবে, তখন তারা সোজা হবে। তার আগে তারা সোজা হবে না। আমি একটা গল্প শুনেছি যে কুকুর নামে একটা জীব যার নাকি লেজটা সব সময় বাঁকা হয়ে থাকে। যদি খুব জোরে টানা যায় তাহলে তার লেজটা সোজা হয়,

আবার যদি ছেড়ে দেই লেজটা আবার বাঁকা হয়ে যায়। যখন টানবেন তখন সোজা আর যখন ছাড়বেন তখন বাঁকা। আমাদের যে মন্ত্রীমণ্ডলী তারাও ঠিক এই রকম হয়েছেন।

MR. SPEAKER :—I would draw the attention of the Hon'ble Member that to drag down the dog in the Assembly is not proper.

SHRI ATIQUL ISLAM:—আমি এটা আনতে চাইছিলাম না, Sir, কিন্তু আমরা যে রকম ব্যবহার পাচ্ছি, তাতে, এসব কথা এমনিই এসে যাচ্ছে। মাননীয় Speaker Sir, আমরা আগে ২৫৲ টাকায় রেশনের চাউল পেতাম, আজকে ৩০৲ টাকা বলা হচ্ছে, তা'হলে আমাদের কোথায় নিয়ে যাওয়া হচ্ছে ? আমরা জানি কেমন করে কোন ব্যবস্থা অবলম্বন করলে কি ফল পাওয়া যায়, সুতরাং আমাদের সেই পথ অবলম্বন করা ছাড়া কোন গত্যান্তর নেই। আমরা জানি আন্দোলনই এর একমাত্র পথ, আমরা সর্ব্বত্র দেখেছি এই হিন্দি ভাষা নিয়ে যখন আন্দোলন হয়েছে তখনই তার একটা সুরাহার কথা উঠেছে। যতক্ষণ পর্য্যন্ত না আন্দোলন হচ্ছে, রক্তপাত হচ্ছে, খুনাখুনী না হচ্ছে, ততক্ষণ পর্য্যন্ত আমাদের সরকারের মতিগতি ফেরে না। আমাদের সরকার চাল, ডাল, তেল ইত্যাদি ব্যাপারে যে নীতি গ্রহণ করেছেন তার যদি পরিবর্ত্তন না হয়, আমি জানি আমাদের সরকার সে নীতি পরিবর্ত্তন করবেন না। তা'হলে দেশের খাদ্য পরিস্থিতির অবস্থা আশঙ্কাজনক হবে, সুতরাং জনসাধারণ যদি কোন ব্যবস্থা না গ্রহণ করে তাহলে সরকারের মতিগতি ফিরবে না। আমি তেলে ভেজালের একটি case ধরে দিয়েছিলাম মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে। তিনি বলেছিলেন যে আমরা জানি কিন্তু আইনে কিছু করা সম্ভব নয়।

SHRI SUKHAMOY SEN GUPTA :—Point of order. মাননীয় অধ্যক্ষ মহোদয় মাননীয় সদস্য শ্রীআতিকুল ইসলাম যে কথা House এর সামনে রেখেছেন তা সত্য নয়। তিনি যে case দিয়েছিলেন আমরা তা enquiry করেছি, এবং সে case মিথ্যা।

SHRI BIRCHANDRA DEB BARMA :—Mr. Speaker Sir, I think this is not a point of order. This is a statement of the Minister.

MR. SPEAKER :—This is no point of order. However I would request the Hon'ble Members that it is not regular to drag down the Proceedings of the last session, in course of discussion.

SHRI ATIQUL ISLAM :—Mr. Speaker Sir, আমি একটি ঘটনার কথা মাত্র

শ্রীনৃপেন চক্রবর্তী—মাননীয় মন্ত্রী মহাশয় কি জানাবেন যে শ্রী আর, ঘোষ মিউনিসিপ্যাল এডমিনিসট্রেটার—তার রামনগর বাড়ীতে, সেখানে মিউনিসিপ্যালিটীর ড্রেন এনক্রোচ করেছেন কিনা?

শ্রীশচীন্দ্রলাল সিংহ—আই ডিমাণ্ড নোটিশ অব ইট।

শ্রীনৃপেন চক্রবর্তী—মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি যে মিউনিসিপ্যালিটির এমপ্লয় দিয়ে, মিউনিসিপ্যালিটির ট্রাক ড্রাইভার দিয়ে তিন মাস এই মাটি টেনে তিনি সেই ড্রেন এনক্রোচ করেছেন কিনা, এটার তদন্ত হবে কিনা?

শ্রীশচীন্দ্রলাল সিংহ—আই ডিমাণ্ড নোটিশ অব ইট।

শ্রীনৃপেন চক্রবর্তী—এটা আবার ডিমাণ্ড নোটিশের কি হল। মাননীয় স্পীকার, আমি অভিযোগ করছি—(ইন্টারাপশান)

শ্রীশচীন্দ্রলাল সিংহ—আমি বলছি, উনি অভিযোগ করছেন সেটার কথা আমি বলছি।

মিঃ স্পীকার—লেট হিম কমপ্লিট ফাষ্ট।

শ্রীনৃপেন চক্রবর্তী—আমি অভিযোগ করছি যে তিনি মিউনিসিপ্যালিটির ট্রাক—আমি ট্রাকের নাম্বার দেব, মিউনিসিপ্যালিটির ড্রাইভার দিয়ে, আমি ড্রাইভারের নাম দেব এবং মিউনিসিপ্যালিটির মাষ্টার রোলে লেবার এমপ্লয় করে তিনি মিউনিসিপ্যালিটির জমি থেকে মাটি নেন ; তিনি মিউনিসিপ্যালিটির ড্রেন এনক্রোচ করেছেন। এই হচ্ছে আমার অভিযোগ।

মিঃ স্পীকার—কে, কে, করছে।

শ্রীনৃপেন চক্রবর্তী—আর, ঘোষ, এডমিনিষ্ট্রেটার। তাঁর কীর্তিকলাপ তদন্ত করতে ওরা রাজী আছেন কিনা ?

মিঃ স্পীকার—কোয়েশচানটা হল তদন্ত করতে রাজী আছেন কিনা ?

শ্রীশচীন্দ্র লাল সিংহ— কারণ এই রকম কোন ঘটনা ঘটে নাই ; কাজেই তদন্ত করার প্রশ্ন আসছে না।

শ্রীনৃপেন চক্রবর্তী— না, না, তদন্তের কোন প্রশ্ন উঠে না এই রাজ্যে। এই রাজ্যে তদন্ত হতে পারে না। মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি যে এই ভদ্র লোকের নামে কোন নোটিশ দেওয়া হবে কিনা, যাতে তিনি মিউনিসিপ্যালিটির ড্রেন থেকে, মাটী বিমুক্ত করে পরিষ্কার করে দেন ?

শ্রীশচীন্দ্র লাল সিংহ— এইখানে এই প্রশ্ন উঠে না। অতএব এইখানে এটা সম্বন্ধে কোন কথাই বলা যাবে না।

শ্রীনৃপেন চক্রবর্তী— মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি যে মিউনিসিপ্যালিটির কোন ইঞ্জিনীয়ার আছে কিনা, যিনি মিউনিসিপ্যালিটির জমি এনক্রোজ হয়েছে কিনা, প্ল্যান অনুসারে বিল্‌ডিংস কনষ্ট্রাকটেড হয়েছে কিনা, প্ল্যান ভায়লেট করেছে কিনা সেগুলি ডিটেক্ট করতে পারেন ?

শ্রীশচীন্দ্র লাল সিংহ— মিউনিসিপ্যালিটির সমস্ত রাস্তাগুলির কাজ এখন হচ্ছে পি, ডব্লিউ, ডি, এর আণ্ডারে। অতএব সেখানে মিউনিসিপ্যালিটির ইঞ্জিনিয়ারের কোন প্রশ্নই উঠেনা। পি, ডব্লিউ, ডি, এর অথরাইজিং অফিসার যিনি, উনিই সুপারভাইজিং অফিসার মিউনিসিপ্যালিটির।

শ্রীনৃপেন চক্রবর্তী— আমার প্রশ্নের জবাব হল না। আমি বলছি—

মিঃ স্পীকার— তিনি বলেছেন তো যে মিউনিসিপ্যালিটির নিজস্ব কোন ইঞ্জিনীয়ার নেই। পি, ডব্লিউ, ডি, এর ইঞ্জিনীয়ার দিয়ে কাজ হচ্ছে সে কথা তো তিনি বলেছেন।

শ্রীনৃপেন চক্রবর্তী—পি. ডব্লিউ, ডি, এর কাজের সম্পর্কেই আমি তো বলছিলাম। মিউনিসিপ্যালিটির ইঞ্জিনীয়াররা দেখেন যে কেউ ল্যাণ্ডের উপরে বাড়ী করছেন কিনা বা এনক্রোচমেণ্ট করছেন কিনা। মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি যে, ইঞ্জিনীয়ার শ্রী সাহা যখন ছিলেন তখন তিনি এই ধরণের কোন কেস পুট আপ করেছেন কিনা যে বাড়ী করা হয়েছে মিউনিসিপ্যাল ল্যাণ্ডের উপরে, এরকম কোন কেস তিনি পুট-আপ করছেন কিনা ?

শ্রীশচীন্দ্রলাল সিংহ—আই ডিমাণ্ড নোটিশ অব ইট।

শ্রীনৃপেন চক্রবর্তী—যদি করা হয়ে থাকে এবং মিউনিসিপ্যালিটির ইঞ্জিনীয়ার চলে যাওয়ার পর সেটা কি করে হার্মড্ আপ হল সেটা তাঁরা তদন্ত করবেন কি ?

শ্রীশচীন্দ্রলাল সিংহ—মাননীয় অধ্যক্ষ মহোদয়, আগেই সেটা বলা হয়েছে যে আই ডিমাণ্ড নোটিশ অব ইট।

শ্রীনৃপেন চক্রবর্তী—মাননীয় মন্ত্রী মহাশয় কি এই কথা স্বীকার করবেন যে ছোট ছোট যারা পানের দোকান করে তাদের জীবিকা নির্বাহ করে রিফিউজী, তাদের কেলা খুব মাতব্বর ; আর যারা বড় বড় হোমড়া চোমড়া সমস্ত জমি দখল করে আছে ইনক্লুডিং মিনিটার এণ্ড এডমিনিষ্টেটার, তাদের বেলা ওরা কিছুই করতে রাজী না ?

শ্রীশচীন্দ্রলাল সিংহ—আমি আগেই বলেছি যারা এনক্রোচ করবে তাদের এনক্রোচমেন্ট থেকে নিবৃত্ত থাকার জন্য চেষ্টা করা হবে, হোয়েদার হি ইজ মিনিষ্টার অব এসেম্বলী মেম্বার।

Mr, Speaker—Then I would call Sri Hemanta Deb. He is also absent, Then I would call Shri Biichandra Deb Barma.

Shri Birchandra Deb Barma—Question No. 117.

Shri B. Das (Dy. Minister)—Hon'ble Speaker, Sir, Stared Question No. 117.

Question.	Reply.
(a) Whether a C. D. Evaluation Committee has been formed ;	Yes.
(b) if so, the composition of that Commit tee ;	1. Shri B. Das Deputy Minister—Chairman 2. Shri Umesh Lal Singh, M. L. A,—Member 3. Shri Krishnadas Bhattacharjee, M. L. A.—Member 4. Gopesh Deb. M. L. A.— Member 5. Dy. Development Commissioner-Member 6. Senior Statistical officer—Member Secretary
(c) whether any member from the opposition party in the Assembly has been taken in the Committee ;	Not Yet.

(d) if not, the reasons therefor ; — The existing Committee has been constituted subject to revision, if required.

(e) whether any report of that Committee has been submitted ; — No.

(f) if so, whether the report will be made public ? — Does not arise.

শ্রীনৃপেন চক্রবর্তী—মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি যে ডেভেলপমেন্ট কমিশনারস্ কনফারেন্স যেগুলি হয় সেখানে এই রকম কোন রেকম্যাণ্ডেশান আছে কিনা যে ষ্টেট লেভেলে সমস্ত মেম্বারস নিয়ে এই কমিটি করা হবে ? ষ্টেট লেভেলে এসেমব্লীর সমস্ত মেম্বার নিয়ে এই ধরণের কনসাল-টেটিভ কমিটি করার দরকার এই রকম রেকম্যাণ্ডেশান আছে কিনা ?

শ্রীবিনোদবিহারী দাস—মাননীয় অধ্যক্ষ মহোদয় এই প্রশ্নটা আর একবার শুনতে চাই। এসেমব্লীর সমস্ত মেম্বার নিয়ে কমিটি করার দরকার। এসেমব্লীর সমস্ত মেম্বার উনি বলতে চাচ্ছেন কি যে যতগুলি মেম্বার থাকবে সেই সবগুলিকে নিয়ে কমিটি করতে হবে এই কথাই কি তিনি বলতে চান ?

শ্রীনৃপেন চক্রবর্তী—আমি যা বলছি তার ইংরেজি হচ্ছে State Level with all the Members of the Legislature.

Shri S. L. Singh (Chief Minister)—It is not a State, it is only a Union Territory. So the question does not arise.

শ্রীনৃপেন চক্রবর্তী—মাননীয় মন্ত্রী মহাশয় জানেন কি যে এই যে কমিটি গঠিত হয়েছে তারা মেথড ইভ্যালুয়েশন সম্বন্ধে কোন সিদ্ধান্ত গ্রহণ করছেন কিনা ? কি মেথডে তারা ইভ্যালুয়েট করবেন ?

শ্রীবিনোদবিহারী দাস—মাননীয় অধ্যক্ষ মহোদয় ইভ্যালুয়েশন কমিটির যে ফাংশান সেইটা সম্পর্কে বলতে গেলে একটুখানি বলতে হয়। প্রথমতঃ এই যে ফাংশানটা এটা করতে হলে গভর্ণমেন্ট অফ ইণ্ডিয়া সেখান থেকে বলে দিয়েছেন যে কোন কিছু, একটা ব্লককে যদি প্রি-এক্সটেশন ষ্টেইজ থেকে ষ্টেইজ টুতে নিতে হয় যেই ব্লকের কতটুকু স্কাট রেট অন ষ্টটস সেলফ-হেলফ এবং সেলফ রিলেশন এইটাই প্রথম কথা, তারপর কি করে সেইটাকে অন দি বেসিস অফ এ্যাকচুয়াল পারফরমেনস। সেই ব্লকটা কতটুকু কি করেছে তার উপরে নির্ভর করে, এইসমস্তগুলি দেখে তখন সেই কমিটি তার রেকম্যাণ্ডেশন দিয়ে দেয়, যে সেখানে প্রি-এক্সটেনশন থেকে

ওয়ান এ যাবে অথবা ওয়ান থেকে টুতে যাবে। এই ছাড়া তার আর একটি ফাংশান হচ্ছে সেটা রিলিজ অফ ফাণ্ড ইয়ার টু ইয়ার সেইগুলি এই কমিটি রেকমেণ্ড করছে। এই যায়গায় দেখতে হচ্ছে সেখানে কি ধরণের হচ্ছে। অতএব এই প্রশ্ন আমার মনে হয় সেখানে আসছে না। এই ফাংশনগুলি ইভ্যালুয়েশন কমিটি করছে।

শ্রীনৃপেন চক্রবর্ত্তী—মাননীয় মন্ত্রী মহাশয় কি জানাবেন, এই কমিটি কয়বার মিট করেছে গত এক বৎসরের মধ্যে ?

শ্রীবিনোদবিহারী দাস—গত এক বৎসর নয়, ১৯৬৩তে সেই কমিটি কনষ্টিটিউট হয়েছে এবং মোট ছয়-বার মিট করেছে।

Mr Speaker—I would now call on Shri Atiqul Islam,

Shri Atiqul Islam—Question No. 127,

Shri B. Das (Dy. Minister)—Hon'ble Speaker, Sir, Starred Question No. 127.

QUESTION	ANSWER
(a) Whether the Govt, has any desire to hold election of the Agartala Municipality after the completion of the present period of its supersession ;	Election will be held as soon as the Municipality becomes financially stable and sound and all preparations and procedural actions for holding election are completed.
(b) If so, what steps have been taken in the matter ?	The Municipality has been asked to prepare for the election in accordance with the provisions of the Bengal Municipal Act & Rules.

শ্রীআতিকুল ইসলাম—মাননীয় মন্ত্রী মহাশয় কি জানাবেন যে মিউনিসিপ্যালিটির ফিনান্সিয়েল ষ্টেবিলিটি হওয়ার জন্য সরকার কি কি এরেঞ্জমেন্ট করেছেন ?

শ্রীবিনোদবিহারী দাস—গ্রান্ট দেওয়া হচ্ছে মিউনিসিপ্যালিটিকে চলবার জন্য এবং সেই অনুসারে তারা এ্যাক্ট এবং রুলস অনুসারে কাজ করে যাচ্ছে।

শ্রীআতিকুল ইসলাম—মাননীয় মন্ত্রী মহাশয় কি বলবেন যে মিউনিসিপ্যালিটি সরকারের অধিনে কয় বৎসর পর্য্যন্ত আছে ?

শ্রীবিনোদবিহারী দাস—মাননীয় অধ্যক্ষ মহোদয় সরকারের অধীনে কথাটা বুঝলাম না।

শ্রীআতিকুল ইসলাম—কবে থেকে সরকারের হাতে নিয়েছেন, সরকারের দখলে নিয়েছেন ?

শ্রীবিনোদবিহারী দাস—১৯৬৫তে।

শ্রীআতিকুল ইসলাম—মাননীয় মন্ত্রী মহাশয় এর প্রেজেন্ট টারমটা কবে পর্য্যন্ত শেষ হবে বলতে পারেন কি ?

শ্রীবিনোদবিহারী দাস—২৪শে এপ্রিল ১৯৬৫।

শ্রীআতিকুল ইসলাম—মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি যে ত্রিপুরাতে মিউনিসিপ্যাল ইলেকশন রুলস কত সনে গৃহীত হয়েছে একর্ডিং টু দি নিউ এ্যাক্ট।

শ্রীবিনোদবিহারী দাস—আই ডিমাণ্ড নোটিশ।

শ্রীনৃপেন চক্রবর্তী—মাননীয় মন্ত্রী মহাশয় এটা যদি ১৯৬২ সনে গৃহীত হয়ে থাকে, আমার যতটুকু মনে হয় ১৯৬২তে হয়ে থাকবে, তা হলে সেই থেকে ১৯৬৫ পর্য্যন্ত এই তিন বৎসরে এই রুলস অনুসারে কি প্রিপারেশন হয়েছে বলতে পারেন ?

শ্রীশচীন্দ্রলাল সিংহ—মনে হয় যদি, এর উপরে কোন প্রশ্ন হয় না। সঠিক বলতে পারলে উত্তর দিতে পারি। মনে হয় এর উপরে কোন সাপলিমেন্টারি চলে না।

শ্রীনৃপেন চক্রবর্তী—মাননীয় স্পীকার, স্যার, আই কেন হেলফ্ হিম, হাতে ছিল না বলেই পারি নি।

শ্রীশচীন্দ্রলাল সিংহ—মাননীয় অধ্যক্ষ মহোদয় মনে হয় এর উপরে কোন সাপলিমেন্টারী চলতে পারে না।

শ্রীনৃপেন চক্রবর্তী—মাননীয় মন্ত্রী মহাশয় এপ্রিল ১৯৬২তে যে রুলস গৃহীত হয়েছে, যেটার নাম দেওয়া হয়েছে ত্রিপুরা মিউনিসিপ্যাল ইলেকশন রুলস, ১৯৬১ সেইটা যেটা গৃহীত হয়েছে, আমরা বলছিলাম ১৯৬২এর এপ্রিলে এবং গেজেটেড হয়েছে ৭ই মার্চ্চ এল. এস, ডি. ডিপার্টমেন্ট থেকে পাব্লিশ হওয়ার পরে থেকে কি ষ্টেফ নেওয়া হয়েছে এই রুলস অনুযায়ী ইলেকশন প্রিপারেশনের জন্য সেটা বলতে পারেন ?

শ্রীবিনোদবিহারী দাস—মাননীয় অধ্যক্ষ মহাশয় আমি বলেছি the Municipality has been asked to prepare for the election in accordance with the provisions of the Bengal Municipal Act & Rules. সেই ভাবে সেটা তৈরী হচ্ছে। মাননীয় অধ্যক্ষ মহোদয় তিনি ধৈর্য্য হারিয়ে ফেলছেন, আমি শেষ না করতেই তিনি দাড়িয়ে পড়ছেন কেন বুঝতে পারছি না।

Mr. Speaker—You just go on with your answer.

শ্রীবিনোদবিহারী দাস—কাজেই সেখানে যে রুলস, সেটা হয়েছে সেখানে সেই অনুযায়ী বলা হয়েছে মিউনিসিপ্যালিটির যা কিছু সেখানে দরকার সবকিছু প্রিপেয়ার করার জন্য।

শ্রীনৃপেন চক্রবর্তী—মাননীয় মন্ত্রী মহাশয় মিউনিসিপ্যালিটির কতদূর করেছেন জানতে পারি কি ? সেই রুলস অনুসারে মিউনিসিপ্যালিটি কতদূর কি করেছে ইলেকশনের ব্যাপারে তা বলতে পারেন কি ?

শ্রীবিনোদবিহারী দাস—কাজ তো পুরাদমেই চলছে, কাজের শেষ না হওয়া পর্যান্ত কোন কিছু বলতে পারছি না।

শ্রীনৃপেন চক্রবর্তী—মাননীয় অধ্যক্ষ মহোদয় আমার প্রশ্নের জবাব হচ্ছে না। আমি বলেছি কি কি ষ্টেপ তাঁরা নিয়েছেন ফর ইমপ্লিমেন্টেশন অফ দি রুলস রিগার্ডিং হোলডিং অফ ইলেকশন, সেইটা তাঁরা জানাবেন কি ?

Mr. Speaker—Regarding holding of election.

Shri B. Das—Regarding holding of election আমি তো বলেছি সমস্ত ষ্টেপ তাদের ইলেকশন এর প্রিপারেশন করবার জন্য সবকিছু নেওয়া হচ্ছে।

শ্রীনৃপেন চক্রবর্তী—মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি ভোটার লিষ্ট তৈরী হয়েছে কিনা, মিউনিসিপ্যালিটির ইলেকশনের জন্য ভোটার লিষ্ট তৈরী হয়েছে কিনা বা কতদূর হয়েছে।

শ্রীবিনোদবিহারী দাস—ভোটার লিষ্ট তৈরী হচ্ছে।

শ্রীনৃপেন চক্রবর্তী—মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি যে এই কথা সত্য কিনা যে ভারতবর্ষের যত মিউনিসিপ্যালিটি আছে সবগুলিই ইকনমিকেলি ভায়াবল না, সরকার থেকে আণ্ট নিয়েই তারা চলে, ভারতবর্ষের যত মিউনিসিপ্যালিটি আছে সবই ইকনমিকেলি ভায়াবল না একটা জানেন, খবর রাখেন কি ?

শ্রীশচীন্দ্রলাল সিংহ—মাননীয় সদস্য মহোদয় যত ষ্টেইটের কথা বলছেন, ভারতবর্ষের কথা বলছেন, কিন্তু আমাদের ত্রিপুরা, মাননীয় অধ্যক্ষ মহোদয়, একটি টেরিটরি, ত্রিপুর টেরিটরিই ইণ্ডিয়া গভর্ণমেন্টের হেলপে চলছে, so there is no question of Municipality.

শ্রীনৃপেন চক্রবর্তী—মাননীয় অধ্যক্ষ মহোদয় আমি জিজ্ঞাসা করছি যে গণতান্ত্রিক বিধিতে গঠিত হয়ে একজন আর, ঘোষের পরিবর্তে মিউনিসিপ্যাল কমিশনাররা যদি ক্ষমতা গ্রহণ করে তা হলে এতে আর্থিক অবনতি হবে এই কথা চিন্তা করার কারণ কি ?

শ্রীশচীন্দ্রলাল সিংহ—মাননীয় সদস্য মহোদয় যদি দিয়ে আরম্ভ করেছেন, অতএব যদি না হয় তবে ভালই হবে।

শ্রীআতিকুল ইসলাম—মাননীয় মন্ত্রী মহাশয় ফিনান্সিয়াল ষ্টেবিলিটি বলতে কি বুঝাচ্ছেন, মিউনিসিপ্যালিটির আয় কোন পর্য্যায়ে উঠলে পরে তাঁরা মনে করবেন মিউনিসিপ্যালিটি ফিনানসিয়েলি ষ্টেবল হয়েছে ?

শ্রীবিনোদবিহারী দাস—মিউনিসিপ্যালিটি চলতে পারে সেই ধরণের আয়টা তাদের হলে ফিনান্সিয়েলি ষ্টেবল বলা হয়।

শ্রীআতিকুল ইসলাম—মাননীয় মন্ত্রী মহাশয় তার কোন সম্ভাবনা মিউনিসিপ্যালিটির আয় এর ভিতরে আছে কি ?

শ্রীবিনোদ বিহারী দাস—না থাকার কারণ তো দেখতে পাচ্ছি না।

আতিকুল ইসমাম—মাননীয় মন্ত্রী মহাশয় বলবেন কি মিউনিসিপ্যালিটির এখন যে আয় তার দ্বারা কি মিউনিসিপ্যালিটি চলতে পারে ?

শ্রীবিনোদ বিহারী দাস—এখন তো মিউনিসিপ্যালিটি সরকারী গ্রান্টের উপরেই চলছে।

মিঃ স্পীকার—আমার মনে হচ্ছে যে সাপ্লিমেনটারি অনেক দূরে সরে যাচ্ছে মেইন কোশ্চান থেকে।

শ্রীনৃপেন চক্রবর্তী—মাননীয় অধ্যক্ষ মহোদয় আমি একটি সিম্পল কোশ্চান করেছি যে এক জনের পরিবর্তে যদি দশ জন ইলেকটেড কমিশয়ার বা মেম্বার থাকে তা হইলে ইকনমিক্যালি কি ক্ষতিগ্রস্ত হওয়ার কথা. মাননীয় মন্ত্রী মহাশয়কে জিজ্ঞাসা করেছি। আমার সেই প্রশ্নের উত্তর হয় নাই।

শ্রীশচীন্দ্রলাল সিংহ—আগেই বলা হয়েছে, উনি বলছিলেন যদি একজনের যায়গাতে ১০ জন হয়, যদি একজনের যায়গাতে ১০ জন না হয় যদি তা হলে পরে, উত্তরএ বলা হয়েছে ১০ জন যদি না আসতে পারে তবে যা আছে তাতেই চলবে।

শ্রীআতিকুল ইসলাম—মাননীয় মন্ত্রী মহাশয় কি মনে করেন না যে মিউনিসিপ্যালিটি সরকারের দখলের মধ্যে রাখার ফলে আগরতলা সহরে নাগরিকদেরকে একটা গণতান্ত্রিক অধিকার থেকে বঞ্চিত করা হয়েছে ?

শ্রীসুখময় সেনগুপ্ত—মাননীয় অধ্যক্ষ মহোদয় এই সম্পর্কে, মিউনিসিপ্যালিটির যে প্রশ্ন সেই প্রশ্নের আলোচনায় বলা হয়েছে যে মিউনিসিপ্যালিটিকে যত শীঘ্র সম্ভব সেইটা ইলেকশনের ভিত্তিতে ডিমোক্রেটিক সেট আপ করার জন্য সরকার চেষ্টা করেছেন এবং সেইদিকে এগিয়ে চলেছেন। এখন প্রশ্ন উঠছে যে তা হলে মিউনিসিপ্যালিটির ইকনমিক ভায়াবলিটির কথা উঠেছে, এটা বোধ হয় মাননীয় সদস্যদের সকলেরই জানা আছে বর্তমানে মিউনিসিপ্যালিটির যে অবস্থা, শুধু গ্রান্টের উপরেই তাকে যে নির্ভর করতে হচ্ছে, তার নিজস্ব কোন ইনকাম নাই, সেই জন্য ইনকাম বাড়ানের জন্য অল ইণ্ডিয়াতে এর জন্য এল, এস, জি কনফারেন্স হচ্ছে এবং প্রায়ই হয়ে থাকে যাতে করে প্রত্যেকটি মিউনিসিপ্যালিটির ইনকাম বাড়ানো যেতে পারে তা দেখছে এবং সেইজন্য কতগুলি রেকমেনডেশন ইদানিংও এল, এস. জি, কনফারেন্স থেকে দেওয়া হয়েছে। সেইটা ইণ্ডিয়া গভর্ণমেন্ট যদি একসেপট করে এবং সেইগুলি যদি মিউনিসিপ্যালিটির হাতে দিয়ে দেওয়া হয় তা হলে যদি দেখা যায় যে প্রতি যায়গায় মিউনিসিপ্যালিটি ভালভাবে চলতে পারবে তা হলে সেইদিকে দেখে ত্রিপুরার যে মিউনিসিপ্যালিটি বা আগরতলা মিউনিসিপ্যালিটি সেটাকেও আমরা তার ভিত্তিতে দাঁড়া করাবার জন্য চেষ্টা করব।

শ্রীনৃপেন চক্রবর্তী—মাননীয় মন্ত্রী মহাশয় ইলেকটেড মিউনিসিপ্যালিটি হলে তাঁরা সেই চেষ্টা করবেন না এই ধারণার কারণ কি ?

শ্রীসুখময় সেনগুপ্ত—এই প্রশ্নটা মাননীয় সদস্যরা হয়তো জেনে থাকবেন যে প্রত্যেক যায়গায় যখন মিউনিসিপ্যালিটি ইলেকটেড মেম্বার দ্বারা চালিত হয় তাতে অনেক রকম গলদ থাকার জন্য, ইকনমিক ভায়বলিটি না থাকার জন্য অনেক যাগাতে সুপারসেশন করতে হয় এবং সেইটা ত্রিপুরা বা আগরতলাতে বলে নয় বিভিন্ন যায়গায় করা হচ্ছে এবং এই করার উদ্দেশ্য হচ্ছে তাকে ভালভাবে দাঁড় করাবার জন্য এটা সরকার থেকে করা হচ্ছে।

শ্রীআতিকুল ইসলাম—মাননীয় মন্ত্রী মহাশয় ত্রিপুরার আর কোথায়ও মিউনিসিপ্যালিটি করার সরকারী পরিকল্পনা আছে কিনা ?

শ্রীসুখময় সেনগুপ্ত—এটা অনেকখানি নির্ভর করছে তার পপুলেশনের উপর, ইকনমিক আয়ের উপর, কি পরিমাণ আয় হতে পারে সেই সমস্ত দেখে তারপর মিউনিসিপ্যালিটি করা হবে কি হবে না তা বিচার বিবেচনা করা হবে। তবে এখানকার সরকার অন্যান্য যায়গায় যেখানে পপুলেশনের যে ষ্টেণ্ডার্ড সেই পপুলেশন এর ষ্টেণ্ডার্ড যদি সেটিসফাই করে থাকে সেইটা দেখে আরো দুই একটি যায়গায় করার কথা হচ্ছে, আণ্ডার কনসিডারেশনে আছে। আরো দুই একটি যায়গায় মিউনিসিপ্যালিটি ষ্টার্ট করা যায় কিনা যেমন ধর্মনগর, কৈলাশহর, উদয়পুর, বিলোনিয়া এবং খোয়াই এই কয়টি যায়গাতে আমরা দেখছি মিউনিসিপ্যালিটির যে 'ষ্টেণ্ডার্ড' সেই ষ্টেণ্ডার্ড অনুযায়ী করা যায় কিনা সেইটা আমরা বিবেচনা করে দেখছি।

Mr. Speaker— I would call on Shri Nripendra Chakraborty.

Shri Nripendra Chakraborty—Question No. 10.

Shri B. Das— Hon'ble Speaker, Sir, Question No 10.

QUESTION	ANSWER
(a) Whether the Municipal Act and Rules are being fully implemented at Agartala by the Municipal authorities ?	(a) Bengal Municipal Act has been fully introduced. Soma of the Rules have been framed and introduced and some are under preparation and will be introduced as soonas framed and finalised after observing all legal formalities.
(b) If not, the reasons therefor ?	(b) During the short period after the introduction of Bengal Municipal Act of Tripura, all the Rules could not be framed and introduced after finalisation of all legal formalities.

শ্রীনৃপেন চক্রবর্তী— মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি যে বেঙ্গল ২১ অব পি মিউনিসিপ্যাল অ্যাক্ট সেটা চালু করার দিক থেকে কি কি ষ্টেপ মিউনিসিপ্যালিটি নিয়েছেন ?

শ্রীবিনোদ বিহারী দাস— আই ডিমাণ্ড নোটিশ।

শ্রীনৃপেন চক্রবর্তী— মাননীয় স্পীকার স্যার, সেকশন ২১ হচ্ছে রিমোভেল অব নুইসেন্স সম্পর্কে। মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি যে ১৯৬৪-৬৫তে এই সম্পর্কে কোন নোটিশ দেওয়া হয়েছে কিনা ?

শ্রীবিনোদ বিহারী দাস— মাননীয় অধ্যক্ষ মহোদয়, এই কোয়েস্চানটাতে আমি আগেই বলেছিলাম আই ডিমাণ্ড নোটিশ। কাজে সেখানে আমি যখন নোটিশ ডিমাণ্ড করেছি সেটা না জেনে তো আমি বলতে পারছি না।

শ্রীনৃপেন চক্রবর্তী— মাননীয় স্পীকার, স্যার, আমি বলেছি যে এই সেকশনটা ইমপ্লিমেন্টেড হয়নি, এই জন্য আমি বলছি। আচ্ছা এটা যখন উনি বলেছেন না —

মিঃ স্পীকার— সেকশানের নাম না বলে ফ্যাক্টটা বলে দিবেন, সেকেণ্ড টাইমে যেটা করবেন।

শ্রীনৃপেন চক্রবর্তী— আমি এই জন্য বলছি যে একটা চাপটার আছে এবং একটা চাপটারে অনেকগুলো সেক্শান আছে। সেজন্য চাপটার ২১ অন রিমোভ্যাল অব নুইসেন্স। দিস চাপটার হ্যাজ নট বিন ইমাপ্লমেন্টেড। সে জন্য আমি কোয়েস্চানটা করছি। ইট ইজ ভেরী ভাইটাল ফর দি আগরতলা মিউনিসিপ্যালিটি। আচ্ছা এটার যখন উনি ডিমাণ্ড নোটিশ চাইছেন, আই পুট এনাদার কোয়েসচান। সেটা হচ্ছে যে মাননীয় মন্ত্রী মহাশয় কি জানাবেন যে এই যে ২২ নাম্বার চাপটার যেটা এডুকেশন, হস্পিটাল, ডিসপেনসারী, লজিং ইত্যাদি সম্পর্কে, সার্ভে এই সমস্ত সম্পর্কে বা মিউনিসিপ্যাল ম্যাপ ইত্যাদি রাখা সম্পর্কে এটা চালু হয়েছে কিনা, মানে ইমপ্লিমেন্টেড হচ্ছে কিনা ?

শ্রীবিনোদবিহারী দাস— মাননীয় অধ্যক্ষ মহোদয়, চাপটার কত ২২ ? অ্যাক্ট অর রুলস্।

শ্রীনৃপেন চক্রবর্তী— অ্যাক্ট। রুলসে আমি যাব না।

শ্রীবিনোদ বিহারী দাস— মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমি আগেই বলেছি বেঙ্গল মিউনিসিপ্যালিটি অ্যাক্ট হ্যাজ বিন ফুল্লী ইনট্রডিউস্ড হীয়ার।

শ্রীনৃপেন চক্রবর্তী— ইনট্রডিউস্ড নয়, ইমপ্লিমেন্টেড। আমার কোয়েস্চানটা এইখানে ইম্প্লিমেন্টেশানের কথা আছে। ইনট্রডিউস্ড তো জানি হয়েছে। ইম্প্লিমেন্ট হয় নি। আচ্ছা আমি আরেকটা প্রশ্ন করছি— মাননীয় মন্ত্রী মহাশয় কি জানাবেন যে ১৯ নাম্বার চাপটারে যে ফুড এণ্ড ড্রাগস সম্পর্কে যেসব ব্যবস্থা হওয়ার কথা সেটা ইম্প্লিমেন্ট করা হয়েছে কিনা সেই চাপটারটা ?

শ্রীবিনোদ বিহারী দাস— হ্যা, সেটা ইম্প্লিমেন্ট করা হয়েছে।

শ্রীনৃপেন চক্রবর্তী— মাননীয় মন্ত্রী মহাশয় বলতে পারেন কি যে কয়জন ইন্স্পেক্টার আছেন এটার ইম্প্লিমেন্টেশন দেখার জন্য ?

মিঃ স্পীকার— ফুড ইন্সপেক্টার ?

শ্রীবিনোদ বিহারী দাস— আই ডিমাণ্ড নোটিশ।

শ্রীনৃপেন চক্রবর্তী— মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি যে ১৪ নাম্বার চাপটারে রিষ্টেন্ট অন ইন্ফেক্শন বলে যে সমস্ত প্রভিশনস্ আছে সেগুলি ইম্প্লিমেন্ট করা হয়েছে কিনা ?

শ্রীবিনোদবিহারী দাস—তা হয়েছে।

শ্রীনৃপেন্দ্র চক্রবর্ত্তী—মাননীয় মন্ত্রী মহাশয় কি জানাবেন যে কতগুলো এই ইনফরমেশনের রিটেনটের জন্য কতগুলো নোটিশ সার্ভ করা হয়েছে ফর ডিফারেন্ট হাউসেস ?

শ্রীবিনোদবিহারী দাস—আই ডিমাণ্ড নোটিশ।

শ্রীনৃপেন্দ্র চক্রবর্ত্তী—মাননীয় মন্ত্রী মহাশয় কি জানাবেন যে সেক্শান ১৩এ, চেপটার ১৩এ অফেনসিভ এবং ডেঞ্জারাস ট্রেড এটা যাতে না হয় সেজন্য ব্যবস্থা করা দরকার, সেই চাপটারটা ইম্প্লিমেন্ট করা হয়েছে কিনা ?

শ্রীবিনোদবিহারী দাস— আমি আগেই বলেছি যে সমস্তগুলো ইমপ্লিমেন্ট করা হয়েছে (ইন্টারাপশন)। আমি বলছি, আমাকে বলতে দিন একটু। সেগুলি ইন টো টো মানা হয়।

শ্রীনৃপেন চক্রবর্ত্তী—ইন টো টো বলছেন, ইমপ্লিমেন্টেশান হয়েছে কিনা বলছেন না।

শ্রীবিনোদবিহারী দাস—ইন টো টো মানা হয় বললাম তো।

শ্রীনৃপেন চক্রবর্ত্তী—মাননীয় মন্ত্রী মহাশয় জানেন কি যে টাউনের মধ্যে করাতকল যাকে বলে টিম্বার ইত্যাদি বিভিন্নভাবে বসিয়ে এই সেকশনটাকে ভায়লেট করা হচ্ছে। এই অফেনসিভ এবং ডেঞ্জারাস যাকে বলা হয়েছে যেখানে ইনফ্লেমেবল্ সমস্ত জিনিষপত্র হয়, মাননীয় স্পীকার, স্যার, এই ধরণের বহুরকম কাণ্ডকারখানা আগরতলা টাউনের মধ্যে হচ্ছে এবং তার জন্য নূতন নূতন লাইসেন্স ইত্যাদি পাচ্ছে। এটা কি অবগত আছেন মাননীয় মন্ত্রী মহাশয় ?

শ্রীবিনোদবিহারী দাস—এটা আমরা অবগত আছি এবং সেই মতে কোন কিছু ভায়লেট করা হয় নি।

শ্রীনৃপেন চক্রবর্ত্তী—মাননীয় মন্ত্রী মহাশয় কি জানাবেন যে ১০ নং চাপটার বস্তী সম্পর্কে ষ্টেট গভর্ণমেন্ট কোন নোটীফিকেশন করেছেন কিনা ?

শ্রীবিনোদবিহারী দাস—আই ডিমাণ্ড নোটীশ।

শ্রীনৃপেন চক্রবর্ত্তী—মাননীয় স্পীকার, স্যার বস্তী ডিক্লারেশন না হওয়াতে অনেকগুলি জায়গার ইমপ্রুভমেন্ট হচ্ছে না। কাজেই এটা খুব ভাইটাল। কাজেই এটা কি আশা করতে পারি মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে যে এই সম্পর্কে তিনি জেনে পরে জানাবেন ?

শ্রীবিনোদবিহারী দাস—মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমি নোটীশ ডিমাণ্ড করেছি। উনি নোটীশটা দিন তারপরেতো।

শ্রীনৃপেন চক্রবর্ত্তী—আমার কোয়েশ্চানটা হচ্ছে পরে জানাতে পারেন কিনা সেইটাই আমি বলছি।

শ্রীবিনোদবিহারী দাস—আমি তো আগেই বলেছি আই ডিমাণ্ড নোটীশ।

শ্রীনৃপেন চক্রবর্ত্তী—মাননীয় মন্ত্রী মহাশয় কি জানাবেন যে এই যে সেক্সন ৯ এ বিলডিং সম্পর্কে যেসব প্রভিশন আছে আর কি সেটা ইমপ্লিমেন্ট করার অসুবিধা হচ্ছে কারণ ইঞ্জিনীয়ার নাই তার জন্য ?

শ্রীবিনোদবিহারী দাস—মাননীয় অধ্যক্ষ মহোদয়, ইট ইজ নট এ ফ্যাক্ট এবং এই সম্বন্ধে হয়ত কোন অসুবিধাই হয় নি।

শ্রীনৃপেন চক্রবর্ত্তী—মাননীয় স্পীকার, স্যার যেসমস্ত বাড়ীর প্ল্যান স্যাংশন করা হয় ইঞ্জিনীয়ার না থাকাতে সেসমস্ত বাড়ী টেকনিক্যালি স্যাংশন দেওয়া যায় কিনা? অ্যাকর্ডিং টু অ্যাক্ট সেটা হচ্ছে না। সেইজন্য আমি প্রশ্নটা উপস্থিত করেছিলাম যে এই সম্পর্কে সেকশানে এই চাপটারে যে সমস্ত প্রভিশন্স আছে সেগুলো ভায়লেটেড হচ্ছে কিনা?

শ্রীশচীন্দ্রলাল সিংহ—মোটেই ভায়লেটেড হচ্ছে না। অল দীজ আর গোয়িং টু বি টেকনিক্যালী স্যাংশণ্ড তারপর সেটা পাশড হয়।

শ্রীনৃপেন চক্রবর্ত্তী—মাননীয় মন্ত্রী মহোদয় জানাবেন কি যে সেকশান ৮এ যে ওয়াটার সাপ্লাই লাইটিং, ড্রেইনেজ ইত্যাদি সম্পর্কে যে সমস্ত প্রভিশন্স আছে সেগুলি ইমপ্লিমেনটেড হচ্ছে কিনা?

শ্রীবিনোদবিহারী দাস—এইগুলি সমস্তগুলি টো টো মানা হচ্ছে।

Mr. Speaker—Shri Atiqul Islam :

Shri Atiqul Islam—Question No. 128.

Shri B. Das—Hon'ble Speaker, Sir; Question No. 128.

QUESTION	ANSWER.
(a) Wheather the Government has any scheme to construct a town hall at Agartala ;	(a) A scheme for the purpose has been proposed in the 4th Five Year Plan.
(b) if so, the details of the said scheme ?	(b) Detaiis will be available when the proposed scheme is accepted.

শ্রীআতিকুল ইসলাম—মাননীয় মন্ত্রী মহোদয় কি জানাবেন যে থার্ড প্ল্যানে আমাদের টাউন হল করার কোন স্কীম ছিল কিনা?

শ্রীবিনোদ বিহারী দাস—আমি বলেছি ছিল।

শ্রীআতিকুল ইসলাম—সেকেণ্ড প্ল্যানে ছিল কিনা?

শ্রীবিনোদ বিহারী দাস—আই ডিমাণ্ড নোটিশ।

শ্রীআতিকুল ইসলাম—মাননীয় মন্ত্রী মহোদয় কি জানাবেন যে এই স্কীমটা থার্ড প্ল্যানে ছিল, সেকেণ্ড প্ল্যানে ছিল সেটা ফোর্থ প্ল্যানে কেন গেল?

শ্রীসুখময় সেনগুপ্ত—বিভিন্ন টেকনিক্যাল রিজনসএর জন্য সেটা থার্ড প্ল্যানে সম্ভব হয় নি। সেটা ফোর্থ প্ল্যানে ইনক্লুড করা হয়েছে এবং সঙ্গে সঙ্গে আরেকটি, টাউন হল ঠিক নয়, যেটা রবীন্দ্র ভবন বলে যেটা করা হয়েছে সেটা এর মধ্যে কাজ আরম্ভ করা হচ্ছে। টাউন হলটা সেজন্য একটু পিছিয়ে গেছে।

শ্রীনৃপেন চক্রবর্তী—মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি যে সেটার জন্য কোন সাইট সিলেকশন হয়েছে কিনা ?

শ্রীসুখময় সেনগুপ্ত—এ সম্পর্কে আমরা পুরানো যে স্মৃতি মন্দির যেটা এই উপলক্ষে করা হয়েছিল সেই স্মৃতি মন্দিরটাকে করা যায় কিনা সে সম্পর্কে আমরা চিন্তা করছি, চেষ্টা করছি।

শ্রীনৃপেন চক্রবর্তী—মাননীয় মন্ত্রী মহাশয় কি জানাবেন যে এই যে রবীন্দ্র ভবন এটা কি টাউন এবং এটা একেই ইন্টিগ্রেটেড প্রগ্রাম কিনা ?

শ্রীসুখময় সেনগুপ্ত—ঠিক একেই ইন্টিগ্রেটেড প্রগ্রাম নয়। তবে কিছুটা পারপাস সার্ভ হবে বলে আশা করা যায়.

Mr. Speaker— I would now call on Shri Nripendra Chakraborty.

Shri Nripendra Chakraborty— Question No. 12

Shri B. Das (Dy, Minister)— Hon'ble Speaker, Sir, Question No. 12.

QUESTION	REPLY
(a) Whether the Govt. has receiyed any representation from the people of Town Pratapgarh, Agartala, for development of that area ?	(a) No.
(b) If so, whether any scheme for development has been adopted.	(b) Does not arise.
(c) Total amount of money budgetted.	(c) Does not arise.

শ্রীনৃপেন চক্রবর্তী— মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি টাউন প্রতাপগড় এরিয়া আগরতলা মিউনিসিপ্যালিটির অন্তর্ভুক্ত কিনা ?

শ্রীবিনোদ বিহারী দাস— এটা প্রপোজড্ মিউনিসিপ্যাল এরিয়ার অন্তর্ভুক্ত।

শ্রীনৃপেন চক্রবর্তী— মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি এই এলাকাটা বৎসরে অধিকাংশ সময়ে প্রায় জলমগ্ন থাকে এবং এখানে কোন রাস্তা নাই এবং তার ফলে এখানকার লোকদের খুব দুর্ভোগ ভুগতে হয় ?

শ্রীবিনোদ বিহারী দাস— মাননীয় অধ্যক্ষ মহোদয় শুধু এটা নয় সারা আগরতলা টাউনের অনেক যায়গা ফ্লাডের সময় জলমগ্ন থাকে এবং সারা ত্রিপুরা রাজ্যেই এইরূপ হয়ে থাকে।

শ্রীনৃপেন চক্রবর্তী— মাননীয় মন্ত্রী মহাশয় কি জানেন যে এখানে জল নিকাশের কোন ব্যবস্থা নাই, রাস্তাঘাট নাই বলে মাননীয় ডেভেলপমেন্ট মিনিষ্টার নির্বাচনের আগে এইখানে প্রতিশ্রুতি দিয়েছিলেন যে এই এলাকার প্রতি বিশেষ নজর দেওয়া হবে যাতে এখানকার ড্রেনেজ এবং রাস্তা ঘাট ভাল হয় এটা সত্যি কিনা ?

শ্রীবিনোদ বিহারী দাস— মাননীয় অধ্যক্ষ মহোদয় এখানে প্রতিশ্রুতির প্রশ্ন কেন যে তুলেছেন তাহা জানিনা, সেখানে ড্রেনেজ্ সিষ্টেমটা ইম্প্রুভ করার জন্য চেষ্টা করা হচ্ছে।

শ্রীনৃপেন চক্রবর্তী— মাননীয় মন্ত্রী মহাশয় অবগত আছেন কি যে এই এলাকায় যারা ঘর-বাড়ী করেছেন তারা অধিকাংশ দিন মজুর এবং ক্লাশ ফোর এমপ্লয়ি অথবা নিম্নস্তরের আয়ের যে লোক তারাই অধিকাংশ বাস করছে সেইজন্য এই এলাকার মধ্যে তাদের নিজস্ব কন্ট্রিবিউট করার ক্ষমতা খুব সামান্য ?

শ্রীবিনোদ বিহারী দাস— সারা আগরতলা টাউনে অনেক জায়গাতেই এই রকম লোক বাস করছে। সেখানে শুধু দিন মজুর এবং ক্লাশ ফোর এমপ্লয়ি শুধু নয় অন্যান্য লোকও আছে, সেখানে বাস করছে এবং মিলে মিশে সেখানে বাস করছে।

শ্রীনৃপেন চক্রবর্তী— মাননীয় মন্ত্রী মহোদয় কি লক্ষ্য রাখবেন এদিকে যদি রাস্তা ঘাট বা ড্রেইন তৈরী করা হয় তবে যেন জমি একোয়ার করা হয় কারণ এখানকার দিন মজুর বা শ্রমিক যারা আছেন রিফিউজি বা গরীব যারা আছেন তারা বলে দিয়েছেন যে জমি একোয়ার না হলে তাদের পক্ষে জমি দেওয়া সম্ভব নয় ? সেইজন্য এখানকার ডেভেলপমেন্ট ওয়ার্কস এর জন্য, রাস্তাঘাট বা ড্রেইন্ এর জন্য যেন জমি একোয়ার করা হয় সেদিকে লক্ষ্য রাখবেন কিনা ?

শ্রীবিনোদ বিহারী দাস— মাননীয় অধ্যক্ষ মহোদয় জমি একোয়ার করার প্রশ্নটা কেন যে আসছে জানি না, সেখানে ড্রেইন সিসটেম এবং রোড করার জন্য সেখানে চেষ্টা চলছে এবং সেই অনুযায়ী কাজ চলবে।

Mr. Speaker— I would now call on Shri Atiqul Islam.

Shri Atiqul Islam— Question No. 135.

Shri B. Das (Dy. Minister)— Question No. 135.

QUESTION	ANSWER
(a) Whether there is any scheme for the development of Shibnagar, Agartala.	(a) Yes.
(b) If so, what is the said scheme ?	(b) The scheme for the development of the Sibnagar area aims at construction and improvement of roads, drains and culverts etc. under the Agartala Town Development Schemes during the Third Five Year Plan.

শ্রীআতিকুল ইসলাম—মাননীয় মন্ত্রী মহাশয় কি জানাবেন যে এই স্কিমের কাজ কতদূর অগ্রসর হচ্ছে এবং কি কি কাজ হচ্ছে সেখানে এই স্কিমে ?

শ্রীবিনোদবিহারী দাস—মাননীয় অধ্যক্ষ মহোদয় কাজ অগ্রসর হচ্ছে, যে যে খানে কাজ হওয়ার সেখানে হচ্ছে।

শ্রীআতিকুল ইসলাম—মাননীয় মন্ত্রী মহাশয় বলবেন কি সেই স্কীমএ কাজ কতদূর অগ্রসর হচ্ছে।

শ্রীসুখময় সেনগুপ্ত—প্রিলিমিনারী কাজ যা যা হওয়ার সেইটা হচ্ছে এবং আশা করা যায় যে কিছু দিনের মধ্যে পুরাপুরি ভাবে কাজ আরম্ভ করা যাবে।

শ্রীআতিকুল ইসলাম—মাননীয় মন্ত্রী মহাশয় কি জানাবেন যে কত লক্ষ টাকার কাজ এটা প্রথমত ছিল ?

· **শ্রীসুখময় সেনগুপ্ত**—এটা প্রথমে এক লক্ষ টাকার কাজ ছিল—১৯৬৩-৬৪ তে, এখন আরো দুই লক্ষ টাকা এলটেড হয়েছে তাতে প্রায় তিন লক্ষ টাকার কাজ হবে।

শ্রীআতিকুল ইসলাম—মাননীয় মন্ত্রী মহাশয় এই স্কিম কবে পর্য্যন্ত শেষ হবে তা বলতে পারেন কি ?

শ্রীসুখময় সেনগুপ্ত—সেইটা কাজ আরম্ভ না করলে পরে কি করে বলা যাবে।

শ্রীআতিকুল ইসলাম—প্রিলিমিনারী কাজ তো আরম্ভ করে দিয়েছেন, সেই প্রিলিমিনারী কাজটার টার্গেট কি বলবেন কি ?

শ্রীসুখময় সেনগুপ্ত—প্রিলিমিনারী ওয়ার্কএর জন্য সবচেয়ে যেটা অসুবিধাজনক সেইটা হচ্ছে রাস্তা এখন করতে গেলে পরে যে সব যায়গা পড়ে সেখানে অনেকে ভলানটারি কনট্রিবিউট করছেন আবার কোন কোন যায়গায় একোয়ার না করলে পরে তাদের অসুবিধা হয়। সেইসব যায়গা একোয়ার করার ব্যবস্থা করা হচ্ছে, সেইজন্য টাইম লাগে কারণ একোয়ার করতে যে টাইম লাগে সেইটা একটা লংথান প্রসেস. সেইজন্যই একটু দেরি হচ্ছে।

শ্রীনৃপেন চক্রবর্তী—মাননীয় মন্ত্রী মহাশয় অবগত আছেন কি এনুয়েল এডমিনিসট্রেটিভ রিপোর্ট, যেটা ১৯৬৩-৬৪ এর রিপোর্ট, তাতে বলা হয়েছে যে শিবনগরের জন্য এক লক্ষ টাকা রাখা হয়েছে, তা হলে দেখা যায় ৬৩-৬৪ যে টাকাটা রাখা হয়েছে সেইটা ৬৪-৬৫এ ও খরচ হল না কেন, কারণ কি ?

শ্রীসুখময় সেনগুপ্ত—শিবনগর এরিয়া ডেভলপমেন্ট করার জন্য কিছু কাজ অলরেডি আরম্ভ হয়েছে এবং যেটা মেইন কাজ সেইটা হল বড় রাস্তার কাজ, সেইটা আরম্ভ করতে দেরি হচ্ছে কারণ যায়গা একোয়ার করার যে প্রব্লেম সেইজন্য একটু দেরি হচ্ছে।

শ্রীনৃপেন চক্রবর্তী—মাননীয় মন্ত্রী মহাশয় এই টাকার মধ্যে স্লাম ক্লিয়ারেন্স যে স্কিম তার কোন টাকা আসছে কিনা জানেন কি ?

শ্রীসুখময় সেনগুপ্ত—স্লাম ক্লিয়ারেন্সএর বলে কোন প্রশ্নই নাই, প্রশ্ন হল আণ্ডার ডেভেলপট যে এরিয়া সেইটা ডেভলপ করার জন্য এই স্কিমটা হয়েছে, টাকা বরাদ্দ করা হয়েছে।

শ্রীনৃপেন চক্রবর্তী—মাননীয় অধ্যক্ষ মহোদয় স্কিম অফ্ স্লাম ক্লিয়ারেন্স এর যে প্রভিশন সেই প্রভিশনের টাকা এখানে আসছে কিনা সেই কথাই বলা হচ্ছে। স্লাম ক্লিয়ারেন্সের যে টাকা যেটা এডমিনিষ্ট্রেটিভ রিপোর্টে বলা হয়েছে যে টাকা রাখা হয়েছে সেই টাকা এর মধ্যে নেওয়া হয়েছে কিনা ?

শ্রীসুখময় সেনগুপ্ত—এখন তো প্রশ্ন এটা নয়। প্রশ্নটা হচ্ছে এই যে তিন লক্ষ টাকা খরচ হবে। সেই টাকা স্লাম ক্লিয়ারেন্স এর জন্য যে টাকা রাখা হয়েছে সেখানে কত লাগবে না লাগবে একটা এষ্টিমেট করা হচ্ছে, তাতে তিন লক্ষ টাকার কাজ হবে। কাজেই কোন খান থেকে টাকাটা আসছে সেইটা প্রশ্ন নয়। এটা সবটাই প্রায় গ্রান্ট। এই টাকাটা কি এর টাকা না অন্য টাকা এ সম্পর্কে কোন প্রশ্ন উঠতে পারে না।

শ্রীআতিকুল ইসলাম—মাননীয় মন্ত্রী মহাশয় বলবেন কি যে এই সবটাই কি গ্রান্টের টাকা না মিউনিসিপ্যালিটির কোন কনট্রিবিউশন আছে এবং যদি কনট্রিবিউশন থেকে থাকে তবে মিউনিসিপ্যালিটির কোন স্কিম থেকে এই টাকাটা ডাইভার্শন করা হয়েছে কিনা ?

সরকারের গ্রান্ট, সবটাই কি মিউনিসিপ্যালিটির টাকা।

শ্রীসুখময় সেনগুপ্ত—মিউনিসিপ্যালিটিই তো গ্রান্ট নিচ্ছে, কাজেই এটা মিউনিসিপ্যালিটির টাকা

শ্রীনৃপেন চক্রবর্তী—মাননীয় অধ্যক্ষ মহোদয় মিউনিসিপ্যালিটির স্কিমের মধ্যে রোডস সুইপার পেসেইজ, স্লাম ক্লিয়ারেন্স এই সবের জন্য কতগুলি টাকা আছে সেই টাকা ডাইভার্টেড হয়েছে কিনা আমার সেই প্রশ্নের ঠিক জবাব হল না। আমরা এডমিনিসট্রেটিভ রিপোর্ট দেখলে পরে তারমধ্যে আছে কতগুলি টাকা রাখা হয়েছে ফর সুইপার পেসেইজ, ফর রোড, ফর স্লাম ক্লিয়ারেন্স। শিবনগরে যে টাকা খরচ করা হচ্ছে সেইটা আলাদা না এর টাকা এর মধ্যে আছে।

শ্রীসুখময় সেনগুপ্ত—সবটা মিলিয়ে যেমন মেথর পেসেইজএর জন্য স্লাম ক্লিয়ারেন্স এর জন্য, ছোট ছোট রাস্তা করার জন্য যে টাকা আছে তাহা শুদ্ধ আরো টাকা মিলিয়ে তিন লক্ষ টাকা করা হয়েছে।

শ্রীনৃপেন চক্রবর্তী—মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি যেখানে ইঞ্জিনীয়ার নাই মিউনিসিপ্যালিটি এই কাজটা, এই তিন লক্ষ টাকার কাজটা কিভাবে করছে ?

শ্রীসুখময় সেনগুপ্ত—যেখানে প্রয়োজন পরে মিউনিসিপ্যালিটির পি, ডব্লিউ, ডি এর সাথে আলোচনা করে তাদের ইঞ্জিনীয়ার নিয়ে এসে কাজটা দেখেন।

শ্রীনৃপেন চক্রবর্তী—মাননীয় মন্ত্রী মহাশয় কি মনে করেন না এটা পি, ডব্লিউ, ডি-এর হাতে দিয়ে দেওয়া উচিত ?

শ্রীসুখময় সেনগুপ্ত—মিউনিসিপ্যালিটি যখন আছে তখন সেইটা, পি, ডব্লিউ, ডি, এর হাতে দিয়ে দেওয়ারতো কোন প্রশ্ন উঠে না। আর একটা কথা এই যে মিউনিসিপ্যালিটির ইঞ্জিনীয়ার ছিল, কিছুদিন পর্যন্ত ইঞ্জিনীয়ার নাই। কাজেই একটু অসুবিধা হচ্ছে, যে অসুবিধার কথা বলা হচ্ছে সেই অসুবিধা পি, ডব্লিউ, ডি, এর ইঞ্জিনিয়ার এসে ঠিক করে দিচ্ছেন।

শ্রীআতিকুল ইসলাম—মাননীয় মন্ত্রী মহাশয় বলবেন কি যে মিউনিসিপ্যালিটির কোন কাজ কি পি, ডব্লিউ, ডি, করছে না, যেমন ওয়াটার ওয়ার্কসএর কাজগুলি কি পি, ডব্লিউ, ডি, করছে না ?

শ্রীসুখময় সেনগুপ্ত—সেইটা পি, ডব্লিউ, ডি, কে হেণ্ড ওভার করে দেওয়া হয়েছে।

শ্রীনৃপেন চক্রবর্তী—মাননীয় মন্ত্রী মহাশয় জানেন কি যে মিউনিসিপ্যালিটির তো আর ইঞ্জিনীয়ার নাই, কেরানী দিয়ে তো আর রাস্তা হবে না, সবটা কাজ পি, ডব্লিউ, ডির হাতে দিয়ে দিলেই তো হয় ?

শ্রীসুখময় সেনগুপ্ত—তা হ'লে তো ইলেক্‌টেড মেম্বারের কোন প্রশ্নই উঠে না। যদি মিউনিসিপ্যালিটির সবকিছু পি, ডব্লিউ, ডিকে দিয়ে দেওয়া হয় তবে ইলেকটেড কমিশনারের কোন প্রশ্নই উঠে না।

Mr, Speaker—We have 10 minutes times more. There are some other questions given notice of by some members, who are now absents from the House. If any one of the present members is interested he may put.

Shri Nripendra Chakraborty—Question of Hemanta Deb, No. 40.

Shri B. Das—Hon'ble Speaker, Sir, Question No. 40 by Hemanta Deb.

QUESTION	ANSWER.
(a) Whether wheel-barrows are being used for removal of night-soil in Agartala Municipality ;	(a) Yes, But not in all the wards of the Municipality.
(b) if so, whether the Municipality has received any money for its introduction.	(b) Yes.
(c) if so, total amount received ;	(c) Rs. 12,250/- for Wheel-barrows night-soil buckets.
(d) if wheel-barrows have not been introduced the reasons therefor ?	(d) Wheel-barrows have been introduced only where the sweeper's passages admit of plying of these. The reasons for which wheel-barrows cannot be introduced as kachha and depressed measure of the sweeper's passage not permitting movement of wheel-barrows thereupon.

শ্রীনৃপেন চক্রবর্তী—মাননীয় মন্ত্রী মহোদয় জানাবেন কি যে কয়টা হুইল ব্যারোজ কেনা হয়েছে।

শ্রীবিনোদবিহারী দাস—আই ডিমাণ্ড নোটিশ।

শ্রীনৃপেন চক্রবর্তী—আরে, হুইল ব্যারোজ ইনট্রডিউস করা হয়েছে আর কয়টা কেনা হয়েছে সেটা বলবেন না ?

শ্রীবিনোদবিহারী দাস—আই ডিমাণ্ড নোটিশ, বলেছি তো।

শ্রীনৃপেন চক্রবর্ত্তী—মাননীয় মন্ত্রী মহাশয় কি জানেন যে এটা ওয়ান অব দি মোষ্ট ইমপর্টান্ট সেন্ট্রাল স্কীম যা নাকি সিডিউলড কাষ্টদের জন্য সেন্ট্রাল গভর্ণমেন্ট আমাদের বর্তমান প্ল্যানে ইনট্রডিউসড করেছেন এবং এইটা সমস্ত জায়গাতে যেখানে যেখানে আমাদের মেথর এবং ধাঙরদের কাজ করতে হয় সেখানে এটা ইনট্রডিউস করা দরকার?

শ্রীবিনোদবিহারী দাস—আমি তো আগেই বলেছি এটা আমরা অস্বীকার করছি না, সেটা ইনট্রডিউসড হয়েছে এখানে। তবে যেখানে কাচা রাস্তা আছে পাকা রাস্তা নেই যেখানে হুইল ব্যারোজটা যেতে পারে না। কিন্তু অন্যান্য জায়গায় ইনট্রডিউসড হয়েছে এবং সেখানেও যাতে নিতে পারি সেজন্য আমাদের প্ল্যান আছে। সেইভাবে আমরা অগ্রসর হচ্ছি।

শ্রীনৃপেন চক্রবর্ত্তী—মাননীয় মন্ত্রী মহোদয় কি জানেন যে এই হুইল ব্যারোজের যে টাকা সেটা শুধু হুইল ব্যারোজের জন্য খরচ হয় না সেটা সক্র্যাপারস্, বাস্কেস, গাম বুটস এবং হ্যাণ্ড গ্লাভস এগুলির সঙ্গে দিতে হয়?

শ্রীবিনোদবিহারী দাস—মাননীয় অধ্যক্ষ মহোদয়, এই প্রশ্নের উত্তরে আমি আগেই বলেছি ১২,২৫০ টাকা ফর হুইল ব্যারোজ অ্যাণ্ড নাইট সয়েল বাস্কেস।

শ্রীনৃপেন চক্রবর্ত্তী—গাম বুটস এ্যাণ্ড গ্লাভস কয়টা কেনা হয়েছে সেটা বলতে পারেন কি?

শ্রীবিনোদ বিহারী দাস—সেটা দেওয়া হয়।

শ্রীনৃপেন্দ্র চক্রবর্ত্তী—মাননীয় মন্ত্রী মহোদয় কি অস্বীকার করবেন যে আমাদের এখানকার ধাঙররা এটা আজকে পর্য্যন্ত পান নি?

শ্রীবিনোদ বিহারী দাস—এই কথাটা আমি স্বীকার করতে পারছি না।

শ্রীনৃপেন্দ্র চক্রবর্ত্তী—মাননীয় মন্ত্রী মহোদয় কি বলবেন যে এই হুইল ব্যারোজগুলি ষ্ট্যাণ্ডার্ডাইজড, না এখানকার তৈরী?

শ্রীবিনোদবিহারী দাস—এগুলি ষ্ট্যাণ্ডার্ডাইজড।

শ্রীনৃপেন চক্রবর্ত্তী—এগুলি কি বাইরে থেকে ইম্পোর্ট করা হয়েছে।

মাননীয় মন্ত্রী মহাশয় কি জানেন যে এই যে কাজটা এবং এটা যাতে হাতে করতে না হয় সেজন্য এই ব্যবস্থা করা হয়েছে এবং এটা অতি দ্রুত মেথর এবং ডাঙরদের মধ্যে ইনট্রডিউসড করার আরো বেশী প্রচেষ্টা চালানো দরকার?

শ্রীবিনোদবিহারী দাস—মাননীয় অধ্যক্ষ মহোদয়, কাজটা গ্লাভস্ লাগিয়ে করলেও কি হাতে করা হবে না?

শ্রীনৃপেন চক্রবর্ত্তী—সেটা বুঝবেন না। সেটা বুঝলে তো এখানেই আসতেন। মন্ত্রী হতেন না।

Mr. Speaker—I would call on Shri Hlura Aung Mog.

Shri Hlura Aung Mog—Question No- 143,

QUESTION	ANSWER
Will the Hon'ble Minister in-charge of the Agriculture Department be pleafed to state.	
(a) How many acres of New land have been brought under the paddy cultivation since 1960 ;	The estimated new area brought under paddy cultivation in 1963-64 since 1960-61 is 26,550 acres.
(b) Whether it is a fact that though the total production of the paddy Has increased after bringing the new land under cultivation, the average yield per acre has not increased for the absence of incentive on the part of Agriculture Department ?	No, it is not a fact that there is no increase in the average yield of paddy from 1960-61 onwards. It will appear from the estimated average yield of paddy noted below that there has been increase in the average yield after 1960-61. The average yield would have been better had the crops been not affected by natural calamities like flood. draught etc. Draught and flood affected the crops during 1962-63 and 1963-64 respectively

Year		Average yield of paddy per acre
I960-61	...	15. 12 Mds
1961-62	...	15. 65 Mds
1962-63	...	15. 52 Mds
1963-64	...	15. 40 Mds

শ্রীনৃপেন চক্রবর্ত্তী—মাননীয় মন্ত্রী মহোদয় কি জানাবেন যে এটা সত্যি কিনা যে তত বেশী জমি কালটিভেশনে আসছে তত খারাপ কোয়ালিটির জমিটা কল্টিভেশনে আসছে এবং এই জন্য অ্যাভারেজটা কম হচ্ছে ?

শ্রীসুখময় সেনগুপ্ত—এর মধ্যে কিছুটা সত্তা আছে।

শ্রীনৃপেন চক্রবর্ত্তী—মাননীয় মন্ত্রী মহাশয় কি জানাবেন যে কত জমি যা প্যাডি ল্যাণ্ডে ছিল ডাইভারটেড হয়েছে ইনটু জুট ইন ১০৬০ ?

শ্রীসুখময় সেনগুপ্ত—আই ডিমাণ্ড নোটিশ।

শ্রীনৃপেন চক্রবর্ত্তী—এটা অ্যাট অ্যাল ডেভেলাপড হয়েছে বলে মাননীয় মন্ত্রী মহাশয় মনে করেন কিনা ?

শ্রীসুখময় সেনগুপ্ত—আই ডিমাণ্ড নোটিশ ফর ইট।

শ্রীনৃপেন চক্রবর্তী—মাননীয় মন্ত্রী মহাশয় যে প্যাডি ইল্‌ডের হিসাব দিলেন উনি জানেন কি যে এই হিসাবটা কি করে গ্রহণ করা হয়, কি মেথডে?

শ্রীসুখময় সেনগুপ্ত—টোটেল প্রডাকশনের হিসাব করেই একরেজ করেই এই হিসাবটা করা হয় এবং এটা রিলায়েবল।

শ্রীনৃপেনচক্রবর্তী—টোটেল প্রডাকশনটাই কি করে হিসাব করা হয়?

শ্রীসুখময় সেনগুপ্ত—টোটেল প্রডাকশন দেখার নানারকম প্রসেস আছে। এটা আছে ক্রপ কাটিং প্রসেস আছে। তারপর অ্যাভারেজ ইলড কৃষকদের কাছ থেকে নেওয়া হয়, ব্লক এরিয়া থেকে হিসাবটা নেওয়া আছে, বিভিন্নভাবে এটা কালেকশন করা হয়।

শ্রীআতিকুল ইসলাম—মাননীয় মন্ত্রী মহোদয় জানাবেন কি যে কোন টাইপ অব ল্যাণ্ডের হিসাব করে এটা করা হয়েছে।

শ্রীসুখময় সেনগুপ্ত—অ্যাভারেজ ল্যাণ্ডের হিসাব করে।

শ্রীনৃপেন চক্রবর্তী—মাননীয় মন্ত্রী মহাশয় কি অবগত আছেন যে কৃষি দপ্তর এই অ্যাভারেজ ইল্‌ডের একটা হিসাব করেন এবং ষ্ট্যাটিসটিক্যাল ডিপার্টমেণ্ট অ্যাভারেজ আর একটা হিসাব রাখেন।

শ্রীসুখময় সেনগুপ্ত—এমন তো হচ্ছে বলে আমি জানি না। এখন একটা হিসাবই হচ্ছে।

শ্রীনৃপেন চক্রবর্তী—সেটা কার হচ্ছে?

শ্রীসুখময় সেনগুপ্ত—ষ্ট্যাটিষ্টিক্যাল ডিপার্টমেণ্টের।

শ্রীনৃপেন চক্রবর্তী—মাননীয় স্পীকার, স্যার, আমি এই জন্য বলছি যে ১৯৬৪-৬৫তে এবং ১৯৬৩-৬৪ তে ইলড যেটা এগ্রিকালচার ডিপার্টমেণ্ট হিসাব করেছিল তার চেয়ে অনেক কম ষ্ট্যাটিসটিক্যাল ডিপার্টমেণ্টের হিসাবে দেখানো হয়েছিল যার জন্য আমাদের অসুবিধা হয়েছে চাল বাইরে থেকে আনার জন্য এবং ত্রিপুরা তার জন্য খুব সাফার করেছে। সেই জন্যই আমি মনে করি সে এগ্রিকালচার ডিপার্টমেণ্টের হিসাব যেটা ১৪/১৫ মণ দেখালেন তিনি, না ষ্ট্যাটিষ্টিক্যাল ডিপার্টমেণ্টের হিসাব?

শ্রীসুখময় সেনগুপ্ত—সেটা আগেই বলেছি যে এখন যে হিসাব নেওয়া হয়েছে সেটা ষ্ট্যাটিসষ্টি-ক্যাল ডিপার্টমেণ্টের উপর নির্ভর করে।

শ্রীনৃপেন চক্রবর্তী—এখন যে হিসেবটা দেওয়া হয়েছে ৬০ থেকে সেটা এগ্রিকালচার ডিপার্টমেণ্টের হিসাব মত!

শ্রীসুখময় সেনগুপ্ত—এটা সবটা মিলিয়ে করা হয় কারণ এগ্রিকালচার ডিপার্টমেণ্ট থেকেও নিয়েই টোটেল কালেকশন সেটা হয় যেটা ষ্ট্যাটিষ্টিক্যাল ডিপার্টমেণ্ট থেকে ফাইন্তা-লাইজড হয়।

Mr. Speaker—Yes, Question Hour is over. There are some Unstarred Questions No. 206, 208, 212 given notive by Shri Bulu Kuki, 217 by Shri Atiqul Islam. The Ministers may lay on the table of the House the replies to the Unstarred questions. (Vide Appendix A')

I would now pass on to the next item. Next item is Calling Attention Notice. I have received Calling Attention Notice from Shri Hlura Aung Mog. Subject is "Large scale displacement of Tribals and Refugees of Bogafa, near the Block area, in Belonia subdivision due to acquisition of land for public purposes and absence of settlement schemes for the displaced persons".

I have given consent to make a statement. If the Hon'ble Minister is not in a position to make a statement to-day he will kindly give me a date when the Calling Attention Notice will be shown on the order paper for a statement.

Shri S. L. Singh—On 2nd April, Sir,

Mr. Speaker—I shall be obliged if the whips of both the parties give the names of the members who will participate in the general discussion.

শ্রীনৃপেন চক্রবর্তী—আজকের কাট মোশন তো কম আছে, কাজেই জেনারেল ডিসকাশনে টাইমটা একটু বাড়িয়ে দিলেই ভাল হয়।

মিঃ স্পীকার—টাইম ইজ ষ্টিল শর্টার।

শ্রীনৃপেন চক্রবর্তী—সাম অব দি কাট মোশনস আর ডিস এলাউড। কাজেই টাইমটা একটু বাড়িয়ে দিলেই ভাল হয়।

Mr. Speaker—Still there is shortage of time. Alright, as regards,

Shri Atiqul Islam—1½ hour may be allowed

Mr. Speaker—Alright, one our and half i, e. 90 minutes, the Opposition may have 50 minutes and the Government Party 40 minutes.

Mr. Speaker— Now I may see how far I can accept the suggession of the whips. If I am to fix up the limit I am to limit 5 minutes. for each member.

Now I would call on Sri Nripendra Chakraborty, the leader of the opposition to open fhe discussion on Supplimentery Estimates.

Shri Nripendra Chakraborty— মাননীয় Speaker Sir, at the out set আমি একটা point of order raise করতে চাই। আমার point order টা হচ্ছে এই যে supplementary demands for grants page 47 এ Public works — সেখানে furniture এ ১১,০০০ টাকার একটা demand put করা হয়েছে। সেটা charged নয়, voted এবং তার Explanatary note এ বলা হয়েছে যে সেটাকে Speaker এর ঘরের আসবাবপত্রের জন্য বরাদ্দ করা হয়েছে। আমার যতটুকু জানা আছে যে শুধু নিন্দা প্রস্তাব ছাড়া এ House এ Speaker এর

conduct যেটা discused হতে পারে না এবং সম্ভবতঃ সে জন্যই আমাদের যে Act সেই Actএ Speakerএর যে সমস্ত খরচ সেগুলোকে charged বলা হয়েছে যাতে সেগুলো discussionএ না আসে। কিন্তু যেহেতু এখানে ১৭,০০০ টাকার voted একটা demand এখানে রাখা হয়েছে। তার অর্থ হল Speakerএর যে conduct সেটাকে Horseএর সামনে আমরা discussionএ আনব। সেটা আসা উচিত কিনা এ সম্বন্ধে আমি একটা Ruling চাই। কারণ আমি নিজে মনে করি যে নিন্দাসূচক প্রস্তাব ছাড়া অন্য কোন occasionএ Speakerএ যে আচরণ সেটা আলোচনার বিষয় বস্তু আমাদের দিক থেকে আমরা সেটা চাই না। সেজন্যই এটা উচিত হবে কিনা, কারণ রাখলেই আমাদের আলোচনা করতে হবে। এ সম্পর্কে আমি একটা Speakerr এর Ruling চাই।

Mr. Speaker—The Hon'ble members is perfectly right that Speaker's conduct can not be made the subject of discussion, if it be not a censure motion or no confidenee motion. Here by the Provisions of the Act the Speaker's salaries, allowances and other amenities have been definitely stated and there the provision is that he will have a free furnished House. Here there is one mistake. I think, in the meantime the Hon'ble members have got one carrigendum. The sum of Rs. 17,000/- is not the cost of the furniture of the resident of the Speaker alone. This is the cost of furniture of the residence of the Speaker, the Chief Minister, the Deputy Ministers all put together. They are all entited to free farished quater. The furniture has been supplied by P. W. Deptt. So, this item should have been shoun in other way, because, Speaker has nothing to do with the purchase of this furniture. As he is supplied with a car, with a chaaffer with a house and other amenities he has been also supplied with furniture. So, there are two mistakes. One, the whole amount of 17,000/- was not the cost of the furniture of the Speaker's residence. This is one thing and whether this should be shown on whatever way it was to be shown, it was for the Govt. to see. But I think the Leader of the opposition is perfectly right that the amount which is to be voted should not have been associated with the figure and the lapses have been doubled. Becacse there has been mentioned only the name of the Hon'ble Speaker; that is printers devils do many evil things. They are also responsible.

Shri Nripendra Chakraborty— মাননীয় স্পীকার Sir, 1964—65 এর জন্য যে suplementary demands for grants রাখা হয়েছে— তাতে যে সমস্ত additional grants

চাওয়া হয়েছে সেটা যদি একটু ভাল করে scrutinse করা যায় তাহলে দেখা যাবে সেটা অনেকটাই formal এবং illusionary. Formal and illusionaıy এ জন্য বলছি যে substantial একটা additional grants for developmental work— তার মধ্যে আমরা খুজে পাচ্ছি না। Indro-ductory যে remarks এখানে রাখা হয়েছে supplementary demands for grants তাতে একথা বলা হয়েছে যে ২,৫১,০০,০০০ টাকা তারা চাচ্ছেন এবং সঙ্গে সঙ্গে একথাও বলা হয়েছে যে 1964—65 এ যে Original Budget তার থেকে 8,6,00,000/- সেখানে savings হবে। এই savings কোন কোন sector থেকে হচ্ছে সেটা যদি একটু লক্ষ্য করা যায় সেটা আমাদের 1965—66 এ বাজেট প্রস্তাবে আছে সেটা একটু scrutınee করলে, Original Budget for 1964—65 এ কত ছিল, revised Budget কত হয়েছে তা লক্ষ্য করলে দেখা যাবে খুব vital sector এ কতগুলো savings হয়েছে। Agricultur-এ, Industry-তে Public Health এ Animal Husbandary-তে এই সমস্ত sector এ ও কম বেশী savings হয়েছে। আর যদি আমরা দেখি additional grants সেটা কোন কোন item এর উপর বিশেষ করে হয়েছে তাহলে আমরা দেখব যেমন— payment of interest on loan যে loan আমাদের Central Govt. থেকে প্রতি বৎসর পাই তাতে সাড়েবার লক্ষ টাকার মত আমাদের additional grants দাবী করা হয়েছে।

Anticipated expenture on the loans and advances সেটা ৬ লক্ষ ১৫ হাজার টাকা যেমন এখানে দাবী করা হয়েছে, সে রকম সেদিক থেকে আমরা দেখি যে ১০ লক্ষ টাকা যেটা ear marked ছিল এই Head এ খরচ করার সেগুলো ওরা সময় মত rules ইত্যাদি frame না হওয়াতে সেই টাকাটা খরচ করতে পারেনি। তাহলে দেখা যাচ্ছে যে ১০ লক্ষ টাকা খরচ করতে পারেন নি। ৬ লক্ষ ১৫ হাজার সেখানে ওরা চেয়েছেন। Import of food grains এটার জন্য ১৪ লক্ষ কি তার থেকে কিছু বেশী টাকা ওরা চেয়েছেন। এটা একটা trading এবং এটার জন্য এই যে mis-calculation আমাদের ত্রিপুরা রাজ্যে কত খাদ্য উৎপন্ন হচ্ছে, কত ঘাটতি হওয়ার সম্ভাবনা, কত চাউল আমাদের বাহির থেকে আমদানী করতে হবে এবং তার জন্য কত টাকা দরকার সেটা আগের থেকে ওরা যে হিসাব করতে পারেন নি তারজন্য এই টাকাটা এখন ওদের অতিরিক্ত দাবী করতে হচ্ছে। তা ছাড়া Milk Scheme এর জন্য ১ লক্ষ ৩৮ হাজার টাকা, Jail, পুলিশ ইত্যাদির জন্য ৩ লক্ষ টাকা এবং অন্যান্য মোটা টাকার মধ্যে দেখা যাচ্ছে Industrial একটা corporation এখানে করা হবে।

এ ছাড়া Arrear Payments কিছু আমাদের Employeeদের মধ্যে করতে হবে। Day to Day যে সমস্ত Development work আছে তা যদি আমরা দেখি তা হলে দেখতে পাই যে Relief এর জন্য কিছু টাকা রাখা হয়েছে, Grow more food এর জন্য কিছু টাকা রাখা হয়েছে, Drinking water এর কিছু টাকা রাখা হয়েছে, Backward class এবং D. P. এর জন্য কিছু টাকা রাখা হয়েছে। সেটা হচ্ছে সামান্য অংশ, মোটা অংশ হচ্ছে আগে আমি যে সমস্ত item-গুলি বললাম সেগুলো। কাজেই আমি বলছিলাম যে, যদিও ২,৫১,০০০ টাকা দেখাচ্ছে, কিন্তু আসলে Developmental works এর জন্য এর থেকে খুব কম টাকা আসছে। আমি এই Suplimentary Demands এর আলোচনাতে আমি সমগ্রভাবে প্রত্যেকটি item এর উপর আলোচনাতে যাচ্ছি না।

Broadly কয়েকটা item এর উপর আমি আমার আলোচনা নিবদ্ধ রাখব, এবং কয়েকটা বিসয়কে এই House এর সামনে আমি high light করার চেষ্টা করবো। কর্ম্মচারীদের যে Revision of Pay Scales, সে সম্পর্কে এখানে Arrear Payment এর কথা বলা হয়েছে কিন্তু একথা বলা হয়নি যে arrear এই যে Ist Revision হলো 2nd Pay Revision হলো এবং তার পরেও যে সমস্ত জায়গাতে কর্ম্মচারীদের উপরে অবিচার হয়েছে, সেই কর্মচারীদের অবিচার সংশোধন করবার জন্য নূতন করে Pay Committee গঠন করার কথা গত Assembly-র অধিবেশনে মন্ত্রীসভার পক্ষ থেকে ঘোষণা দিয়েছিল কিনা, সেই award imlemented হচ্ছে কিনা সে সব কথা আমরা জানতে চাই যে Arrear payment এর মধ্যেও সেটা আসবে কিনা? এটা Generally আমি বলছি কারণ প্রত্যেক Deptt, এ সম্পর্কে বিক্ষুব্ধ কর্মচারী রয়েছেন। তাছাড়া ১৯৬১ এর পরে কোন D. A. Revision হয়নি, West Bengal হয়নি বলে এখানেও হয়নি। কিন্তু দাশ কমিশন award দেওয়ার পরে Central Govt যে one man commission গঠন করেছিলেন D. A. সম্পর্কে, তারপরে এখন আর এটা অপেক্ষা করতে পারে না, এবং সেটাও এর ভিতরে অন্তর্ভুক্ত হবে কিনা সেটা আশা করি মন্ত্রী মহোদয়রা জানাবেন। আমি এর উপরে কোন বিস্তৃত আলোচনায় যাচ্ছি না, কিন্তু একটা দুইটা mistake যা আমাদের এই বইয়ের মধ্যে চোখে পড়ে, আমাদের যে উনারা বের করেছেন Tripura Employees Revision of pay and allawances Rules, 1963, একেবারে clerical m!stake, যেটা যে কোন সময়েতে rectify করা যায় সেটা কেন যে দু'বছরের মধ্যেও rectified হচ্ছে না, মাননীয় Speaker Sir, সেটা আমি House এর সামনে রাখতে চাই। এই বইটার page —70 যদি কেউ দেখে থাকেন, সেরেস্তাদার Sub-Judge's Court দু'বার এই post টার জন্য টাকা রাখা হয়েছে অথচ দুইটা post কিন্তু এই জন্য নেই। ব্যাপার হচ্ছে এই একটা সেরেস্তাদার Sub-Judge Court. আর একটা হবে সেরেস্তাদার Munsif Court, অথচ Munsif Court এর যে সেরেস্তাদার সেই ভদ্রলোক তার Revision of Pay Scale পাচ্ছেন না কেন? না, কোন Typist বা কোন কর্মচারী হয়তো ভুল করে একটা নাম দুইবার করে ঢুকিয়ে দিয়েছেন, আর একটা নাম omitted হয়ে গেছে। সেই যে mistake-টা সেই mistake আর rectified হচ্ছে না। ঠিক তেমনি ঐ একই জায়গাতে Beneh clerk, Munsif Court বলে একটা post রাখা হয়েছে যে post এখানে নেই। সেটা হওয়া উচিৎ Bench clerk, Distric Judge Court এবং District Judge Court এর যিনি Bench clerk তিনি এই Pay Scale পেতে entitled, কিন্তু তিনি এই Pay Scale-টা পাচ্ছেন না। ঠিক তেমনি Sessions clerk, Add. Judge's Court বলে কোন post নেই। Post এ আছে কি? Post এ আছে Session clerk District Judge's Court, কিন্তু সেই ভদ্রলোক যিনি এই post এ কাজ করেছেন তিনি এর কোন advantage পাচ্ছেন না, অথচ এই Employee যা 130-5-180 এই Scale পাচ্ছিলেন এবং সেই Revision of pay Scale যদি তাদের ক্ষেত্রেতে প্রয়োগ করা হয় তাহলে তারা ২০০-১০-৩০০ যে Scale পেতে পারে এ সম্পর্কে তারা move করেছে। উর্দ্ধতন যারা অফিসার আছেন তারা admit করেছেন যে এটা Mistake হয়ে গেছে, কিন্তু Chief Secretary র mistake, এটা যদি Central Court এর Finance Deptt. ধরে তাহলে এটা লজ্জার কথা, কেলেঙ্কারীর কথা। কাজেই আমাদের Chief

Secretary লজ্জা পাবেন সেটা তো হতে পারে না, তাই কর্মচারীরা না খেয়ে থাক, সেটা অনেক ভাল কথা এবং আমাদের মন্ত্রীরা তারাও জানেন তা নয়, তাদের কাছেও সেই জিনিসটা উপস্থিত করা হয়েছে। তারা দিল্লী যান, কিন্তু তারাও Cheif Secretary র দিকে তাকিয়ে আছেন এবং তাদের যে কোন বক্তব্য রাখা এ একটা সামান্য mistake টাকে সংশোধন করার ক্ষেত্রেতে, সেটা তারা আজকে রাখছেন না। মাননীয় Speaker Sir, আমি Revision of Pay Scale সম্পর্কে বিশেষ করে অন্যান্যদের সমস্তগুলি Category র কথা না বলে আমি জানতে চাচ্ছি যে Nurse দের Revision of Pay Scale এটার অন্তর্ভুক্ত কিনা।

এই যে Arrear Payment এর কথা বলছেন তাদের যে Revised Pay Scales এসেছে সেটা অনেক ক্ষেত্রেতে তাদের Existing Pay Scale থেকে কম, অথবা তাদের কোন রকমই Economic benefit দেওয়া হয় নি। সেই Scale পাল্টাবার জন্য এখান থেকে আমি যতটুকু জানি, তাদের Deptt. থেকে নূতন Scale Suggest করা হয়েছে এবং তারা এটা স্বীকার করছেন যে এখানকার Nurse দের West Bengal এর Nurse দের সঙ্গে একেবারে Mechanically দেখলে চলবে না, কারণ West Bengal এর Nurse রা অনেক রকমের ভাতা তারা পায়, যে ভাতা এখানকার Nurse দের দেওয়া হয় না। কাজেই সেখানকার সঙ্গে Machanically মিলিয়ে দেখলে চলবে না, কাজেই তাদের ক্ষেত্রেও West Bengal থেকে আলাদা Scale দিতে হবে। ওটা consideration এর মধ্যে নিয়ে যে এখানকার Nurseদের অনেক রকম ভাতা দেওয়া হয় না। এ সম্পর্কে আমি বিশেষ করে বলতে চাচ্ছি না, কিন্তু আমি underline করতে চাচ্ছি. কারণ এটা সম্পর্কে আমি মন্ত্রী মহাশয়দের কাছ থেকে শুনতে চাই। আমি এখানে একটা Itemএ দেখলাম—বলা হয়েছে Non Govt. Secondary Schools যা আছে তাতে Payment of recurring & non recurring Grants তার জন্য কিছু বাড়তি টাকা চাওয়া হয়েছে। এই যে Non Govt. Secondary Schools, তাদের যা Arrear Payment এর প্রশ্নটা এটা এমন একটা ন্যাক্কারজনক অবস্থায় এসে দাঁড়িয়েছে যেটা আমাদের পক্ষে দুঃখজনক. কলঙ্কজনক বললেও অন্যায় হবে না, কারণ এই Secondary Schools এর যেগুলি Non Govt Secondary Schools তাদের Teacherরা এ দুটো Pay Revision এর কোন advantage আজ পর্য্যন্তও পেলেন না। এটা লজ্জার কথা। কারণ প্রথম Pay scale Revised হলো সেটা 1-7-59 এ introduced হয়েছে। মাননীয় Speaker এটা সম্ভবতঃ সবারই জানা আছে যে Grant-in-aid Rules এ They are entittled to get salaries যেটা similar to the Salaries of Govt. Schools teachers ; কাজেই সরকারী Schoolএর যে শিক্ষিত তারা একটা নয়, দু'টা Pay Revision যে পেলেন আর আমাদের যে সরকারী যে সমস্ত সাহায্যপ্রাপ্ত Secondary Schools তাদের শিক্ষকরা 1959 এর পর থেকে, আজকে 1965, এই পাঁচ বৎসরে তারা একটাও Revision of pay scale এর benefit পেলেন না। এটার কারণটা আমি জানতে চাচ্ছি। আমরা যতটুকু জানি যে প্রথম তাদের কাছে Memo পাঠানো হয়েছিল 1963তে সেই Memoতে বলা হলো যে তোমরা তাড়াতাড়ি করে তোমাদের Initial Pay Fixation Statement পাঠাও। Teacherরা তারা ক্ষুধার্ত, তাই তাড়াতাড়ি করে সমস্ত স্কুল থেকে সেই statement পাঠালো। তার পরে

দরবার চললো, দেখা সাক্ষাত ইত্যাদি কিন্তু সব চুপচাপ, কোন ফল হলো না তারপর তারা মনে করলেন যে ঐ শিক্ষা দপ্তরকে দিয়ে কিছু হবে না। এখন তো মন্ত্রী সভা হয়েছে, কাজেই মুখ্য মন্ত্রী ও শিক্ষা মন্ত্রীর কাছে গিয়ে উপস্থিত হলেন ত্রিপুরার Teachers Association 9/9/64এ। সেখানে দরবার হলো কিন্তু তারপরে তারা বুঝতে পারলেন যে মন্ত্রীসভা হলেও এখানে ওদের কিছু করবার বিশেষ কোন ইচ্ছা নেই। Pay Scale Revision দ্বিতীয় বার আসল in the middle Part of the Last Year—গত বছর মাঝামাঝি সময়েতে Second Pay Revisionটা আসল। সেটা শিক্ষকদের ক্ষেত্রেতে অনেকটা বেশী ফলপ্রসূ হয়েছে 1st Pay Revision থেকে এবং তারও একটা Memo তাদের কাছে পাঠানো হলো 7/9/64 এ। কিন্তু সেই Memo পাঠানোর পরেও শিক্ষাদপ্তর, শিক্ষামন্ত্রী ও মন্ত্রীসভা সবাই চুপচাপ। তাদের আজকে পর্য্যন্ত কোন ব্যবস্থা হলো না। যতটুকু জানা যায় তারা এটা আশা করছেন যে এই সমস্ত দায়ীত্বটা বর্ত্তমানে এই সমস্ত Schoolএর যে পরিচালক কমিটি তারা গ্রহণ করবে এবং দু'বছর পরে তারা যখন Payment পাবে, তাদের Grant in aidএর সমস্ত Payment পাবে তখনই টাকাটা তাদের দিয়ে দেওয়া হবে। এটা সম্ভবতঃ শিক্ষা দপ্তর আশা করছেন যে এটা এভাবেই চলবে। কিন্তু আসলে কথাটা কি? এই সমস্ত Schoolগুলিকে যদিও বে সরকারী বলা যায়, কিন্তু তাদের আয়ের পথ অত্যন্ত সীমাবদ্ধ, সীমাবদ্ধ কেন? না, আমাদের শিক্ষা ব্যবস্থার মধ্যে ক্রমশঃ শিক্ষাকে অবৈতনিক করার যে প্রচেষ্টা চলছে সেই প্রচেষ্টার ফলে অধিকাংশ ছেলেকে বেতন দিতে হয় না। এই কারণে বে সরকারী School গুলির যে আয় সেগুলো Shrink করতে বাধ্য এবং Shrink করছে, যার ফলে তাদের কাছ থেকে শিক্ষকের যে increase Pay Scale এর যে Arrear Payment সেটা করা সম্ভব হবে না। এটা ওরা জেনেশুনে এ ব্যবস্থাটা চালু করছেন না এবং এভাবে ওদের ঝুলিয়ে রাখছেন। শুধু তাই নয়, মাননীয় Speaker Sir, এই ব্যবস্থা ওরা রেখেছে যে Grand-in-aidটা ওদের সময় মত দেন না এবং তা একটা বড় অংশ। ওরা বলেন যে যখন শেষ হিসাবপত্র হবে তখন সেটা দেওয়া হবে। এবং এটা করতে যেয়ে দেখা যায় যে ওঁরা এমন একটা অবস্থার সৃষ্টি করেন যার ফলে অনেক স্কুল তাদের সত্তা রক্ষা করতে পারেন না, এবং অন্যান্য তহবিলের টাকা স্কুলের শিক্ষকদের বেতন মারফত খরচ করতে হয়। যেমন আমি দেখেছি শ্রীনাথ বিদ্যা নিকেতন সম্পর্কে কয়েক দিন আগে একটা রিপোর্ট বেরিয়েছে পত্রিকায় যে তারা Provident Fundএর টাকা খরচ করছে। আমি তাদের কাছে থেকে জানতে পারলাম তারা বলছে, না করে উপায় কি? শিক্ষকদের যদি বাঁচিয়ে রাখতে হয় তা হলে তাদের বেতন দিতে হবে এবং বেতন দেওয়া সম্ভব নয় যতক্ষণ পর্য্যন্ত না আমরা Grant-in-aidএর টাকা পাচ্ছি। এই স্কুলটি 1962—1963 থেকে, Grant-in-aidএর টাকাটা পান না। আজকে 1965, অথচ 1962, 63 থেকে তাদের Grant-in-aidএর টাকা পাওনা রয়েছে, ঝুলিয়ে রাখা হয়েছে বিভিন্ন কারণে। অর্থাৎ অসৎ পন্থা অবলম্বন করতে কোন জায়গায় হয়তো Building এর টাকা খরচ করতে, কোন জায়গায় হয়তো Provident Fundএর টাকা খরচ করতে এরা শিখাচ্ছেন, আমাদের মন্ত্রীরা হাত ধরে ধরে শিখাচ্ছেন। কারণ যেটা ওদের ন্যায্য পাওনা সেটার থেকে বঞ্চিত হচ্ছে। নতুবা এর অর্থ কি? Primary School যেগুলো সেগুলো কোথা থেকে টাকা পাবে? Primary Education যেখানে অবৈতনিক হয়ে গেছে সেখানে তাদের কাছ থেকে

কি করে আশা করা যায়। এই শ্রীনাথ বিদ্যানিকেতনে ছয়জন Teacher আছে Primary Schoolএ। তাদের চারজনকে বেতন দেওয়া হয়, দু'জনকে বলা হয় যে এখন দেওয়া হবে না। যখন পরে Grant-in-aid এর টাকার হিসাব হবে তখন তোমরা হিসাব করে নিও। আমি জানি কৈলাসহরের রামকৃষ্ণ মহাবিদ্যালয়ের সঙ্গে রামকৃষ্ণ শিক্ষা প্রতিষ্ঠান বলে যে স্কুলটি আছে তার সঙ্গে যে Primary Section আছে সেখানেও একজন Primary Teacherএর বেতন দেওয়া হচ্ছে না। এই ধরণের একটা অবস্থা আজ সৃষ্টি করে রেখেছেন এবং যার ফলে অনেক Primary Teacher অসুবিধা ভোগ করছেন। এবং এই ধরণের যে Irregularity তা সেখানে হচ্ছে। মাননীয় Speaker Sir, আমি দেখছি যে শুধু Arrear Payment এর জন্য নয়, আরো কিছু টাকা Grant হিসাবে দেওয়ার দরকার ছিল। যেমন আমি বলছিলাম রামকৃষ্ণ শিক্ষা প্রতিষ্ঠানের কথা এরা সম্পূর্ণ নিজেদের চেষ্টায় একটা High School করেছেন যেটা Higher Secondary School হয়েছে। এখন তাদের building নেই, জায়গা নেই, জায়গা কিনতে হবে, building construction সেখানে করতে গেলে তাদের হিসাব মত ৩,২৫,০০৲ টাকা শুধু building construction করাতে যাবে এবং জমি প্রায় ৮ কাণির মত রাখতে হবে। এ টাকা ওরা কোথা থেকে পাবে যদি Govt. টাকা না দেয়। অথচ আমরা দেখছি Govt. Higher Secondary School এর জন্য যথেষ্ট টাকা খরচ করছেন। একটা Govt. Higher Secondary School এর Building Constructiou এর জন্য তারা তিন লক্ষ টাকা খরচ করছেন। অথচ এই স্কুলটির জন্য মাত্র ৪০,০০০৲ টাকা দেওয়া হয়েছে। এই স্কুলের ছেলেরা নিজেরা নিজেদের শ্রম দিয়ে এরা নিজেদের construction করছেন এবং নিজেরা কিছু টাকা তুলে জমি কিনেছেন। এরা দাবী করছেন আমাদের সদস্যদের কাছে, মন্ত্রীসভার কাছে, যাতে এদের আরো কিছু টাকা দেওয়া হয়। যাতে এরা নুতন constructionটা সম্পূর্ণ করতে পারেন। সেদিক থেকে শ্রীনাথ বিদ্যানিকেতন ও একটা construction আরম্ভ করেছেন। তাদের আরো টাকার দরকার। বিশেষ করে কতগুলি স্কুলে, যেখানে বোর্ডিং নেই, যেমন রামকৃষ্ণ শিক্ষা প্রতিষ্ঠান। একথা সবাই জানেন যে কৈলাশহরের মধ্যে Schedule caste এবং Schedule Tribe একটা Vast Population এবং এদের ছেলেরা ধর্মনগর এবং অন্যান্য জায়গায় যায়, আগরতলাতে আসে পড়বার জন্য কিন্তু বোর্ডিংএ থেকে পড়বার জায়গার অভাব। এবং এই স্কুলটিতে যদি একটি বোর্ডিং হয় তা হলে Schedule cast এবং Schedule Tribeএর ছেলেরা অনায়াসে এখানে পড়তে পারেন। যে সমস্ত Schedule casteএর ছেলে বা Schedule Tribe এর ছেলে বর্তমানে ঐ স্কুলে পড়ছেন, আমি খবর নিয়ে দেখলাম তারা এই বোর্ডিং Stipendএর যে Facilities যেমন অন্যান্য যায়গায় পেয়ে থাকেন, সেই Facilitiesগুলি তারা পাচ্ছেন না। পাচ্ছেন না এই কারণে যে সেখানে বোর্ডিং স্থাপন করার যে সুযোগ সুবিধা সেটা তাদের নেই আমি জানি Schedule caste, Schedule Tribe এর নিজেদের Fundএর টাকা নিয়ে Schoolএর হাতে দেওয়া যায় বোর্ডিং Constructionএর জন্য। সেদিকে নজর দেওয়ার জন্য আমি মন্ত্রী সাহেবদের বলছি। এবং বোর্ডিং Stipend এর প্রশ্নে আমি এখানে আর একটি কথা তুলছি—এখানে অতিরিক্ত বরাদ্দ দাবী করা হয়েছে কিন্তু বোর্ডিং Stipendটা কবে ঠিক হয়েছে? প্রায় ৫ বৎসর আগে, ৫ বৎসর আগে জিনিস পত্রের দাম কি ছিল? এবং এই পাঁচ বৎসরের মধ্যে জিনিস পত্রের দাম বেড়েছে কিনা? দাম বেড়েছে? তা হলে কত Percent

বেড়েছে ? সমান তুলনায় না হলেও আমি বলছি যে এই বর্ডিং Stipendটা আরো বাড়ানো উচিৎ। আমি দেখেছি খোয়াইতে, কল্যাণপুরেতে এবং অন্যান্য জায়গায় তারা কি খায়। এক টাকা চার আনাতে দু'বেলা তাদের কি খাওয়া হয় ? তারা অনেকেই টিফিন করতে পারে না এবং এমন একটা অবস্থা সেখানে যে ঐ সিদল ভাত খেয়ে তাদের অনেক সময় কাটাতে হয় এবং এই টাকাও তারা সময়মত পান না। অনেক সময়েতে এক মাস তিন মাস দেরী হয়ে যায়।

আমি একটা দাবী করছি যে এটা review করা হউক। শুধু আমি দু একটা Boardingএর কথা বলছি না। Generally যেখানে যেখানে boarding Stipend দেওয়া হচ্ছে. যে যে স্কুলে দেওয়া হচ্ছে, I. T. I, তে দেওয়া হচ্ছে ও অন্যান্য যে সমস্ত স্থানে আছে Agriculture স্কুলে আছে, সেগুলো review করা হউক। Test relief সম্পর্কে, মাননীয় Speaker Sir, এখানে কিছু টাকা রাখা হয়েছে test relief এবং relief এর কাজের জন্য। কিন্তু আমি জানতে চাচ্ছি যে এই যে পদ্মবিলে বিরাট এলাকা জুড়ে আমাদের এলাকার উপরে পাকিস্তানীরা হামলা চালাচ্ছে এই এলাকার displaced personএর number হচ্ছে প্রায় ১শত ৪০এর উপরে তাদের পরিবার। এই পরিবার গুলো, তারা বহুবার দরখাস্ত করেছে, তাদের সমস্ত ফসল নষ্ট হয়ে গিয়েছে, বাড়ীঘর নষ্ট হয়ে গিয়েছে এবং একথা সবাই জানে এই Houseএর যে পাকিস্তানের যে মতিগতি, আজকেও যেভাবে আমরা খবরের কাগজে দেখছি—যে তারা যেসমস্ত হুমকি চালাচ্ছে, যে ধরণের বিভিন্ন জায়গাতে হানা দিচ্ছে এবং যে ধরণের নাশকতামূলক কাজ কাশ্মীরে ও অন্যান্য জায়গাতে তারা চালাচ্ছে তাতে আমাদের বিভিন্ন অঞ্চলে সতর্কতামূলক ব্যবস্থা অবলম্বন করতে হবে এবং এই সমস্ত হামলা আমাদের অবসান করতে হবে। কিন্তু যারা এই মোকাবিলা করছেন সেই লোকদের জন্য যদি আমরা একটা relief এর ব্যবস্থা না করি তাহলে জনসাধারণের মনোবল সাধারণভাবে আমি মনে করতে পারি যে আমরা রক্ষা করতে পারি না। ওরা যে ফসল হারিয়েছেন, বাড়ীঘর হারিয়েছেন আজকে পর্যান্ত কোন রকম material help except some test relief work তাও অতি সামান্য সময়ের জন্য, এ ছাড়া পাননি। S D. O.র সঙ্গে আলাপ করেছি। তিনি বলেছেন যে আমরা একটা স্থায়ী rehabilitation এর কথা ভাবছি যে এদের একটা স্থায়ী rehabilitation করা যায় কিনা। আমি সেখানের S. D. O. র সঙ্গে agree করি যে আজকে সেখানে একটা সামান্য test relief ইত্যাদি না দিয়ে এদের স্থায়ীভাবে rehabilitate করা দরকার। এদের housing এর ব্যবস্থা, এদের যদি টিলাও দিতে হয় তা হলে সেখানে টিলা চাস করার, horticulture করার ইত্যাদি বিভিন্ন ধরণের কাজ দিয়ে এদের employmentএর opportunities সেখানে create করে দেওয়া দরকার। তাদের petition এর কথা আমি বলছি। মাননীয় Speaker Sir, পুলিশ বাজেটে কিছু টাকা এখানে রাখা হয়েছে। কিন্তু আমি জিজ্ঞাসা করি যে সমস্ত ত্রিপুরাতে এই যে চুরির হিরিক বাড়ছে এগুলো prevent করার জন্য এরা কি করছেন ? পাকিস্তানে আমাদের বিভিন্ন Border এলাকা থেকে হাজার হাজার গরু চালান হয়ে যাচ্ছে। এভাবে বর্ডারে পুলিশের চোখের উপর দিয়ে সেই সমস্ত জায়গায় এই সমস্ত গরু চালান হয়ে যাচ্ছে। আসারাম বাড়ী এলাকা থেকে যে ধরণের report আছে, মাননীয় Speaker Sir, সেটা আশ্চর্য্য যে সমগ্র এলাকায় সেখানে গরু বাছুর চুরি করছে। তিনটী পঞ্চায়েতের প্রধান, তাঁরা লিখিত ভাবে জানিয়েছেন, যে

পুলিশকে খবর দিলে পুলিশ গরু চোরকে ছেড়ে দিয়ে যারা খবর দেয় তাদেরকে ধরতে যায় এবং এটা লিখিতভাবে তারা দিয়েছে যে B, O. P, তারা ইচ্ছা করে অথবা যোগ সাজসে হউক তারা এটাতে আরও help করছে। আমাদের এটাতে protect না করে তারা গরু বাছুর পাচারে help করছে। সেই শিলাছড়ি থেকে, ঘোড়াকাপা থেকে report আসছে যে মহিষ চুরি, গরু চুরি, তথায় দিনের পর দিন বেড়ে চলছে এবং সেখানে সেই মস্ত B. O. P. থাকা স্বত্বেও তারা কোন রকমের ব্যবস্থা করছেন না এগুলোর বিরুদ্ধে। কাজেই আমরা এখানে টাকা মঞ্জুর করে দিচ্ছি অথচ তারা এইসমস্ত কাজগুলো দেখছেন কিনা সেই সম্পর্কে আমাদের মন্ত্রী মহাশয়রা নজর দিচ্ছেন না। আমরা জানিনা যোগ সাজস তাদের সঙ্গেও আছে কিনা এই সমস্ত গরু এবং মহিষ চালানের ব্যাপারে মাননীয় Speaker, Sir, প্রফুল্ল তাঁতি বলে একজন কংগ্রেস দালাল তাকে বেতাল্য বাড়ী B.O.P. arrest করল, arrest করার পর কংগ্রেসের নেতা কানু মজুমদার যেয়ে বললেন যে কার হুকুমে আপনি একে arrest করলেন এবং সেটার থেকে তাকে ছাড়িয়ে দিয়ে আসা হল গত মাঘ মাসে। এই কাণ্ড কারখানা হচ্ছে অর্থাৎ যারা দুস্কৃতি পরায়ণ লোক তাদের যদি B. O, P. বা কোন যায়গায় ধরেনও কোন কারণে তা হলে কংগ্রেস অন্যায়ভাবে, ভয় দেখিয়ে জোর জুলুম করে, অবৈধভাবে মন্ত্রীদের কথা বলে সেই সমস্ত দুস্কৃতিকারীদের ছাড়িয়ে দেয়—সেই সমস্ত এলাকা থেকে। তারা সমস্ত এলাকাকে ধ্বংস করছে এই ভাবে মাননীয় Speaker, Sir, আর একটা কথা বলে আমি শেষ করব। সেটা হচ্ছে Landless Colony সম্পর্কে। Landless Colony সম্পর্কে এখানে কিছু টাকা রাখা হয়েছে। খুব ভাল কথা এবং আমি সম্ভবতঃ যতটুকু জানি, যতটুকু খবর নিয়েছি এর প্রায় ১০০ টা টাকাই সম্ভবতঃ খোয়াই Sub-Division এ খরচ করা হয়েছে। আমি মন্ত্রী মহোদয়দের কাছে জানতে চাই যে এই টাকার কতটা কোন কোন sub-Division এ খরচ করা হচ্ছে। আমি দেখছি যে এই টাকাটা লুট করার জন্য খোয়াই Sub-Divisionএ কংগ্রেসের মধ্যে দালাল শ্রেণীর লোক অসংখ্য দল পাকাচ্ছে। ঐ প্রফুল্ল তাঁতি, ঐ অনিল বিশ্বাস, তেলিয়ামুড়াতে এবং অন্যান্য জায়গাতে বিভিন্ন দালাল শ্রেণীর লোক যারা আছে তারা দল পাকাচ্ছে, list তৈয়ারী করছে এবং নিয়ে তারা দিচ্ছে যে এরা হচ্ছে রবি রাংখল কালু মজুমদার ইত্যাদি ইত্যাদি। listএ দিচ্ছে যে ভূমিহীন কলোনী আমরা তৈয়ারী করছি। সব list আমাদের থেকে নিতে হবে, আমরা সমস্ত টাকা দেওয়ার ব্যবস্থা করব এবং যারা list নিচ্ছে তাদের থেকে মোটা টাকা ১০ টাকা ১৫ টাকা ২০ | ২৫ টাকা করে তাদের থেকে ঘুষ নিচ্ছে। এবং এরা যাচ্ছেন কোথায়? tribalরা যেখানে দীর্ঘদিন যাবৎ জমি দখল করে আছে সেখানে গিয়ে জোর জুলুম করে বসছে। innumarble disputes চাম্পা হাওয়ারে যান সেখানে একটা Completely tribal dominated area, সেখানে non-tribals কে নিয়ে ঢুকাচ্ছে। ঢুকিয়ে গিয়ে বলছে যে আমরা এখানে কলোনী করতে এসেছি এবং আমরা এখানে ভূমিহীন কলোনী করব।

গোপালনগর, চাম্পা হাওয়ার, রাজনগর, আখাড়বাড়ী এবং চাকমা ঘাট এবং ব্রহ্মছড়া, ব্রহ্মছড়াতে যারা একবার লোন পেয়ে গিয়েছে সেখানে গিয়ে তারা বলছেন যে মুখ্যমন্ত্রীর বাবার নামে একটি কলোনী হবে এবং সেই জন্য তারা টাকা তুলছেন। অনেক ক্ষেত্রে দেখা গেছে যে বহুদিন যাবৎ যারা খাস জমি চাষাবাদ করে আসছে, সেখান থেকে তাদের উচ্ছেদ করে Refuge নিয়ে

বসাচ্ছে ; এদের মধ্যে হয়ত অনেকে পুনর্বসতি, পেয়েছে। আমি দেখছি যে যারা Tribal তাদেরে উচ্ছেদ করার জন্য এবং ভূমিহীন কলোনী set up করার নাম করে, পুলিশ দিয়ে, পুলিস ক্যাম্প বসিয়ে Tarrorised করা হচ্ছে। কল্যাণপুর এবং অন্যান্য জায়গাতে তারা Tarrorised করছেন. পুলিশ ক্যাম্প বসিয়ে, যারা কোন রকমে জমি রক্ষা করার জন্য, জমির দখল রক্ষা করার জন্য চেষ্টা করছেন, তাদের Tarrorised করছেন। এ ধরণের ঘটনা কুলাইতে হচ্ছে। সেখানে সুধাংশু ঘোষ বলে একজন লোককে তারা দালাল সৃষ্টি করেছেন। তাকে দিয়ে এই সমস্ত ভূমিহীনদের থেকে টাকা লুট করছেন এবং ভূমিহীনদের এভাবে নিঃস্ব করছেন। কাজেই এখানে তারা যে টাকা চাচ্ছেন সেটা আসলে ভূমিহীনদের জন্য নয়। সেটা হচ্ছে কংগ্রেসের মধ্যে কিছু দালাল সৃষ্টি করে এবং বিভেদ সৃষ্টি করে এবং এলাকার ভূমিহীন, যাদের মধ্যে জুমিয়া আছে, Tribal আছে, Schedule caste, Schedule Tribe এদের মধ্যে একটা বিরোধ সৃষ্টি করতে চায়। এরা চায় এই টাকাটা যাতে সৎ কাজে ব্যয় হয়। এর আগেও যে সমস্ত জায়গায় ওরা Settlement দিয়েছে সেই সমস্ত জায়গায় ওদের নামে টাকা রাখা সত্বেও ওরা পেয়েছে অতি সামান্য, অধিকাংশ টাকা দালালদের পকেটে গিয়েছে, যার জন্য এই সমস্ত জায়গায় কোন পুনর্বসতি হয়নি।

Mr. Speaker—I would now call Hon'ble member Shri Monoranjan Nath.

Shri Monoranjan Nath—মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমাদের মাননীয় অর্থ মন্ত্রী যে Supplementary Grants Houseএর সামনে উত্থাপন করছেন, তার আমি সমর্থন জানাচ্ছি। এখানে Supplementary Grantsএ দেখা যাচ্ছে যে ২,৫১,০০,০০০৲ টাকার মত আমাদের ১৯৬৪-৬৫ তে Grant আবশ্যক। সে সম্পর্কে যে Grant তাদের Explanatory Noteএ আছে, কি কি বাবতে সে সমস্ত টাকা ব্যয়িত হবে. বিশেষ করে কর্মচারীদের বেতন Revised হওয়ায় এবং Dearneses allowance এবং তাদের অন্যান্য বেতন, যা বেড়েছে, তা দিতে গিয়ে এই Supplementary Grants এর আবশ্যক হয়ে পড়েছে। আগে যে Budget আমরা করেছিলাম তাতে সঙ্কুলান না হওয়ায় Supplementary Budget এর আবশ্যক হয়ে পড়েছে। আমরা যদি গত বৎসরের বাজেট দেখি তা হলে আমরা দেখতে পাই যে, আয় ধরা হয়েছিল ১৮ লক্ষ টাকা এবং আমরা Budget এ ধরেছিলাম ১৪ কোটি টাকার মত, যে যে Headএ এই সমস্ত টাকা ধরা হয়েছিল তার মধ্যে সমস্ত Headএর টাকা পুরাপুরি খরচ হয়নি আবার কোন কোন Headএ টাকার দরকার হয়ে পড়েছে। কাজেই Supplementary Budget করার আবশ্যক হয়ে পড়েছে। এখানে বিরোধী পক্ষের সদস্যরা বলছেন যে কোন কোন Headএ টাকা আরো বৃদ্ধি করা আবশ্যক। আমি পূর্ব্বেই বলেছি, যে যায়গাতে আমাদের ১৮ লক্ষ টাকা আয় এবং ১৪ কোটি টাকা ব্যয়; সেই জায়গাতে উপযুক্ত যুক্তি ভিন্ন কোন টাকা বর্দ্ধিত হারে দেওয়া যায় না। কাজেই বিরোধী পক্ষের সদস্য যে অবাস্তব উক্তি করেছেন তা আমি মোটেই সমর্থন করতে পারছি না। এখানে বিরোধী পক্ষের সদস্য প্রশ্ন করেছেন যে কর্মচারীদের Revised Pay Scale সম্পর্কে। সে সম্পর্কে আমি বলবো যে মিটিংয়েও আমাদের মাননীয় মুখ্যমন্ত্রী বলেছিলেন যে Revesion of Pay Scale সম্পর্কে একটি কমিটি গঠন করা হয়েছে। যে সমস্ত anomalies আছে তা দেখা হবে

এবং যাতে এটা corrected হয় সে সম্পর্কে দৃষ্টি দেওয়া হবে। সুতরাং এ সম্পর্কে চিন্তার কোন কারণ নাই, যখন মন্ত্রীমহোদয় বলছেন তখন নিশ্চয়ই হবে। তারপর Education এ নাকি ত্রিপুরার উন্নতি হচ্ছে না এবং aided Schoolএ রীতিমত Grants দেওয়া হচ্ছে না। সে কথা আমি মোটেই সমর্থন করতে পারছি না। কারণ Education এর উন্নতি হয় নি একথা যদি বলা হয় তা হলে সত্যের বিপরীত বলা হবে। কারণ যদি আমরা অতীতের ত্রিপুরার কথা চিন্তা করি তাহলে আমরা দেখতে পাব ত্রিপুরাতে স্কুল, কলেজ অতীতে কি পরিমাণ ছিল, আজ কি পরিমাণ হয়েছে। সে সম্পর্কে আলোচনা করতে গিয়ে আমরা বলবো আগে সমগ্র ত্রিপুরায় যে সমস্ত স্কুল ছিল, বর্তমানে আমাদের একটা Sub-Division এ ও সেই পরিমাণ School দেখতে পাচ্ছি। ত্রিপুরাতে আগে মাত্র ১টা কলেজ ছিল আর এখন আপাততঃ দেখতে পাচ্ছি ৩টা কলেজ হয়েছে অবশ্য আরও কলেজ হওয়া আবশ্যক। সেই সম্পর্কে সরকার ক্রমে ক্রমে করে যাবেন এবং সেখানে যেখানে স্কুলের নিতান্ত প্রয়োজন সেগুলো অবশ্যই করে যাবেন। Aid দেওয়া হচ্ছে না একথা বললে সত্যের বিপরীত বলা হবে। একথা আমি বলছি তার কারণ বর্তমানে যে সমস্ত স্কুল আছে, 90 ./· aided স্কুল। আমি যতটুকু জানি, ঐ সমস্ত স্কুলে সময় মত aid দেওয়া হয়ে থাকে। Aid দিতে হলে যে সমস্ত requirementএর প্রয়োজন সেই সমস্ত requirement যখন Dept এর কাছে আসে তখন তা যথা সময়েই দেওয়া হয়ে থাকে। ত্রিপুরা সরকার Class—VIII পর্য্যন্ত কোন ছাত্রের বেতন নেননা। India-র অন্য কোন যায়গায় Class—VIII পর্য্যন্ত বেতন নেওয়া হয় না এমন আইন অথবা নিয়ম আছে বলে আমি জানিনা। অধিকন্তু Schedule caste এবং Sch. tribe ছেলেদিগকে free boarding and Stipend ইত্যাদি দেওয়া হয়ে থাকে এবং যেসমস্ত যায়গায় উহা দেওয়ার আবশ্যক সেই সমস্ত জায়গায় boarding দেওয়া হয়েছে। হয়ত এমন কোন জায়গা থাকতে পারে যেখানে sufficient student নেই। সেই জায়গাতে boarding করা সম্ভবপর হয় নাই। কিন্তু যে সমস্ত জায়গাতে ছাত্ররা আছে তথায় boarding করা হয়েছে। পুলিশ সম্পর্কে একটা কথা এখানে বলা হয়েছে যে পুলিশ নাকি গরু চুরির সাহায্য করে। একথা যদি বলা হয় তা হলে আমি বলব যে এটা সম্পূর্ণ সত্যের বিপরীত। পুলিশ আছে বলেই আমাদের ত্রিপুরাতে এখন পর্য্যন্ত গরু আছে এবং তা রক্ষা করা হয়েছে। কারণ ত্রিপুরার international boundary ৫২৮ মাইল, তিন দিকে পাকিস্তান দ্বারা পরিবেষ্টিত এবং সীমান্তে যে সমস্ত অপরাধ প্রবন লোক আছে এবং যে পরিমাণ লোক black marketing উদ্যোগী যদি পুলিস এই সমস্ত লোককে বাধা না দিত তা হলে আমাদের দেশে আজ পর্য্যন্ত গরু মহিষ রাখা যেতনা। পুলিশ যথাযথ চেষ্টা করে ঐ সমস্ত black marketers দিগকে সায়েস্তা করে বলেই আমাদের ত্রিপুরার ধন সম্পদ এখনও কিছুটা আছে। একথাও বলা হয়েছে যে পুলিশ নাকি black marketers দিগকে সাহায্য করে। পুলিশ মোটেই সাহায্য করে না। কারণ পুলিশ যদি সাহায্য করত তা হলে গরু মহিষ আরও আগেই পাচার হয়ে যেত। পুলিশ সম্পর্কে যারা আপত্তি করেন হয়ত তাদের স্বার্থের কোন রকম ব্যাঘাত ঘটছে এই জন্যই পুলিস সম্পর্কে এই রকম কটুক্তি করা হয়েছে। এখানে test relief সম্পর্কে বলা হয়েছে। Test relief যখন দরকার যখন দেশের মধ্যে অন্নাভাব অর্থাভাব দেখা

দেয় তখনই test relief এর প্রয়োজন হয়ে থাকে এবং যদি তাদেরকে test relief দেওয়া না হত তা হলে প্রায়ই তাদের জীবন ধারণ সম্ভবপর হতো না। সুতরাং বন্ধ করে দেওয়া, এটা কোন রকমেই যুক্তি সঙ্গত হতে পারে না। সরকার test relief এর সঙ্গে সঙ্গে জুমিয়া পুনর্বাসনের কাজ করে যাচ্ছেন এবং যাতে ওদের ভবিষ্যতে একটা Permanent solution হয় সেই চেষ্টা করছেন। মাননীয় মন্ত্রী মহোদয় যে বাজেট এখানে পেশ করেছেন তাতে আমরা দেখতে পাচ্ছি বহু সংখ্যক Jumia Rehabilitation Colony হয়েছে এবং এসম্পর্কে যথেষ্ট টাকা সরকার খরচ করছেন। Landless কলোনী সম্পর্কে বলা হয়েছে যাদের land আছে তাঁদেরও সেই colonyতে টাকা দেওয়া হয়। এই সম্পর্কে আমি বলব Concerned Dept থেকে তদন্ত করে, চেষ্টা করে Landless দিগকে যেন Landless কলোনীতে বসানো হয়। Supplementary Grant এর উপর সমর্থন জানিয়ে এবং বিরোধী পক্ষের সদস্যদের বক্তব্যের বিরোধীতা করে আমি আমার বক্তব্য এখানে শেষ করছি।

Mr. Speaker—I would now call on Hon'ble member Shri Atiqul Islam.

Shri Atiqul Islam—Supplementary Budgetএ আরও কিছু টাকা চাওয়া হয়েছে। যখন প্রথম বাজেট করা হয় তখনই আমরা বলেছিলাম, যে টাকা ধরা হয়েছে এটা আমাদের কুলোবে না।

Shri S. L. Singh—Already the time allotted is 50 minutes for the opposition & 40 minutes for the Ruling Party. Most probably I think at 4-30 it will be closed. So, we are not geting 40 minutes time.

Shri Atiqul Islam—No, no, we have not consumed our alloted time.

Mr. Speaker—You are to take only 10 minutes more.

Shri Atiqul Islam—মাননীয় Speaker যখন মুল বাজেট প্রস্তুত করা হয় তখনই আমরা অনেক Cut Motion দিয়েছিলাম। আমরা তখনই বলেছিলাম যে এই বাজেট যথেষ্ট নয়। এই বাজেটে আমাদের পুরো বৎসরের কাজ চলবে না। তখন আমাদের সমস্ত Cut Motion কে খতম করা হয়েছে। খতম করে পরে আজকে বৎসরের শেষে এসে বলা হয়েছে যে আমাদের আরও কিছু টাকার দরকার। এর দ্বারা এইটুকুই প্রমাণিত হয় যে তাঁরা কোন পরিকল্পনা নিয়ে কাজ করেন না। হঠাৎ মাথায় যেটা ঢোকে সেটাই করে থাকেন এবং তারপর তাড়াহুড়ো করে কতকগুলি Scheme এনে কিছু টাকা বরাদ্দ করে নিয়ে যান এবং তাঁদের যখন সংখ্যার জোর আছে তাঁরা যা ভাল মনে করেন তা করে নিতে পারেন এবং করে নিয়েছেন। কিন্তু আজকে এইটাই প্রমাণিত হল যে আমাদের cut motion আমরা যখন দিয়েছিলাম তখন আমরা ঠিক অবস্থা বুঝেই দিয়েছিলাম। তখন আমরা ঠিকই বলেছিলাম যে এই টাকার পরেও আরও টাকা লাগবে। মাননীয় Speaker Sir, আমি বলার আগে একটি বিষয়ে আপনার দৃষ্টি আকর্ষণ করতে চাই। আমাদের Supplementary Grants এর 54 পৃষ্ঠায় লিখা আছে due to enhancement of the rates of monthly allowances of some Members of the Ruling family of Tripura. Ruling family বলতে কি বলছেন তা আমি ঠিক বুঝতে পারলাম না।

Ruling family কথার অর্থ কি ? এটা কি ইংরাজী construction হল ? তাঁরা কি বলতে চাচ্ছেন, এ জিনিষটা আমার কাছে মোটেই পরিষ্কার হল না। এটার অর্থ যদি এই হয়ে থাকে, আগরতলায় যারা প্রাক্তন মহারাজা তাদের যারা পরিবার, তারা পাবেন তাহলে আমি বলতে চাই যে ইংরাজীটা ঠিক হয় নি। এতদ্বারা সেই ভাব এখানে প্রকাশিত হয় না। কাজেই আমার মনে হয় এটাকে সংশোধন করে নেওয়া উচিত। Ruling family of Tripura বলে কোন অর্থই এর থেকে উদ্ধার করতে পারবেন না।

(Interruption)

মাননীয় Speaker Sir, আমরা দেখছি এখানে অনেক টাকা খরচ ধরা হয়েছে কারণ detenueকে hazaribagh এ পাঠানো হয়েছে। তাঁদেরে hazaribagh পাঠানোর সখ হয়েছে পাঠিয়েছেন। তারা কেনই বা পাঠালেন এবং তাদের খরচটা কেনই বা আমাদের বহন করতে হবে আমি তার কোন অর্থ খুঁজে পাই না। কারণ তারা এখানে থাকতে পারত। ৭জন detenue ত্রিপুরায় থাকলে পরে রাষ্ট্রের নিরাপত্তার এমন কোন বিঘ্ন হত না। যদি এই ৭ জন detenue কে ত্রিপুরায় রাখলে পরে তারা মনে করেন যে ত্রিপুরার নিরাপত্তা বিঘ্নিত হয়ে যাবে তবে তারা টিকতেই পারবেন না। তাদের দেশ না চালানোই উচিত, তাদের পদত্যাগ করাই উচিত। ৭ জন মানুষকে রাখলে পরে এমন একটা ঘটনা ঘটবে যে আমরা সহ্য করতে পারবনা এই রকম চিন্তা যারা করেন বা যারা নিজকে এত দুর্বল মনে করেন তারা কি করে দেশ চালাবেন বা আমরাই বা কি করে তাদের উপর ভরসা করে টিকে থাকব, দেশের মানুষই বা কি করে থাকবে আমি তার কোন অর্থ খুজে পাই না। তাদের এখানে রাখলে পরে ত্রিপুরার জনসাধারণের এই যে এত হাজার টাকা খরচ দেখানো হচ্ছে তা খরচ হওয়ার কোন কারণ ছিল না। আপনারা ভিরু ও ক্লীব বলে তাদের হাজারীবাগে পাঠিয়েছেন। কাজেই এই অর্থ বরাদ্দ করা আমার কাছে অত্যন্ত অযৌক্তিক এবং অনুচিত মনে হচ্ছে। Membersদের যে বেতন বাড়ানো হয়েছে সেই সম্পর্কে আমরা আগেও বলেছি যে memberদের বেতন বাড়ানো এই সময়টাতে অত্যন্ত অনুচিত। কারণ আমাদের দেশের মানুষ যখন অনাহারে থাকে সেই অবস্থাতে দেশের অন্যান্য আর্থিক কোন রকম উন্নতি না করে আমাদের নিজেদের পকেট ভারী করব সেটা অত্যন্ত নিন্দনীয় ব্যপার এবং কোন গণতান্ত্রিক দেশেই এটা হওয়া উচিত নয়। আমরা আগেই বলেছি আমরা বর্দ্ধিত হারে যে টাকাটা নিয়েছি সে টাকাটা আমরা আপনাদের কবর খোড়ার কাজে খরচ করব এবং প্রকৃত পক্ষে আমাদের অর্থ সেইভাবে খরচ করা হচ্ছে। মাননীয় Speaker Sir, এখানে furniture for Speaker, Minister, and Deputy Minister বাবত ১৭ হাজার টাকা খরচ দেখানো হয়েছে। আমি অত্যন্ত অবাক হয়ে যাই যখন নাকি আমাদের দেশে এই অবস্থা দেশের লোক থাকে অনাহারে থাকে অর্দ্ধাহারে। ৩০ টাকা না হলে আমরা রেশনে চাউল দিতে পারব না—যখন এই কথা আমরা বলি তখন কি করে শুধু furniture বাবত ১৭ হাজার টাকা খরচ করতে পারি। এটা এমন কি essential হয়ে পড়ল তা আমি বুঝতে পারলাম না। সেটা কি এতখানি essential যে আমাদের দেশের খাদ্য আমদানি করার থেকে, তেল ও অন্যান্য প্রয়োজনীয় জিনিষ থেকে furnitureটা কি এত বেশী প্রয়োজন যে সেটা আগে ক্রয় করতে হবে। এই টাকাটা কি অন্য কোন

ক্ষেত্রে খরচ করা যেত? না, যেত। আমরা জানি যে আমাদের মন্ত্রীরা কত ঘন ঘন দিল্লী ঘুরে বেড়ান, এবং কত মোটা মোটা টাকা T. A. বাবত আদায় করেন যার কোন প্রয়োজন নাই। সবে মাত্র ২জন মন্ত্রী, কত কারণে তারা কতবার দিল্লী যান, কত অজুহাত তারা বের করেন তার ইয়ত্তা নাই। অথচ এতবার না গেলেও চলে। পশ্চিম বঙ্গে ২জন মন্ত্রী মিলে যত T. A. draw করেন তার থেকে আমাদের ২জন মন্ত্রী অনেক বেশী draw করেন। কাজেই আমি আশ্চর্য্য হয়ে যাই আমাদের মন্ত্রীদের এতবার দিল্লী যাওয়ার কি প্রয়োজন হয়ে পড়ে যার জন্য এত T. A. draw করতে হয় এবং সেই টাকাটাই বা আমরা বহন করব কেন? দেশের মানুষকে খোরাক না দিয়ে, দেশের আর্থিক উন্নতি না করে যারা Class IV employee তাদের বেতন না বাড়িয়ে, দেশের যারা un-employed তাদের employment-এর কোন ব্যবস্থা না করে কেন এত টাকা খুশীমত খরচ করা হবে। এবং তার জন্য আমরা sanction চাইব এবং সেই sanction আমরা বিনা বাধায় দিয়ে দিব এটা আশা করা অন্যায়। মাননীয় অধ্যক্ষ মহোদয়, অনেক টাকা খরচ করা হচ্ছে এবং তারা যদি target দেখান তাহলে দেখাতে পারবেন যে financial target তারা অনেক খানি fulfil করেছেন কিন্তু আমার জিজ্ঞাস্য হচ্ছে এইটা যে physical target তারা কতখানি fulfil করেছেন? আমার লক্ষ টাকা খরচ করার প্রয়োজন ছিল এবং লক্ষ টাকা আমি খরচ করেছি। কিন্তু সেই লক্ষ টাকা যে কাজে খরচ করার কথা ছিল, তার কতখানি করা হয়েছে, Physical target কতখানি fulfil করেছি সেই হিসাব নিকাশ নেওয়া আমাদের দরকার। কিন্তু সেই দিকে আমরা কখনো যাই না। টাকা আছে, খরচ হয়ে যায় কিন্তু তা খরচ হওয়ার পর আমার কি লাভ হল তার কোন assesement কখনো করা হয় না। কারণ কলসী যদি ফুটো হয়ে থাকে সেই কলসীর মধ্যে যতই জল আমি ঢালিনা কেন সেই কলসী কখনো জলে ভরবে না। সেই কলসী বরাবরই খালি থাকবে এবং তাই হচ্ছে অবস্থা। আমাদের সরকার আজকে যে পথে চলছে সেই পথে চলার পর যত অর্থই ঢালুক সেই অর্থ অপচয়ই হবে তাতে উন্নতিমূলক কিছু হবে না এবং তাই আমি দেখছি। আজকে আমরা দেখছি দেশের মধ্যে দারিদ্র বাড়ছে, অনাহার বাড়ছে, বেকারী বাড়ছে আর কোটী কোটী টাকা খরচ হচ্ছে। কিন্তু সেই টাকায় যা হওয়া উচিত তা হয় না, বরং আরও বেশী অভাব, আরও বেশী অনটন আরও বেশী দারিদ্র বাড়ছে। কাজেই আজকে সেই প্রশ্নটা আমাদের প্রধান প্রশ্ন যে আমাদের এত অর্থ কোথায় যায়, অত কোটি কোটি টাকা কার স্বার্থে খরচ হচ্ছে এবং সেই টাকায় কারা ক্রমশঃ মোটা এবং ভারী হচ্ছে?

Mr. Speaker—I would now call on Hon'ble Shri S. L. Singh.

Shri Sachindra Lal Singh (Chief Minister)—মাননীয় অধ্যক্ষ মহোদয়, এই Supplementary বাজেটে আলোচনা করতে গিয়ে বিরোধী পক্ষ থেকে প্রথমে একটা অভিযোগ করা হল Landless কলোনীর ব্যাপারে এবং সেটা খোয়াই সম্পর্কেই বিশেষভাবে উল্লেখ করেছেন। এক দিকে বলা হয় যে আমরা ভূমি হীনকে জমি দিতে চাই, তাদের সুব্যবস্থা উন্নত করতে চাই। কিন্তু যখনই আকড়া বাড়ী, আনাক্রক বাড়ী এবং প্যাঙি বাজার প্রভৃতি এলাকায় ভূমিহীনকে জমি দেওয়ার প্রচেষ্টা হচ্ছে এবং যারা সেখানে বড় বড়

জোতদারদের, তালুকদারদের জমি চাষ করত তারাও মুখে আগে বলেছেন যারা জমি চাষ করবে, tiller will be owner of the soil লাঙ্গল যার জমি তার বলে খুব চীৎকার দিয়েছেন। কিন্তু যখনই সেই Tillers of the soilকে অধিকার দেওয়া হচ্ছে তখনই দেখছি এখান থেকে বিরাট এক চীৎকার উত্থিত হচ্ছে। চীৎকার উত্থিত হচ্ছে এই জন্য যে সেই সমস্ত অঞ্চলে যারা ভূমিহীন ছিল, যারা জোতদারদের অধীনে বর্গা করতেন, তালুকদারদের অধীনে বর্গা করতেন তাদের Partyর Position ছিল। সেই তালুকদার ও জমিদারদের সহায়তা নিয়ে তারা আন্দোলন করেছিলেন। যখনই ঠিক সেই জায়গাতে ভূমি হীনদের জমি দেওয়ার কথা উঠল তখন তারা যাতে সেই জায়গাতে বসতে না পারে সেই জন্য তারা এক বিরাট ষড়যন্ত্র করেছে। সেখানে তালুকদারদের সাথে মিশে, জমিদারদের সাথে মিশে সেই অঞ্চলের ভূমিহীনদের হত্যা করতেও তারা দ্বিধা বোধ করেন নি। সেখানে হত্যা করেছে, মামলা মোকদ্দমা করে তাদেরকে উচ্ছেদ করার চেষ্টা করেছে। কিন্তু সেখানে আইন হয়েছে এবং সেই আইন অনুসারে ভূমিহীনদের ভূমি দেওয়া হচ্ছে, tribalকে জমি দেওয়া হচ্ছে, তখন তাদের মনে আতঙ্কের সৃষ্টি হচ্ছে। এবং সেই জন্যই বলা হয়েছিল আমার বাবার নামে, সেখানে বন্দোবস্ত তালুক তৈয়ারী করতে চেষ্টা করেছিলাম। হাঁ, তারা আমার বাবা ঠিকই। বর্গাদার যারা landless যারা, তারা আমার বাবা, তারা আমার নমস্য, তারা আমার শ্রদ্ধেয়। তাদের কাছে তারা অন্তলোক হতে পারে কিন্তু আমার কাছে তারা নমস্য। সেই জন্য ভূমি দেওয়ার সর্ব্বরকম চেষ্টা করা হবে। সেই জন্য ভূমি আইনে সেটা রাখা হয়েছে। যারা বর্গাদার তারা tribalএর জমি করাক, non-tribal এর জমি করাক যার জমি করাক তাহাদিগকে সেই জমি থেকে উচ্ছেদ করা কোন দলের নাই, কোন শক্তির নাই। সেখানে সরকার সর্ব্ব প্রকারের চেষ্টা করে তাদেরকে বসাতে চেষ্টা করবে। অতএব সেই অনুসারে সেখানে কাজ করা হচ্ছে।

আর একটি কথা বলা হয়েছে যে frontiers সম্পর্কে। নূতন এক সুরে আজকে বলা হয়েছে পাকিস্তানের হুমকি সম্পর্কে। তার কারণ হল এই যে পিকিং কমিউনিষ্টরা সেখানে ষড়যন্ত্র করে তাদের সাথে, আয়ুবের সাথে ষড়যন্ত্র করেছে। সেই জন্য চৈনিক কমিউনিষ্ট পন্থী যারা তারা তাদের সম্পর্কে কোন উক্তি মোদন করেন নি, সেই জন্যই তারা সেই দলে ফিরে যায় এই ভয় মনে করে আজকে হঠাৎ আয়ুবের কথা একটু বলে ফেলেছেন। কি বলেছেন—আবার বলার মধ্যে হল এই যে frontiers এর মধ্যে যে সমস্ত লোক আছে—আমি বুঝতেই পারলাম না তাদের বক্তব্যটা কি। তারা কি চান যে ত্রিপুরা রাজ্যটাই frontierএ আসে। তার ৫০০ মাইল যে বর্ডার সেই borderএর মধ্যে আমরা আছি। অতএব সেই জায়গার লোকগুলোকে কি আমরা তা হলে আসামে সরিয়ে নেব। তার যুক্তি হল এই, মানে পাকিস্তানের আয়ুব শাহকে জানিয়ে দেওয়া যে আমরা আতঙ্কগ্রস্ত হয়েছি, ভীত হয়েছি, লোকগুলোকে আমরা সরিয়ে নিচ্ছি। তাদের চিন্তা করতে হবে, তাদের ভাবতে হবে We are living in the heart of Pakistan. আমরা তাদের heartএর মধ্যে আছি। এই চিন্তাধারা, এই মনোভাব জনসাধারণের মধ্যে তারা প্রচার করছেন। জনসাধারণের মনে এইরূপ ভীতি সঞ্চার করছেন যাতে পাকিস্তানের আয়ুব খান উৎসাহিত হন, এ ছাড়া আর কিছু নয়। আমরা জানি বর্ডারের প্রত্যেকটি জায়গাতে যেখানে

Assam Rifles পুলিশ বাহিনী রয়েছে, সেখানে employ করা হচ্ছে, বর্ডারের Cattleliting, smugling ইত্যাদি বন্ধ করার জন্য আমাদের পুলিশ বাহিনী চেষ্টা করে যাচ্ছে। অতএব আমি House এর মাননীয় সদস্যগণকে এই অনুরোধ করব যাতে জনসাধারণের মনে আত্মবিশ্বাস জন্মে, শত্রুর প্রতিরোধ করা যায় এই মনোভাব যাতে তারা দেশের লোকের মনে জাগিয়ে তোলেন। তবেই আমরা ত্রিপুরাকে রক্ষা করতে পারব, প্রাণবন্ত করতে পারব। তবেই আয়ুবের মনে আতঙ্কের সৃষ্টি হবে যদি আমাদের শক্তি এভাবে বৃদ্ধি পায়।

তারপরে বলা হয়েছে Revision of Pay Scale সম্পর্কে। Revision of Pay Scale এ Education-এর মধ্যে বলাই আছে যে Payment of arrear Pay of the teachers owing to the revision of the Pay Scale w. e. f. 1. 4. 1961, প্রত্যেকটি Demand এর সাথে সাথে সেই revision of pay scale এর জন্য টাকা সুনির্দিষ্ট করা হয়েছে। তার পর বলা হয়েছে যে grant দেওয়া হচ্ছে না। মাননীয় সদস্যদিগকে সেই জায়গাটা পড়ে শুনাচ্ছি যে হচ্ছে the implementation of the scheme 'strengthining of science' equipment in both non-govt. high/higher Secondary Schools' and "Establishment of a self Contained unit for the girls of M. B. B. College and drawal of arrear pay and allowances of staff as per Revised Pay Scales w. e. f. 1. 4. 61, giving grants to Non-Govt. High Schools for converrion into Higher Secondary Schools. সেটা হচ্ছে Non-Govt. স্কুলগুলোতে যে বাবতে টাকা দেওয়া হচ্ছে—Meeting the cost of aquisition of land for extension of the craft teachers. Institute and for starting of new Higher Secondary Schools. খোয়াইএ একটা স্কুলের নাম করা হয়েছে যে সেখানে ৬ জন teacher আছে, তার মধ্যে ২ জনের বেতন দেওয়া হচ্ছে না এবং কৈলাশহরের রামকৃষ্ণ বিদ্যাপিঠের কথা উল্লেখ করা হয়েছে। Totally সারা ত্রিপুরা রাজ্যে ১২ হাজারের মত শিক্ষকের সংখ্যা, হয়ত তার মধ্যে ৩২ জন শিক্ষক তা পায় না, এবং কেন দেওয়া হচ্ছে না তাও চিন্তা করতে হবে। প্রত্যেকটা স্কুলের শিক্ষক সংখ্যা রাখতে হলে Permision of the Directorate নিতে হয় এবং সেই অনুসারে তাদের appointment দিতে হয়। তারা যদি সেখানে তা না করে থাকে এবং তাদের permission না নিয়ে থাকেন এবং Student strength fulfil না করে থাকেন তাহলে নিজেদের দায়িত্বে সেটা নিয়েছেন। অতএব ঐ তিন জন শিক্ষক সম্পর্কে যারা তা নিয়েছেন তারা তার ব্যবস্থা করবেন। এ ছাড়াও teachers নিয়োগের একটা ratio আছে এবং সেই Ratio অনুসারে teacher নিয়োগ করা হয়। তারা যদি সেইভাবে তা না করে থাকে সেই জন্য স্কুল authorityকে বলা উচিত যেন তারা এইসব চিন্তা করে teacher appointment দেন। তারপর বলা হয়েছে করঙ্গী ছড়াতে displace personকে জায়গা দিতে হলে পরে সেখানে Khash land দেখে তার ব্যবস্থা করতে হবে। অতএব Govt এর যে scheme এবং plan আছে সেই অনুসারে ব্যবস্থা করা হচ্ছে। মাননীয় সদস্যরা নিশ্চয়ই অবগত আছেন সেই সমস্ত লোকের আকস্মিক যে বিপদ হয়েছিল ঐ সমস্ত জায়গাতে যাতে

তারা কর্ম করে জীবিকা নির্ব্বাহ করতে পারে সেই জন্য সেখানে ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। তা ছাড়াও তাহাদিগকে যাতে জায়গা দিয়ে ঠিক ঠিক ভাবে বসানো যায় তারও একটা পরিকল্পনা সরকারের আছে এবং সেই অনুসারে কার্য্য চলছে। তারপরে বলা হয়েছে যে food import কেন করা হচ্ছে। মাননীয় সদস্যরা নিশ্চয়ই জানেন ত্রিপুরাতে new influx হয়েছে ১ লক্ষ ৮০ হাজারের মত। অতএব মাননীয় সদস্যরা, যারা refugee এসেছেন তাদিগকে তারা মানুষ মনে করেন না এবং তারা আগে তাই করত আগে যখন refugee আসল তখন তারা তাদেরকে বাধা দিত, তাদের গৃহাদি পুড়িয়ে ফেলত হত্যা করা হত, ভীতি প্রদর্শন করা হত। তাই মনে হয় তারা ইচ্ছা করেই সেদিকে দৃষ্টিটা রাখেন নি। অতএব তারা মনে করেন না যে ১ লক্ষ ৮০ হাজার লোক আসলে পরে খাদ্য যে আরও বেশী import করতে হয়। অতএব সেই দিকে তাদেরকে চিন্তা করতে বলব। এবং সেই দিকে দৃষ্টি রেখেই তা করা হয়েছে। অতএব সেই জন্য দুঃখ করলেও আমরা বসে থাকতে পারব না, মানুষকে তো খাওয়া দিতে হবে। সেই জন্যই তা আনা হয়েছে। পূর্ব পাকিস্তান থেকে tribal, non-tribal সমস্তই এসেছে, তারা সবাই মানুষ, তাদেরকে যখন আশ্রয় দেওয়া হয়েছে, তাদেরকে খাওয়া ও দিতে হবে। এবং সেই জন্যই তা করা হয়েছে। কিন্তু সেই দিকে দৃষ্টি না রেখে Houseকে প্রতারিত করার জন্য বিশ্রীভাবে যে মনোভাবের প্রকাশ ভঙ্গী প্রকাশ করা হয়েছে সেটা ইচ্ছা করেই করা হয়েছে। তার পরে মাননীয় সদস্যরা বলেছেন যে ১৭ হাজার টাকা Speaker মহোদয়, Chief Minister এবং Dy Ministersদের জন্য খরচ হয়েছে সেটা হল অপচয়। সত্যি কথাই। কারণ মাননীয় সদস্য খুব গরীবের কান্না কাঁদেন, খুব কৃষকের কথা বলেন, ভূমি হীনের কথা বলেন। তাদেরকে একটু নিজের বেশের দিকে লক্ষ্য রাখতে বলব এই ত্রিপুরার জনগণের সেবা।

(Interuption)

তা ছাড়া আর বলব কি, ওনারা তো লেংটি পরে এখানে আসেন নি, আমরা ওখানে কি বসে বসে এসেছি যে আমরা তোমাদের দুঃখে কি দুঃখী। অতএব সেই জায়গাতে মোলায়েম পাঞ্জাবী পরা চাই, চোখে চশমা লাগানো চাই Fountainpen ও চাই, আমাদের এগুলো দরকার। অথচ জনসাধারণকে প্রতারিত করার কত রকম ফন্দী তারা আবিষ্কার করেছেন। মন্ত্রী হবে, কিন্তু তার বাড়ীও থাকবে না। কোন দেশের কোন জায়গায় মন্ত্রীর বাড়ী নেই, ঘর নেই। আপনাদের পিকিং পন্থী মাউ-সে-তুং এর তো আসবাবের দরকার হয় না, পোষাক পরিচ্ছদের দরকার হয় না, পরেই তো আছেন কিনা। আজকে এই জায়গায়ও লেংটি পরে আসছেন। আপনারা জনসাধারণকে প্রতারিত করার কত ফন্দীই না আবিষ্কার করেছেন। কারণ দেখা যায় ভূমি হীনদের জায়গা দিতে গেলে tribalদের জায়গা নেই, tribalদের দিতে গেলে তারা অন্যায় করা হচ্ছে। কারণ জোতদার তালুকদারদের সংরক্ষণের জন্যই আমরা দাঁড়িয়ে আছি। খবরদার, জোতদার তালুকদারদের জমিতে তোমরা তাদের বসাতে পারবে না। কারণ আইন হয়েছে, বর্গাদার তার বর্গার অংশ পাবে, বর্গার স্বায় সঙ্গত অধিকার পাবে, সেই জন্যই তাহাদিগকে বসানো হয়েছে। কাজেই সেই দিকে চিন্তা করে Govt. form হচ্ছে, এই Assembly হয়েছে, আমাদের সম্মনে

Mike এসেছে, দালান কোটা হয়েছে। এবং আসবাবের জন্য করতেই হবে। না করে উপায় নেই। অতএব জনসাধারণের কাছে বলা হচ্ছে আমাদের এগুলোর কোন দরকার হবে না। We will not utilised all these things. কারণ প্রতারণার সব রকম ফন্দী বিশেষভাবে জানা আছে। এবং সেই দিকে লক্ষ্য রেখেই জনসাধারণের যে soft corner যেটা আছে সেই জায়গাতে আঘাত করে তাদিগকে win করার যে চেষ্টা তা করা হচ্ছে। কিন্তু আজকের জনসাধারণ আপনাদের স্বরূপ খুব ভাল ভাবেই জানে। তারপরে বলা হয়েছে এখানকার detenueকে হাজারীবাগ জেলে স্থানান্তরিত করে অর্থের অপব্যয় করা হল কেন। অতএব যেখানে প্রকারন্তরে বলা হয়েছে সেই লোকগুলোকে ধৃত করে কেন অর্থের এই অপচয় করা হল। এই কথা স্পষ্ট করেই বললে হত যে তাদেরকে ধরার জন্য যে অর্থ ব্যয় হয়েছে সেটা অপব্যয় হয়েছে। সেটা আমি জানি। জানি যে চৈনিক কমিউনিষ্ট, যারা দেশের স্বাধীনতার জন্য, দেশের সংরক্ষণের জন্য, গণতন্ত্র সংরক্ষণের জন্য তাহাদিগকে আটক করা হয়েছে এবং সেটার জন্য যে টাকা ব্যয় করতে হবে সেটা ন্যায় সঙ্গতভাবে করা হয়েছে এবং করা হবে। এটা আপনাদের অবশ্য চিন্তা করতে হবে, লক্ষ্য করতে হবে সেই দিকে চিন্তা করে।

Mr. Speaker—No member should have argued with another member when the leader is speaking in the House with the permission of the chair.

Shri S. L. Singh—Elephant will go on, elephant will go on. সেটা বললেই হত হাজারীবাগে নেওয়া হল কেন? এ কথা বললেই হত তাদেরকে আপনাদের হেপাজতে রাখলেই হত। আমরা যারা চৈনিক কমিউনিষ্ট পন্থী যদি আমাদের হেপাজতে রাখলে হত এ কথা বললেই হত। সরকার তা করতে পারে না। সরকার তা রেখেছে। এখানে রাখলে দেশের নিরাপত্তা বিঘ্নিত হবে। সেজন্যই তাদেরকে সেখানে রাখা হয়েছে। চৈনিক পন্থী কমিউনিষ্ট ষড়যন্ত্রকে ব্যর্থ করার জন্যই তাহাদিগকে arrest করা হয়েছে। মীরজাফর যারা তাদেরকে গুলি করে মারা হত, কিন্তু গণতান্ত্রিক দেশ বলে জেলে রাখা হয়েছে। Nurse এবং অন্যান্য যারা আছে West Bengal Revised Pay Scale অনুযায়ী তাদের scale revise করা হয়েছে এবং সেই জন্য Medical Dept arrear Pay যেটা আছে তা বাজেটের মধ্যে রাখা হয়েছে, অতএব আমি মাননীয় সদস্যদিগকে সেই দিকে দৃষ্টি রাখার জন্য অনুরোধ করব।

Mr. Speaker—The House Stands adjourned till 2 P. m. for recess. The General discussion on the Supplementary Demands is to Continue. The Hon'ble Chief Minister who was speaking may take the floor.

Shri S. L Singh (Chief Minister)—মাননীয় অধ্যক্ষ মহোদয় এখানে Grant এর জন্য যে ২,৫১,৬৫,৪০০৲ টাকা অতিরিক্ত ব্যয় বরাদ্দের জন্য চাওয়া হয়েছে আমি আশা করি House এই ব্যয় বরাদ্দকে মঞ্জুরী দিবেন এবং তার সাথে সাথে Police, Medical, Education, Parliament State & Union Teritory Legis latures এর জন্য, General Administrationএর জন্য, Administration of Justice এর জন্য, Jails এর জন্য এবং Community Development Project, Natural Extension Service, Local Development works, Irrigation

Navigation, Enbankment, & Drainage works এবং Electricity Scheme, Capital outlay on Public works এর জন্য এবং Famine Relief, Pension & other retirement benefits, Privy Purse of India Rulers, Forest, এর জন্য, Capital outlay on Industrial Development ইত্যাদির জন্য ২ কোটির উপরে যে অর্থ চাওয়া হয়েছে আশা করি এই অর্থের ব্যয় বরাদ্দের মঞ্জুরী এই House দেবেন ; কারণ এই টাকা ত্রিপুরা ষ্টেটের উন্নতিমূলক ও শান্তি শৃঙ্খলা ও জনহিতকর কার্য্যের জন্য চাওয়া হয়েছে এবং Industryকে বাড়াবার জন্য এবং কৃষির দিক দিয়ে দেশকে উন্নত করার জন্য এবং কৃষিকে ও Industryকে উন্নত করতে গেলে পরে Co-operative এর দরকার, সেই দিকে লক্ষ্য রেখে এই অর্থের বরাদ্দ করা হয়েছে আমরা বিশ্বাস করি যে ত্রিপুরাকে যদি উন্নত করতে হয়, তাদের Industrial যে Communication আছে রাস্তাঘাট, সেই রাস্তাঘাটকে উন্নত করতে গেলে পরে নূতন নূতন রাস্তা এবং Bridge প্রভৃতির দরকার। কৃষিকে যদি উন্নত করতে হয় তাহলে plant protection measures গ্রহণ করতে হবে, plantation scheme করতে হবে, famine relief এর জন্য, এবং আকস্মিক বন্যা ইত্যাদি থেকে জনসাধারণকে রক্ষা করার জন্য, এই সব দিকে দৃষ্টি রেখে বাজেটের ব্যয় বরাদ্দ চাওয়া হয়েছে। আশা করি যে সমস্ত Demandগুলিকে ব্যয় মঞ্জুরী দিয়ে এই House জনহিতকর কার্য্যকে ত্বরান্বিত করবেন।

Mr. Speaker—I would now take up the Voting on demands for grants on Supplementary Estimates—Today in the list of business 20 supplementary Demand namely Demand No. 12—Police, Demand No. 14—Education. Demand No. 16—Public Health, Demand No. 17—Agriculture, Demand No. 19—Animal Husbandry, Demand No. 19—Co-operation, Demand No. 25—Electricity schemes Demand No. 25.—Capital outlay on Electricity schemes, Demand No. 24—Irrigation, Navigation, Embankment & Drainage works, (non-commericial) Demand No. 26—Public works, Demand No. 37—Capital outlay on Irrigation, Navigation, Embankment and Drainage works, Demand No. 31—Forest, No. 2 —Land Revenue, No. 40—Capital outlay on schemes of Govt. Trading, No. 1 Taxes on Income other than Corporation Tax, No. 3.—State Excise Duties No. 4—Taxes on Vehicles No. 8.—Parliament, State and Union Territory Legislature No. 9—General Administration and No 10—Administration of Justice, are to be disposed of. Members have received the list of Business along with the Appendix showing Demands to be moved by the Chief Minister and the cut motions to be moved by the members. Here I would draw the attention of the House that the members have got the slips containing some rectifications of Printing mistakes which have been circulated to them regarding furniture Rs. 17,000/- The Hon'ble members giving notice of cut motion against this

Demand is requested particularly to note this correction and amend the cut motions. Now the Chief Minister will move his demands pending in his name one by one when I call the particular Demand. As soon as the Chief Minister has moved his Demand, I shall take all the cut motions to be moved & there will be discussion on the demands & the cut motions. Thereafter when the debate is closed, I shall dispose them one after another by voice votes.

I may also inform the Hon'ble members that I have decided to requested the Chief Minister to move the Demand No. 25—Electricity Schemes & 25 A.—Capital outlay on Electricity schemes (within the Revenue Account) together. Demand No. 24.—Irrigation, Navigation, Emhankment and Drainage works (non-commercial) No. 26.—Public works (including Roads) No. 37—Capital outlay on Irrigation, Navigation, Embankment and Drainage works (non-Commercial) together and Demand No. 1.—Taxes on Income other than Corporation Tax—Agricultural Income Tax ; No. 3.—State Excise Duties, No. 4—Taxes on vehicles together and Demand No. 8.—Parliament, State and Union Territory Legislature, No. 9—General Administration and No. 10—Administration of Justice together. I shall take up demands as mentioned above, and the cut motions against these demands. After the demands & cut motions against them have been moved I shall first put the cut motion to vote and then I shall put the main motion to vote one after another to voice vote. I also let the House know that there are 2 demands to be disposed of. After grouping them number of groups stands at 13. and We have 150 Minutes at our disposal. So on an average we have 12 Minutes pen demand. That would be distributed—5 for opposition. five for Govt. party and 2 for voting.

I would call on Hon'ble Chief Minister to move that a further sum not exceeding 16,33,700/- be granted to defray the additional charges which will come in course of Payment during the period from 1st April 1964 to 31st March 1965 in respect of demand No. 12—Police.

Shri S. L. Singh—Hon'ble Speaker. on the recommandation of the Administrator. I beg to move that a further sum not exceeding Rs. 16,33,700/- be granted to defray the additional charges which will come in course of Payment during the period from 1st April 1964 to 31st March 1965 in respect of demand No. 12—Police.

শ্রীআতিকুল ইসলাম— মাননীয় অধ্যক্ষ মহাশয় এখানে পুলিশ বাজেটে অনেক কিছু টাকা চাওয়া হয়েছে। আরমস্ এমিউনিশন কিনতে হবে এবং আসাম রাইফেলস্ এর জন্য তাদের transport এর জন্য অনেক টাকা আমাদের পুলিশের খাতে অনেক কিছু টাকা খরচ হচ্ছে। কিন্তু ত্রিপুরাতে আমরা দেখি প্রকৃতপক্ষে সীমান্ত রক্ষিত হচ্ছে না। পাকিস্থানি হামলা তো লেগেই আছে, গরু চুরি, স্মাগলিং হামেশায়ই চলছে কাজেই প্রশ্নটা আমাদের কাছে থেকে যায় এতো টাকা খরচ করার পরেও আমাদের অনেকগুলি ফোর্স আছে, আসাম রাইফেলস্ আছে, পি, এ, পি আছে, ত্রিপুরা পুলিশ ফোর্স আছে, সব থাকার ফলেও আমাদের সীমানা রক্ষিত হচ্ছে না। এই সমস্ত টাকা পয়সা আমরা কোথায় কিভাবে খরচ করছি এই প্রশ্নটা আমাদের কাছে ব্যাখ্যা করা প্রয়োজন। কিন্তু আমার মনে হয় প্রকৃতপক্ষে টাকা খরচ করা হচ্ছে বটে কিন্তু সে টাকায় আমাদের যে ফল পাওয়ার কথা, আমাদের সীমান্তের লোকেরা যে পরিমাণ নিরপত্তা পাওয়া উচিত ঠিক ঠিক সেই পরিমাণ নিরাপত্তা তারা পাচ্ছে না। এখানে আসাম রাইফেলস এর কথা বলা হয়েছে, আমার কাছে এই জিনিষটা একটু অদ্ভুত লাগছে এই জন্য যে আমরা আসাম থেকে পুলিশ এনে আমরা কতকাল আমাদের দেশকে রক্ষা করব। এবং আমাদের দৃষ্টি এই দিকে দেওয়া উচিত যাতে আমরা আসাম থেকে কোন ফোর্স না এনে আমরা লোকেল রিক্রুটমেন্ট দ্বারা আমরা আমাদের সৈন্য বাহিনীকে সুশিক্ষিত করতে পারি, বা দক্ষ করতে পারি সেইদিকে আমাদের এটেনশন দেওয়া উচিত। তা না করে ইউ. পি. থেকে, আসাম থেকে আমরা ফোর্স আনব, এনে আমাদের দেশ রক্ষা করাব জন্য তাদেরকে নিয়োগ করব। তাদের আমাদের দেশের জন্য মায়া কতখানি থাকবে, দরদ কতটুকু থাকবে? বা তারা সীমানাই বা কতখানি বুঝবে। বর্ডারে বর্ডারে অনেক যারা বিহার পুলিশ আছে তাদের সাথে আমার অনেক কথাবার্তা হয়েছে। তারা বলেছে যে আমরা এখানকার রাস্তাঘাট চিনি না, কোথায় সীমানা কোনকিছু বুঝি না, আবহাওয়া বুঝি না, আমাদেরকে এখানে ফেলে রাখা হয়েছে, আমরা কি করতে পারি। তারা অনেক সময় বসে থাকে, ঠিক ঠিক সীমানাও চেনে না। অনেক সময় পাকিস্তানের উপর গিয়ে উঠে এবং তার ফলে একটা কেলেঙ্কারী হামেশা ঘটছে। কাজেই আমরা যদি আমাদের ফোর্স রিক্রুট না করি এবং সেই দিকে যদি দৃষ্টি না দেই, তা হলে কেবল ধার করা কর্জ করা লোক দিয়ে আমাদের সীমানাকে রক্ষা করতে পারি না, কারণ তারা ততটুকু মনোযোগ দেবে না। আমাদের ত্রিপুরা রাজ্যের সীমানা রক্ষা করতে আসাম রাইফেলস এর কি এতো গরজ লাগছে গরজ হবে আমাদের। গরজ করব আমরা। অতএব সেইদিক থেকে আমাদের নিজেদের ত্রিপুরার ছেলেদের রিক্রুটমেন্ট করে আমাদের সৈন্য বাহিনীকে গঠন করব এবং সেইদিকে লক্ষ করা উচিত এই হল আমাদের বক্তব্য।

শ্রীশচীন্দ্রলাল সিংহ— মাননীয় অধ্যক্ষ মহাশয় বিরোধী পক্ষ পুলিশ বাজেটের উপর এবং সাপ্লিমেন্টারী গ্রান্টএর উপর যে উক্তি করেছেন সেইটা সম্পূর্ণ অপ্রাসঙ্গিক। এইজন্য অপ্রাসঙ্গিক যে, এখানে বক্তব্য রাখতে গিয়ে একটা কথা মারাত্মকভাবে বলেছেন, সেইটা হল আমাদের সৈন্যরা, ইনকার্শান ইন্টু পাকিস্তান। পাকিস্তানের সীমানা অতিক্রম করার জন্য অনেক হামলা ঘটছে। এটা ইচ্ছা প্রণোদিত হয়েই বলা হয়েছে। তা না হলে it should be waived away from the statement. I demand it. If it is not told than it should be waived away.

I wish he should withdraw it. Yes it was said পাকিস্তানে ঢুকে যাচ্ছে। তার থেকেই হামলা হচ্ছে।

শ্রীআতিকুল ইসলাম—মাননীয় অধ্যক্ষ মহোদয় আমি এই কথা বলি নি আমার বক্তব্য হল সীমানা ঠিক করতে না পেরে অনেক সময় গোলমালটা হয়ে যায়, হাটতে হাটতে আমরা অনেক সময় পাকিস্তান সীমানায় গিয়ে পড়ি। Aggression বা আক্রমণএর প্রশ্ন নয়, হাটতে হাটতে অনেক সময় গিয়ে পড়ে। সীমানা ভুল অনেকেই করতে পারে।

শ্রীশচীন্দ্রলাল সিংহ—আমরা জানি যে আমাদের সৈন্যরা কোথাও এইভাবে কোন কিছু করছে না। বরঞ্চ পাকিস্তান আমাদের সীমানায় অতিক্রম করে মাঝে মাঝে আসে, তার জন্য আমাদের সৈন্যরা সদা সর্বদা সতর্ক থাকে এবং সেই দিকে দৃষ্টি রাখে বলেই ত্রিপুরার শান্তি ও শৃঙ্খলাকে তারা বজায় রাখতে পেরেছে। অতএব জেনেশুনে যারা এই উক্তি করে পাকিস্তান আমাদের দেশকে আক্রমণ করে বলে এইটার দিকে লক্ষ্য রেখেই এই কথাটা এখানে বলা হয়েছে। আমি জানতে পারলাম যে বিহারীরা উনার কাছে বলেছে, বিহারীরা ত্রিপুরার সীমান্ত ভালভাবে জানে এবং তারা সেই সীমানা ভালভাবে জেনে শুনেই তা সংরক্ষণের ব্যবস্থা করে। কোন সৈন্যকে সীমান্তে রাখা হয় না যারা সীমান্ত সম্পর্কে সম্পূর্ণ অনভিজ্ঞ। তারপর আসাম রাইফেল, বিহার রাইফেলকে এবং অন্য জায়গা থেকে যাদের আনা হচ্ছে, তাদের রাখলে পরে ত্রিপুরার জন্য তাদের দরদ কি হবে এই বলে তিনি বলেছেন। এটা জানা উচিৎ, বুঝা উচিত যে আমাদের যে সৈন্য বাহিনী আছে তারা ভারতবর্ষের প্রতিটি ইঞ্চি জমির জন্য প্রাণ দেওয়ার প্রতিশ্রুতি গ্রহণ করে। সেই অনুসারেই সৈন্যবাহিনি সংঘটিত হয়। তারা জানে ত্রিপুরার সীমান্তেই হউক, বিহারের সীমান্তেই হউক, যে কোন জায়গার সীমান্তই হউক এ সীমান্ত ভারতবর্ষের সীমানা। এই সীমান্তকে সংরক্ষণ করার জন্যই তারা সেই কার্যে ব্যস্ত আছেন এবং দেশ রক্ষার জন্য যে সমস্ত কাজ করার আছে সেগুলো তারা করছেন। ন্যায় সঙ্গতভাবে করা হচ্ছে বলেই তাহাদিগের জন্য এই টাকার অঙ্ক এখানে বরাদ্দ করা হয়েছে। এখানে বলা হয়েছে যে Assam Riflesএর জন্য ১৩ লক্ষ ৬ হাজার টাকা ধরা হয়েছে। এটা mentionই করা হয়েছে। অথচ এটাকে এমন ভাবে বলা হয়েছে যাতে বিহারে, ত্রিপুরায়, উত্তর প্রদেশে আসামের মধ্যে একটা বিশ্রী মনোভাব হতে পারে; সেই উদ্দেশ্যের দিকে দৃষ্টি রেখেই এই সৈন্যবাহিনীর মধ্যে হিংসা ও ঘৃণাকে এবং Provincialism create করার জন্যই ঐ মনোভাব নিয়েই এটাকে এখানে oppose করা হচ্ছে। অতএব আমি এ প্রতিবাদের সম্পূর্ণ বিরোধীতা করেই এ ন্যায়সঙ্গত বাজেট এখানে উত্থাপন করেছি। অতএব Houseএর দিকে লক্ষ্য রেখে ত্রিপুরার শান্তি শৃঙ্খলা রক্ষাকারী যারা তাদের দিকে লক্ষ্য রেখে এই বাজেটকে মঞ্জুর করবেন।

Mr. Speaker—I would now put this to vote. The question is that the further sum not exceeding Rs. 16,33,700/- be granted to defray the additional charges which will come in course of payment during the period from 1st April, 1964 to 31st March, 1965 in respect of Demand No, 12 Police.

As many as are of that opinion will please say "Ayes"

Voice 'Ayes'

As many as are of Contray opinion will please say "Noes."

"Ayes" have it "Ayes" have it. Motion is carried.

The next Demand. Demand for grant No.14 (Major Head "28" Education).

The Hon'ble Sachindra Lal Singh to move that a further sum not exeeding Rs. 13,46.600/- be granted to defray the additional charges which will come in course of payment during the period from 1st April, 1964 to 31st March 1965 in respect of Demand No. 14 Education.

Shri Sachindra Lal Singh—মাননীয় অধ্যক্ষ মহোদয় on the recommendation of the Administrator I beg to move that a further sum not exceeding Rs. 13,46,600/- be granted to defray the additionel charges which will come in course of payment during the period from 1st April, 1964 to 31st March, 1965 in respect of Demand No. 14 Education.

Mr. Speaker—There are two cut motions agrinst the Demand. One by Shri Aghore Deb Barma that inadequacy of provision of scholar Ship & Stipend for welfare of backward classes, Another by Shri Ram Charan Deb Barma. inadequacy of provision of grants to non-Govt. High Schools and conversion in to the Higher Secondary School, I Admitted both the cut motions. Now I call on Shri Ram Charan Deb Barma.

Shri Ram Charan Deb Barma—মাননীয় স্পীকার মহোদয়, এখানে ৪০৭.৮০০ টাকা ৪টী item এর উপর রাখা হয়েছে।

(i) Implementation of the Schemes "strengthening the Science equipment in both non-Govt. High/Higher Secondary Schools" and "Establishment of a self contained unit for the girls of the M. B. B. College."

(ii) Drawal of arrear pay and allowances of staff as per Revised Pay Scales w. e. f. 1 4. 61,

(iii) Giving grant to non-Govt. High Schools for Conversion into Higher Secondary Schools.

(iv) Meeting the cost of acquisition of lands for extention of craft teachers' training institute & foɹ starting a new HIgher Secondary School.

এই যে ৪টী item এর উপর ৪,০১,৮০০ টাকা রাখা হয়েছে যদি এই টাকা দিয়ে এই ৪টি item পূরণ করতে যাই তবে এই ৪,০১.৮০০ টাকা কিছুই নয়। ত্রিপুরার যে সমস্ত জায়গায় non-Gort High School গুলি আছে এই গুলি নিজেদের খরচায় চলে এবং কোন জায়গায় হয়ত সরকারের খরচ কিছুটা তারা পায়। এগুলিকে আমাদের সম্পূর্ণ হাতে নেওয়া দরকার। এগুলি যদি সম্পূর্ণ সরকারের পরিচালনাধীনে না আসে তা'হলে ছাত্রদের লেখাপড়ার দিক থেকে এবং ছাত্রদের মানুষ করার দিক থেকে ছাত্রদের স্কুলে ভর্তি হওয়ার জন্য জায়গার যে অভাব তাহা পূরণ হয়না। কাজেই এর জন্যই এই Cut motion আমি এখানে এনেছি।

Mr. Speaker— The Hon'ble Minister is to give reply to this cut motion and also speak in support of his original motion,

Shri S. L. Singh—এখানে যে cut motion রাখা হয়েছে সেটিতে বলা হয়েছে যে inadequacy for the provision of grants to non-Govt. High Schools for conversion in to Higher Secondary Schools. এবং এই জায়গাতে মাননীয় সদস্য নিশ্চয়ই অবগত আছেন যে স্কুল করার সাথে সাথে তার দালান পাকা করা লাগে; Appointment of teachers এর ব্যাপারেও কয়েকটি Schedule follow করতে হয়, সুতরাং সব দিকে নজর রেখেই এই বরাদ্দ চাওয়া হয়েছে। টাকা কেন কম রাখা হয়েছিল বাজেটে এই কথা জিজ্ঞাসা করা হয়েছে, কিন্তু মাননীয় সদস্য একথা বলেন নি যে কত টাকা রাখলে চলত, যা হক আগের বাজেটে যে দশ লক্ষ টাকা ছিল, তাতে সঙ্কুলান না হওয়াতেই এই অতিরিক্ত ব্যয় বরাদ্দ ১ লক্ষ ৮৩ হাজার টাকা চাওয়া হয়েছে, এইগুলি লাগবে Pay and establishment এর ব্যাপারে, plan কতকগুলি under considerationএ আছে, সেগুলির দিকেও নজর রাখা হয়েছে। আমরা একথা বলছি না যে এই Supplimentary Budgetই চরম ও পরম Budget। দেশের উন্নতি করতে গেলে, শিক্ষার উন্নতি করতে গেলে সব দিকে লক্ষ্য রেখে আস্তে আস্তে অগ্রসর হওয়া উচিত, এবং যেইভাবে সব দিকে নজর দিয়ে আমরা এই বাজেট রচনা করেছি, দেশের শিক্ষার মনোন্নয়ন করা আমাদের উদ্দেশ্য, অতএব আমি আশা করব House আমার এই Demand No. 14—সর্ব্বসম্মতিক্রমে গ্রহণ করবে।

Mr. Speaker—I shall now put the motion to vote. First of all I shall put the cut motion to vote.

First the cut motion of Shri Aghore Deb Barma. "That the Demand be reduced by Rs. 100/- for inadequacy of Provi ion of Schalarship and Stipends for welfare of backward classes,

The cut motion was lost. Then the cut motion of Shri Ram Charan Deb Barma that the Demand be reduced by Rs. 100/- fer inadequacy of provision of grants to non Govt. High Schools for conversion into Higher Secondary School.

The motion was, declared Lost, after voice vote. I now put the motion to vote. The question before the House is the Motion that a further sum not exceeding Rs. 13.46,600/- be granted to defray the additional charges which will come in course of payment during the period from 1st April 1964 to 31st March 1965 in respect of Demand No. 14, (Major Head "28" Education.

The motion was Carried.

I would now take up Demands for grant No. 16—(Major Head "30"—Public Health). I would call the Hon'ble Sachindra Lal Singh to move that a further sum not exceeding Rs. 3,02,600/- be granted to defray the additional charges which will come in course of payment during the period from 1st April 1964 to 31st March 1965. in respect of Demand No. 16—Public Health.

Shri S. L. Singh—মাননীয় অধ্যক্ষ মহোদয় on the recomendation of the Administrator I beg to move that a further sum not exceeding Rs, 3,02,600/- be granted to defray the additional charges which will come in course of payment during the period from 1st April, 1964 to 31st March, 1965 in respect of Demand No, 16—Public Health.

Mr. Speaker—There is one Cut motion against this Demand given notice of by Shri Sunil Kumar Choudhury to discuss inadequate provisions for Sinking of tube wells (Non-Plan),

I would call on Shri Sunil Kumar Choudhary.

শ্রীসুনীল কুমার চৌধুরী—মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমি এখানে এই cut motionটা রেখেছি এই কারণে যে Non-planএ ১ লক্ষ ৮৬ হাজার টাকা মাত্র tube well বসাবার জন্য আছে। কিন্তু আমার যতদূর মনে হয় যখন আমাদের Budget Estimate হয়েছিল তখনও আমি বলেছিলাম যে এই টাকায় আমাদের হতে পারে না কারণ এ টাকায় হওয়া সম্ভবও নয়। কারণ আমরা দেখতে পাই যে Rural area যেগুলো আছে. ত্রিপুরা রাজ্যটাই backword ; তার মধ্যেও most backward কতগুলো place আছে সেই সব placeএ খাওয়ার জলের যে ব্যবস্থা সেই ব্যবস্থা এখনো হয় নি। যেমন আমি একটা উদাহরণ দিতে পারি ; ঘোড়াকাপা তহশীল। সেখানে প্রায় সাড়ে সাত হাজার লোকের বসতি। কিন্তু সেখানে মাত্র ৪টা tube-well আছে। কিন্তু এটা ঠিক ঠিক দৃষ্টিভঙ্গি নয় যে সেখানে লোকদের যে পানীয় জল সেই পানীয় জলের ব্যবস্থা করা হচ্ছে না। এ রকম অনেক আছে, আমি কতগুলো স্কুলের নাম বলতে পারি যে সব স্কুলে ছোট ছোট সুকুমার মতি ছেলে মেয়েরা পড়তে আসে। অথচ তাদের যে খাওয়ার জল সেই খাওয়ার জলের পর্যাপ্ত ব্যবস্থা নেই। কাজেই আমার মনে হয় যে টাকাটা এখানে রেখেছেন খরচ করবার জন্য সেটা ঠিক ঠিক হয়নি। বাস্তব যে চেহারা ত্রিপুরা রাজ্যের সেই চেহারার সাথে মিল রেখে সেটা করা হয় নি। এটা আরও অনেক বেশী খরচ করা উচিত ছিল

বলে আমার ধারা এবং আমি দাবী ও রাখছি যে সেটা আরও বেশী করা উচিত। অনেক জায়গায় আমি দেখতে পাই এবং সাব্রুম থেকে ধর্মনগর পর্যান্তই আমি বলতে পারি যে বিভিন্ন জায়গায় যেখানে rural areaগুলো পড়ে আছে সেখানে ring well or tubewell বসিয়েছে। কিন্তু আজকে সেখানে যেগুলো invalid হয়ে পড়ে আছে। জলের সেখানে কোন ব্যবস্থা নেই। যেমন সাব্রুম লাইনে মদনমোহন নামক একটী পল্লী আছে। তথায় একটী ringwell আছে, কিন্তু সেটা আজ ৩ বৎসর ধরে অকেজো অবস্থায় পড়ে আছে। ৩ বৎসর অকেজো। কোন কাজ হচ্ছে না। তারপর আর একটা হল অন্নদা চৌধুরী বাড়ী সেখানে একটা ring well দেওয়া হয়েছে, কিন্তু সেই ring wellএ কোন জল নেই। আর একটী কথা আমি বলছি যে সাব্রুমে হরিচন্দ্র রোয়াজ পাড়া, সেখানে একটী ring wellএ কোন জল নেই। কাজেই এই যে ব্যবস্থা টাকা খরচ করা হল অথচ সেই টাকাটা কাজে লাগল না, আমার মনে হয় এটা একটা শুভ দৃষ্টিভঙ্গি নয়। আমার মনে হয় যে টাকাটা আমরা সে জায়গায় খরচ করব সেখানকার লোকের ব্যবহারে লাগে সেই দিকে দৃষ্টি দেওয়া উচিত। কাজেই এখানে যে টাকাটা উনারা রেখেছেন সেই টাকাটা আমাদের যে অবস্থা সেই অবস্থার সাথে খাপ খাচ্ছে না। এই বলেই এখানে আমি আমার Cut motionটা রাখছি।

শ্রীসুনীলচন্দ্র দত্ত—মাননীয় স্পীকার, Sir, বিরোধী দলের মাননীয় সদস্য যে বলেছেন পল্লী অঞ্চলে পানীয় জলের ব্যবস্থা নেই। একটা Sub-Divisionএর কথা বলছেন যে ৪টী মাত্র tube-well আছে, সবগুলো স্কুলে tube-well নেই, অনেকগুলো tubewell, ring well অকেজো অবস্থায় পড়ে আছে। এই Demand টার উপরে 16—Public Healthএর cut motion রেখেছেন মাননীয় সদস্য সেটাতে যে Provision এর ব্যবস্থা সেটা হল maintenance of tubewells and ring wells etc, এটা Sinkingএর জন্য নয় এবং এই Headএ আমাদের Budget Provision ছিল মাত্র ৮৮,০০০ হাজার টাকা পরবর্তীকালে P, W. থেকে Tribal welfare Scheme এবং Rehabilitation Schemeএরও Tube well গুলি Transfer হয়ে আসাতে মোট বাজেট বরাদ্দ হয় ২ লক্ষ ৫০ হাজার টাকা। ইতিমধ্যে ১ লক্ষ টাকা খরচ হয়েছে। আশা করা যায় বৎসর শেষ হওয়ার সঙ্গে সঙ্গে বাকী টাকা খরচ হবে এবং ত্রিপুরা রাজ্যে যে সব জায়গায় ring well, Tube well আছে সব জায়গায়ই এইগুলি maintenance করার ব্যবস্থা করা হবে। Ringwellগুলি মাননীয় সদস্য বলছেন যে অকেজো হয়ে পড়ে থাকে। গ্রামদেশে যে সব Ring well করা হয়েছে। সেসব Ring well এর কিছুটা দায়িত্ব গ্রামের লোকদের নেওয়া দরকার বলে আমি মনে করি। জল উঠে কিন্তু অনেক জায়গায় আমি দেখেছি যে আবর্জনা ফেলে, নষ্ট করে দেয়। গ্রামের লোকদের এইটুকু ধারণা থাকা দরকার যে আমাদের প্রয়োজনের জন্যই সরকার থেকে এইগুলি করে দেওয়া যায়। আমাদের এইগুলি রক্ষণাবেক্ষণ করা দরকার। আমাদের নিজেদের ও এই সমস্ত প্রচার করা দরকার এবং লোকদিগকে বুঝানো দরকার। দুই একটা জায়গায় আমি নিজেও দেখেছি যে গ্রামের লোকেরা নিজেরা Ring wellএর আবর্জনা পরিষ্কার করে পানীয় জল ব্যবহার করে। Ringwell লাগেনা যা Ringwell আছে যদি আবর্জনা না ফেলা যায় তাহলে এগুলি ব্যবহার করা যায়। কাজেই মাননীয় সদস্য যে cut Motion রেখেছেন

Provision inadequate সেই কথাটি ঠিক নয়। যার জন্যে তিনি cut Motion রেখেছেন যে Sinking ওটা। এ Head টা Sinking এর জন্য নয় এটা maintenance এর জন্য। কাজেই cut Motion কোন যুক্তি আছে বলে আমার মনে হয় না। কাজেই এই cut Motion এর আমি বিরোধিতা করি।

Hlura Aung Mog—মাননীয় অধ্যক্ষ মহোদয়, মাননীয় সদস্য Sunil Chowdhury যে cut Motion এখানে রেখেছেন তাহার সপক্ষে আমি বলছি।

Mr. Speaker—You will have only 2 minutes time.

Hlura Aung Mog—Tube well বা Ring well যে সমস্ত দেওয়া হয়েছে গ্রামাঞ্চলে সে সমস্ত অকেজো অবস্থায় আছে। ১৯৫৯ সালে সেখানে শাক বাড়ীতে Tribal Welfare Scheme এ যে সব Ring well দেওয়া হল সে সবগুলিই অকেজো, প্রথম থেকেই অকেজো যখন Construction শেষ হয় তখনই এক ফোটা জল কেহ খাইতে পারে নাই। এই অবস্থার মধ্যে আছে এবং মন্ত্রী-মহোদয় যাতে এই দিকে দৃষ্টি রেখে কাজগুলি করেন; এবং আমাদের জনসাধারণ ভাল জল খেতে পারে এবং টাকাগুলি যাতে আমাদের ঠিক ঠিক উপকারে লাগে সে দিকে নজর রেখে খরচ করা উচিত এবং সেই জন্য আমি বলি যেসব এলাকার মধ্যে Tube well এবং Ring wellগুলি অকেজো হয়ে পরে আছে। এটার একটা তথ্য সংগ্রহ করে অবিলম্বে তার একটা সুব্যবস্থা করা প্রয়োজন বলে আমি মনে করি।

Shri S. L. Singh— মাননীয় অধ্যক্ষ মহোদয় উনারা বলেছেন যে Ring Well, Tube well গুলি অকেজো হয়ে পরে আছে। অনেক ক্ষেত্রে দেখা যায় যে Ringwell করে অনবরত য'দ সেটার জল ব্যবহার না করে তা'হলে সেটার জল অনেক সময় নষ্ট হয়ে যায়। আর অনেক ক্ষেত্রে দেখা যায় এই যে সমাজ বিরোধী কতকগুলি লোক থাকে যারা Tubewell ভাল হয়নি, ভাল হয়নি বলে চীৎকার দেয় এবং জনসাধারণকে প্ররোচিত করে যে সেখানে আবর্জনা ফেলে এইগুলিকে নষ্ট করে দাও। অতএব সেই দিক দিয়ে দৃষ্টি রেখে সরকার 1965-66 এ ৩ লক্ষ টাকা বরাদ্দ করা হয়েছে। অতএব এটা পর্যাপ্ত এবং যে সমস্ত জায়গাতে Ring well এবং tubewell গুলো বসানো হয়েছে সেই জায়গাতে যেন অনবরত তার জলটা ব্যবহার করে এবং আবর্জনাদি না ফেলে সেই দিকে যদি দৃষ্টি রাখে, কারণ এখন গ্রামেতে অনেক স্থানে পঞ্চায়েত হয়ে গেছে, অতএব সেই সমস্ত জায়গাতে যদি এইরূপ দৃষ্টি রাখা হয় তা হলে আমি মনে করব বাস্তবিকই জনসাধারণের জন্য যে কাজ আমরা গ্রহণ করেছি তাহা আমরা জয়যুক্ত করতে পারব। অতএব আমি মাননীয় সদস্য যারা এ কথা বলেছেন তাদেরকে অনুরোধ করব যাতে ঐদিক দিয়ে জনসাধারণকে ringwell এর জল কিভাবে ব্যবহার করতে হয়, সেটাকে পরিষ্কার পরিচ্ছন্ন কিভাবে রাখা হয় সেই দিক দিয়ে সরকার যে ভাবে প্রচার করে যাচ্ছেন তার সাথে সাথে যদি তারাও তাহা প্রচার করেন তা হলে আমরা ঐগুলোর জল ভাল রাখতে পারব এবং জনসাধারণকে সুস্থ ও সবল রাখতে পারব।

Mr. Speaker—I would now put the question to vote. First I put the cut motion to vote. The question is that there is adequacy of provision for sinking of tube-wells (Non-plan). As may as are of that opinion will please say "Ayes"

Voice—"Ayes"

As many as are of contrary opinion will please my "Noes"—voice—"Noes"

Noes heve it. Now I put the main motion to vote. The question is that a further sum not exceeding Rs. 3,02,600/—be granted to defray the additional charge which will come in course of Payment during the period from 1st April, 1964 to 31st March, 1965 in respect of Demand No. 16—Public Health.

As many as are of that opinion will please say 'Ayes' voice—'Ayes'

As many as are of contrary opinion will please say "Noes".

"Ayes" have it. "Ayes" have it. I would take up Demand for grant No. 17—(Major Head "31"—Agriculture. I would call the Hon'ble Sachindra Lal Singh to move that a further sum not exceeding Rs. 82100/- exclusive of charged expenditure of Rs. 80,700/- be granted to defray the additional charges which will come in course of payment during the period from 1st April, 1964 to 31st March, 1965 in respect of Demand No. 17—Agriculture. There is no cut motion agaist this Demand.

Shri S. L. Singh—মাননীয় অধ্যক্ষ মহোদয়, On the recommendation of the Admistrator I beg to move that a further sum not exceeding Rs. 82,100/- exclussive of charged expenditure of Rs. 80,700/- be granted to defray the additional charge which will come in course of payment during the period for 1st April, 1964 to 31st March 1965 in respect of Demand No. 17—Agriculture.

শ্রীবীরচন্দ্র দেববর্মা—মাননীয় অধ্যক্ষ মহোদয়, এখানে দেখা যায় দু'টো item আছে। একটা হচ্ছে charged আর একটা হচ্ছে voted, charged সম্বন্ধে বলা হয়েছে according to the decree passed by the District Judge. আর যেটা voted সে সম্পর্কে বলা আছে welfare of backward classes আর adjustment of arrear subsidy for various kinds of seeds, এখানে Welfare of Backward class এর জন্য যে expenditure সেটা পরিষ্কার ভাবে নেই। আমি একথা বলতে পারি যে Welfare of Backward classএর জন্য agricultureএর ব্যাপারে যে সব ব্যবস্থা করা হয় these are not up to the mark, তার দ্বারা backward class এর কোন উন্নতি হচ্ছে না বলে আমার মনে হয় না, আমি মনে করি এই সমস্ত টাকার অপচয় হচ্ছে। Seeds এর যে Subsidy দেওয়ার জন্য যেটা বলা হয়েছে অনেক সময় দেখা যায় যে seedগুলো ঠিক ভাল থাকে। Seed গুলো যে হারে দেওয়া হয় অর্থাৎ দেড় $1\frac{1}{2}$ গুণ ধরে যে দেওয়া হয় সেটা আমি exorbitant বলে মনে করব। আমি বলব যে seed যেটা

দেওয়া হবে subsidy দিয়ে ঠিক যে cost হবে তা অনুযায়ী যারা agriculturists তাদেরকে দেওয়া হউক। একথা বলে agriculture সম্পর্কে আমি আমার বক্তব্য শেষ করলাম।

Shri S. L. Singh— মাননীয় Speaker Sir এখানে 2545 একর জমি acquire করার জন্য যে Compensation Money র প্রয়োজন হবে তার ব্যয় বরাদ্দ চাওয়া হয়েছে। Seed Multiplication এর কাজের জন্য এই জমির প্রয়োজন। আর একটি ক্ষেত্রে Supplimentary Demandএ চাওয়া হয়েছে 82,100 টাকা, তার প্রয়োজন হবে For meeting the expenditure on welfare of Backward Classes এখানে আমরা নানা ভাষায় নানা প্রকার বক্তব্য শুনি. কিন্তু যাদের জন্য, যে Tribal দের জন্য আমরা কাজ করি, তারা যে ক্রমান্বয়ে উন্নত হয়েছে তাদের আর্থিক ও সামাজিক উন্নতি যে ক্রমান্বয়ে হচ্ছে এই দেখে মাননীয় সদস্যরা চিন্তিত হয়ে উঠেছেন, এবং এই কারণেই নানাপ্রকার বক্তব্য এখানে রাখা হচ্ছে। অন্য দিকে tribal-দের উল্টা বুঝান হচ্ছে যে, সরকার তোমাদের জন্য কিছু করছে না, তোমাদের অবস্থার কোন উন্নতি হচ্ছে না, এ হচ্ছে তাঁদের philosphy ভালকে সত্যকে বিকৃত করা তাঁদের অভ্যাস। Disintegration কে যদি মাথা চাড়া দিয়ে উঠাইতে হয় তবে মাননীয় সদস্যদিগকে এই প্রচার করে যেতে হবে. মানুষ যখন বুঝবে তাদের অবস্থার উন্নতি হচ্ছে, তাদের আর্থিক সামাজিক সব দিকে উন্নতি হচ্ছে তখন তারা আর কোন ভাঁওতায় ভুলবে না, মাননীয় সদস্যদেরও তখন রাজনীতির অসুবিধা হবে তাই এইভাবে অপপ্রচার করা ছাড়া তাঁরা আর কোন পথ দেখছেন না। কিন্তু আমরা নাচার আমরা আমাদের কাজ করে যাচ্ছি ও যাব। বলা হয়েছে যে subsidy দেওয়া হচ্ছে না, Germination এর ব্যবস্থা করা হচ্ছে না ; কিন্তু একথা সত্য নয়। আমরা Block এর মারফৎ কৃষকের Demand কি, কি কি বিশেষ seeds তাঁরা চান তা আমরা সংগ্রহ ক'রি এবং আমরা সেই ডিমাণ্ড পুরণ করি। এখানে যে ব্যয় বরাদ্দ দাবী করা হয়েছে, তা সেই অনুসারেই করা হয়েছে। Subsidy দেওয়ার যে প্রথা ত্রিপুরাতে আছে, তা বোধ হয়, অন্য কোন খানে নেই। আমাদের দেশ Backward, আমাদের কৃষক অতি দরিদ্র সুতরাং আমরা সেই অবস্থার দিকে লক্ষ্য রেখে subsidy দিয়ে যাচ্ছি, এবং সেই ক্ষেত্রেও ব্যয় বরাদ্দ চাওয়া হয়েছে। কৃষককে নানাভাবে সাহায্য করে আমরা বুঝাতে পেরেছি যে বোরো ধান চাষ করবার প্রয়োজনীয়তা আছে, এবং ত্রিপুরার কৃষক এখন বোরো ধান বপন করবার জন্য বিশেষ ব্যাগ্র। তারা বুঝতে পেরেছে বোরো চাষ করলে পরে, তিনটি ফসল জমি থেকে পাওয়া যাবে। সুতরাং আমরাও কৃষককে উৎসাহিত করার জন্য আউস ও বোরো ধানের বীজ দিচ্ছি। আলুর বীজও আমরা কৃষককে দিয়ে থাকি আলুর চাষের যে কি রকম উন্নতি হয়েছে তা ধর্মনগর থেকে সাব্রুম পর্য্যন্ত গেলে বুঝতে পারা যাবে। জনসাধারণও আজ আলু চাষের ব্যাপারে খুবই উৎসাহ বোধ করছে।

Mr. Speaker—I would now put the motion to vote. The question is that a further sum not exceeding Rs. 82-1001 exclusive of charged expenditure of 80,700/- be granted to defray the additional charges which will come in course of payment during the period from 1st April 1914 to 31st March 1965, in respect of Demand No. 77—Agriculture.

The motion was passed.

I would now take up the demand for grant No, 18. Major Head 33 Animal Husbandry. The Hon'ble Sachinda Lal Singh will now move that a further sum not exceeding Rs. 1.38,600/- be granted to defray the additional charges which will come in course of payment during the period from 1st April 1964 to 31st March 1965, in respect of Demand No. 18.—Animal Husbandry.

Shri S. L. Singh—Hon'ble Speaker Sir. On the Recommendation of the Administrator, I beg to move that a further sum not exceeding Rs. 1,38,600/- be granted to defray the additional charges which will come in course of payment during the period from 1st April, 1964 to 31st March 1965. in respect of Demand No, 18—Animal Husbandry.

Atiqul Islam— এখানে purchase of Land for Cattle Breeding Farm সম্পর্কে ব্যয় বরাদ্দ চাওয়া হয়েছে। এই সম্পর্কে যদি কিছু মন্ত্রী মহাশয় বলেন তবে আমরা ব্যাপারটা বুঝতে পারি. আমরা জানতে চাই এই schemeটা কি এবং এই Landটি বা কোথায় কেনা হচ্ছে, কবে কেনা হবে ইত্যাদি।

Milk supply scheme সম্পর্কেও additional expenditure চাওয়া হয়েছে এই scheme সম্পর্কে আমার বক্তব্য হল যে আগরতলার জনসাধারণ দুধ সম্পর্কে বিশেষ আগ্রহী সুতরাং আমরা যদি এই schemeটার সম্প্রসারণ করতে পারি সেইদিকে দৃষ্টি রাখলে ভাল হয়।

Shri Karunamay Nath Chowdhury— আমি এই Demandএর সমর্থনে বলছি, আগরতলা মিল্ক সাপ্লাই স্কীম সম্প্রসারণ করার জন্য একটা বড় অঙ্কের টাকার ব্যয় বরাদ্দ চাওয়া হয়েছে, অতিরিক্ত দুধ বহন করা, শ্রমিকদের বেতন দেওয়া, অধিক দুধের দাম দেওয়া, কাজের জন্য এই অতিরিক্ত ব্যয় বরাদ্দ চাওয়া হয়েছে। তদুপরি আমাদের গাভীগুলি পুরাণ হয়েছে, সেই কারণেও আমাদের অতিরিক্ত টাকার প্রয়োজন। আমাদের বিভিন্ন এলাকায় যে সমস্ত লোক গো-পালন করছেন, তারা যাতে উন্নত ধরণের গরু কিনতে পারেন এদিকে লক্ষ্য রেখেই টাকা চাওয়া হয়েছে। এই কারণেও অতিরিক্ত মঞ্জুরী চাওয়া হয়েছে। জমির যে টাকা চাওয়া হয়েছে তাহা ও ত্রিপুরা রাজ্যের গো-সম্পদের উন্নতির জন্য, এই বলে আমি এই Demand এর সমর্থনে আমার বক্তব্য রাখছি।

Mr. Speaker— I would request the Hon'ble Minister to give reply.

Shri S. L Singh— মাননীয় Speaker Sir, এখানে purchase of land for cattle breeding farm, for meeting the cost of expansion of state Paulty farm ইত্যাদির জন্য টাকা চাওয়া হয়েছে। আর একটি হচ্ছে Milk supply scheme এর জন্য। জনসাধারণ যাতে উন্নত ধরণের গো-পালন করতে পারেন সেদিকেও লক্ষ্য রাখা হয়েছে। কৃষকের অর্থনৈতিক উন্নতি যাতে হতে পারে, জনসাধারণ যাতে ভাল দুধ পেতে পারে, এই উদ্দেশ্য নিয়ে এই suppli-

mentary grant চাওয়া হয়েছে, আমি আশা করব House এই supplimentary Demand সর্ব্বসম্মতিক্রমে পাশ করবে।

Mr. Speaker— I shall now put the question to vote—

The question before the House is that a further sum not exceeding Rs. 1,38,600/- be granted to defray the additional charges which will come in course of payment during the period from 1st April 1964 to 31 March 1965 in respect of Demand No. 18 Animal Husbandry.

The motion was passed.

I would now take up Demand No. 19, Major head '34' Co-operation,

The Hon'ble Sachindra Lal Singh will please move that a further sum not exceeding Rs. 2,94,300/- be granted to defray the additional charges which will come in course of payment during the period from Ist April 1964 to 31st March, 1965 in respect of Demand No. 19 Co-operation.

Shri Sachindra Lal Singh— মাননীয় অধ্যক্ষ মহাশয় on the recommendation of the Administrator. I beg to move that a further sum Rs. not exceeding Rs. 294,300/- granted to defray the additional charges which will come in course of payment during the period from 1st April 1964 to 31st March 1965 inrespect of Demand No. 19 Co-operation.

Birchandra Deb Barma— মাননীয় Speaker Sir, এখানে যে যে কারণে supplimentary grant চাওয়া হয়েছে তার একটি হল pay and establishment Head— আমার মনে হয় যখন বাজেট করা হয় তখন যদি গত বৎসরের actuals এর উপর নির্ভর করে করা হয়, তবে হয়, এবং সেক্ষেত্রে আমরা actual requirement কি তাও বুঝতে পারি।

Revision of pay scale সম্পর্কে আমরা আগেই বলেছি যে Revision of Pay Scale যা হয়েছে তা সকলে পাচ্ছেন না। কতকগুলি ক্ষেত্রে কিছু কিছু ভুল ত্রুটিও রয়ে গেছে, এগুলির rectification হওয়া দরকার তাছাড়া আমাদের এখানে Revision of Scale হওয়াতে সাধারণ কর্ম্মচারী যারা তাদের কি রকম লাভ হয়েছে জানি না তবে একথা জানি কোন কোন ক্ষেত্রে কর্ম্মচারীদের বেতন কিছু কিছু কমে গেছে। যেমন Sanitary Inspector দের বেতন আগে ছিল 130—180. Revision এর পর সেটা হয়েছে 90—130, এরকম কেস আরও অন্য ক্ষেত্রেও আছে। সুতরাং এই সমস্ত anomaly দূর করার জন্য ত্রিপুরার Pay Commission এ যারা আছেন তাদের তা consider করা উচিত।

এই supplimentary grant এর Demand এর অন্তর্ভুক্ত হচ্ছে ৩১৩০০ টাকা যা চাওয়া হয়েছে other charge এর জন্য। এ ক্ষেত্রে আমি না বলে পারি না যে Schedule Caste and Back-

ward classes of people এর অবস্থার উন্নতির জন্য Commission এর যে Report ছিল তা অনেক ক্ষেত্রে কার্য্যকরী করা হয় না, ঐ Recommendation এর যেগুলি essential aspect সেগুলিকে বাদ দিয়ে কতকগুলি অপ্রয়োজনীয় জিনিষকে কার্য্যকরী করা হয় show হিসাবে, Co-operative Society আমাদের এখানে অনেক আছে। আমি মনে করি না যে, এই society-গুলি ঠিক ঠিক মত চলেছে, সুতরাং আমি বলব যে এই Co-operative Societyগুলির দিকে বিশেষ নজর দেওয়া প্রয়োজন।

Shri S. L. Singh—আমি এই Demandএর সমর্থনে বলতে চাই আমাদের এখানে বর্ত্তমানে প্রায় ৬৫৫ Co-operative Society আছে। সুতরাং এই অধিক সংখ্যক Societyগুলির জন্য পূর্ব বাজেটে যে টাকা রাখা হয়েছিল তা যথেষ্ট না হওয়ায় এই অতিরিক্ত ব্যয় বরাদ্দ চাওয়া হয়েছে। যে অর্থের প্রয়োজন হচ্ছে, অতিরিক্ত যে কর্ম্মচারী নিয়োগ হয়েছে তাদের জন্যও কর্মচারীর যে Revision of Pay Scale হয়েছে তার অতিরিক্ত ব্যয় মেটাবার জন্য। আমি এ কথা মনে করি না যে Co-operative এর কাজ ভাল চলছে না। Society গুলির কাজ করা ভাল চলছে, সুতরাং এই খাতে যে ব্যয় বরাদ্দ চাওয়া হয়েছে আমি তা সমর্থন করি।

Mr. Speaker—I would request Hon'ble Chief Minister to reply.

Shri S. L Singh—মাননীয় অধ্যক্ষ মহোদয়, সারা বৎসরের জন্য কি পরিমিত টাকার প্রয়োজন হবে তা যদি গোড়াতেই ঠিক ঠিক অনুমান করা যেত তা হলে Provisional Budget ও Supplimentary Budget বলতে কিছু থাকত না। পৃথিবীর কোন জায়গাতে কেহ আগে থেকে অনুমান করতে পারে না, যে তার দেশের বাজেটের actuals কত হবে ; সুতরাং আগে একটা Provisional Budget করা হয় এবং পরে Supplementary Budget এনে এই ঘাটতি পূরণ করা হয়।

ধেবর কমিশনের Report কার্য্যকারী করা হয় না বলে যে অভিযোগ করা হয়েছে, তা ঠিক নয়, ধেবর কমিশনে যে recommendation আছে সেগুলি ত কার্য্যকরী করা হয়, তদুপরি Schedule caste ও Schedule trilbes ও অন্যান্য Backward peopleএর অবস্থার উন্নতির জন্য আরও অতিরিক্ত ব্যবস্থা গ্রহণ করা হয়।

বারংবার ধেবর কমিশনের Reportকে এই Houseএর সামনে তুলে ধরা তাদের একটা রেওয়াজ হয়ে গেছে, কিন্তু কোথায় কোন কাজ হচ্ছে না, কোন কোন Recommendation কার্য্যকরী করা হচ্ছে না, এগুলি একবারও তাঁরা বলেন না, এগুলি বল্লে বুঝতাম যে, হাঁ, তারা যথার্থই Schedule caste, Schedule tribes প্রভৃতির জন্য চিন্তা করেন। ধেবর কমিশনে রায় অনুসারে যে integrated programme আছে, সেই Programme অনুসারেই আমরা কাজ করে চলেছি। Schedule caste, Schedule tribes ও অন্যান্য যারা Backward আছেন, তাদের অবস্থার উন্নতি করতে হলে কি প্রয়োজন, তাদের Co-operative এর মারফত settle করা যায় কিনা, সেই দিকে আমাদের সজাগ দৃষ্টি আছে, এবং সেই অনুসারে আমরা কাজ করে চলেছি। Co-operative দ্বারা বিশেষ কোন কাজ হচ্ছে না বলে যে অভিযোগ করা হয়েছে, তার উত্তরে আমি বলব যে

৩১,৩৬৩ ছিল ৬১৮টি Co-operative Society, 31, 3, 64 এ হয়েছিল ৬৩৮, and upto date হয়েছে ৬৫১টি আমরা আশা করি যে,Co-operativeকে যদি আমরা শক্তিশালী করতে পারি তবে ত্রিপুরার অবস্থার উন্নতি হবে, আশা করি House আমার Demand গ্রহণ করবে।

Mr. Speaker—I shall now put the motion of vote. The question before the House is "that a further sum of not exceeding Rs. 2,94,300/- be granted to defray the additional charges which will come in course of payment during the period From 1st April 1864 to 31st March 1965 in respect of Demand No. 19—Co-operation.

The motion was passed.

Shri S, L. Singh—Hon'ble Speaker, Sir, I seek your permission to authorise the Development Minister to move the remaining Demands,

Mr. Speaker—All right. I have got your formal notice of it, I would now take up the Demand for Grant No. 25, Maior Head 45—Electricity Schemes—Bracketted with Demand for Grant No. 25A—Major Head 49—Capital outlay on Electricity Schemes (Within the revenue account)

I would call on the Hon'ble Development Minister, Shri Sukhamoy Sen Gupta to move that a further sum not exceeding Rs. 2,02,900/- be granted to defray the additional charges which will come in course of payment during the period from 1st April 1264 to 31st march, 1965 in respect of Demand No. 25—Electricity Scheme.

Shri Sukhamoy Sen **Gupta**—On the recommendation of the Administrator I beg to move that a further sum not exeeding Rs. 2,02,900/- be granted to defray the additional charges which will come in course of payment during the period from 1st April, 1964 to 31st March, 1965 in respect of Demand No. 25-

On the recommendation of the Administrator I beg to move that a further sum not exceeding Rs. 13,000/- be granted to defray the charges which will come in course of payment during the period from 1st April,1964 to 31st March, 1965 in respect of Demand No 25A—Capital outlay on Electricity Schemes.

Mr. Speaker—I call on Shri Atiqul Islam.

শ্রীআতিকুল ইসলাম—মাননীয় অধ্যক্ষ মহোদয়, Electric এর চাহিদা সর্ব্বত্র খুব বাড়ছে। আমি জানি যে আবেদনপত্র অনেকদিন ধরে পড়ে থাকে এবং অনেকে Electricity Connection পায় না। কাজেই এত অর্থ ব্যয়ের পরেও এবং অতিরিক্ত অর্থ মঞ্জুরীর পরেও সেখানে যেসব অসুবিধা দেখা দেয় তার কোন যুক্তি সঙ্গত কারণ আমি দেখতে পাই না। তা ছাড়া আমাদের

এখানে যে Electric Charge করা হ'য়েছে সেটা মনে হয় অত্যন্ত বেশী এমন বেশী rate আর কোথাও আছে বলে আমার মনে হয় না। অতএব এই যে rateটা আমাদের এখানে কমানো উচিৎ। আর যে Gumti Hydro Electric Projectএর survey work এর জন্য যে ধরা হয়েছে ১৩,০০০৲ টাকা. সে সম্বন্ধে মন্ত্রী মহোদয় কি করবেন না করবেন তাতে একটু আলোকপাত করলে আমাদের সুবিধা হয়।

শ্রীসুখময় সেনগুপ্ত—মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমাদের এখানে Electricity উৎপাদন যে ধীরে ধীরে বাড়ছে তার কারণ হ'ল মানুষের Demandএর দিকে—কারণ একটা stateএর যে progress তার মাপকাঠি নির্দ্ধারিত হয় Electricityর উৎপাদনের উপর এবং তার consumption এর উপর এবং সেই দিক থেকে এই যে consumption বাড়ছে তারই জন্যে এই demand place করা হয়েছে। আর একটা হ'ল সেটা সমস্ত ত্রিপুরাতে electricity চালু করার জন্যে আমাদের দুটি Scheme রয়েছে। তার মধ্যে একটা হ'ল Dumboor Hydro Electricity Scheme—সেটার Priliminary work আরম্ভ হচ্ছে, আর একটা হ'ল আসাম থেকে bulk supply নিয়ে আসা হচ্ছে. এই সম্পর্কে যে rateএর কথা বলা হয়েছে, সেটা এখানে যে সমস্ত machinary আসছে. তার যা খরচ, Disel Oil যার দ্বারা ঐটি চলে অঙ্ক কষে দেখা গেছে যে এর কমে এখানে unit দেওয়া চলতে পারে না—দেওয়া চলে না। এটা শুধু ত্রিপুরা বলে নয়, ত্রিপুরাতে Special circumstances রয়েছে তাতে আমরা আট আনা করে যে unit দিচ্ছি ভারতবর্ষের অন্যান্য যে সব more advanced state যেগুলি, যেখানে communication difficulties নেই, সেখানে দেখা যায় ৮ আনা করে unit রয়েছে। সেদিক থেকে অত অসুবিধা সত্বে যে ৮ আনা করে নেওয়া হচ্ছে তা খুব বেশী কথা নয়। যদিও জানি যে এটা আরও কমাতে পারলে সুবিধার কথা—কিন্তু ত্রিপুরায় যে অবস্থা রয়েছে তার সমস্ত দিক বিবেচনা করে এই rate fixed করা হয়েছে। Budget আলোচনা করতে গিয়ে যে Demand Place করা হয়েছে তার আলোচনা করতে গিয়ে বলা হয় যে actual হিসাব আমরা করি না—দেখি না—এই কথাটা ঠিক নয়। তার কারণ হ'ল এই, এমন অনেক unforescen circumstances আসে. এমন অনেক অবস্থা ঘটে যার ফলে actualএর চাইতে অনেক ক্ষেত্রে বেশী খরচ হয়ে যায়। সেদিক থেকে আমার মনে হয় যে Demand এখানে রাখা হয়েছে. হাউস তা সমর্থন করবেন।

Mr. Speaker— I now put the motion to vote. The question before the House is "that a further sum not exceeding Rs. 2,02,900/- be grantand to defray the additional charges which will come in cousre of payment during the period from 1st April 1964 to 31st March 1965 in respect of Demand No. 25. Electricity schemes.

The second one is bracketed. I am putting that to vote. The question is that further sum not exceeding Rs. 13,000/- be granted to defray the charges

which will come incourse of payment during the period from 1st April 1964 to 31st March 1965 in respect of Demand No. 25 A— Capital outlay on Electricity Schemes (within the revenue a/c).

The motions were passed.

I shall now take up the Demand for grant No. 24 bracketed with No. 26 & 37 together,

First one Major Head 44—Irrigation, Navigation. Embankment & Drainage works. (non-Commercial)

The first one is that a further sum not exceeding Rs. 1.87,600/- be granted to defray the additional charges which will come in course of payment during the period from 1st April 1964 to 31st March 1965 in respect of Demand No. 24—Irrigation, Navigation. Embankment & Drainage works. (Non-Commercial)

2nd one is Major Head 50—Public works (including Roads) "that a further sum not exceeding Rs. 34.47.200/- be granted to defray the additional charges which will come in course of payment during the period from 1st April 1964 to 31st March 1965 in respect of demand No. 26—Public works (including Roads).

3rd one—Major Head 100—Capital outlay on Irrigation, Navigation, Embankment & Drainage works, (non-Commercial)—"that a further sum not exceeding Rs. 1,100/- be granted to defray the additional charges which will come in course of payment during the period from 1st April 1964 to 31st Marh, 1965 in respect of demand No, 37—Capital outlay on Irrigation, Navigation. Embankment & Drainage works (non-Commercial).

I would call on the Hon'ble Minister authorised by Chief Minister, I mean the Dev, Minister to move these demands.

Shri Sukhamoy Sen Gupta—On the recommendation of the Administrator, I beg to move that a further sum not exceeding Rs, 1.87.600/- be granted to defray the additional charges which will come incourse of payment during the period from 1st April 1964 to 31st March, 1965 in respect of demand No, 24—Irrigation, Navigation, Embankment & Drainage works (non-Commercial).

On the recommendation, of the Administrator I beg to move that a further sum not exceeding Rs. 34,67,200/- be granted to defray the additional

charges which will come incourse of payment during the period from 1st April 1964 to 31st March 1965 in respect of demand No. 26—Public works (including Roads),

On the recommendation of the Administrator I beg to move that a further sum not exceeding Rs. 1,100/- be granted to defray the additional charges which will come in course of payment during the period from 1st April 1964 to 31st March 1965 in respect of demand No. 37—Capital outlay on Irrigation. Navigation, Embankment & Drainage works (non-Commercial),

Mr. Speaker—There is one cut motion on demand No. 24—given notice of by Shri Ram chandra Deb Barma, to discuss on inadequacy of Provision for maintenance and repair of embankment damaged by flood.

&

On demand No. 26 (Major Head 50) Notices have been given for 2 cut motions—one by Shri Sudhanwa Deb Barma to discuss on the cost of furniture for the residence of Hon'ble Speaker.

On a point of order raised by the Leader of the Opposition, I gave my decision that I agreed with him rather if it means censure motion against the speaker, then only it can not be raised.

Shri Bir Chandra Deb Barma—We have received the Corrigendum just now.

Mr. Speaker—This may be corrected now and may be discussed in the connected form.

Shri Atiqul Islam—আমার মনে হয় cut motionএ Speaker কথাটা বাদ দিয়ে Minister and Dy. Minister—কথাটা insert করতে পারে।

Mr. Speaker—Yes, the cut motion will be as follows—

'That the demand be reduced by Rs. 10,000/- for the cost of furniture for the residence of Hon'ble Minister and Dy. Minister is very high.

I shall call on Shri Ram Chandra Deb Barma to discuss.

শ্রীরামচন্দ্র দেববর্মা—মাননীয় speaker মহোদয়, Demand for Grant No. 24 এর মধ্যে যে ১,৮৭,৬০০৲ টাকা grant চাওয়া হয়েছে ওটা অপর্যাপ্ত ; কারণ irrigation, Navigation, Embankment and Drainage works এই কয়েকটা কাজের মধ্যে ১,৮৭,৬০০৲ টাকা, এটা কিছু নয়। এখন floodএর সময় যে সব জায়গায় আমাদের town সংরক্ষণের বাঁধ, irrigation এর বাঁধ, প্রভৃতি যে ভেঙ্গে গেছে এ সমস্ত জায়গায় এমনকি সারা ত্রিপুরার ক্ষেত্রে সমপ্রভাবে

চেয়ে দেখি তা'হলে পরে দেখা যায়, এই যে টাকা তা অত্যন্ত অপর্যাপ্ত। সে জন্যই আমি এখানে আ'মার cut motion টা রাখছি যে সমস্ত ত্রিপুরার দিকে লক্ষ্য রেখে যদি মঞ্জুরী চাওয়া হ'ত তাহ'লে সেটা আরও কিছু বাড়া উচিৎ ছিল।

Mr. Speaker—Now I call on Shri Sunil Kr. Choudhury.

শ্রীসুনীলকুমার চৌধুরী—মাননীয় অধ্যক্ষ মহোদয়, Demand for grant No, 26এ আমার একটা cut Motion আছে। সেটা হ'ল S. P. T. bridge যেগুলি নাকি বন্যায় নষ্ট হয়ে গেছে, সেগুলির জন্য এখানে যে টাকার অঙ্ক রেখেছেন, ৩০,৩১,১০০/- টাকা সেটা sufficient নয়। তার কারণ হচ্ছে আজকে তার মধ্যে আমরা কি দেখতে পাই? আমরা আজকে দেখতে পাই যে বড় রাস্তা যেটা lifeline তার ভিতরে অনেক bridge এর অভাবে গাড়ী pass করতে পারে না। বর্ষাকালে সেগুলিকে হয়ত temporarily মেরামত করা হয়। কিন্তু যেগুলি interior roads আমাদের আছে. যোগাযোগ রক্ষা করার জন্য, যেগুলিতে সে সব bridge বন্যায় ধ্বংস হয়ে গেছে, তা আজ পর্যন্তও repair হয় নি। আমি সেই রকম একটা দৃষ্টান্ত দিতে পারি, Subroom Road থেকে ২নং Jalafa এর দিকে একটা রাস্তা গেছে তার উপরে ২টা bridge বন্যায় ভেঙ্গে গেছে, সেগুলি আজ পর্যন্ত replace হয়নি। সে প্রায় তিন বছর হয়ে গেছে, সেগুলি সম্পর্কে আজ পর্যন্ত কোন Ruling Party করেছেন কিনা জানি না, চিন্তা সেখানে আজ পর্যন্ত bridge হয় নি। কাজেই এই যে টাকা তা আমাদের যে কুর্তি রোড ও আগরতলা সাব্রুম রোড এই দুটা রাস্তাকে রক্ষা করার জন্যেই নয়। এটা হলে হয়তো ওনাদের কাছে sufficient হতে পারে। কিন্তু আমার কথা হ'ল যে সমগ্র ত্রিপুরায় যোগাযোগ ব্যবস্থায় interior যে সমস্ত রোড আছে সে সমস্ত রোডের উপর যে ব্রীজগুলি বন্যায় ধ্বংস হয়ে যাওয়ার পরে আজ পর্যন্ত সেগুলি রিপ্লেস্‌ড হয়নি। কাজেই আমি এখানে চিন্তা করেছিলাম যে আরও বেশী টাকা রাখা উচিত ছিল. কারণ গত বাজেট সেসনে আমরা বলে ছিলাম যে টাকা রাখা হচ্ছে ব্রীজের জন্য সেটা sufficient নয়। তখন ও বলা হয়েছিল যে বিভিন্ন জায়গায় ব্রীজ এর অভাবে জনসাধারণ যাতায়াত করতে পারছে না। যার ফলে যথেষ্ট অসুবিধা হচ্ছে। কিন্তু আজকেও এমন অনেক ব্রীজ আছে সেগুলি ৩।৪ বছর পর্যন্ত পড়ে আছে এখনও ব্রীজ হয়নি। কাজেই আমি বলব, যে এখানে বাস্তব যে দৃষ্টি ভঙ্গি সেই অনুসারে রাখা হয়নি। অতএব, আমি যে cut Motion এখানে রেখেছি তার সমর্থনে বলছি যে আরও বেশী টাকা এখানে রাখা উচিৎ ছিল।

Mr. Speaker—I call on Shri Sunil Ch. Datta,

শ্রীসুনীলচন্দ্র দত্ত—মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমি এই cut motionএর বিরোধিতা করছি। মাননীয় সদস্য cut motionএ বলেছেন যে সমগ্র ত্রিপুরায় যে সমস্ত ব্রীজ বন্যায় ধ্বংস হয়েছে সেগুলো আর repair হয়নি এবং উল্লেখ করেছেন তার Subdivisionএর দু একটি ব্রীজের কথা যেগুলি ২।৩ বছরেও repair হয়নি। মাননীয় সদস্য নিশ্চয়ই অবগত আছেন যে সমগ্র ত্রিপুরায় কয়েক হাজার ব্রীজ আছে বিভিন্ন রাস্তার উপর। আসাম—আগরতলা রাস্তা, আগরতলা—সাব্রুম রাস্তা, আগরতলা—উদয়পুর রাস্তা, আগরতলা—খোয়াই রাস্তা, খোয়াই—তেলিয়ামুড়া—আমবাসা রাস্তা—ঐ সমস্ত রাস্তায় কয়েক হাজার ব্রীজ আছে।

কয়েক হাজার ব্রীজের মধ্যে প্রায় প্রতিটি ব্রীজেই maintain হচ্ছে P. W. D. দ্বারা। প্রতি বৎসরই তাঁরা ব্যবস্থা রাখেন maintenanceএর— চলতি বৎসরেও ব্যবস্থা আছে। মাননীয় সদস্যরা নিশ্চয়ই দেখেছেন যে বিভিন্ন রাস্তায় যে ব্রীজগুলো flood দ্বারা damaged হয়েছিল তার maintenance হচ্ছে। যে সব জায়গায় temporary bridge ছিল সে সব জায়গায় S. P. T. bridge হয়েছে। যে সব জায়গায় S. P. T. bridge damaged হয়েছিল সেগুলো ঠিক করা হচ্ছে। সমগ্র ত্রিপুরাতে হাজার হাজার bridgeএর মধ্যে নেই বললেন তো মাত্র ২টি, আর তো বলতে পারলেন না। কিন্তু সমগ্র ত্রিপুরাতে আমি যে সব, রাস্তাগুলির কথা বললাম তার সবগুলোতেই maintenanceএর কাজ চলছে।

(Disturbance)

Mr. Speaker—Let the Hon'ble Member go on undisturbed with his speech.

শ্রীসুনীলচন্দ্র দত্ত—কাজেই যে কথা বলছেন সেটা একটা দৃষ্টান্ত দিয়ে।

Mr. Speaker—No, no, you go on with your speech.

Sunil Chandra Datta— কাজেই তিনি যে তথ্য দিয়েছেন যে ব্রীজগুলির maintenence হয়নি, একথা সত্য নয়। সত্য যে নয় তার প্রমাণ তিনি নিজেই দিয়েছেন। সাব্রুম থেকে ধর্মনগর পর্যান্ত অনেকগুলি রাস্তার কথা তিনি বলেছেন, কিন্তু বললেন মাত্র ২।৩টি ব্রীজের কথা যেগুলি ৩।৪ বছরের মধ্যে ঠিক হয়নি, maintenence হয়নি। এখন যে ব্রীজগুলি maintenence হয়নি সেগুলি কার রাস্তা P. W. D. না block এর রাস্তা। যদি block এর রাস্তা হয়, তবে গ্রামবাসীদের দায়িত্ব আছে, block রাস্তা ও ব্রীজ করে দিলে গ্রামবাসীর উপর দায়িত্ব বর্ত্তান এবং তারা সেগুলির maintenence করে থাকেন। কাজেই তিনি যে দাবী করেছেন যে রাস্তা ও ব্রীজ maintenence হচ্ছে না, তা সত্য নয়। সারা ত্রিপুরায় রাস্তা ও ব্রীজগুলির maintenence হচ্ছে এবং সেগুলি ক্রমশঃ উন্নতর দিকে যাচ্ছে। এটা অস্বীকার করার কোন কারণ নাই। উনি যে cut motion এনেছেন তার মধ্যে কোন যুক্তি আছে বলে আমি মনে করি না অতএব আমি এই cut motion এর বিরোধ করছি।

Mr. Speaker— I would call on Sri Sudhanwa Deb Barma to move his cut motion.

Sri Sudhanwa Deb Barma— মাননীয় স্পীকার মহাশয়, আমি যে cut motion এনেছি তার সমর্থনে কিছু বলছি। ত্রিপুরার চতুর্দ্দিকে অভাব অনটনে মানুষ জর্জ্জরিত। নিত্য প্রয়োজনীয় জিনিষের দাম এত বেড়ে গেছে যে তাদের ক্রয় ক্ষমতার বাহিরে চলে গেছে। এমন দিনে আমাদের দায়ীত্বশীল মন্ত্রীদের ঘর সাজানোর জন্য furniture এর বাবতে ১৬,০০০ টাকা এই বাজেটে রাখা হয়েছে। আজ আমরা এই ত্রিপুরায় কি দেখি ? দেখি যারা উপরতলার কর্মচারী অর্থাৎ যারা বেশী টাকা মাস মাহিনা পান, তাদেরই সুবিধা হচ্ছে। আর একদিকে যারা class IV employee বা নিম্ন বেতনভূক কর্মচারী তাদের pay scale rivision পরে বেতন বৰ্দ্ধিত হওয়া দূরের কথা অনেক ক্ষেত্রে তাদের বেতন কমে গেছে। এই অবস্থাতে যারা বেতন বেশী পান তাছাড়াও তাদের ব্যক্তিগত সুখ-সুবিধার জন্য, এমন কি মন্ত্রীদের furniture এর জন্য এত টাকার কি প্রয়োজন তা আমি বুঝতে পারি না। একদিন মহাত্মা গান্ধী বলেছিলেন—মন্ত্রীদের বেতন স্বাধীন ভারতে ৫০০ টাকার বেশী

হওয়া উচিত হবে না। হয়তো আমার একথার উত্তর দেওয়ার জন্য মন্ত্রী মহাশয়রা বলবেন যে যখন মহাত্মা গান্ধী একথা বলেছিলেন তখনকার অবস্থা আর এখনকার অবস্থার সঙ্গে তুলনা চলে না। তখনকার living cost অনেক কম ছিল আর এখনকার living cost অনেক বেড়ে গেছে। কাজেই তখনকার ৫০০ টাকা এখনকার কয়েক হাজার টাকার সমান। এই উত্তর তারা হয়তো দিতে পারেন, আমিও সেটা জানি যে living cost অনেক বেড়ে গেছে। কিন্তু furniture এর প্রয়োজনীয়তা সম্পর্কে living cost বাড়ার কি সম্পর্ক থাকতে পারে সে দিকে দৃষ্টি দিতে হবে। আজকে যারা নিম্ন বেতনভুক কর্মচারী আছে, তারা যাতে pay scale revision এবং অন্যান্যভাবে সুযোগ সুবিধা পেতে পারে তার বিবেচনা না করে furniture এর জন্য এত টাকা বরাদ্দ করা হল কেন, তা আমি বুঝতে পারি না। আমি Demand No. 40 তে এক জায়গায় দেখেছি যে Horticulture cash crop scheme ১,৮০০ টাকা মাত্র ধরা হয়েছে। Furniture এর জন্য যে টাকা ধরা হয়েছে তা প্রায় এটার ৯ গুণ। সারা ত্রিপুরায় যে cash crop হবে তাতে যদি এই টাকা ধরা হয় তা'হলে আমরা কি বলব। মন্ত্রীদের ঘর সাজানোর জন্য ধরা হল ১৭,০০০ টাকা কিন্তু সেখানে Horticulture cash crop scheme এর জন্য ধরা হল মাত্র ১,৮০০ টাকা এই সম্পর্কে কি যে মন্তব্য করব তা আমি বুঝে উঠতে পারছি না। এই সমস্ত কারণে এই যে ১৭,০০০ টাকা রাখা হয়েছে মন্ত্রীদের ঘর সাজানোর জন্য তা কি করে আমরা সমর্থন করতে পারি। আজকে ত্রিপুরার যে অবস্থা সেইদিকে লক্ষ্য রেখে বিভিন্ন খাতে টাকা বরাদ্দ করা প্রয়োজন কিন্তু আমরা কি দেখছি? আজকে grow more food বলে চীৎকার করা হয়, গালভরা কথা বলা হয় কিন্তু প্রকৃতপক্ষে আমরা কি দেখি। আজকে আউস ধানের জন্য বীজের প্রয়োজন কিন্তু সে বীজ কয়জন পাবে আমি জানি না। আজকে আমরা এই supplementary budget এ দেখছি যে pay & allowance বাবদ যে টাকা খরচ হয় তার তুলনায় grow more food scheme এ খুব টাকাই বরাদ্দ করা হয়েছে। কাজেই এই সমস্ত দিক বিচার বিবেচনা করলে দেখা যাবে আমাদের শাসক পার্টি বা সরকার ত্রিপুরায় প্রকৃত উন্নতির জন্য খুব কম টাকাই খরচ করছেন এবং খুব বেশী নজর দিচ্ছেন বলে আমার মনে হয় না।

Mr. Speaker—I would call on Shri Umesh Lal Singh to discuss in short.

শ্রীউমেশলাল সিংহ—মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমি আজকে এখানে ২৪, ২৬ ও ৩১ নম্বর demand কে সমর্থন জানাচ্ছি। এবং এইগুলিতে যে cut motion রয়েছে তার বিরোধিতা করছি। মাননীয় সদস্য মহাশয় এখানে বলেছেন যে সমস্ত ত্রিপুরা রাজ্যে অভাব। অভাব মোচন করতে গেলে এখানে cut motion এ ১০.১০০৲ আছে, এই টাকাটা যদি বাদ দেওয়া যায় তাহলে সমস্ত ত্রিপুরা রাজ্যের অভাব অনটন দূর হতে পারে না। আবার furniture সম্বন্ধে বলতে গিয়ে মাননীয় সদস্য যে কথা বলেছেন সেখানে আমি দেখতে পাই যে অভাব যদি সর্বক্ষেত্রে থাকে তবে কিছু অর্থের বিনিবন্টন করা প্রয়োজন কারণ অর্থনীতি শাস্ত্রে এটা আছে।

সেই দিক থেকে লক্ষ্য করলে আমরা দেখি যদি টাকাটা আমরা এদিকে আটকে রাখি অথচ খরচ করতে পারলাম না সেই দিক থেকে লোকের হাতে যে টাকাটা যেতো সেটাও বন্ধ হয়ে গেল। Furniture করতে গেলে সূত্রধর কিছু টাকা পাবে, forest থেকে কাঠ আনতে হলে

Labour কিছু টাকা পাবে। এই দিক থেকে চিন্তা করলে পর এ বিরোধিতা করার কোন যুক্তি আছে বলে আমি মনে করিনা কাজেই আমি এই প্রস্তাবের সমর্থন করে আসন গ্রহণ করছি।

Mr. Speaker—I would call on the Development Minister to reply.

Shri Sukhamoy Sen Gupta (Development Minister)—মাননীয় অধ্যক্ষ মহোদয়, বিরোধী পক্ষ থেকে যে সমস্ত cut motion আনা হয়েছে সেগুলোর আলোচনা করতে গিয়ে যে সমস্ত বক্তব্য রাখা হয়েছে তাতে আমার মনে হচ্ছে না যে তাঁরা একটা বাজেটের আলোচনা করতে যাচ্ছেন।

এটা মাননীয় সদস্যদের জানা আছে যে আজকে ভারতবর্ষ তথা ত্রিপুরা রাজ্য একটা Planning র মধ্য দিয়ে অগ্রসর হচ্ছে এবং সেই Plan অনুযায়ী বাজেট করা হচ্ছে। সেই Budget এর supplementary Demand নিয়েই আজকে আলোচনা হচ্ছে। কিন্তু আমি একথা বুঝতে পারি না যে কেমন করে, সারা ত্রিপুরা রাজ্যের অভাব অনটনের কথা, জলের অভাবের কথা, শিক্ষার কথা এই supplimentary Budget এ আসতে পারে, সেটা Discussion হবে যখন করব Plan Discussion. Supplementary Demandএ আমরা কিছু অতিরিক্ত অর্থ বরাদ্দ চাচ্ছি, কেননা আমরা যে কাজ আরম্ভ করেছি, সেই সব ক্ষেত্রে আগে যে allotment ছিল, যেখানে কিছু অর্থের ঘাটতি হয়েছে, যে সমস্ত S. P. T. Bridge বা রাস্তা নষ্ট হয়েছে, সেই সমস্ত কাজের মেরামতের জন্য কিছু অতিরিক্ত অর্থ বরাদ্দ চাওয়া হয়েছে। মাননীয় সদস্যদের মধ্যে কেউ কেউ মন্ত্রীদের furniture সম্পর্কে বলেছেন, মন্ত্রীদের ত furniture দরকার নেই। আমি একথা বুঝি না যে কেমন করে এটা এক্ষেত্রে আলোচ্য বিষয় হতে পারে। মন্ত্রীদের বাড়ীতে অনেকে যান, অনেকে অনেক কাজ নিয়ে যান, মাননীয় সদস্যদের মধ্যেও কেউ কেউ যান, তখন মন্ত্রীদের উচিৎ অন্ততঃ যারা যান তাঁদের বসবার কথা বলা, সুতরাং furniture না হলে চলে কি করে? হাঁ, চলতে পারে, যদি এমন কোন বিষয় থাকে, যে মন্ত্রীরা জল রোদ মাথায় করে নিয়ে বাইরে দাঁড়িয়ে সব কথা শুনবেন, নিজেও বসবেন না, কাউকেও বসতে বলবেন না। এ ধরণের আলোচনার কি অর্থ আছে, তা আমি বুঝতে পারি না, কাজেই এই যে cut motion তার আমি বিরোধিতা করছি। এবং Houseএর কাছে এই অনুরোধ রাখছি যে আমার যে Demand সেই Demand যেন সর্বসম্মতিক্রমে গৃহীত হয়।

Mr. Speaker—I shall now put the motions to vote. First, I shall take up the cut motion. I am putting to vote the cut motion moved by Shri Ramchandra Deb Barma. The question before the House is "That the demand be reduced by Rs. 100/- for inadequacy of provision for Maintenance and repair of embankment demaged by flood.

The cut motion was lost.

I put the Main motion to vote the question is that a further sum not exceeding Rs. 1.17,600/- be granted to defray the additional charges which will

come in course of Payment during the period from 1st April 1964 to 31st March 1965 in respect of demand No. 24—Irrigation, Navigation, embankment and Drainage work.

The motion was passed.

I now put the cut motion of Shri Sunil Kumar Choudhury to vote. The question is, "that the Demand be reduced by Rs. 100/- for inadequacy of provision for maintenance of roads and S. P. T. Bridges damaged by flood.

The cut motion was lost.

Then I put the cut motion of Shri Sudhanwa Deb Barma to vote. The question is that the demand be reduced by Rs. 10,000/- as the cost of furniture for the residence of Hon'ble Ministers is high. The cut motion was lost I put the Main motion to vote. The question is that a further sum not exceeding Rs. 34,67,200/- be granted to defray the additional charges which will come in course of payment during the period from 1st April 1964 to 31st March 1965 in respect of demand No. 26—Public works (including Roads.)

The motion was passed.

The next question is that a further sum not exceeding Rs. 1,100/- be granted to defray the additional charges which will come in course of payment during the period from 1st April 1964 to 31st March 1965 in respect of Demand No. 37/- Capital outlay on Irrigation, Navigation, Embankment and Drainage works (Non-Commercial)

The motion was passed.

Mr. Speaker—I shall now request the Hon'ble Development Minister to move his motion, "that a further sum not exceeding Rs. 9,48,400/- be granted to defray the additional charges which will come in course of payment during the period from 1st April 1964, to 31st March 1965 in respect of Demand No. 31—Forest.

Shri Sukhamoy Sengupta—Hon'ble speaker Sir, on the recommandation of the Administrator, I beg to move that a further sum not exceeding Rs. 9,48400/- be granted to defray the additional charges which will come in course of payment during the period from 1st April 1964 to 31st March 1965, in respect of Demand No, 31—Forest.

Mr. Speaker—I shall again draw the attention of the Hon'ble members about shortest of time at our disposal

শ্রীআতিকুল ইসলাম—Forest Deptt. প্রতি বৎসর Construction of Buildings and Roads এর ব্যাপারে অনেক টাকা নেওয়া হয়, এবং প্রতি বৎসরই Forest Deptt. থেকে অনেক বনপথ তৈরী হয়, কিন্তু বছর যেতে না যেতে সেই পথের আর কোন চিহ্ন থাকে না, কাজেই আমি বলব যে রাস্তা হয়ে যদি মেরামত বা Maintanance না হয়, তবে অনেক ক্ষেত্রে এগুলি টাকার অপচয়, আমি অনুরোধ করব, এভাবে যেন টাকার অপচয় না হয়।

Arrear of Pay and allowance সম্পর্কে অতিরিক্ত অর্থ চাওয়া হয়েছে, আমি একটা ঘটনার দিকে মাননীয় মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করতে চাই Forest Depttএ কর্মচারীকে Overtime করতে বলা হয়, তারা কাজ করেন, কিন্তু Overtime allowances দেওয়া হয় না, কাজ করিয়ে টাকা না দেওয়াটা মোটেই শোভনীয় নয় বলে আমি মনে করি।

Shri Sukhamoy Sen Gupta—মাননীয় অধ্যক্ষ মহোদয় Demand No. 31 এর আলোচনায় অংশ গ্রহণ করে মাননীয় বিরোধী দলের সদস্য যা বলেছেন তা সত্য নহে, কর্মচারীরা overtime করে overtime allowances পাচ্ছেন না এরকম কথা আমাদের জানা নেই। আইনানুযায়ী overtime করে allowance পাননি এরকম কোন Representation আমাদের কাছে নেই। সুতরাং মাননীয় সদস্য যা বলেছেন তা সত্য নহে।

রাস্তা ঘাট সম্পর্কে যে কথা বলেছেন, তা উল্লেখ করে আমি বলব যে Forest Deptt. থেকে রাস্তা হয়েছে, কিন্তু রাস্তার কোন অস্তিত্ব নেই এমন কোন ঘটনা আমাদের জানা নেই। এই অতিরিক্ত অর্থের প্রয়োজন হবে কতকগুলি নূতন প্ল্যান implement করে, extensive way তে aforestation এর কাজ করে যাওয়ার জন্য, সুতরাং আমি অনুরোধ করব যেন এই Demand House গ্রহণ করেন।

Mr. Speaker—I shall now put this to vote. The question is that a further sum not exceeding Rs. 9,48.400/- be granted to defray the additional charges which will come in course of payment during the period from 1st April 1964 to 31st March 1965 in respect of demand no. 31 Forest.

The motion was passed.

Mr. Speaker—Next demand No. 2 Land Revenue.

I shall request Hon'ble Sri S. M. Sengupta to move, that a further sum not exceeding Rs. 6,03,300/- be granted to defray the additional charges which will come in course of payment during the period from 1st April 1964 to 31st March 1965 in respect of demand no. 2 Land Revenue.

Sri S. M. Sen Gupta— Hon'ble Speaker Sir. On the recommandation of the Administrator I beg to move that a further sum not exceeding Rs. 6,03,300/- be granted to defray the additional charges which will come in course of payment during the period from 1st April 1964 to 31st March 1965 inrespect of Demand No. 2 Land Revenue.

Mr. Speaker—There is one cut motion of Sri Bulu Kuki. I would request Sri Bulu Kuki to discuss.

Sri Bulu Kuki—মাননীয় অধ্যক্ষ মহোদয় আমি এই cut motion মারফৎ এই কথা বলতে চাই যে জুমিয়া পুনর্ব্বাসন ত্রিপুরার মধ্যে এক গুরুত্বপূর্ণ কাজ। এখনও তিন হাজার বা চার হাজার উপজাতি আছে যাদের পুনর্ব্বাসন দেওয়া প্রয়োজন, কিন্তু আজকে যেভাবে জুমিয়া পুনর্ব্বাসনের কাজ চলছে বা যেভাবে টাকা রাখা হয়েছে এই supplimentary budget এ তা থেকে এই মনে হয় যে Ruling party জুমিয়া পুনর্বাসনের কাজে বিশেষ কোন গুরুত্ব দেন নি। এপ্রসঙ্গে আমি House এর সামনে বলতে চাই যে তিন চার বৎসর পূর্বে জুমিয়াদের যে প্রথম কিস্তিতে লোন দেওয়া হয়েছিল আজ ৩।৪ বৎসর পরেও দ্বিতীয় কিস্তির টাকা দেওয়া হয়নি। একদিকে সরকার জুমচাষ বন্ধ করেছেন, অন্যদিকে জুমিয়া পুনর্ব্বাসনের কাজেও বিশেষ উৎসাহী নন। এর ফলে জুমিয়া যারা তারা একটা চরম অবস্থার মধ্যে পড়েছে। এবং অনেক উপজাতিরা আজ পাকিস্তানে চলে যেতে বাধ্য হয়েছে। এখানে পুনর্বাসন সরকারের ঠিক ঠিক উদ্দেশ্য নয়, উদ্দেশ্য হচ্ছে তাদের সংগঠনকে শক্তিশালী করা, এবং সরকার বা Ruling party যারা আছেন তারা Tribal Inspector এর মারফত এই সাংগঠনিক কাজ করান। কিছুদিন আগে আমি Sarmaতে গিয়েছিলাম, সেখানে Inspector একজন প্রধান চন্দ্র রেওজাকে বলছে. তোমরা Communist Partyর Meeting এ যাও সুতরাং দ্বিতীয় কিস্তির টাকা তোমরা পাবে না এই কথা বলতে আমি শুনেছি। এই ভাবে যদি পুনর্বাসন করা হয়, তবে জুমিয়া পুনর্বাসন হবে না, এই টাকা দ্বারা Ruling Partyর সংগঠন কাজ ভালভাবে চলবে। সুতরাং আমি মাননীয় speaker মারফৎ অনুরোধ করব, যাতে জুমিয়া ও অন্যান্য উপজাতিরা ঠিক ঠিক ভাবে পুনর্ব্বাসন পান।

শ্রীসুখময় সেনগুপ্ত—মাননীয় অধ্যক্ষ মহোদয় আমি এই cut motionএর বিরোধিতা করে মাননীয় সদস্য জুমিয়া পুনর্ব্বাসন সম্পর্কে যে সব কথা বলেছেন সে সম্পর্কে কিছু বলব। Tribal Inspectorএর সম্পর্কে যে কথা বলা হয়েছে, সে সম্পর্কে আমাদের কাছে কোন তথ্য নেই সুতরাং আমরা কিছু এ সম্পর্কে বলতে পারছি না। জুমিয়া পুনর্বাসন আমরা করে যাচ্ছি, এবং তার Result ত্রিপুরার যে কোন লোকই দেখতে পারেন। জুমিয়া পুনর্ব্বাসনের যে প্রশ্ন আজ নূতন করে তোলা হচ্ছে, সে সম্পর্কে আমি শুধু এটুকু বলতে চাই, যে এই বিগত ৩টি plan periodএ আমরা ১৭০০০ জুমিয়া পুনর্ব্বাসন দিয়েছি, এবং আরও যে ১০০০০ আছে, আগামী ৪র্থ প্ল্যানের মধ্যে আমরা তাদের পুনর্ব্বাসন দিতে পারব বলে মনে করি। 1st instalment loan পেয়েছেন অথচ 2nd instalment পাননি বলে যে অভিযোগ আনা হয়েছে তার সম্বন্ধে আমি বলব যে 1st instalment লোন পাওয়ার পর যা যা করণীয় আছে বা নিয়ম আছে তা না করলে পর দ্বিতীয় Instalment loan পাওয়া যায় না। এর সম্পর্কে Ruling Party Congress বা Communist Party কারো কোন সম্পর্ক নেই. এক্ষেত্রে আমি একটা কথা মানতে রাজী আছি, যে Congress এর স্বার্থে. জুমিয়া পুনর্বাসন হওয়া দরকার, Communistদের স্বার্থে না। এবং সেই স্বার্থে Congress সরকার জুমিয়া পুনর্বাসনের কাজ হাতে নিয়েছেন। কংগ্রেসের স্বার্থ মানুষকে ছাড়া না, মানুষকে

একত্রিত করা ও মানুষকে বাঁচিয়ে রাখা। মানুষের স্বার্থে আজ কংগ্রেস সরকার পরিচালিত হচ্ছেন, এবং তাদের স্বার্থে আজ যারা গরীব, যারা ভূমিহীন, আজ কংগ্রেস গড়ে উঠেছে ও কংগ্রেস সরকার কাজ করছেন।

Mr. Speaker—I would now put the motion to vote. First of all the cut-motion of Shri Bulu Kuki that the demand be reduced by Rs. 100/- for inadequacy of Provision for Jumia Rehabilitation.

The motion was lost.

I would now put the main motion to vote. The question is that a further sum not exceeding Rs, 6,03·300/- be granted to defray the additional charges which will come in course of payment during the period from 1st April 1964 to 31st March 1965 in respect of Demand No. 2—Land Revenue.

The motion is passed,

Next the Demand for grant No. 40. I would request Hon'ble Sir, S. M. Sengupta to move his motion that a further sum not exceeding Rs. 78,35,000/- be granted to defray the additional charges which will come in course of payment during the period from 1st April 1964 to 31st March 1965, in respect of Demand No. 40, Capital outlay on schemes of Govt. trading.

Shri Sukhamoy Sen Gupta—On the recommendation of the Administrator. I beg to move that a further sum not exceeding Rs. 78,35,000/- be granted to defray the additional charges which will come in course of payment during the period from 1st April 1964 to 31st March 1965 in respect of Demand No. 40. Capital out lay on Schemes of Govt. Trading.

Mr. Speaker—There are two cut motions given notice of by Shri Hlura Aung Mog. I would request Shri Mog to discuss both the cut motions together.

Shri Hlura Aung Mog.—মাননীয় স্পীকার মহোদয় যে টাকা বীজ বিলি বন্টনের ব্যাপারে এখানে রাখা হয়েছে, তা যথেষ্ট নয়, এবং বাড়ানো দরকার এই জন্যই আমি কাট মোশান এনেছি, কারণ গত বৎসর (১৯৬৪-৬৫) দেখা গেছে বিভিন্ন ডিভিশনে এতগুলি এলাকায় জলে আউষ ধান নষ্ট হয়ে গিয়েছে। এরপরে অভাবগ্রস্ত হয়ে কৃষকগণ বীজধান খেয়ে ফেলেছে। তাই এ বৎসর সমস্ত কৃষকগণকে আরো বেশী করে বীজধান বন্টন করা প্রয়োজন। আমি এই demandটি এখানে রেখেছি। এখানে যে Demandটা রাখা হয়েছে তা প্রয়োজনের তুলনায় খুব কম, সেটা আরো বেশী করে রাখার প্রয়োজন আছে। এবং এই scheme এ যে ১৯০০০০ টাকা রাখা হয়েছে তা খুব কম। আমাদের Seed Store এর আরো উন্নত ধরনের বীজ বেশী করে রাখতে হবে। এবং সারা ত্রিপুরা রাজ্য যদি 'Grow more food' schemeটা successful করতে হয় তাহলে কৃষকদিগকে আরো বেশী করে ব্যাপকভাবে বীজ সরবরাহ করতে হবে।

যে যে এলাকায় বিশেষ করে বিলোণীয়া এলাকায় গত বৎসর যে অভাব দেখা গিয়েছে সেখানে কৃষকদের নিকট কোন বীজ নাই। আর বিশেষ জুম চাষ যারা করে তাদের নিকটও জুম বীজ নাই। তাদের মধ্যেও আমাদের জুম বীজ বিতরণ করতে হবে। সুতরাং Supplimentary তে যে Demand রাখা হয়েছে তা খুব কম। সেটা বৃদ্ধি করার প্রয়োজন আছে। গত বৎসর কৃষকদের মধ্যে আলুর বীজ খুব অল্প সরবরাহ করা হয়েছে। কৃসকরা খুব আগ্রহ সহকারে আলুর চাষ করতে চেয়েছিল কিন্তু আমরা তাদের চাহিদা মত আলুর বীজ সরবরাহ করতে পারি নাই। গতবার জুলাই-বাড়ীতে ২৫ হাজার কিলোগ্রাম আলুর বীজ চেয়েছিল, সে যায়গায় আমরা দিয়েছি মাত্র ২০/২২ হাজার কিলোগ্রাম। তারা যে রকম উৎসাহ সহকারে অগ্রসর হয়েছিল আমরা তাহাদিগকে সে ভাবে সহযোগিতা করিতে পারি নাই। এক দিকে বলে 'grow more food', তোমরা কর, সরকার সর্বতো—ভাবে তোমাদিগকে সাহায্য করবে। কিন্তু আলুর চাষ যারা করে তারা আলুর বীজ পায় নাই। সে দিকে আমাদের লক্ষ্য নাই। এই বীজ বিদেশ থেকে এনে সরবরাহ করতে হয়। এখানে বীজ রাখার মত কোন store নাই। তারজন্য বহু টাকা বাহিরে চলে যায়। আগরতলা এরিয়াতে যে store আছে তা প্রয়োজনের তুলনায় নগণ্য। জুলাইবাড়ীতে, যেখানে হাজার হাজার মণ আলু হয় সেখানে আলু রাখার মত কোন store নাই। এইজন্য কৃষকগণ হতাশ হয়ে পড়েছে। তারা ভাবছে আগামী বৎসরের জন্য কিভাবে আলুর বীজ রাখা যায়। রাখলে সব বীজ যাতে নষ্ট না হয়ে যায়। আমরা যদি সেখানে, সেই Belonia Division-এ আলুর বীজ সংরক্ষণের একটা ব্যবস্থা করতে পারতাম তাহলে আলুর বীজ আমরা সেইখানে সংগ্রহ করতে পারতাম। কৃষকগণ ফসল আসার সাথে সাথে কম দরে বিক্রি করতে বাধ্য হয় এবং ভুতরিয়া কম দরে ক্রয় করে রাখে। যদি আলুর বীজ এবং আলু সংরক্ষণের ব্যবস্থা থাকত তাহলে কৃষকগণকে উৎসাহ দেওয়ার জন্য অন্ততঃ বিলোণীয়া ডিভিশনে আলুর বীজ সংরক্ষণের জন্য একটা ব্যবস্থা করা উচিৎ, এবং এইজন্য আমি House কে অনুরোধ রাখব।

Mr. Speaker—I would call on Development Minister.

Shri S. M. Sen Gupta. (Development Minister)—মাননীয় অধ্যক্ষ মহোদয় এখানে Potato Seeds and Paddy seeds সম্পর্কে cut motion আনতে গিয়ে যে সমস্ত কথা বলা হয়েছে সেই সম্পর্কে আমার বক্তব্য হল এই যে আমরা কৃষকদের Paddy Seeds এবং Potato Seeds এর যে চাহিদা, সেই চাহিদা মেটাবার জন্য আমাদের Plan এ ছিল প্রথম ১০০০মণ Potato Seeds। কিন্তু কৃষকদের দাবী মেটাবার জন্য সেখানে আরও ১০০০ মণ অতিরিক্ত দিয়েছি। তাছাড়া Paddy Seeds, Potato Seeds বাইরে থেকে আনতে হয় তার কারণ হল অনেক ক্ষেত্রে কৃষকরা নূতনভাবে এইগুলি grow করতে চান। অনেক সময় flood হওয়ার দরুন বা অন্যান্য প্রাকৃতিক দুর্যোগে কৃষকের ঘরে যে বীজ থাকে তা নষ্ট হয়ে যায়। তার জন্যও বীজ বাইরে থেকে আনতে হয়। সেই বীজ যাতে বাইরে থেকে আনতে না হয় তারজন্য আমরা Scheme করছি। সেই Scheme আছে যাতে কৃষকরা improved Seeds grow করতে পারে তার ব্যবস্থা এবং এইভাবে আস্তে আস্তে যাতে এইখানকার local norqual হয় demand সেইটা যাতে meet up হয় তা আমরা চাই। কাজেই এই যে বাড়তি

টাকাটা ধরা হয়েছে তা কৃষকদের চাহিদা অনুযায়ী বীজ সরবরাহ করার জন্য. এইজন্য যে খরচ হয়েছে সেইটাই আমরা Supplementary Budget এ বরাদ্দ করেছি। আমি আগেও একবার বলেছি যে Supplementary বাজেটে এই ধরণের আলোচনা আসতে পারেনা কারণ আমরা 4th Plan এ যাতে full fledged হতে পারি তার ব্যবস্থা করা হচ্ছে। সেইজন্যই আমি এর বিরোধিতা করছি। এবং আশা করি House এই demand সমর্থন করবে।

Mr. Speaker—I would now put the questions to vote. I first put cut motions to vote. The questions are 1), That the demand be reduced by Rs. 100/- for inadequacy of provision for distribution of improved paddy seeds at subsedised rate. The cut motion was lost.

Secondly, the question, is that the demand be reduced by Rs, 100/- for inadequacy of Provision for distribution of improved potato seeds.

The cut motion was lost.

Then I shall put the main motion to vote. The question is that, a further sum not exceeding Rs. 78,35,000/- be granted to defray the additional charges which will come in course of payment during the period from 31st April 1964 to 31st March 1965 in respect of Demand No. 40. Capital outlay on schemes of Govt. trading.

The motion was passed.

I would now take up the three demands together. Grant No. 1. grant No. 3 & grant No. 4.

Demands are first Major Head—4. Taxes on income other than Corporation tax—Agricultural Income Tax.

Second one is Major Head 10—State Excise Duties. 3rd demand Major Head 11—Taxes on vehicles.

I would call on Hon'ble Sukhamoy Sen Gupta, Development Minister to move the demands. First one is that a further sum not exceeding Rs. 1,700/- be granted to defray the additional charges which will come in course of payment during the period from 1st April. 1964 to 31st March, 1965 in respect of Demand No. 1. Taxes on Income other than Corporation Tax—Agricultural Income Tax.

That a further sum not exceeding Rs. 10,400/- be granted to defray the additional charges which will come in course of payment during the period from 1st April, 1964 to 31st March, 1965 in respect of Demand No. 3—State Excise Duties.

Third one that a further sum not exceeding Rs. 40,000/- be granted to defray the additional charges which will come in course of payment during the period from 1st April, 1964 to 31st March, 1965 in respect of Demand No. 4—Taxes on vehicles.

I would call on the Hon'ble Minister to move,

Shri Sukhamoy Sen Gupta (Development Minister). On the recommendation of the Administrator, I beg to move that a further sum not exceeding Rs. 1,700/- be granted to defray the additional charges which will come in course of payment during the period from 1st April, 1964 to 31st march, 1965 in respect of Demand No. 1. (Major Head '4'—Taxes on Income other than Corporation Tax—Agricultural Income Tax.

On the recommendation, of the Administrator, I beg to move that a further sum not exceeding Rs. 10,400/- be granted to defray the additional charges which will come in course of payment during the period from 1st April. 1964 to 31st March, 1965 in respect of Demand No. 3. (Major Head '10'—State Excise Duties).

On the recommendation of the Administrator, I beg to move that a further sum not exceeding Rs. 40,000/- be granted to defray the additional charges which will come in course of payment during the period from 1st April, 1964, to 31st March, 1965 in respect of Demand No. 4. (Major Head '11'—Taxes on vehicles).

Mr. Speaker—There is no cut motion against any of these demands.

(The opposition).

Shri Bir Chandra Deb Barma—Now on Demand No. 4—I mean Installation of weigh bridge." I like to be enlightened about the matter.

Mr. Speaker—Demand No. 4 ?

Shri Birchandra Deb Barma—Additional provision is required to meet the expenditure in relation to "installation of weighbridge". We want that the Hon'ble Minister will explain, what is this ?

Shri Sukhamoy Sen Gupta (Development Minister)—Weighbridge হল যে over load যেটা capacity আছে তার বেশী মাল কোন vehicle নেয় কিনা, কিম্বা passanger carry করে কিনা সেটা মাপার জন্য দেখার জন্য, এই weighbridge system সর্বত্রই আছে ত্রিপুরাতেও সেটা হচ্ছে।

Mr. Speaker—Nothing to say from the opposition Alright, I would then put the motion to vote. The question is "that a further sum not exceeding Rs. 1,700/- be granted to defray the additional charges which will come in course of payment during the period from 1st April 1964 to 31st March 1965 in respect of demand No. 1—Taxes on Income other that corporation taxes—Agricultural Income tax.

As many as are of that opinion will please say 'Ayes'

Voices—'Ayes'

As many as are of contrary opinion will please say 'Noes'

Ayes have it, Ayes have it.

Major Head '10"— State excise duties. The question is that a further sum not exceeding Rs. 10,400/- be granted to defray the additional charges which will come in course of payment during the period from 1st April, 1964 to 31st March, 1965 in respect of demand no. 3—State excise duties.

As many as are of that opinion will please say 'Ayes'

Voices 'Ayes'

As many as are of contrary opinion will please say 'Noes'

Ayes have it, Ayes have it.

Major Head '11' Taxes on vehicles. The question is that a further sum not exceeding Rs. 40,000/- be granted to defray the additional charges which will come in course of payment during the period from 1st April, 1964 to 31st March, 1965 in respect of Demand No. 4 Taxes on vehicles.

As many as are of that opinion will please say 'Ayes'.

Voices—'Ayes'

As many as are of contrary opinion will please say 'Noes'.

Ayes have it. Ayes have it.

Then Demand No. 8, 9 & 10 are to be taken together. Major Head '18'—Parliament. state and union Territory Legislature. Second one is Major Head "19"—General Administration, Third one is, Major Head '21'—Administration of Justice.

I would now call on the Hon'ble Shri Sukhamoy Sengupta to move that a further sum not exceeding Rs. 69,700/-. Exclusive of charged expenditure of Rs. 5,800/-. be granted to defray the additional charges which will come in course of payment during the period from 1st April, 1964 to 31st March, 1965 in respect of Demand No. 8—Parliament, State and Union Territory Legislature,

Then that a further sum not exceeding Rs, 34,91,000/- be granted to defray the additional charges which will come in course of payment during the period from 1st April, 1964 to 31st March, 1965 in respect of Demand No. 9— General Administration.

The Third one is that a further sum not exceeding Rs. 1,47,600/- be granted to defray the additional charges which will come in course of payment during the period from Ist April 1964 to 31st March, 1965 in respect of Demand No. 10 Administration of Justice.

I call on the Hon'ble Minister to move.

Sri Sukhamoy Sen Gupta— On the recommendation of Administrator, I beg to move that a further sum not exceeding Rs. 69.700/-, exclusive charged expenditure of Rs. 5,800/-, be granted to defray the additional charges which will come in course of payment during the period from 1st April, 1964 to 31st March, 1965 in respect of Demand No. 8— Major Head— '18' Parliament, State and union Territory Legislature.

On the recommendation of the Administrator, I beg to move that a further sum not exceeding Rs. 34,91,000/- be granted to defray the additional charges which will come in course of payment during the period from 1st April, 1964 to 31st March, 1965 in respect of Demand No 9 Major Head "19"—General Administration.

On the recommendation of the Administrator, I beg to move that a further sum not exceeding Rs, 1,47,600/- be granted to defray the additional charges which will come in course of payment during the period from 1st April, 1964 to 31st March, 1965 in respect of Demand No. 10—Major Head "21"—Administration of Justice.

Mr. Speaker—There are two cut motions against the Demand for Grant No. 9.

One by Shri Sudhanwa Deb Barma, to discuss on inadequacy of provision for welfare of Backward classes, and Second one put by Shri Hemanta Deb, to discuss on inadequacy of provision for materials for flood relief..

I would now call on Shri Sudhanwa Deb Barma to discuss his cut motion.

Sri Sudhanwa Deb Barma—মাননীয় অধ্যক্ষ মহোদয়. ত্রিপুরার Schedule Castes এবং Schedule Tribes দের welfare এর যে কাজ তা খুবই নৈরাশ্যজনক। কি শিক্ষাদীক্ষার ব্যাপারে, কি তাদের সাংস্কৃতিক জীবনে, কুটির শিল্প, Poulry Farm প্রভৃতি কাজে এবং তাদের পুনর্বাসনের কাজে, কোনদিক দিয়েই তা সন্তোষজনক নয়। শিক্ষার ব্যাপারে আমরা যদি দেখি, তাহলে আজকে উপজাতি এবং Schedule Caste রা শিক্ষা থেকে বঞ্চিত বললে অত্যুক্তি হবে না। কারণ আজকে গ্রামাঞ্চলে যেখানে লোকসংখ্যা খুব বেশী, যেখানে Primary এবং Senior Basic School আছে সেখানে এমন অনেক জায়গা আছে যেখানে Senior Basic School দেওয়া চলে। কিন্তু এমন ব্যবস্থা আমরা দেখি না। এবং tribal welfare থেকে যে সব Boarding দেওয়া হয়, কয়েকটা জায়গায় দেওয়া হয়েছে কিন্তু তার অবস্থা কি? আমরা দেখি Boarding আছে, ঘর দেওয়া হয়েছে, পাচকেরও ব্যবস্থা হয়েছে কিন্তু আজকে সে ঘরে একটি ছাত্রও নেই এবং যে পাচক দেওয়া হয়েছে সে বসে বসে তার বেতন ভোগ করছে। সেজন্য সেই পাচককে দোষ দেওয়ার কিছুই নেই। কারণ স্কুলে যদি ছাত্র না থাকে তাহলে কারজন্য সে সেখানে কাজ করবে। কাজেই তাকে ঐ স্কুলের দপ্তরীর কাজ এবং মাষ্টারদের বাসাবাড়ীর কাজ করতে হয়। কাজেই এভাবে Backward Class দের welfare এর জন্য যেভাবে টাকা খরচ করা হচ্ছে তা বৃথা অপচয় করা হচ্ছে বলে আমি মনে করি। হাজারীবাড়ীতে আজ এ অবস্থা। জম্পুই জলা এলাকায় একটি School Boarding আছে কিন্তু সেখানে আজ কেউ থাকে না। সেই স্কুলের শিক্ষকরাই শুধু সেখানে আছেন, ঐ Boarding এ।

Mr. Speaker—We have laid down certain general principles. Some of the members may be acquainted with this and some others may not. Therefore, I I am reading of the notes. I would like to draw the attention of the Hon'ble members to the scope of debate on Supplementary Estimates which have to be confined to the items constituting the same and no discussion is permitted to be raised on the original grants nor policy underlying the same in so far as it may be necessary to explain the particular items under discussion, which is rule 18 of the Administrator's Rule. It is only for the refreshment of the memory of some of the members. When the supplementary Demand does not refer to any new service there can not be any discussion on Principle

or Policy. According to the Rules we have to fix up time. Now for general discussion I have already alloted time to take part separately. If I get the names of the members willing to speak I may distribute the time accordingly.

শ্রীসুধন্য দেববর্ম্মা— যে পাচকের কাজে নিযুক্ত আছে সে শিক্ষকদের কাজ করে। কাজেই আমরা দেখছি যে Backward Class দের উন্নতিমূলক যে সমস্ত কাজ করা হচ্ছে এবং টাকা খরচ করা হচ্ছে তা inadequate এবং যাতে সে টাকা খরচ হয় তা ঐ অঞ্চলের জনসাধারণের কোন কাজেই লাগছে না। সেই জন্যই আমি আমার এই cut motion রাখছি যাতে Schedule Caste এবং Schedule Tribe দের welfare এর কাজ ঠিক ঠিক মত হয় এবং সরকার যাতে সেদিকে ঠিক ঠিক মত নজর দেন।

Mr. Speaker— I would now call on Shri Hemanta Deb.

শ্রীহেমন্ত দেব—মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমি আমার এই cut motion রাখছি অত্যন্ত জরুরী মনে করে। মাননীয় সদস্যরা জানেন যে প্রত্যেক সদস্যের নিজ নিজ এলাকাতেই প্রায় প্রতি বৎসর বন্যায় অনেক ক্ষতিগ্রস্থ হয়। তারফলে কৃষকদের যে ফসল নষ্ট হয়—তাতে ত্রিপুরায় প্রতি বৎসরই দুর্ভিক্ষের প্রাদুর্ভাব ঘটে এবং এই দুর্ভিক্ষ যে আরও ব্যাপক আকার ধারণ করবে তাতে কোন সন্দেহ নাই। কাজেই বন্যা নিয়ন্ত্রণের জন্য এখানে যে টাকা রাখা হয়েছে তা অত্যন্ত অপর্য্যাপ্ত। আমরা দেখেছি এই বন্যার ফলে তারা যেভাবে ক্ষতিগ্রস্থ হয় ঠিক ঠিক মত তারা ক্ষতিপূরণ পায় না। আমাদের সরকার, দেশে যে নূতন পঞ্চায়েত গঠিত হয়েছে—তাদের মারফতে বন্যা বিধ্বস্ত অঞ্চলে যদি এই ক্ষতিপূরণ দেওয়ার ব্যবস্থা করতেন তাহলে তারা ঠিক ঠিক মত সেই ক্ষতিপূরণ পেতেন। কাজেই এখানে এই খাতে যে টাকা রাখা হয়েছে তাতে উপযুক্ত মত ক্ষতিপূরণ দেওয়া সম্ভব নয়। কাজেই আমি দেখি Relief Head এ যে টাকা রাখা হয়েছে তা পর্য্যাপ্ত নয়। ইতিমধ্যে অমরপুর শিলাছড়ি, খোয়াই প্রভৃতি স্থানে Flood হয়ে গেছে, কিন্তু ক্ষতির তুলনায় আমরা যে সাহায্য দিয়েছি তা অত্যন্ত অকিঞ্চিতকর। সুতরাং আমি মনে করি Flood এর পরে সাহায্য করতে গেলে যে অর্থের প্রয়োজন তা রাখা হয়নি এবং আরও টাকা রাখা দরকার। কাজেই আমি আশা করি আমার এই cut motion এর মারফৎ House কে বুঝাতে পেরেছি যে আরো টাকা এই খাতে প্রয়োজন।

Mr. Speaker—I would request the Hon'ble Minister to give reply.

শ্রীসুখময় সেনগুপ্ত—মাননীয় অধ্যক্ষ মহোদয়, Backward Class এর উন্নতির জন্য সরকার যে সচেষ্ট তা সহজেই বুঝতে পারা যাবে যদি আমরা Plan গুলি ভালকরে পর্য্যবেক্ষণ করি; এই খাতে টাকা ক্রমে ক্রমেই যে বাড়ানো হয়েছে তার একটা হিসাব আমি দিচ্ছি। First Five years plan এ আমাদের ধরা ছিল 21,39,000/-, 2nd Five years plan এ আমাদের 109 lac, 3rd Plan এ পর্য্যন্ত 78, Lacs upto Jan'65. পূর্ব্বে Non Govt. School এর সাথে যে সমস্ত Boarding House ছিল, সেখানে সাহায্য দেওয়ার কোন ব্যবস্থা ছিলনা। কিন্তু বর্ত্তমানে সরকার ঐসমস্ত ক্ষেত্রেও সাহায্য দেওয়ার পরিকল্পনা গ্রহণ করেছেন। সরকার মনে করেন যারা অনগ্রসর তাদের

এগিয়ে নিয়ে যাওয়া, তাদের অবস্থার উন্নতি করা সরকারের পবিত্র দায়িত্ব। কাজেই এই সম্পর্কে যে cut motion আছে তার কোন প্রয়োজনীয়তা নাই।

Relief সম্পর্কে যে প্রশ্ন তোলা হয়েছে তার উত্তর দিতে গিয়ে আমি বলবো যে Flood বা অন্যান্য Natural calamites হলে local যে সমস্ত resources আছে, যেমন ছন, বাশ প্রভৃতি দিয়ে ক্ষতিগ্রস্থ লোকদের সাহায্য করা হয়।

কাজেই টাকা যা ধরা হয়েছে তা যদি সাহায্য দানের ব্যাপারে যথেষ্ট না হয় তাহলে কোন অসুবিধা হয় না। কারণ গত Flood এর সময় আমরা দেখেছি বাজেটে যে টাকা বরাদ্দ ছিল তার চেয়ে অনেক বেশী টাকা আমরা খরচ করেছি এই সাহায্য দানের ব্যাপারে। আগে থাকতে অনুমান করা যায় না যে এই Relief এর ব্যাপারে কত টাকা ব্যয় হতে পারে এমনও হতে পারে যে একটা বিরাট অঙ্ক বাজেটে ধরা হলো কিন্তু সেই বছর হয়তো Relief দেওয়ার কোন প্রয়োজন হল না। কিন্তু ঐ টাকা আমরা অন্যান্য Production এর কাজে যদি লাগাতে পারতাম তাহলে সেটা মানুষেরই মঙ্গলের জন্যে হতো, কিন্তু তা হলো না। সুতরাং এই দিক দিয়ে বিচার করে Relief এ প্রকৃত পক্ষে কত টাকা লাগতে পারে তা আগে থাকতে অনুমান করা যায় না। এবং মোটা একটা অঙ্ক বরাদ্দ করা যুক্তিযুক্ত নয়।

Mr. Speaker—I now put the motions to vote. I shall put to vote thedemand for grant No. 8. The question is that a further sum of Rs. 69,700/- exclusive of charged expenditure of Rs. 5,800/-, be granted to defray the additional charges which will come in course of payment during the period from 1st April 1964 to 31st March 1965, in respect of demand No. 8—Parliament, State Union Territory Legislature.

The motion was passed.

Next Demand No. 9, There are two cut motion. I shall put the cut motions to vote. The question is "That the demands be reduced by Rs: 100/- for inadequacy of provision for welfare of Backward classes,

The cut motion was lost.

The question is that the demand be reduced by Rs. 100/- for inadequacy of Provision for materials for flood relief.

The cut motion was lost. I shall put the main motion to vote.

The question is that a further sum not exceeding Rs. 34,91,000/- be granted to defray the additional charges which will come in course of payment during the period from 1st April 1964 to 31st March 1965, in respect of Demand No. 9.—General Administration.

The motion is passed.

I shall now put demand for grant No. 10 to vote. The question is that a further sum not exceeding Rs. 1,47,600/- be granted to defray the additional charges which will come in course of payment during the period from 1st April 1964 to 31st March 1965, in respect of Demand No. 10. Administration of Justice.

The motion is passed.

The house stands adjourned till 11 A. M. tomorrow the 19.3.65.

APPENDIX—'A'

(Papers laid on the Table)

ASSEMBLY QUESTION

Name of the Member—**Shri Hemanta Deb**, M. L. A.

Starred Question No. 41.

QUESTION	ANSWER
a) The pay and allowances given to different categories of sweepers and scavangers working under Agartala Municipality ;	i) Pay and allowances of both scavengers and sweepers who are under estasblishment roll, are paid as follows : Monthly basic pay— Rs. 30/- Dearness pay— Rs. 30/- Cash allowance— Rs. 5/- Dearness allowance Rs. 5/- Comp. allowance— Rs. 7·50 Rs. 77·50 Special compensatory allowance @ Rs. 7·50 per month is also paid in addition to the above amount of Rs. 77·40 paisa when such allowance is sanctioned for the employees of the Govt. of Tripura from year to year, ii) Wages of Scavengers & Sweepers working under Master roll are paid at lump sum of Rs. 60·00 per month.
b) Whether they get overtime leave and pensionary benefits and provident fund benefits ;	b) There is no system of overtime allowance in the Municipality. But, the Scavengers & Sweepers working under the Municipality are paid extra remuneration for works done beyond duty hours. Leave is allowed to those under establishment roll as per Leave Rules. There is no pension system in the Municipalitiy. Provident Fund Rules are in the process of finalisation.
c) if not, what stops are being taken to give them those facilities ?	As stated in (b)

TRIPURA LEGISLATIVE ASSEMBLY

STARRED QUESTION NO. 338

Name of the Member :— **Shri Dinesh Deb Barma,** M. L. A.

QUESTIONS	ANSWERS
1. The name of the place where installation of lift irrigation pumps have been completed.	The names of places where installation of lift irrigation pumps have been completed are as follows :—
	i) Ramacherra. Under Khowai Sub-Division near Bachaibar.
	ii) Samrucherra. Under Khowai Sub-Division near Chebrighat.
	iii) Surmacherra. Under Kamalpur Sub-Division near Kamalpur.
	iv) Dolaicherra. Under Kamalpur Sub-Division near Kulaibazar.
	v) Gangacherra. Under Udaipur Sub-Division near Ganganagr.
	vi) Champacherra. Under Sadar Sub-Division near Champknagar.
	vii) Sonai (Motinagar), Under Sonamura Sub-Division near Motinagar.
	viii) Sonai (Dhanpur) Under Sonamura Sub-Division near Dhanpur.
2. The total area of agricultural land irrigated by each of these irrigation pumps ?	The total appoximate area of agricultural land irrigated by each of these pumps upto December, '64 is given below.
	i) Ramacherra Lift—Irrigation Scheme — 6 acres.
	ii) Samrucherra ,, ,, — 3 ,,
	iii) Surmacherra ,, ,, — 4 ,,
	iv) Dolaicherra ,, ,, — 5 ,,
	v) Gangacherra ,, ,, — 4 ,,
	vi) Champacherra ,, ,, — 6 ,,
	vii) Sonai (Matinagar) Lift Irrigation Scheme Nil
	viii) Sonai (Dhanpur) Lift Irrgation Scheme Nil

QUESTIONS.	ANSWERS.
3. The total amount of money spent for the construction of these pumps.	Rs. 86,710'00
4. Whether the Government had plan to extend lift irrigation pump facilities to new areas during 1963-64.	Yes,
5. If so, names of these places where such pumps will be set up.	Out of the schemes planned during 1963-64 only one scheme for Lift Irrigation in Dolai River near Kulaibazar is under consideration for implementation in near future.

STARRED QUESTION NO. 331.

Name of the Member :—**Shri Dinesh Deb Barma, M. L. A.**

QUESTIONS	ANSWERS
1. Whether the Government has fixed up any timetable in holding elections of the Agartala Municipality;	No.
2. If so, details thereof ?	Does not arise.

TRIPURA LEGISLATIVE ASSEMBLY

UNSTARRED QUESTION NO..206

Name of the Member :- **Shri Bulu Kuki, M. L. A.**

Will the Hon'ble Minister in-charge of the Agriculture Department be pleased to state—

a) What was the average rate of production of paddy per acre in Tripura during 1951-52, 1961-62, 1963-62, 1962-64 and 1964-65;

The estimated average yield of paddy per acre in Tripura during these years is given below, yearwise :—

1951-52	—	13.60 Mds.
1961-62	—	15.65 ,,
1962-63	—	15.52 ,,
1963-64	—	15.40 ,,
1964-65	—	Complete information not yet available.

b) What was the avérage rate of production of paddy in Tilla land and Lunga land during the period ?

No such information was collected.

UNSTARRED QUESTION NO. 223

By **Shri Bulu Kuki**, M. L. A.

QUESTION.	ANSWER.
Will the Hon'ble Minister in charge of the Agriculture Department to pleased to state	
(a) Total production of potato in Tripura during 1960-61, 1961-62, 1963-64 and 1964-65.	The total estimated production of Potato in Tripura during the years is given below :— 1960-61. ... 6,200 Tons. 1961-62. ... 6,700 ,, 1963-64. ... 14,768 ,, 1964 65. ... Information not yet available.
(b) A Division-wise breakup of that production.	There are no Division of Tripura. However, a statement in Appendix—'A' showing Sub-Division-wise breakup of production of Potato is laid on the Table of the House.
(c) Cost of production of a maund of Potato in Tripura.	The cost of production of potato in Tripura is estimated to be Rs. 7·67 P. per maund.
(d) An item-wise breakup of that cost.	i) Cost of seeds. Rs. 200·00 ii) Cost of bullock. Rs. 10·00 iii) Cost of labour, Rs. 200·00 iv) Cost of manure etc. Rs. 45·00 v) Miscellaneous (including plant protection measure). Rs. 5.00 Total estimated cultivation cost of one acre. Rs. 460.00 Average yield per acre :— 60 Mds, Cost of production of a maund of potato (Rs. 450.00—60) Rs. 7·67 P.

APPENDIX—'A'

SUB-DIVISION WISE ESTIMATE PRODUCTION OF POTATO IN TRIPURA.

Production in Ton.

(In Reply of Part (b) Of the Unstarred Question No. 208)

Name of the Sub-division	1960-61	1961-62	1963-64	1964-65
Sadar.	710	778	3,295	
Khowai.	100	444	1,192	
Kamalpur.	530	666	1.275	
Kailashahar	520	888	1,838	Information not yet available,
Dharmanagar.	3,320	2,407	4,445	
Sonamura.	150	185	318	
Udaipur.	220	444	635	
Amarpur.	120	222	518	
Belonia.	240	370	720	
Subroom.	220	296	532	
Tripura.	6,200	6,700	14,768	

UNSTARRED QUESTION NO. 212

By—**Shri Bulu Kuki, M. L. A.**

QUESTIONS	ANSWERS
Will the Hon'ble Minister in charge of the Agriculture Department be pleased to state—	
(a) A division-wise break-up of the amount of improved seeds manure and implements distributed during the First, Second and Third Plan Periods ?	There is no Division in Tripura.
(b) A division-wise break-up of the increase in production of food-grains during each of these Plan-periods ?	Does not arise.

STARRED QUESTION NO. 217

By **Shri Atiqul Islam**, M. L A.

QUFSTIONS — ANSWERS

Will the Hon'ble Minister in charge of the Agriculture Department be please to state--

(a) Total production of fish in Tripura in the year, 1961, 1962, 1963 & 1964 ?

The total estimated production of fish in Tripura during the years is shown below, yearwise :-

1961	2,250	Metric Tonnes.
1962	2.450	Metric Tonnes,
1963	2,800	Metric Tonnes.
1964	3,200	Metric Tonnes.

(b) Total annual imports of fish from Pakistan in the year of 1961, 1662, 1963 & 1964 ?

The total annual imports of fish from Pakistan to Tripura during the years is an under :-

1961	192.320	Metric Tonnes.
1962	217.930	Metric Tonnes.
1963	115.625	Metric Tonnes.
1964	161.570	Metric Tonnes.

(c) Per-capita consumption of fish for entire population ?

The estimated per-capite consumption of fish in this Territory is about 2.4 Kg. during 1964.

(d) Whether the said figure is lower than the all-India figure ?

No. the All'India figure is 3·98 Lbs. (i. e. 1·79 Kg.)

The upto date All-India figure of per capita annual consumption of fish is not available. But during 1957 the per capita consumption was 1,79 Kg. The present level of consumption in Tripura, is however, considerably higher than the above rate of consumption.

Printed by the Superintendent, Government Printing,
Tripura Government Press, Agartala, Tripura.